অচিন্ত্যকুমার সেনগুপ্ত





সিগ্নেট প্রেস: কলিকাতা

বিতীয় সিগ্নেট সংস্করণ ১৩৫৪

-প্রকাশক-

দিলীপকুমার গুপ্ত

সিগ্নেট প্রেস

১০৷২ এলগিন রোড কলিকাতা

-প্রচ্ছদপট-

সত্যজিৎ রায়

—মুদ্রাকর—

শীরামকৃষ্ণ ভট্টাচার্য

প্রভূ প্রেস

৩• কর্মওআলিস খ্রিট কলিকাতা

—বাধিয়েছেন—

বাসস্তী বাইণ্ডিং ওয়ার্কস

৫০ পটলভাঙ্গা ব্ৰিট কলিকাতা

সর্ব**স্বত্ব সংরক্ষি**ত

*

দাম তিন টাকা

শ্রীভবানী মুখোপাধ্যায় বন্ধুবরেষু



প্রকাণ্ড বাড়ি,—দক্ষিণে ছর্দমনীয় নদী ভাঙিতে-ভাঙিতে সামনের বাগানের ধারে আসিয়া পামিয়া পড়িয়াছে। বছদুরবিস্তৃত চর। আপে ছিল ফেনপঙ্কিল লোনা জলের ঢেউ, এখন তৃণহীন শৃত্য মাঠের। দক্ষিণের অবারিত দাক্ষিণ্য—হাওয়ায় একেবারে উড়াইয়া নেয়। বার্ধক্যে অতিকায় বাড়িটা জীর্ণ হইয়া আসিলেও তাহার মধ্যে আভিজ্ঞাত্যের লক্ষণ স্পষ্ট ধরা পড়ে—ফটকে, মগুপে, এমন কি প্রাচীর-গাত্রে। একদিন এ-বাড়িতে বারো মাসে তেরো পার্বণ লাগিয়া ছিল, দোল-ছুর্গোৎসব হইতে শুক্ত করিয়া যম-পুকুরের ব্রতটি পর্যন্ত বাদ পড়িত না। এখন আর কিছুই নাই। পূজার বরাদ্দ টাকা উমাকান্ত এখন মদে উডায়।

বাড়ির মালিক এখন উমাকান্ত—বলিষ্ঠ দেহ, সর্ব অবয়বে উচ্ছুদিত দৃঢ়তা! বরস ত্রিশের কোঠা পার হইরাছে; অমায়িক প্রাকুল মুখ, কিন্তু চোখের দৃষ্টির অন্তরালে কি-একটা গূঢ় অবিশ্বাস ও সন্দেহের সঙ্কেত রহিয়াছে। উগ্রন্থভাব, উচ্ছুগুল—পরিণামের প্রতি একটি সবল ও ছঃসাহসিক উপেক্ষা।

সংসারে স্ত্রী স্থনতি—আর বংশে বাতি দিবার জন্ত নাবালক একটি
শিশু। বিরাট প্রীর আনাচে-কানাচে পিসি-মাসির দল ছিটানো
রহিয়াছে, উমাকান্তর সে-সব দিকে নজর নাই। সরকার তদারক করে,
দাস-দাসীরা ছিনিমিনি থেলে, পিসি-মাসির দল কোঁদল করিয়া পাড়া
জাকার, আর স্থমতি প্রীমতী বধ্টির মতো রোজ রাত্রে স্থামীর

প্রত্যাবর্তনের প্রতীক্ষার প্রহর গুনিয়া-গুনিয়া অবশেষে শব্যাপ্রান্তে বিধুর চন্দ্রলেখাটির মতো নিস্তেজ হইয়া পড়ে।

উমাকাস্ত কোনো কিছুরই তোয়াকা রাথে না—খাও-দাও, পায়ের উপর পা তুলিয়া হাই তোল—সংসারে কে বা কাহার, কোথায়ই বা কে ! চক্ষু বুজিলেই ফক্কিকার !

অতএব--

উমাকান্ত মদের বোতল লইয়া বাছিরের বৈঠকখানা হইতে একেবারে শুইবার ঘরে আসিয়া হাজির হইল। ঘরে চুকিয়া কাণ্ড দেখিয়া স্থাতির চক্ষু স্থির! কোনোদিন স্বামীর বিরুদ্ধবাদিনী হয় নাই, শুধু সঙ্গবিমুখ পাকিয়া তাহার যথেচ্ছাচারিতা হইতে সন্তর্গণে নিজেকে রক্ষা করিয়াছে; কিন্তু আজ আর সহিল না। সামনে আগাইয়া আসিয়া কটুকণ্ঠে প্রশ্ন করিল: এ সব হচ্ছে কী?

নিতান্ত নিলিপ্তের মত উমাকান্ত কছিল—দেখতেই তো পাচছ।
স্থমতি মদের বোতলটা সহসা কাড়িয়া নিরা কছিল—এতদিন স্বচক্ষে
দেখতে না পেলেও বুঝতে আমার আর কিছু বাকি ছিলো না। কিছ
সব-কিছুরই একটা সীমা থাকা উচিত।

উনাকাল্ক হাসিয়া কহিল—সব-কিছুবই সীমা হয়তো একটা আছে, কিছ মদ ও মন—ছ্য়েরই কোনো মাত্রা নেই। দাও, বাইরে যদি চলে, মুরেও চলবে। বাইরে এত সব ভাগীদার জোটে যে তলানি ছাড়া কিছুই বড়োঁ আর জিভে ঠেকে না। দাও।

স্থমতি ছুই পা পিছাইয়া গেল: এ ঘর আমার, এর ভটিতা আমি নষ্ট ছতে দেব না।

ক্ষিত্র করে বলছ বটে, কিন্তু দায়ভাগের বিধান অনুসারে আমি বছলে তোমার দার বেকে মুক্ত হতে পারি আনো ? দাও, দাও, ইয়াকি করো না। তোমার বরের ওচিতা রাখবার জ্ঞেই ভো বন্ধুদের আর এথানে নিয়ে আসিনি। তারা এতক্ষণে হয়তো বৈঠকথানাটাকে ইন্দ্রসভা বানিয়ে কেলেছে।

—যাও না সেখানে, এখানে মরতে এসেছ কেন ?

উমাকান্ত গন্তীর হইরা উঠিল। কিন্তু পরক্ষণেই সেই উদাসীন স্বরে কহিল—মরতে ঠিক ভোমার কাছে ফিরে আসবো কি না তার কোনো ঠিকানা নেই। কেননা স্থমতি আমার হবে না কোনোদিন।

কথার স্থবে করুণ একটি বেদনাভাসের পরিচয় পাইয়া স্থমতি নিজের রাচ ব্যবহারে ক্রা হইল। কহিল—কিন্তু এমন উচ্ছুঙ্খল হলে মরবার আর বাকি কী ?

—বেটুকু বাকি আছে দেই ক'টি মুহুর্তকেই ফেনিল করে পান করে বাই, স্থমতি। দাও, তোমার যৌবনৈর চেয়ে এই রঙিন বোতলটায় বেশি স্বাদ। বলিয়া বোতলটা ছিনাইয়া লইবার জন্ম উমাকাস্ত সহসা স্ত্রীকে জড়াইয়া ধরিল।

ত্মতি সেই আলিঙ্গনে বশুতা স্বীকার করিল বটে, কিন্তু সামনের থোলা জানালা দিয়া বোতলটা বাহিরের উঠানে ছুঁড়িয়া ফেলিয়া দিল।

উমাকান্ত স্ত্রীকে ছাড়িয়া দিয়া জানালায় ঝুঁকিয়া আর্তনাদ করিয়া উঠিল: আহাহা। মদটার কত দাম জানো ? তোমাকে ত্যাগ করে বছরে তোমাকে ঐ টাকায় খোরপোশ দিলে তুমি নেহাৎ অসন্তই হতে না। কিন্তু তোমাকে ত্যাগ করতে চাই না বলেই তো তোমার শরণ নিয়েছিলাম। কৈ তুমি আমাকে এই পাপ থেকে দূরে সরিয়ে রাখবে, না, আবার তারি দিকে ঠেলে দিছে। এখন আমার বন্ধদের মহলে না গিয়ে আর উপায় কি! মদের সঙ্গে তোমার উপদেশ আর পাঞ্চ করে খাওয়া হল না। কে জানে হয়তো একসময় তোমার উপদেশেই বেলি নেশ্র লেগে থেক। মদ খেত মিইয়ে।

বলিয়া সে দরজার দিকে অগ্রসর হইয়া আবার ফিরিল: বোতলটা যধন
শব্দ করে ভেঙে গেলো, তথন তার আর্তনাদটা কেমন চমৎকার
লেগেছিলো বল তো। আমি মরে গেলে ত্মি অমনি অকপটে চীৎকার
করতে পারবে ?

স্বামী অন্তর্হিত হইয়া গেলে স্থমতি স্থই চোখে আর পথ খুঁ জিয়া পাইল না। স্বামীকে গে কি করিয়া ফিরাইবে ? উপদেশ শুনিলে উপহাস করেন; জীর পক্ষে পরমতম শাসন সহশয়নবিমুখতা—তাহাতেও উমাকান্তর অকচি নাই। অঞ্জল ? উমাকান্ত প্রবোধ দিয়া বলে: লোনা জলে এমন সোনালি নেশা তুমি মাটি কোরো না, লক্ষীটি। তবে কি স্থমতি আত্মহত্যা করিবে ? তাহাতে উমাকান্ত নামের সঙ্গতি রাখিয়া একেবারে উদ্ধান্ত হুইয়া যাইবে আর কি! বরং বিড়ালের ভাগ্যে ছিকে ছিঁ ড়িবে মাত্র। এই কাঁকে একটি চাক্ষবর্ধনা কিশোরীর মুখমদিরা পান করিয়া ফিকে রাত্রিগুলা সে রঙিন করিয়া তুলিবে মাত্র। স্বামীকে স্থমতি এইভাবে জিতিতে দিবে না।

দেয়ালের বড়ো আয়নাটাতে ছায়া পড়িতেই স্থমতি থামিল। সে যে কত স্থলর এই কথা কোনো পুক্ষের মুখে শুনিয়া সে রোমাঞ্চিত হইতে চায় না, নিজেরই রূপে সে অস্তবে-দেহে একটি স্বাদময় স্লিয় মাদকতা অফুভব করিল। যৌবন আজ আর তাহার বর্ণলীলায় উজ্জল নয়, একটি স্থির শ্রামল স্থমা তাহার যৌবনকে শীতল, শুচি স্মিত করিয়া স্বাথিয়াছে। প্রগল্ভ প্রাচুর্য নয়, একটি অবারিত স্লিয়ভা! মুখমওল মাতৃত্বমন্তিত, পাতিব্রত্যের দীপ্তি ললাটে বিচ্ছুরিত হইতেছে। দেহ ভার লাবণ্যের নদী নয়, লাবণার লেখা!

কিন্তু এই ধীর-নীর প্রশাস্ত হ্রদে উমাকাস্ত অবগাহন করে না; সে চায় উত্তরক ফেনসঙ্কুল বিশাল সমূত্র। সে চায় আবর্তময় পরিবর্তন। সে চায় চঞ্চলতা! উমাকান্ত আজকাল শুইবার ঘরে বসিরাই মদ খায়। প্রসাদভোজী বন্ধদের সংসর্গ হইতে স্বামীকে সরাইয়া আনিলেও শয়নগৃহ স্থমভির কাছে স্থাম্বর্গ হইয়া উঠে নাই।

তবু স্বামীকে নিজের কাছে বসাইয়া গ্লাসে মদ ঢালিয়া দিতে সে একটু নিশ্চিম্ভ বোধ করে। প্রতিদিন একটু-একটু করিয়া পরিমাণ কমাইবার চেষ্টা করে, কিন্তু একটা বোতল কখন সম্পূর্ণ নিঃশেষ হইবে এ সম্বন্ধে উমাকাস্তের অট্ট দিব্যজ্ঞান দেখিয়া স্থমতি হতাশ হয়।

খামখেরালি মাতালের নির্লজ্জ আবদার রাখিতে গিয়া স্থমতি একেবারে দেউলে হইয়া পড়ে। শালীনতার খোলসটুকুও বিসর্জন দিতে হয়। তবু স্বামীকে সে বিপণিবীধিকার ক্রেডা হইতে দিবে না।

উমাকান্ত বলে: এইবার নাচটা শিখতে পারলেই তোমাকে গোনীর্দ্ধী যুঙুব গড়িয়ে দেব, স্থমতি ৷ তোমাদের যে বেহলা, সেও স্বামীর ভঙ্গে স্বর্গসভায় গিয়ে নেচেছিলো, খবরটা রাখ তো ?

স্বামীকে স্বশেষে ঘূম পাড়াইয়া স্বস্থায় স্থমতি ভগবানের কাছে প্রার্থনা করিতে বসে। স্বামীর জন্মে নর, সন্তানের জন্ম। মানব যেন মামুষ হয়। মানব যেন মায়ের মান রাখিতে পারে।

দিনের পর দিন এই কুৎসিত একঘেয়েমি ত্মতিকে ক্লান্ত করিয়া ফেলে।
কিন্তু একদিন তাহার আর সহিল না। স্পাষ্ট করিয়া প্রথবকঠে সে কহিল,
—মদ আজ আর পাচ্ছ না।

উমাঙ্কাপ্ত বিচলিত হইল না, কোঁচাটা ঝাড়িয়া গোঁফের ছই প্রাপ্তে তা দিতে-দিতে সে খাটের উপর বসিল। মৃত্ব-মৃত্ হাসিয়া কহিল—আজকে মহারাণীর হঠাৎ এই কার্পণ্য কেন ? আমাকে অস্তর থেকে বর্জন করতে গিয়ে একেবারে অন্দর থেকেই তাড়িয়ে দিতে চাও নাকি ?

ত্ব্যতি স্বামীর পারের কাছে বসিয়া পড়িয়া কহিল—ভূমি সর্বনালের লৈষ নীমায় এসে পৌচেছ, জানো ? উমাকাস্ত হাসিয়া কহিল—যার সর্ব আছে, তারই সর্বনাশের নেশা করতে সাধ যায়, ত্মতি। যার কিছুই নেই সেই নেংটি পরে সয়াসী সাজে, ভাতে তার থবঁতার সমর্থনও সহজেই মিলে যায়। স্বভাবেই যে জ্লীব, সহজেই সে ব্রহামী!

স্থমতি দৃঢ়ভঙ্গিতে মাথা নাড়িয়া বলিল—অতশত আমি বুঝি না। মদের জন্ম তুমি নাকি আজকাল ধার করতে শুরু করেছ ?

— আজকাল মানে ? বহুদিন থেকে। থবরটা তুমি আজ পেলে বুঝি ? তোমার খণ্ডরকুলের এত স্থবৃদ্ধি ছিল না স্থমতি, যে, আমার এই রদের জয়ে অপর্যাপ্ত রসদ জোগান। করেক বিঘে জমি আর এই বাড়িটুকু ! দাম কবে দেখলে মোটমাট পাঁচ লাখ পেগ্ মাত্র। দিনে আট-দশ পেগ্ সাবাড় করলে কত দিনে সম্পত্তি পটল ভোলে একটু হিসেব করে দেখ না। স্থমতি ভয়ার্তকঠে অক্ট চীৎকার করিয়া উঠিল: তুমি এ বলছ কী ? এমনি করে তুমি সমস্ত সম্পত্তি উড়িয়ে দিতে বসেছ নাকি ?

উমাকান্ত নির্ণিপ্তকণ্ঠে কহিতে লাগিল: তোমার শতরের হাতে সম্পত্তিটা উড়েই এগেছিলো। যা উড়ে আসে তা কথনো জুড়ে বসেনা, স্থমতি। প্রজা ঠেডিয়ে, তাদের পাকা ধানে মই দিয়ে, থাজনা না পেরে তার প্রতিবিধানে নারীর অমর্যাদা করে, খুন-থারাপি, বুঠ-তরাজ, দালা-লড়াই—সব কিছু সাবেকি অত্যাচার করেই আমার প্রাতঃশ্বরণীয় পিতৃদেব এই ঐহিক কীতিটি অর্জন করেছিলেন। এ-গ্রামে ভূলে এথনো কেউ তাঁর নাম নিলে তাকে নাকি উপোস করতে হয়। কত লোকের অভিশাপ কুড়িয়ে তাঁর এই সম্পত্তি—আমার হাতে এর চেয়ে আর কী এমন সন্থায় হতে পারতো ? আমি তাঁরই উপযুক্ত উত্তরাধিকারী—একচ্তক্রতায় হত্তি।

বলিরাই উহাকান্ত অজস্র হাসিতে ক্লম্বাস ঘরের অটল স্তব্জাকে চূর্ণ-চূর্ণ করিয়া কেলিল। খানিককণ অ্যতি কথা কহিতে পারিল না। অণলকে স্বামীর মুথের দিকে চাহিরা রহিল—সে-মুখে চিস্তা বা অনুশোচনার একটিও ক্ষীণ রেখা নাই, অনির্ণীত ভবিষ্যতের হু:খ-ছুর্দশার চির-রাত্রির ছায়া সেই মুখকে মান করে নাই—সে-মুখ পাষাণ-ফলকে খোদিত রেখামুর্তির মতো প্রশাস্ত, নিরুদ্বেগ ! উমাকাস্ত স্ত্রীর হাতে একটা ছোট ঠেলা দিয়া অমুনয় করিয়া কহিল—নিয়ে এসো। বিধাতা নারীদেহলতিকায় যেমন ময়ুদরেছেন তেমনি দ্রাক্ষালতায় দিয়েছেন মদিরা। লগ্ন যে উৎরে যাচে, স্ব্যতি।

স্থমতি সরিয়া বসিল; কহিল-কিন্তু মানবের কী হবে ?

উমাকান্তের সেই উদাসীন কণ্ঠ: যা হবার তাই হবে। সে-ভাবনা ভেবে এই সোনার সন্ধ্যাটা তুমি ঘোলাটে করে তুলো না। দাও, চাবিটা আমাকেই দাও না-হয়।

বলিয়া উমাকান্ত স্থমতির আঁচল চাপিয়া ধরিল।

স্থমতি আঁচলটাকে শিধিলতর করিয়া হঠাৎ দাড়াইয়া পড়িল: ভূমি মামুকে পথে বসাতে চাও নাকি ?

উমাকান্ত সহসা গন্তীর হইয়া কহিল—যদি নিতান্ত ভয় না পাও, তো বলি, মান্তকে আমি পথেই বসিয়ে যেতে চাই। যে-টাকা ও নিজে রোজগার করেনি, অনায়াসে তা লাভ করে তার বদলে ও যেন ওর মন্ত্রমুখ খুইয়ে বসে না। ওকে আমি একেবারে গরিব করে রেখে যেতে চাই। কিন্তু এ কথাগুলি নেহাৎ শাদা চোখে কইছি বলে তোমার কাছে নিশ্চয়ই খুব মানানসই ঠেকছে না, না ? দাও চাবি।

উমাকান্ত প্ৰথবদ্ধ আঁচলটা আরো জোরে আকর্ষণ করিল।

স্থমতি বাঁকিয়া বসিল: ককখনো দেব না।

—দেব না মানে দেব না। ভূমি এমনি মদের গ্রেকাসে সমস্ত সম্পত্তি

[—]क्टिन ना मारन ?

ফুঁকে দেবে, মামুকে পথের ভিথিরি করে ছাড়বে—আর আমিই কি না পরিমাণ কমাবার চেষ্টার তোমাকে নিজের হাতে মদ চেলে দেব। ককখনো আর না, মরে গেলেও না। সরকার মশারের খবরটা ভাসা-ভাসা করে পেয়েও তখনো বিশ্বাস করিনি।

উমাকাস্ত পিশাচের মতো অট্রহাক্ত করিয়া উঠিল: শুধু মাছ নয়, দয় করে তার মায়ের কথাও মনে রেখো স্থমতি। এই ঐশর্য সজ্যোগ করবারই বা তোমার কি এমন অধিকার ছিলো ? গরিবের ঘরের মেয়ে, ছু'বেলা পেট পুরে খাওয়াও জুট্তো না সব দিন—গাছের তলাটাই তোগন্তব্য ছিল! আঙুল ফুলে যে কলা-গাছ হয় তার এটা মনে রাখা ভালো—কলার ফসল একবারের বেশি ফলে না।

স্থমতি দৃপ্ত কণ্ঠে কহিল—আমার জ্বন্থে তোমাকে কে বলতে এসেছে ? কিন্তু সন্তানের বাপ হয়ে তৃমি তার ভবিয়াৎ এমন নষ্ঠ করে দিতে চাও—তৃমি কি মামুষ ?

উমাকাস্ত কহিল—তোমার কাজ প্রস্ব করা, প্রস্তুত করা নয়। সে দায়িত্ব আমার, সে আমি বুঝবো।

— সেই বুঝেই তো এই সব কীতি করে চলেছ ? লজ্জা করে না ? বাপ সস্তানের চোথে কোপায় একটা ভালো দৃষ্ঠাস্ত ধরে রাখে, তা নয় এ কী জ্বস্ত কদাচার !

উমাকাস্ত বিজ্ঞপ করিয়া হাসিয়া কহিল—আমার এই ভয়ত্বর ব্যর্থতার মতো মহৎ দৃষ্টাস্ত পৃথিবীতে আর কী হতে পারে ? তুমি মেয়েমাস্থৰ— এর মর্যাদা বোঝবার মতো তোমার মন্তিক্ষ নেই। কিন্তু বৃথা কথা কাটাকাটি করে তো কিছু লাভ নেই। আমার অন্তরোধ যদি না শোন তবে তোমার কোনো বাধাও আমি মানবো না।

স্থমতি বিস্তৃত আঁচলটাকে বুকের উপর রাশীক্ষত করিতে-করিতে স্থামীর কাছে আগাইুয়া আসিল। অসহায়ের যে কণ্ঠস্বর সেই অমুনরমর ভাষার সে কহিল—তুমি কিছুতেই কি এই অভ্যাস ছাড়তে পারে না ?

উমাকান্তর ভাষা নিদারুণ, নির্চুর: কিছুতেই না, কোনো যুক্তিতেই না। যা আমার ভালো লাগে তাই আমার ধর্! তোমরা যাকে পাপ বলো সেই আমার ভালো লাগে। স্বাস্থ্যের ওজর ভোল, বলবো পেট ফেঁপেও টেঁসে যেতে পারি। সমাজহিতের কথা ভোল, বলবো যা সম্পূর্ণ আজ, তাই আমার সমাজ। অত কাছে সরে এসো না। ভোমার দৈহিক সারিখ্যে এত মাদকতা নেই যে ভোমার দেহকেই আমি মদের গ্রাস বলে চুমুক দেব।

উমাকান্ত সহসা স্ত্রীর হাত চাপিয়া ধরিল: আমাকে বাধা দেবার তোমার অধিকার আছে কি না জানি না, কিন্তু শক্তি নেই। চাবি দাও। পাকস্থলীতে 'লেবার মুভ্মেণ্ট' চলেছে।

স্থমতি এক ঝট্কায় হাত কাড়িয়া নিয়া দূরে সরিয়া গেল: কক্খনো. দেব না চাবি। দেখি তুমি কি করতে পারো।

উমাকান্ত কহিল—অনেক কিছুই করতে পারি। গায়ে হাত তুলতে পারি, ঘাড় ধরে দেউড়ির বার করে দিতে পারি, ইচ্চা করলে টুটিটা টিপে ধরে বোবাও করে দিতে পারি। কিন্ত ছ' পাত্র বেশি খাওয়া ছাড়া কিছুই হয় তো আমি করবো না। স্নায়্গুলোকে অকারণে উত্তেজিত করতে ইচ্ছে নেই। লাভ কি ?

স্থমতি ঝংকার দিয়া উঠিল: কিন্তু আমি কি করতে পারি জ্বানো ?

—আফিং থেয়ে বড় জাের জুড়িয়ে যেতে পারো। লাভের মধ্যে মদ তা হলে আর জুড়ায় না কােনােদিন।

স্থমতি হঠাৎ গম্ভীর হইয়া জিজ্ঞাসা করিল—আমি মরে গেলে তুমি কের বিয়ে করবে তো ?

---বিয়ে করবার ইচ্ছে থাকলে তুমি বেঁচে থাকতেও করতে পারভাম।

ওটায় বৈচিত্তা নেই বলে স্বাদ নেই। তুমি যদি আমার স্ত্রী না হয়ে রক্ষিতা হতে তবে তোমার সম্পর্কে হয় তো মাধুর্য থাক্তো! তুমি চলে যাচ্ছ কি রকম ? চাবি দিয়ে যাও।

অপ্রিয়মান স্থাতিকে উমাকাস্ত ধরিয়া ফেলিল: এই তোমার প্রতি-শোধের নমুনা ? মাত্র ঘর ছেড়ে চলে যাওয়া ? মৌলিক আর কিছুই ভাবতে পারলে না ?

—আমাকে কেটে ফেললেও আমি চাবি দেব না।

—বেশ, দিয়ো না। বলিয়া স্থমতিকে ছাড়িয়া দিয়া উমাকাস্ত কোনোদিকেই দৃকপাত না করিয়া একটা কাঠের চেয়ার তুলিয়া আলমারির
উপরে জােরে ছুঁড়িয়া নারিল। পুরু কাঁচের দরজা—প্রবল ঘায়ে খান্খান্ হইয়া গেল। কাঁকের,ভিতরে হাত বাড়াইয়া স্কচ্ ছইস্কির বোতলটা
বাহির করিতে তাহার দেরি হইল না।

বোতলের ছিপিটা দাঁতে কামড়াইয়া খুলিতে-খুলিতে উমাকাস্ত কহিল,— কাঁচের আলমারি ভোমরাও, কিন্তু দেহের অস্তরালে এর মতো ভোমা-দের আত্মার সম্পদ কোধাও নেই, তুমতি। তোমরা অস্তঃসারশৃক্ত।

বোতলের মুখটা মুখ-গহররে উমাকাস্ক প্রায় উপুড় করিয়া ধরিবে, একটা ছুধ ব দিগলের মতো ভ্রমতি ছুই হাত তুলিয়া তাহার গায়ের উপর ঝাঁপাইয়া পড়িল। বোতলটা মেঝের উপর ছিটকাইয়া চুরমার হইয়া গেল, উমাকাস্কর জামা-কাপড়ের আর কোনো শ্রী রহিল না। উৎকট উগ্র গন্ধে বাতাস বিষাক্ত হইয়া উঠিয়াছে।

উমাকান্ত অসংখ্যী এ কথা কে বলিবে ? মিয়মান মুখে বোতলটার দিকে
চাহিয়া থাকিয়া সে শুধু একটা দীর্ঘমান ফেলিয়া হাসিয়া কহিল—ওর
ছর্শশা দেখে আমার খালি একটা উপমা মনে পড়ছে, স্থমতি। যৌবনে
প্রথম প্রেম বখন ব্যর্থ হয় তখন তার বেদনার মুতিটা বোধ করি এমনিই।
কিছু বাইরেই খখন আমাকে ঠেলে দিছে তখন আমাকেই আবার

তোমার একদিন অমুগমন করতে হবে। বেশি আর দেরি নেই। হীরালাল মুখুজ্জে শিগগিরই আসচে কোক করতে। উমাকাস্ত বাহিরের দরজা দিয়া অস্তর্ধান করিতেছিল, স্থমতি সহসা তাহার পায়ের উপর হুমড়ি খাইয়া পড়িয়া কাতর কাকুতিতে আর্তনাদ করিয়া উঠিল: তুমি যেয়ো না, দাঁড়াও—

উমাকাস্ত দাঁডাইল না। রাত্রির পুঞ্জীকৃত স্তব্ধতা সরাইয়া অজ্ঞ-বন্ধার বৃষ্টি নামিয়া আসিল। খোলা জানালায় বসিয়া স্থমতি কখন এই তামসী রাত্রির সঙ্গে মিতালি পাতাইয়াছে!

স্বামী কথন ফিরিয়া আসিবে তাহার জন্ম সে পথ চাহিয়া বসিয়া থাকে নাই, সে প্রতীক্ষা করিতেছে আকাশপ্রান্তে তিমিরাপসরণের প্রথম রোমাঞ্চময় রঙিন মুহুর্তটিকে!

এই বর্ণচ্চটাহীন আকাশ তাহার জীবন—এমনি মেঘ-মছর, বেদনা-বিহলে; এই করুণাহীন অন্ধকার তাহার স্থামি-সানিধ্যের বীভৎস প্রতিবেশ; তাহার সম্ভান তাহার অসাড় আকাশে অরুণোদয়ের প্রথম-রোমাঞ্চমর রঙিন মুহুর্ত!

কত কথাই আজ স্থমতির মনে পড়িতেছিল—কত দিনের কত অস্পষ্ট কাহিনী। অতীতের সেই সব মূহুর্তগুলি খ্রিরমান চোখে তাহার দিকে চাহিয়া আছে। সেই তাহার প্রথম বিবাহ-রাত্রি, স্থুণীকৃত বসনের অস্তরালে সে সেদিন সর্বাজে তার্কিনী রাত্রির স্থথাবেশ সস্তোগ করিয়াছিল; তাহার পর স্থামীর প্রথম স্পর্শে সে সহসা প্রতি ধমনীতে রমণী হইয়া উঠিয়াছিল, সেই শিহরণটি প্রত্যহের অভ্যাসে মলিন হইয়া গিয়াছে। তাহার পর তাহার প্রথম সন্তান-স্তাবনার গৌরবময় স্বপ্ন প্রতি রোমক্পে তাহার অমৃতস্বাদ। কিন্তু সেই অমৃত আজ মৃতস্বাদ হইয়া গেছে।

স্থমতি আর অমিতাচারী ব্যভিচারী আমীর স্ত্রী নয়, সন্তানের মাতা—

একটি স্থমহান আবির্ভাবের প্রস্তি। ঋষিকঠে যেমন স্বক্তি, কবিচিজে যেমন ধ্যানছারা, ভারতবর্ষের যেমন স্বাধীনতা—স্থমতির তেমনি মানব। মানব তাহার মায়ের রচনা, মায়ের ধ্যান, মায়ের উপলব্ধি।

ঘুমের মধ্যে মানব হঠাৎ স্বপ্ন দেখিয়া একটু চঞ্চল হইয়া উঠিতেই স্থমতি তাড়াতাড়ি বিছানায় উঠিয়া তাহার মাধাটা বুকের মধ্যে আঁকড়াইয়া ধরিল, ডাকিল: মামু!

বুমের ঘোরে মানব সাড়া দিতে পারিল না। অতিললিত গভীর পরিচয়ের স্থারে মামুষ যেমন করিয়া দেবতাকে ডাকে, তেমনি ভাবে কানের কাছে মুখ নিয়া স্থমতি আবার ডাকিল: মামু!

এই ডাকেই স্মৃতির এতদিনের বঞ্চিত প্রার্থনার সাম্বনা মিলে। এই ডাকটিই তাহার সফল স্বপ্ন । শৃংখলে ঝংকার !

মাছ তো মাত্র এই আবিণে আটের কোঠা ডিঙাইয়াছে। তবু তাহার ছই চোখের বাতায়নের মধ্য দিয়া স্থমতি অনাবিষ্ণৃত উলুক্ত আকাশের সন্ধান পায়।

রাত অনেক হইয়াছে, সুমতির ঘুম আসিতেছে না। হঠাৎ জানালার বাহিরে মানদাকে এদিকে আসিতে দেখিয়া সে একটু আশ্চর্য হইল। মানদা এ-বাড়ির প্রানো ঝি, বুকে করিয়া উমাকাস্তকে সে মাম্ব করিয়াছে। যদি উমাকাস্তকে কেহ ধমক দিতে পারিত, তবে সে এই মানদাই। স্থমতিরও তাহাকে সমিহ করিয়া চলিতে হয়।

মানদা জ্বানালার কাছে আদিয়া স্থমতিকে বাঁঝালো গলায় বকিয়া উঠিল: তুই কেমনতরো মেয়ে গুনি ? সোয়ামিকে আবার বাইরে পাঠিয়েছিস ?

ত্মতি ভয় পাইয়া দরজা থুলিয়া দালানে আসিয়া দাঁড়াইল ; কহিল— কেন, কি হয়েছে ?

—কী হয়েছে ৽ চুচ্চুেরে মাতাল হয়ে এলে বাইরের খরে ফরালে গড়াগড়ি

যাছে। বললাম, শুতে চল, উমাকান্ত। ফু পিয়ে কেঁলে উঠে উমাকান্ত বলুলে—স্থমতি আমাকে তাড়িয়ে দিয়েছে, মানি-মা।

স্থাতির বিশারের সীমা রহিল না: উনি কেঁদে উঠলেন ? তুমি বল কি, মানি-মা ? তুমি ওঁর চোথে জল দেখলে ?

— দেখলাম না ? স্ত্রী স্বামীকে তাড়িয়ে দরজার খিল এঁটে দিলে কোন্
স্বামীর না হুংখ হয় ! ডুই হাসছিস কি পোড়ারমুখি ? কোধার ডুই তোর
স্বামীকে স্বাচলের খুঁটে বেঁধে রাখবি, না, তাকে নিয়ে ডুই ঘুড়ি
ওড়াছিল্। যা করুক, গায়ে তো স্বার তোর হাত তোলে না ! রুপোর
খাটে পা রেখে গোনার খাটে শুস্—এত দেমাক তোর কেমন
করে হয় ?

- —বলিনি ? একশো বার বলেছি। তোমারই তো ঘর-দোর উমাকাস্ক, সোনার সংসারে তোমারই তো সোনার সিংহাসন।
- —উনি কি বললেন ?
- —সেই কালা! থালি বলছে স্থমতি আমাকে ডেকে না নিম্নে গেলে কখনোই আমি শুতে যাঁবো না, মানি-মা!

কণা শুনিয়া স্থমতি একেবারে আকাশ হইতে পড়িল আর-কি: ভূমি বলছ কী, মানি-মা ? ভূমি এইমাত্র শ্বপ্ন দেখে উঠে এলে নাকি ?

— স্বপ্ন! মানদা স্থমতির একটা হাত ধরিয়া ভাহাকে সামনের দিকে টানিতে টানিতে কহিল—ভূই নিজের চোধে দেখবি আর। স্থমতি হাসিয়া কহিল—নিজের চোধে অনেক দেখেছি, দেখতে-দেখতে চোধ আমার ক্ষয়ে গেছে।

- —কিন্তু তোর জ্বন্তে আজ সে কাঁদছে, দেখবি আর । এর আগে দেখেছিস কোনোদিন ?
- —আমার জন্মে নয় মানি-না, মাত্রাটা বোধহয় আজ বেশি হয়েছে।
- —তবু বৈঠকখানায় একবার যাবি চল্।
- অত লোভ না দেখালেও আমাকে যেতে হতো। স্বামী মাতাল হয়ে বাইরের ঘরে পড়ে আছেন, আর আমি তাঁর সেবা করবো না ? বমি কাচাবো না ? সে আর বলতে ! তুমি ততক্ষণ মামুর কাছে একটু বোদ, আমি যাই, দেখি গিয়ে নিজের চোখে।

স্থমতি নিজের অলক্ষিতেই বেশ-বাস বিশুস্ত করিয়া লইল, সর্বাঙ্গে তাহার নৃতন ব্রীড়ার মন্থরতা! দালান পার হইরা তবে বৈঠকথানায় চুকিতে হইবে—অনেকটা পথ। এতটা পথ পার হইতে-হইতে সে তাহার স্নায়্-শিরায় যেন ঝংকার শুনিতেছে! বিবাহের পর প্রথম রাত্রি যাপন করিবার জন্ম সে যেমন কৃষ্টিতকারে লজ্জাবিজড়িত পারে স্বামী-শয্যার সম্ম্থীন হইয়াছিল—এ যেন তেমনি! প্রশস্ত ফরাশে স্বামী অস্ত্রু শরীরে একা শুইয়া আছেন অধ-অচেতন, ঘরের পৃঞ্জিত অন্ধকার যেন স্থমতিরই প্রতীক্ষার স্বপ্রে মৌনমগ্ন হইয়া আছে!

আকাশে থানিক-থানিক মেঘ করিয়াছে, তন্ত্রা-স্তিমিত চোথে ছ্-একটা তারা গাছের শিয়রে জ্বলিতেছে—ত্মতিকে পরিবেষ্টন করিয়া একটি অনির্বচনীয় স্তব্ধতা—কুমারীর প্রথম প্রেমায়ুভবের মতো! আজিকার এই রাত্রি, মেঘঘন মান মৃত্তুর্ক ক'টি, এই একটি গোপনলালিত ভঙ্কুর আশা—স্থমতি সর্বদেহ ঘিরিয়া ঘৌবনের একটি প্রথর ও স্পান্দমান শিহরণ অন্ত্রুত্ব করিল! স্বামী তাহাকে ডাকিয়াছেন—এই তাহার আকাশময় ঐশ্বর্থ!মানদা কি আর গায়ে পড়িয়া মিধ্যা কথা বলিতে আসিয়াছিল ?

বৈঠকথানার দরজ্ঞার কাছে আসিয়া স্থমতি থামিল। ভিতর হইতে ২ (২৬) > 9 একটা চাপা পরিশ্রাস্ত আর্ডস্বর কানে আদিতেছে। সে তাড়াতাড়ি ভেজানো দরজাটা ধাকা মারিয়া খুলিয়া দিল।

স্পষ্ট অন্ধকারেও সে সমন্ত দৃশুটি একমুহূর্তে আয়ন্ত করিয়া লইল। অত্যন্ত ক্লান্ত ভঙ্গিতে স্বামী ফরাশের উপর লুন্তিত হইয়া আছেন,—অঙ্গ-প্রত্যঙ্গ শিধিল, বসন বিক্লাসহীন! তবু আজিকার এই স্তব্ধ রাত্তে কি-একটা নিবিড় আবেশ স্থমতিকে ঘিরিয়া ধরিল। খোলা জানালার বাহিরে নিপাদেপ শৃষ্ঠ মাঠ ও তাহার উপরে অতক্র স্তব্ধ অন্ধকার—একটি ভাবঘন প্রতিবেশে স্থমতি সহসা স্বামীর প্রতি কী যে গভীর নায়া অনুভব করিল তাহা আর বলিয়া শেষ করা যায় না।

ত্মতি ধীরে ত্বামীর শিররের কাছে বসিল। রুক্ষ অসংস্কৃত চুলগুলিতে আঙুল বুলাইতে বুলাইতে সহসা তাহার ত্বই চক্ষ্ ভরিয়া কেন যে জ্বল নামিয়া আসিল, কে জানে!

স্বামীকে কেন যেন তাহার অত্যস্ত হু:খী, অত্যস্ত বঞ্চিত মনে হইল। কথন তাঁহার মাধাটা কোলের উপর তুলিয়া লইয়া বেদনায় একেবারে অসাড় হইয়া পড়িয়াছে সে-দিকে এডটুকু তাহার থেয়াল
ভিল্লনা।

কতক্ষণ পরে উমাকান্ত কথা কহিল—কে, স্থমতি ?

স্থমতি নীরবে স্বামীর কপালে করতলখানি বিস্তৃত করিয়া রাখিল। একটিও কথা কহিল না, উঠিয়া বাতিটা জ্বালাইলেই এই স্থকোমল দৃষ্ঠটি স্থসম্পূর্ণ আলোকে যেন একেবারে মাটি হইয়া যাইবে!

উমাকান্তও নিঃশব্দে স্ত্রীর কোলের মধ্যে মুখ শুঁজিয়া একটি স্থরকিত ফুর্নের আশ্রমে বিশ্রামের স্থান্থাদ অফুত্ব করিতেছিল।
এই অবিচল গুরুতাতে যেন চুইজনের পরম আত্মীয়তা!
উমাকান্তই আবার কথা কহিল—তুমি ঘুমুতে যাবে না, স্থমতি ?
কথার স্থর কেমন করুণ!

সুমতি ফরাশের উপর পা ছুইটি তুলিয়া সারিধ্যে ঘনতর হইয়া বসিল, কহিল—থুব বেশি ঘুম পেলে এখেনেই তোমার পাশে ভয়ে পড়ব না-হয়।

ক্থার হুরে অ্যাচিত ক্রুণা!

হঠাৎ উমাকান্তও ছুই হাতে স্থমতিকে বুকের কাছে আকর্ষণ করিয়া অত্যস্ত বিমর্ষ কণ্ঠে কহিল—আমার সঙ্গে তুমি গরিব হতে পারবে, স্থমতি ? এই দালান-বালাখানা ছেড়ে আমার হাত ধরে তুমি পথের ধুলোয় নেমে আসতে পারবে ? পারবে না ?

নিশীপরাত্রি মন্ত্র জানে। স্থমতি স্বামার বুকের মধ্যে বড় স্থার মুখা ওঁজিয়া গদগদ স্বরে কহিল—খুব পারব।

— সভ্য-সভ্য পথের ধূলায়। মাথার উপরে ছাত নেই — ক্লচ রৌদ্র, কল্প আকাশ। বর ছেড়ে ঝড়, ছায়া ছেড়ে শৃক্তভা। শুতে বিছানা পর্যন্ত পাবে না।

স্বামীর প্রসারিত বুকের উপর মাথা এলাইয়া অফুটম্বরে স্থমতি বলিল—
এই তো আমার বিছানা। তোমাকে সত্যই যদি পাই, পাবার মতোই
পাই যদি, তবে দালান বিলিয়ে দিতে পারি। গাছের তলায় তত স্থ
ইক্রাণীও কলনা করিতে পারে না।

উমাকাস্ত হাসিয়া বলিল—তা ইক্রাণীর ছুর্ভাগ্য। তোমরা নেহাৎ সতী হবে বলেই তোমাদের এই অকর্মণ্য ভাবপ্রবণতাকে ক্ষমা করতে হয়। কিন্তু কথাটা তুমি সত্যই মন থেকে বলহ, সুমতি ?

ম্পর্শবিহ্বল হইয়া স্থমতি বলিয়া বিদিল—মন থেকেই বলছি বৈ কি।
ভাগ্য যদি বিরূপ হয়, তবে পথ ছাড়া আর গতি কৈ ? তোমাকে পেলে
আমার আর হুঃখ কী!

—আমাকে পাওয়া মানে, আমি মদ ছেড়ে ভালোমামুষটির মতো তোমার আঁচল ধরে অচপল ধাকবো— এই তো ? অবিকল তাই জো হতে চলেছে। আমার মদ খাবার জন্ত একটা কাণাকড়িও এ-বাড়ির আনাচে-কানাচে আর কোনোদিন মিলবে না, স্থমতি।

স্থমতি চমকিয়া উঠিল—ব্যাপার কি ?

—যা তোমাকে এতক্ষণ কবিছ করে বললাম—সেই গাছতলা, সেই আকাশময় আশ্রয়হীনতা, আর এই শৃত্ত শুক্ষ উদর। ভাষাটা মোলায়েম বলে অর্থটাও কিন্তু তদমুপাতে ক্রচিকর নয়।

স্থমতি ভয় পাইয়া স্বামীকে আঁকড়াইয়া ধরিল—তুমি এ-সব বলছ কী ?
নির্লিপ্তের মত উমাকাস্ত বলিতে লাগিল—জীবনের ভীষণতম ছুর্ভাগ্যকে
খুব নিরাকুল হুস্থ চিত্তে গ্রহণ না করলে সে ছুঃখকে অপমান করা হয়।
ছিলাম মসনদে, এখন নর্দমায়। গাছতলায় মানে ছায়াবীধিতলে নয়,
দস্তবমত গাছতলায়।

স্থমতি আর্তনাদ করিয়া উঠিল—এ-সব তুমি কি বলছ ?

স্থমতির ঘুমমালিন্ত ময় মুখখানি ধীরে-ধীরে বুকের উপর শোরাইরা দিয়া ভামসকেতহীন দ্র বিস্তীর্ণ মাঠের দিকে চাহিয়া উমাকাস্ত দীর্ঘখাস ফেলিল; কহিল—সমস্ত বিষয়-সম্পত্তি কায়-কারবার ছ্-মাস মদেই ড্বে গেল, স্থমতি। হীরালালবাবুর কাছে লমস্ত কিছু বন্ধক ছিলো, ধার শোধ করবার ধার দিয়েও যাইনি বলে সপরিবারে আমি তাঁর বন্ধনে। তিনি হকুম করলেই তা তামিল করতে আমাদের গাছতলার আশ্রয় নিতে হবে। পরোয়ানা এই এসে গেল বলে। তবু কিছু আমি কেয়ার করি না।

প্রচণ্ড আঘাতে স্থমতি তাহার কামনীয় উপাধান হইতে স্থালিত হইয়া পড়িল। সোজা হইয়া বসিয়া ভয়ার্ত বিবর্ণমুখে সে হাহাকারের মতো বলিয়া উঠিল—সতিয় ? সরকার-মহাশয়ের কাছে সেদিন যা শুনছিলাম তার একবর্ণও তাহলে মিধ্যা নয় ?

উমাকান্ত লপপদে জানালার কাছে উঠিয়া আসিয়া কছিল-এক বিন্দু

নয়। বরং সর্বনাশের পরিমাণ যে কতোথানি সে-ধারণা তাঁর ছিলো না, সে-ধারণা করবার মতো উদার মনোবৃত্তি সংসারে তুর্লভ, স্থমতি। এই সর্বনাশের মধ্যেও একটা উগ্র নেশা আছে—ঠিক একটা হাউইর ফেটে যাওয়ার মতো। তুমি ছেলেমাস্থবের মতো গলে গিয়ে এত কাঁদছো কেন ? এতে হয়েছে কী ?

সরিয়া আসিয়া উমাকান্ত স্ত্রীকে নিবিড় সহামুভূতিতে কাছে টানিতে গেল। ত্ব্যতি এক ঝটকায় উন্থত আলিঙ্গন ফেলিয়া দিয়া ফুঁপিয়া ফুঁপিয়া কাঁদিতে লাগিল।

উমাকান্ত কহিল—সমস্ত ব্যাপারটার মধ্যে তুমি একটা মজা পাচ্ছ না ? ছিলাম জমিদার, এখন হতে চলেছি জমাদার—এর মধ্যে একটা প্রবল রোমাঞ্চ আছে। ভাগ্যের চাকা প্রতি মুহূর্তে ঘূরে যাচ্ছে—এর জয়ে শোক করার মতো মুর্যতা নেই। জীবনে এই তো মজা। একেবারে নিঃম্ব হয়ে যাওয়ার মতো আনন্দ আর আছে কিলে ?

উমাকাস্ত আবার স্ত্রীকে নিকটে আকর্ষণ করিয়া কোমল করিয়া কহিল—
আমার সঙ্গে তুমি গরিব হতে পারবে না হুমছি ? পথের ধারে ছোষ্ট
পাতার কুঁড়ে ঘরে আমি আর তুমি মানবকে নিয়ে নতুন জীবন হুরু
করবো—এই আরজ্ঞের আস্বাদ নিতে ভোমার লেভি ইর্ম না একটুও ?
স্থমতি গন্তীর; হুই চোখ দিয়া অশ্রবেখা নামিয়া আগিরাছে।

উমাকাস্ত তাহার চুলগুলিতে হাত ডুবাইয়া কহিল—মানবের জ্বস্তে কিছু
তুমি ভেবো না। একমাত্র জ্বারে সাটিফিকেটে হাত পেতেই এতো
সহজে আমি যদি এই প্রকাণ্ড সম্পত্তিটা না পেতাম তো এমন করে হয়
তো দেহে মনে ব্যর্থ হয়ে যেতাম না। মানব জীবনে বহুতর আঘাত
পাক, বহুতর দারিজ্যের সঙ্গে সে সংগ্রাম করুক—মা হয়ে এই তাকে
আশীর্বাদ কোরো।

হ্ৰমতি একেবাবে শুৰু হুইয়া গেছে।

স্বামী তাহার প্রকৃতিস্থ হইয়াছেন কি না ডাহাই সে ভাবিয়া পাইতেছে না।

উমাকাস্ত আবার কহিল—থাকে না, পৈত্রিক সম্পত্তি থাকে না, স্থমতি।
কি করেই বা থাকবে ! দরিদ্রদলন করে তিলে-তিলে যে সম্পত্তি বাবা
আহরণ করেছিলেন তার এই যদি সদ্যতি না হয়, তবে স্পষ্টির যে
সামক্ত্রস্থাকে না। তোমার চোখের জলের কোনোই মানে হয় না,
স্থমতি। এই সম্পত্তির জ্বন্তু বাবা ও তাঁর অমুচরের অত্যাচারে কত মেয়ে
কত চোখের জ্বল ফেলেছে তার হিসেব আজ্ব আর কেউ রাখে না। কত
লোকের মুখের গ্রাস কেড়ে এই প্রাসাদ। তারাও একদিন এমনি
কেদৈছিল।

স্থমতি ছই হাতে মুখ ঢাকিয়া উকুপাইয়া উঠিল—এর আগে আমার মরণ হল না কেন ?

উমাকাস্ত বিদ্রূপ করিয়া কহিল—তা হলে আমার পথের বোঝাটা আরো একটু হালকা হতো। মানবকে একটা অনাথ-আশ্রম-টাশ্রমে চুকিয়ে দিয়ে কাছাটা নামিয়ে, বম্ ভোলানাথ বলে সরে পড়তাম। এই না ? কিন্তু ভাগ্যের কাছে এত আবদার কি খাটে ?

স্থমতি জ্বলিয়া উঠিল—যাও না ভূমি এক্স্নি বেরিয়ে। কে তোমাকে ধরে রাথছে ?

উমাকান্ত সান্তনা দিবার ভান করিয়া কহিল—যে ছ্:থের প্রতিকার নেই তাকে হাসিম্থে স্বীকার করতে না পারলেই ছ্:খ, স্থমতি। আমি তো এই ছ্:খে একটা নৃতনের স্তনা দেখছি। তক্তপোষের নিচে বোতলে আরো খানিকটা মদ ছিলো, দাও না বার করে—আমার হাত-পা আর নাড়তে ইচ্ছা করছে না।

স্থমতি চীৎকার করিয়া উঠিল—তুমি এখনো মদ খাবে ? এভতেও ভোমার শিক্ষা হল না ? উমাকান্ত জোরে হাসিয়া উঠিল, কহিল—মদ খাব না তো এই সর্বনাশের অথের স্থাদ বুঝাব কি করে ? তুমি নেহাৎই সেকেলে। এমন একটা উত্তেজনা জীবনে তুমি কোনোদিন অমুভব করেছ ? পাহাড়ের চূড়া থেকে নিচে গড়িয়ে পড়ার মধ্যে অধঃপতনের একটা অত্যাশ্চর্য আনন্দ আছে। তুমি তার কি বুঝাবে বলো।

বলিয়া সে নিজেই উবু হইয়া তক্তপোষের তলায় হাত চুকাইয়া বোতলটা বাহির করিল। স্থমতির আর সহিল না।

অন্ত সময় হইলে স্বামীকে হয় তো একবার বাধা দিত—বোধহয় এখনো ফিরাইবার সময় ছিল। কিন্তু একটিও কথা না কহিয়া ছুয়ার ঠেলিয়া সে বাহির হইয়া গেল।

জনশূস্য সঙ্কীর্ণ একটা ঘর—তাহারই মধ্যে স্থমতি আসিয়া পড়িয়াছে।
নিঃশন্ধ-উলাত শোকাশ্রর মত রাশি-রাশি অন্ধকার সেই ঘরে ফেনায়িত
হইতেছে। সেই স্তন্ধতা এমন স্থুল ও নিরেট যে, কান পাতিয়া ভাহার
আর্তনাদ শোনা যায়, চক্ষু খুলিয়া ভাহার ভয়াবহ বীভৎসভার আর
পরিমাপ করা চলে না।

ইহা যেন তাহার প্রত্যাসর ভবিশ্বতের একটা সঙ্কেত!

এই অন্ধকারে স্থমতি যেন তাহার নিজের মুর্তি দেখিতেছে। মেঝের উপর অবসর হইয়া বসিয়া পড়িল।

অর্ধতন্ত্রাচ্ছর অবস্থায় সে যেন শুনিতে পাইল পাশের ঘরে উমাকাস্ত মদের ঝোঁকে উন্মন্ত প্রলাপ শুরু করিয়াছে—অভিশাপ, ভাগ্যের নয় অ্মতি, শত-শত নির্বাতিত নির্নের। এ-ঘরের প্রত্যেকটি ইট তাদের বুকের পাঁজর, তোমার-আমার ফুলশ্যায় এদের কামনার কীট। ওদের বিলাপে আমাদের বিলাস, ওদের অপমানে আমাদের অপচয়। অভিশাপ না ফলে কি পারে ? এ যে হতেই হবে।

অভিশাপ সত্য-সত্যই ফলিল।

অবশেষে একদিন হীরালালবারু উমাকান্তের সেই প্রশস্ত ফরান্দের উপর তাকিয়ায় ঠেদ দিয়া বিদিয়া প্রদর পরিভৃপ্ত মুখে সট্কা টানিতে লাগিলেন। পিশি-খুড়ি-মাসি-শ্রেঠি-পরিবারের যত কিছু আগাছা ছিল প্রচণ্ড বড়ে সব কিছু ছত্রখান হইয়া গেল। ছই হাতে যে যাহা পারিল পোঁটলা-পুঁটলিতে বাধিয়া লইয়া উমাকান্তকে মুখে গালি পাড়িতে-পাড়িতে ক্রমশ সরিয়া পড়িল—কেহ কাশী, কেহ রক্ষাবন, কেহ বা অন্ত কোনো আশ্রয়-নীড়ের সন্ধানে। ভিমকলের চাকে কে যেন একটা প্রকাণ্ড ঢিল ছুঁড়িল। একটা বিরাট অখখকে মূলচ্যুত করিয়া কে যেন দূরে টানিয়া ফেলিয়া দিয়াছে!

উমাকান্ত ও অমতি মানবের হাত ধরিয়া দেউড়ি পার হইয়া ক্লাঁডির বাহির হইয়া আদিল। একবল্লে, বিশ্বময় নিঃস্বতার মধ্যে।

মানদা সক্ষে যাইতে চাহিয়াছিল, উমাকান্ত তাহাকে ধনকাইয়া বিদায় ক্রিয়া দিয়াছে।

উমাকান্ত একবার সেই বিশাল বাড়িটার দিকে চাহিল—এই বাড়ির ঘরে ঘরে কত দিন ধরিয়া কত বাতি জলিয়াছে, সব সে আজ নিজ হাতে নিবাইয়া দিয়া আসিল। এই বাড়িতে কত জন্ম, কত বিবাহ, কত মৃত্যুর অগন্তীর আবির্ভাব—সমস্ত শ্বৃতি মন হইতে মুছিয়া ফেলিয়া এই সীমাশ্র নিরালোক ভবিয়তে তাহাকে ঝাপাইয়া পড়িতে হইবে। চমৎকার!

হীরালালবাবুর কাছে আদিয়া উমাকাস্ত সবিনয়ে কহিল-চললাম, নমস্কার!

হীরালাল ব্যস্ত হইয়া উঠিলেন—দে কি ? পায়ে হেঁটেই চললেন নাকি ?
একটা গাড়ি ডেকে দি—ছেলেপিলে নিয়ে—

ন্ধিগ্নহান্তে উমাকাস্ত কহিল—অজ্জ ধন্তবাদ। এখন আর গাড়ি নয়, কঠিন পথ। আপনার দয়া চিরকাল মনে পাকবে।

शैवानान कहित्नन-यात्रहन रा राज्यात ?

—হাঁা, মাইল ছুয়েক মোটে রাস্তা, হেঁটে যেতেই হবে কোনোরকমে। সেজস্তে আপনি ব্যস্ত হবেন না। সম্পদের বেলাই সহধর্মিণী, দারিদ্রোর দিনে স্বামীর সঙ্গে ছু-মাইল পথ হাঁটতে পারবেন না এমন স্ত্রী পাতিব্রত্যের আদর্শরূপিণী বলে হিন্দুশাস্ত্রে কীতিত হয় নি।

সেই কথা হীরালাল কানেও তুলিলেন না, গলা ছাড়িয়া ডাক পাড়িলেন —ওরে বলাই, সোভান-মিঞাকে বলে শিগগির একটা গাড়ি নিম্নে আয়। স্টেশনে গৌছে দেবে বাবুকে।

উমাকান্ত বাধা দিয়া কছিল—মদ খেতে যথনই আপনার কাছে হাত পেতেছি আপনি স্বচ্ছনে আমার হাতে কাচা টাকা গুঁজে দিয়েছেন। আপনার দয়া অসীম। কিন্তু দয়া করে আমাকে আর ঋণী করবেন না। বলিয়া উত্তরের কোন প্রতীক্ষা না করিয়াই সে পথে অগ্রসর হইল। পিছনে স্বমতি—তাহার হাত ধরিয়া মানব।

স্মতির হুই চকু ছাপাইয়া অজ্ঞ অশ্র আকারে অনপনের লজ্জা ও অসহনীর অপমান ঝরিয়া পড়িতে লাগিল। হালদার-বাড়ির বৌ রাস্তার বাছির হইরা কঠিন মাটিতে পা রাখিবে বছর কুড়ি আগে এই কল্পনা পাগলেও করিতে পারিত না—শহরের এই দিককার সকল লোক জড়ো হইরা এই ঘটনা হইতে কত যে নীতিমূলক গবেষণা শুরু করিয়াছে তাহার ইয়তা নাই। সেই সব কথা আগুনের ক্লুলিকের মতো স্থমতিকে দগ্ধ

করিতেছিল। উমাকাস্ত ব্যস্ত হইয়া কহিল—পা চালিয়ে চল একটু, কাঁদবার সময় ঢের পড়ে আছে। বিকেলের ট্রেন আমাকে ধরতে হবে এটুকু রূপা করে মনে রেখো।

স্থমতি পিছন ফিরিয়া আরেকবার বাড়িটার দিকে তাকাইল। বাড়িটা যেন মান অসহার চোথে নীরবে কাকুতি জানাইতেছে। দশ বংসর আগে স্থামীর অমুগামিনী হইয়া সে যথন প্রথম পিত্রালয় ছাড়িয়াছিল, তখন ঘোড়ার গাড়ির বন্ধ জানালার পাথির ফাঁকে সে তাহার বাবাকে দেখিয়াছিল সিঁ ড়ির উপর বিরস বিষণ্ধ মুখে কাতর চোখে তাহাকে দেখিতেছেন। সে যেন এমনিই অসহায় মুতি, এমনি উদাস। বাড়িটার দিকে চাহিয়া আজ তাহার থালি বাবার কথাই মনে পড়িতেছে। সেই শেষবার অ্মতি তাহার বাবাকে দেখিয়াছিল। গ্রামে সেই বছর কোথা হইতে যে কলেরার বল্পা আসিল, সমন্ত ভাসিয়া-খসিয়া একাকার হইয়া গেল—খ্যামলতা হইল শ্রশান। ভিটে মাটির এক কোঁটা চিহ্নও কোথাও রহিল না।

গাছ-পাতার অন্তরালে ক্রমশ হালদার-বাড়িটা অপস্ত হইতেছে। সেই বাড়িরই একটি বহুলালোকিত গৃহকোণে যেদিন উমাকাস্তর বাসর-শয্যার পাশে শয়ানা সঙ্কোচভীতা নববধ্টি প্রিয়ত্ত্যের প্রথম স্পর্শের প্রতীক্ষা করিতেছিল, তখন কে জানিত তাহাকে একদিন রুক্ষ রাজপথেই সেই শয্যা প্রসারিত করিতে হইবে।

উমাকান্ত তীব্রম্বরে আরেকটা হাঁক পাড়িল।

মানব বাপের হাত ধরিয়া কহিল—মা অমন কাঁদছে কেন, বাবা ? উমাকাস্ক কহিল—কলকাতায় যাবে ওনে ভয় পাছেছে। যাও তো বাবা, মাকে একটু বোঝাও।

মানব বিস্মিত হইয়া কহিল-কলকাতায় আবার ভয় কিলের ? ভুমিই তো বলছিলে সেখেনে সারারাত ধরে রাস্তায় রঙ-বেরঙের তুবড়ি জলে- এথেনেই অন্ধকারে তো সাপ-খোপের ভয়। ভূত ? মানব হঠাৎ বৃক ফুলাইয়া তাহাতে ডান হাতটা ঠেকাইয়া বীরদর্পে কছিল—রাম-লক্ষণ বুকে আছে, ভয়টা আমার কি ? তাহার পরে সে হাসিয়া ফেলিল—মা নেহাৎ ছেলেমামুম, বাবা।

উমাকাস্ত হাসিয়া কহিল—সেই কথাটাই তোমার মাকে একটু বুঝিয়ে। বল।

মানব মা-র একটা হাত ধরিয়া তাহাকে ঝাঁকুনি দিতে-দিতে কহিল—কেন তুমি অমন কাঁদছ ? এখন আমরা গিয়ে ট্রেনে চাপবো, অন্ধকার ঠেলে হস্-হুস্ করতে-করতে এঞ্জিনটা হাউইর মতো ছুটতে থাকবে—ফুতিতে সারারাত তো আমার ঘুমই আসবে না। তার পর ভোরবেলা চাপবো ন্বিমারে, চারিদিকে খালি চেউ আর চেউ। যদি ঝড় আসে মা, ক্টিমারটা নাগর-দোলার মতো হুলতে থাকবে। নাগর-দোলা চড়তে তোমার ভালো লাগে না ?

স্থমতি বিহ্বলের মত মানবকে পথের মধ্যখানেই বুকের উপর জড়াইয়া ধরিল।

— ছাড়, ছাড়, লোকে দেখলে বলবে কি ? এত বড়ো ধাড়ি ছেলে মা-র কোলে চড়ে ফৌশনে যাছে। তোমারই বরং হাঁটতে কট হচ্ছে, না ? আমি যদি আরেকটু বড় হতাম তো তোমাকে পাজা-কোলে করে ছোট্ট খুকিটর মত নিয়ে যেতাম, মা। কেন তুমি কাদছ, কলকাতায় কত জিনিস তুমি দেখতে পাবে। সেখানে শুনেছি—এক রকম গাড়ি চলে, তাতে ধোঁয়া নেই, ভোঁ নেই —খালি ঠুং ঠুং করে ঘণ্টা বাজায়। সেই গাড়ি চড়তে তোমার ইচ্ছে করে না ? তুমি একেবারে ছেলেমাছ্য, মা।

স্থমতি ছেলের বিশ্বয়দীপ্ত চোথের দিকে তাকাইয়া করুণ কর্পে কছিল—
এ-বাড়িতে আর ফিরে আসবো না, মায়।

मानव (ठाँ। छन्। इंश कहिन-वरम राग । कनकालाम अन रहरम अरनक

বড়ো-বড়ো বাড়ি আছে, এক-একটা বাড়ির চুড়ো নাকি মেদের স্মান উঠে গেছে। বাবা বলছিলেন নিচের তলায় কি রকম একটা বাক্স আছে, তার মধ্যে দাঁড়িয়ে কল টিপে দিলেই দেখতে-দেখতে গাঁচ-ছ তলায় বাক্ষটা উঠে আসে। ভূগোলে আমেরিকার কথা পড়েছ মা? সেখানে নাকি একরকম বাড়ি আছে—তার তলায় রেলের মতো চাকা, এক জায়গা থেকে গড়িয়ে-গড়িয়ে অন্ত জায়গায় গিয়ে হাজির হয়—বলিয়া মানব থিল্-থিল্ করিয়া হাসিয়া উঠিল।

কিন্তু মা'র যে কেন তবু কাল্লা থামে না সে ভাবিয়া পাইল না। কছিল—বেশ তো, তারপর একদিন এ-বাড়িতে ফিরে এলেই হবে।
স্থমতি কছিল—এ-বাড়িতে আর ফিরে আসতে দেবে না।
কপাল কুঁচকাইয়া মানব কছিল—ফিরে আসতে দেবে না । কে ?
—যারা এখন বাড়ির মালিক—হীরালালবাবুরা।

এমন ব্যাপারেও কেই মুখ ভার করিয়া থাকে ? মানব হাসিয়া উঠিল, পরে গন্তীর ইইয়া কহিল—ভূমি একেবারে ছেলেমামুম, মা। আময়া কলকাতা বেড়াতে যাচ্ছি কি না, তাই বাবা এ কয়দিন হীরালালবাবুকে বাড়িটাকে দেশতে বললেন। কেউ পাহারা না দিলে বোসেদের চাকরয়া এসে পুক্র থেকে সব মাছ চুরি করে নিয়ে যাবে, বাগানের একটা আমও আর ফিরে এসে থেতে পাবো না। ফিরে আসতে দেবে না কি, মা ? আমাদের ঘর-বাড়ি পুক্র-বাগান কার সাধ্য কেড়ে রাথে ? তা হলে হীরালালবাবুর দাড়ি ছিঁড়ে দেব না ?

মা'র বিধাদ-মান মুখের দিকে চাহিয়া মানব আর উৎসাহ পাইল না।
কখন তাহার নিজেরই মুখ ব্যথায় থমথম করিয়া উঠিল; কহিল—
কলকাতার যাচ্ছি মা, অথচ না নিলে একটা বাক্স-ট্রাঙ্ক, না বা কিছু
খাবার। গাড়িতে কি পেতেই বা শোবে, সেখানে গিয়ে চান করেই
বা কি পরবে ? গাড়ি ছাড়তে তো এখনো কতো দেরি আছে। কুলির

মাধার করে ভোমার সেই হলদে ভোরকটা নিলেই সব চুকে বেড। বাবাকে এত বললাম, অন্তত আমার গাাটরাটা নিই, কিছুতেই তিনি তাতে হাত দিতে দিলেন না। আমার বাশি-নাটাই টিনের লাটু বইখাতা সব পড়ে রইলো। সেখানে গিয়ে আবার তো সব কিনতে হবে ? স্থমতি মানবের মুখখানা আবার কোলের কাছে চাপিয়া ধরিল। অঞ্-গদগদস্বরে কহিল—কিনবার আর আমাদের কিছুই নেই, বাবা। বার্ম-পাঁটারা খাট-পালঙ সিন্দুক-আলমারি সব—সব হীরালালবাবুদের। আমরা আজ পথের তিথিরি।

চলিতে চলিতে মানব হঠাৎ পামিয়া পড়িল। এমন একটা কথা বলিলেই হইল ? সে হাসিয়া কহিল—হীরালালবাবুর তো আছো আবদার। কাডাও, বাবাকে জিগগেস করে আসি।

কিন্তু উমাকান্তর মুখে স্নেহ বা সহামুভূতির এতটুকু আভাস নাই। বাপের সেই মুখ দেখিয়া ভয়ে মানবের মুখে কথা সরিল না।

মানব ফিরিয়া আসিয়া আবার মা'র হাত ধরিল; কহিল—এ কথনই হতে পারে না, মা। হীরালালবাবুর সাধ্য কি আমাদের বাড়িতে আমাদের চুকতে দেবে না ? ঐ বুড়ো আমাদের সঙ্গে পারবে নাকি ? এক ভজুয়াই তো ওকে আলুর দম বানিয়ে ছাড়বে। আমি দাড়িতে ওর আগুন লাগিয়ে দেব, মা। আমাকে তুমি যে এত হছমান বলতে তা এতোদিনে ঠিক হবে।

মাকে এত সে প্রবোধ দিল, তবু কি না তাহার চোথের জ্বলের বিরাম মানিতেছে না। নিতান্ত নিরুপায় হইয়া মানব শেষে মা'র হাতে একটা স্থাকুনি দিয়া কহিল—গরিব হলাম বলে তোমার এত ভাবনা কিসের মা? আমার লাট্ননাটাই কিছু চাই না, বিভাসাগরের মতো আমি নাহয় রান্তার ল্যাম্প-পোস্টের তলায় টুল টেনে বসে পড়া মুখন্ত করবো। হাত পুড়বে বলে ভয় পাছহ, মা? না, না, বিভাসাগরের মতো রায়া

করতে আমি না-ই বা পারলাম, আমি হব পিওন, থাকির প্যাণ্ট পরে পারে ফেট আর মাথায় পাগড়ি বেঁধে আমি কলকাতায় চিঠি বিলি করবো। গাড়ি ঘোড়া ঠিক বাঁচিয়ে চলবো দেখো, তোমার কিছু ভয় নেই।

মা তবু কথা কছে না, আঁচলে চোখ মুছিতে মুছিতে ক্লান্তপায়ে পথ ভাঙে।

বিকালের আকাশ ফিকা হইয়া আসে, হাটের পথে গরুর গাড়ি সার বাঁধিয়া চিমাইয়া চলে। মানব গরুর ল্যাক্স টানিয়া দেয়, রাস্তা হইতে চিল কুড়াইয়া বাদামগাছের ডালে তক্রাচ্ছন প্যাচাটাকে লক্ষ্য করিয়া ছুঁড়িয়া মারে—কখনও বা সামনের পুক্রে; বিল্বৎ জলচক্রটা কেমন করিয়া ক্রমশ বাড়িতে বাড়িতে অস্পইতর হইতে থাকে তাহাই দাঁড়াইয়া একটু দেখে। বলে: গুলতিটাও সঙ্গে আনলে না মা, ঐ পাখির বাসাটা তা হলে ভেঙে দিতাম।

মা কেমন করিয়া যেন চাহিল।

প্রথমটা মানব একটু কুণ্ডিত হইয়া পড়িল, কিন্তু কি ভাবিয়া সাহস সংগ্রহ করিয়া কহিল—ঐ পাজি হীরালাল আমাদের এতো বড়ো বাসা ভেঙে দিলো, আর আমি সামান্ত একটা পাথির বাসা ভাঙতে পারবো না ? মারি এই টিলটা, মা। পাথির ছানাগুলো চারিদিকে ছড়িয়ে পড়ুক। ওয়ান্, টু—

একটা ঢিল তুলিয়া মানব টিপ করিতেছে, কিন্তু মা'র ছুইটি অশ্রুকোমল সম্নেহ চক্ষু যেন তাহার উপ্তত হাতকে সহসা নিস্তেজ, শিপিল করিয়া ফেলিল। ঢিলটা ফেলিয়া দিয়া সে আবার মা'র গা বেঁসিয়া চলিতে-চলিতে কহিল—সব হীরালালবাবুদের হয়ে গেল, মা ? আমাদের ধলি-গাইটা পর্যস্ত।

মা স্বচ্ছন্দে ঘাড় হেলাইল।

-পুঁইশাকের মাচা, কাঁটালগাছের তলায় পিঁপড়ের সেই ঢিপিটা --সব ?

ত্ম্মতির বক্ষত্বল বিদীর্ণ করিয়া ভীত অস্ট্ট একটি শব্দ বাহির হইল: সব।

— তুমি বলো কি মা ? আমার সেই দোলনাটার আর ছলতে পাবো না ?
নিজ হাতে দেই যে একটুখানি বেগুনের ক্ষেত করেছিলাম, সে-বেগুন
খেতে পাবো না ? বঁড়ানি কেলে পুক্রের বেলে-মাছ ধরলে সে-মাছ
হীরালালবাব্দের দিয়ে দিতে হবে ? তুমি পাগল হলে নাকি, মা ?
মানব পামিয়া পড়িল।

স্থমতি মানবের হাত ধরিয়া খালি বলিলেন—দাঁড়াসনি মানু, চল্। উনি কতদ্র এগিয়ে গেছেন দেখছিস্? ভাড়াতাড়ি না চলতে পারলে ট্রেনে আর চাপতে পাবি না।

মানব বলিল—তাই বলো, তুমি আমাকে মিছিমিছি তয় দেখাচ্ছিলে!
এ কথনো হতে পারে? আমি বাড়ি চুকতে গেলে তজুয়া তেড়ে আসবে
তেবেছ, মানিদিদি তাবছ হাত-পা ধুয়ে দিতে আসবে না, আমার ভেল্
খুসিতে ল্যাজ না নেড়ে কামড়াতে আসবে? ভেল্ সঙ্গে আসতে
চাইছিলো মা, কেন ওকে বাবা শিকল দিয়ে বেঁধে রাখলেন? ও হয় তো
দাত দিয়ে শেকল কাটবার জত্যে কতো মাতামাতি করছে। ওকে খুলে
নিয়ে আসবো, মা ? ওয়ো ত হাফ-টিকিট।

মা'র হাত ছাড়িয়া মানব খদিয়া পড়িবার সামান্ত একটু চেষ্টা করিল হয় তো, কিন্তু স্থমতি কিছুতেই বাঁধন আলগা করিল না।

—গাড়ি ছাড়তে এখনো অনেক দেরি আছে, মা। তিনটে ঘণ্টা দেবে, তবে ছাড়বে। তার মধ্যে ঠিক আমি তেলুকে ছাড়িয়ে আনতে পারবো। বাবা একমনে এগিয়ে চলেছেন, টেরও পাবেন না। ইস্কুলের ফ্ল্যাট-রেসে আমি ফার্স্ট হয়েছি। ক্লপোর সেই মেডেলটাও আনা হয় নি।

কোটের ওপর ঝুলিয়ে রেখে কলকাতার ছেলেদের তাক লাগিয়ে দেব। যাই না, মা।

স্থমতি ধমক দিয়া উঠিল: না।

নিক্ষল অভিমানে ঠোঁট ফুলাইয়া মানব আপন-মনে বলিতে লাগিল: हैं! উনি আমার কুকুর কেড়ে রাথবেন, ওঁর থেঁদি মেয়েটা আমার দোলনায় তুলবে, আর আমি ওঁকে সহজে ছেড়ে দেবো ? ককখনো না। দাঁড়াও না, বড়ো হই একটু—আমাদের ক্লাবের ক্যাপ্টেন চিস্তাহরণদাকে চেন, মা ? দাঁত দিয়ে তিন মণ পাধর তোলেন। অমনি আমাকে একবারটি বড়ো হতে দাও, দেখে নেব আমার বেগুনের ক্ষেত কে নষ্ট করে ? ছাড় মা, ছাড়—

বলিয়া মানব জোর করিয়া হাত ছিনাইয়া লইয়া বুক ফুলাইয়া লম্বা লম্বা পা ফেলিয়া সোজা আগাইয়া যাইতে লাগিল।

কিছুটা গিয়া আবার ফিরিয়া আসিয়া মা'র গায়ে লাগিয়া বীরের মতো কহিল—তোমাকে পেছনে একল। কেলে এগিয়ে যাব কী ? আমি কাছে না পাকলে তোমার ভয় করবে যে।

রমেশ পোদার ও তাহার ছেলে ফণী হাট হইতে বাজার করিয়া ফিরি-তেছে। ফণীর বয়স মানবের চেয়ে কিছু বেশি, গায়ে নতুন একটা কোট উঠিয়াছে। গায়ে পড়িয়া সে জিজ্ঞাসা করিল—কোণায় যাচ্ছিস রে মায় ? কাইজারি ভঙ্গিতে মানব কহিল—কলকাতা।

ফণী হাসিয়া কহিল—বাড়ি থেকে ঘাড় ধরে তাড়িয়ে দিলো বুঝি ? বেশ হয়েছে। আর আমাকে পোদারের পো বলে খ্যাপাবি ?

মানব কঠোর স্বরে কহিল—ভূই পোদ্ধারের পো না তো কি বামুনের বাচ্চা ? বলবোই তো, একশো বার বলবো, যতক্ষণ না মুখ খনে পড়ে:

গৰু অৰ্থ গো.

পোদ্ধারের পো।

কি করবি তুই ?

ফণী কটুকণ্ঠে কহিল-কী আর করবো ? আমাদের মা তো আর পশে বেরোর না।

মানব হঠাৎ বাঁ হাতে ফণীর চুলের ঝুঁটি চাপিয়া ধরিয়া ডান-হাতে তাহার গাল-গলা বাড়াইয়া এমন এক চড় মারিল যে, লে অদুরে একটা খাদের মধ্যে ছিটকাইয়া পড়িল। কাদায় তাহার কোটটার কিছু বহিল না। ফণীর হইয়া রমেশ পোদ্দার নিচ্ছে একেবারে তাড়িয়া আসিল। মানব হুই হাত দৃঢ় মৃষ্টিবদ্ধ করিয়া এক পা বাড়াইয়া দিয়া কহিল-এসো না এগিয়ে, চোখ পাকাচ্ছ কি ওখান থেকে ? এসো না, দেখি তোমার কত মুরোদ।

স্থমতি তাহার গায়ের উপর ঝাঁপাইয়া পড়িয়া হুই হাতে তাহাকে ঢাকিয়া ফেলিল। নিচে খাদ হইতে ফণী তখন অপ্রাব্য ভাষায় গালি পাড়িতেছে ও রমেশের মুখে তাহারই নিভূল প্রতিধানি।

গোলমাল গুনিয়া উমাকান্তও পিছু হটিয়া আসিল। রমেশের পিঠে ও ফণীর চুলে হাত বুলাইয়া কহিল—ও আমার গোঁয়ার ছেলে রমেশ, ওর কথায় রাগ করো না। বাডি যা, ফণী।

পরে স্থমতির দিকে চাহিয়া কহিল—ঐটুকু অপমানেই এমন মুষড়ে পড়লে চলবে না। এখন আর এমন কি হয়েছে ! চের পথ পড়ে আছে এখনো। স্থমতি মানবের কান মলিয়া দিয়া বকিয়া উঠিল: যত গায়ে পড়ে ঝগড়া। কারু সঙ্গে না লেগে আর স্বস্তি নেই। গোঁয়ার, অবাধ্য কোথাকার। উমাকান্ত স্ত্রীর হাত ছাড়াইয়া নিয়া কহিল—তোমার এই গোঁয়ার ছেলেকে আশীর্বাদ করে।।

মানবের মুখে আর কথা নাই; সামনে দিয়া গরুর গাড়ি চলিয়া গেলেও গরুর লাজ টানিয়া দিতে সে আর হাত তোলে না ; পায়ের কাছে কাঁচা একটা ৰাভাবি লেবু পড়িয়া থাকিতে দেখিয়াও তাহার সাহায্যে তাহার ফুটবল খেলিতে সাধ হয় না—অন্তমনস্কভাবে দ্লান মুখে সামনে সে হাঁটিয়া চলিয়াছে!

কিছ কত দূর ঘাইতেই চোখের সামনে গাছ-পালার ভিড় সরাইয়া খোলা আকাশ মুখ বাড়াইল। একটা লাল বাড়ি দেখা যাইতেছে—তাহারই একটু দূরে কতগুলি মাল-গাড়ি ঘেঁসাঘেঁসি করিয়া রহিয়াছে। ফেঁশন আসিয়া পড়িয়াছে বুঝি—মানব লাফাইয়া উঠিল। হাঁা, আর সন্দেহ নাই, রাস্তার উপর ভাঙা নড়বড়ে ছ্যাকড়া গাড়ির গাড়োয়ানরা কোলাহল তুরু করিয়াছে। হঠাৎ কোণায় ঘটা বাজিয়া উঠিল।

মানব ব্যস্ত হইয়া বাবাকে কহিল—গাড়ি এবার ছাড়বে বুঝি ? তাড়া-তাড়ি পা চালিয়ে এসো, মা।

উমাকাস্ত নীরব হইয়া রহিল। সোজা সে স্টেশনের প্ল্যাটফর্মের দিকেই অগ্রসর হইতেছে দেখিয়া স্থমতির হৃদয় হাহাকার করিয়া উঠিল—তাহারা সত্যই তবে একেবারে বিদায় নিয়া চলিয়াছে! মানব ঘাড় বাঁকাইয়া মাকে ঝাঁঝালো গলায় কহিল—আমার সঙ্গে পর্যন্ত পা মিলিয়ে চলতে পারো না, মা। শেষকালে ভোমাকে ফেলেই কিন্তু চলে যাব আমরা। কিন্তু বাবা প্ল্যাটফর্মে চুকিয়াও টিকিট কাটিতে কোনই ব্যন্ততা দেখাইতেছেন না। এ-দিক ও-দিক তাকাইতেছেন শুধু।

মানব অন্থির হইরা উঠিয়াছে: এঞ্জিনের ঐ ধেঁীয়া দিয়েছে, বাবা। ট্রেন ছাড়বার আর দেরি নেই। ইস্কুলের শেষে কতো দিন আমি ট্রেন দেখতে একা-একা চলে এসেছি এখানে। আমাদের ইস্কুলের ছেলেরা কোথায় কোন দাড়ি-ওলা সন্নেসি এলো বা কোথায় কে সাপে-কাটা পড়লো তাই খালি দেখতে যাবে, একবার ট্রেন দেখতে আসবে না। ট্রেন যখন এসে স্টেশনে দাঁড়ায় তখন আমার খ্ব ভালো লাগে। এমন জোরে চুকে পড়ে মনে হয় থামবেই না, কিছ্ক—ঐ যে ঘণ্টা দিলো, বাবা। আমাদের বুঝি টিকিট লাগবে না ? গাড়ির ড্লাইভার বুঝি তোমাকে চেনে ?

উমাকাস্ত ধমক দিয়া উঠিল : চুপ কর।

মানব চুপ করিতে জানে না: ঐ যে, অজিত ওরাও যাচছে বুঝি। বেশ হবে—কাগজ পেন্সিল পর্যন্ত সঙ্গে আনোনি মা, স্টেশনের নামগুলি লিখে রাখতাম যে। বলিয়া সে অজিতের উদ্দেশে ছুটিল: আমরাও এই গাড়িতে কলকাতা যাচছি ভাই। আমি আর তুই এক গাড়িতে। বুড়োরা আলাদা।

অঞ্জিত বলিল—আমার সঙ্গে 'স্নেক য্যাও ল্যাডার' আছে।

মানব খুশি হইয়া তাহার ঘাড় চাপড়াইয়া কহিল—তা হলে তো একশো
মজা। আমাদের গাড়িতে কাউকে উঠতে দেব না। দরজার কাছে কেউ
এলেই সোজা বলে দেব—রিজার্ভড্। তার পর একা হুজনে খেলবো,
ইচ্ছে করলে জানলার বসে বসে পাথি দেখবো, মাঠ, নদী, টেলিগ্রাফের
থাম—পথে ব্রিজ পড়লে চাকায় কি স্থন্দর আওয়াজ্ঞ হয় বল্ তো।
জানিস্ ভাই, দেড়ে হীরালাল জোর করে আমাদের বাড়িটা কেড়ে
নিষ্কেছে। নিক গে—গাড়ি ঐ এসে গেলো। রেডি, অজিড—

বলিয়াই মানব আবার মা'র কাছে আসিয়া হাজির: ওকি, শিগগির চলে এসো মা। সামনেই ওই মেয়েদের গাড়ি রয়েছে। একটু পা চালিয়ে এগিয়ে এসো লক্ষ্মী, তোমার জক্ষ্ম গাড়ি তো আর এখানে চিরকাল হাঁ করে দাঁড়িয়ে থাকবে না। তুমি ছেলে হলে না কেন মা ? চাদরটা দাও গা থেকে ছুঁড়ে। ফের ঘণ্টা দিছে মা, উঠে পড়ো। বাবা কোথায় ? উঠে পড়েছেন বুঝি ? তুমি তা হলে থাকো দাঁড়িয়ে, আমি উঠলাম—হঠাৎ উমাকান্ত থপ করিয়া তাহার হাত ধরিয়া ফেলিয়া বলিল: দাঁড়া। মানব থামিয়া গেল। তাহারই বিস্মরবিমূচ দৃষ্টির সামনে দিয়া টোন তখন ধীরে চলিতে শুরু করিয়াছে। জানলায় অজিত মুখ বাড়াইয়া দিয়া তাহাকে ডাকিতেছে বুঝি, ছলছল চোখে মানব চাহিয়া রহিল—যতদ্র ট্রেনটাকে দেখা যায়

গাড়ি ক্লিয়ার হইয়া গেলে উমাকাস্ত ফেশন-মান্টারকে পাকড়াও করিল। তারিণী তাহার আলাপী—ছুইজন একত্র মদ খাইত। কিন্তু তারিণীকে খাটিয়া খাইতে হইত বলিয়া উমাকাস্তর মতো এত অনায়াসে সে ভাসিতে পারে নাই। রাত্রি বারোটার সময় তাহাকে আর-একটা প্যাসেঞ্জার 'পাস্' করিয়া দিতে হয়। ভোর না হইতেই আবার একটা মাল-গাড়ি আসে। তাই, সে চুমুক দিত বটে, কিন্তু গিলিত না। দলের স্বাই ভাহাকে বলিত আটিট।

উমাকান্তকে দেখিয়া তো সে অবাক। মামলা-মোকদমার কথা আগেই সে শুনিয়াছিল বটে, কিন্তু উমাকান্তকে এমন সর্বস্বান্তের মতো পথে বাহির হইতে হইবে তাহা সে কোনোদিন ভাবে নাই। তাহার মুখ দিয়া কোনো কথাই বাহির হইল না।

উনাকান্ত আগাইরা আসিয়া তাহার হাত চাপিয়া ধরিয়া কছিল—দেখ, কী চমৎকার অধঃপতন! পাহাড়ের চুড়ো থেকে একেবারে অতল পাতালে! আমি তোমারো চেয়ে বড় আটিন্ট, তারিণী!

তারিণী তাহাকে কাছে আকর্ষণ করিয়া কহিল—কী ব্যাপার ?

—অত্যন্ত সরল—জলের মতো পরিকার! তোমার কাছে কিছু ভিক্ষা করতে এসেছি, বন্ধ।

তারিণী তাহার মুখের দিকে ফ্যালফ্যাল করিয়া চাহিয়া বলিল—ভিক্ষা ? ভূমি কী বলছ এ-সব ? সঙ্গে উনি কে ?

হাসিয়া উমাকান্ত কহিল,—বল তো কে ! দেখে তোমার কী মনে হয় ?

তারিণী আমতা আমতা করিয়া কছিল,— তোমার—
হাঁা, আমার স্ত্রী। অহুগামিনী। তোমার খুব আশ্চর্য লাগছে না,
তারিণী ? কিন্তু চাকা যদি না-ই ঘুরবে তবে চলায় আর মজা কৈ ?
তারিণী ব্যস্ত হইয়া উঠিল: ওঁরা ওখানে দাঁড়িয়ে রয়েছেন কেন ? ডেকে
নিয়ে এসো ওঁদের। আমার বাড়ি তো এই সামনেই। তোমরা বাচ্ছ
নাকি কোধাও ?

— যাবার ইচ্ছে তো তাই ছিলো। কিন্তু ইচ্ছে থাকলেই তো আর উড়ে যাওয়া যায় না।

— সে হবেখন। তুমি এখন ওঁদের নিয়ে এসো দেখি শিগগির। আমি বাড়িতে খবর দিচ্ছি। গরিবের ঘরে একটু জিরিয়ে নেবে না-হয়। উমাকাস্ত তাহার হাত ছাড়িল না ; কহিল—তুমি গরিব বলেই তো এত সহজে তোমার কাছে আগতে পারলাম ভাই। বডলোক বন্ধও আমার ঢের ছিলো, কিন্তু দেখানে আর যাই কেন না পেতাম, বিশ্রাম পেতাম না। তুমি গরিব বলেই তো তোমার কাছে হাত পাততে পারবো— অত্যন্ত সমুচিত হইয়া তারিণী কহিল—তোমার সম্পদের দিনে তুমি আমাদের কম উপকার করেছ ? ও কি একটা কথা হল ? যাও. ওঁদের নিয়ে এসো। সীতাকে পেয়ে গুহুক চণ্ডাল কুতার্স হবে। বলিয়া তারিণী বাড়ির ভিতর খবরটা পৌছাইয়া দিবার জন্ম আগেই চলিয়া গেল। কিন্ধ অমতি কিছুতেই ফৌশন-মাস্টারের আতিথ্য নিতে পারিবে না। সে রেল-লাইনের ধারে কুলিদের মতো বরং হোগলার ছাউনি খাটাইয়া স্বামী-পুত্রকৈ নিয়া দিন কাটাইবে, তবু করুণার অর সে গ্রহণ করিবে ना। हेहा य जीवन-त्ववात अको वितारे जामाना माळ, हेहात मर्या এতটুকুও যে অসামঞ্জ নাই—উমাকান্ত স্থমতিকে কিছুতেই বুঝাইতে পারিল না।

উমাকান্ত কহিল—কিন্তু পরের ট্রেন যে সেই রাত বারোটায়।

স্থমতি কহিল---বেশ তো। ততক্ষণ এইখেনেই বঙ্গে পাকবো।
---এই ঠাণ্ডায় ?

শুকলো হাসি হাসিয়া স্মৃষ্টি কহিন—বাড়ি থেকে বেরোবার সময় গায়ে ঠাণ্ডা লাগবে না এমন কোনো কথা ছিলো না।

উমাকান্ত রুক্ষস্বরে কহিল—কিন্তু কোথাও যেতে হলে কিছু রেপ্তও তো চাই। তারো তো জোগাড় করতে হয়। তারিণী আমার বন্ধু, তার কাছ থেকে হাত পাততে আমার লজ্জা নেই। তোমারো লজ্জা না দেখাইলেই মানাতো, স্মৃষ্ঠি।

ত্মতি কহিল—তোমার নির্লজ্জতা তোমারই একলার পাক। এতো বড়ো একটা সম্পত্তি মদ খেয়ে উড়িয়ে দিয়ে নিজ্ঞের স্ত্রী-পুত্র নিয়ে পথে বেরিয়েছ, তোমাকে নিয়ে শহর-শুদ্ধ, লোক মিছিল করছে না কেন ?
—তাই করা উচিত ছিলো। কিন্তু তা নিয়ে তর্ক করে তো কোনো ফল হবে না। চলো, তারিণীর কাছ থেকে সম্প্রতি কিছু ধার করে বেরিয়ে পড়ি—পরে কোথাও কিছু হিল্লে একটা হবেই। নতুন করে ফের শুক্র করবার জন্তে আমি একেবারে অন্থির হয়ে উঠেছি।

তবুও স্থমতি রাজি হয় না। বলে: তোমার বন্ধুর কাছে হাত পাতবে, ভূমি যাও। আনি এখান পেকে নড়বো না।

উমাকান্ত ঠাট্টা করিয়া প্রশ্ন করিল—একা যেতে পারবে ? স্থমতি দুঢ়স্বরে উত্তর দিল : দরকার হলে তাও পারবো বৈ কি।

মানব বাবার হাত ধরিয়া ঝুঁকিয়া পড়িয়া জিজ্ঞাসা করিল—এ-গাড়িতে গেলে না কেন বাবা । সেই রাত ছুপুরে তো ফের ট্রেন ! এখনো তার সাড়ে সাত্যণ্টা বাকি। রাত্রে কিছু দেখা যাবে না যে !

তাহার হাত সরাইয়া দিয়া উমাকাস্ত বিরক্ত হইয়া কহিল—চুপ কর্। পরে স্মতির দিকে চাহিয়া: এতই যখন পারো, তখন দয়া করে আর ত্ব' কদম এগিয়ে এসো না। এতটা পথ হেঁটে এসে নিশ্চয়ই তোমার বেশ থিলে পেয়েছে, খুমও পেয়েছে হয় তো—ট্রেন তো সেই কথন। থেয়ে-দেয়ে একটু খুমিয়ে নিতে পারবে, স্বচ্ছন্দে, ভূমি গেলে তারিণী নিশ্চয়ই আর ক্লপণতা করবে না। তোমাকে দেখে নিশ্চয়ই সে বদাস্ত হয়ে উঠবে দেখো।

কথা ভনিয়া লজ্জায় স্থমতির মাটির সঙ্গে মিশিয়া যাইতে ইচ্ছা ছইল।

—একটু ব্যবসাদার হতে হয়, স্থমতি। সেইটেই স্বাভাবিক। এতে লজ্জা নেই, দৈন্ত নেই। যথন ছিলো, কুসঙ্গে পড়ে ফুঁকে দিয়েছি; এখন নেই, হাত পেতে তাই ভিক্ষা চাই। এর চেয়ে সহজ্ঞ আর মামুষে কী করে হতে পারে ?

ত্মতি কটুকঠে কহিল—যুখন হাত পেতে ভিক্ষা মিলবে না তথন করবে কী ?

উমাকান্ত নিলিপ্তের মতো কহিল—কেড়ে নেব।

তারিণী পুনরায় দেখা দিলে উমাকান্ত গন্তীর হইয়া কহিল—তোমার বৌদি কিছুতেই তোমাদের বাড়ি যাবেন না।

তারিণী অপরাধীর মতো মুখ করিয়া বিনীতম্বরে কহিল—কেন ?

উমাকাস্ত ঠাট্টা করিয়া কহিল—এতো বড়োলোকের স্ত্রী হয়ে তোমাদের মতো গরিবের কুঁড়ে ঘরে পারের ধূলো ফেললে যে ওঁর জ্বাত বাবে। স্বামীটি অবশ্রি আর বড়োলোক নেই, তা বলে স্ত্রী তো আর তাঁর গর্ব খোরাতে পারেন না। ঐশ্বর্য পরোপার্জিত হতে পারে, কিন্তু অহঙ্কারটুকু একলা তোমার বৌদিদিরই। তার দাম আছে বৈ কি।

ত্বমতি মনে-মনে তাহার জন্ম-ভাগ্যকে ধিকার দিতেছিল, কিন্তু তারিণীর
ন্ত্রীকে স্টেশনের প্ল্যাটফর্মে স্বামীর পিছে-পিছে আসিতে দেখিরা তাহার
সঙ্কর আর রহিল না। তারিণীর স্ত্রীকে অফুরোধ করিবার আর কোনো
অবসর না দিয়াই সে তাহার হাত ধরিয়া স্থিত্বরে কহিল—ঐ তো

তোমাদের বাসা, না ? খুব সামনে তো ? চমৎকার কাঁকা দেখছি, চারধারে মাঠ আর মাঠ। রাত্রে একা-একা তোমার ভয় করে না ? অপরিচিতা বধূটি অ্মতির আপ্যায়নের ক্রটি রাখিল না ; কিন্তু অ্মতি আঁচলের তলায় হাত গুটাইয়া বসিয়া রহিল—না ধুইল হাত-মুখ, না ছুইল একটুকরা ফল। বধূটি হু:খ করিয়া কহিল—গরিবদের কি আপনি এমনি করেই অবজ্ঞা করবেন ?

স্থমতি সহসা বধ্টির তুই হাত সমুখে আকর্ষণ করিয়া বলিল — আমার চেরে গরিব কি আর পৃথিবীতে কেউ আছে ভাই ? সংসারে একমাত্র অর্থের অনটনই তো দারিদ্রোর পরিচয় নয়। কিছু সত্যিই আমি কিছু মুখে তুলতে পারবো না, মিছামিছি অমুরোধ করে কিছু লাভ নেই। যদি বাঁচি, তবে তোমার কথা আমার চিরকাল মনে থাকবে।

উমাকান্ত ঘরের দিকে অগ্রসর হইতে-হইতে কহিল—এতে কিছুমাত্র কুঠা নেই, বন্ধু। আমার বিপদের দিনে তুমি টাকা ভিক্ষা—ইটা ভিক্ষা দিছ—এ আমি বলেই স্বছ্নেদ গ্রহণ করতে পারলাম। শোধ করতে পারবো কি না এবং কবেই বা পারবে তার যথন ঠিক নেই, তথন তাকে ভিক্ষা বললেই শব্দের যথার্ব অর্থপ্রাপ্তি ঘটে, তারিনী। স্থমতি নিতান্ত কুসংস্কারাছ্ত্র বলেই লজ্জায় অধোবদন হছে, কিন্তু লক্ষপতি উমাকান্ত হালদারই না যদি গরিব দেউখন-মান্টার থেকে ভিক্ষা নেবে তবে স্প্রের মাহান্ত্র্য আর রইলো কোপায় ? থালি ভোগ করবো, কোনোদিন পঞ্বের ধ্লায় হাঁটু গেড়ে বসে ভিক্ষা করবো না—এতে স্প্রের সামঞ্জ্য থাকতো না। ১

উমাকান্ত ঘরের মধ্যে আসিয়া মুঠি খুলিয়া তিনখানা দশটাকার নোট দেখাইয়া স্থমতিকে কহিল—এখনো জমিদারির কিঞ্চিৎ রেশ আছে— বন্ধুত্বের খাজনা আদায় করেছি। অত মান হয়ে যেয়ো না। কলকাতা যাবার মতো আড়াইখানা থাওঁক্লাস টিকিট—মাল-পত্র নেই যে কুলি লাগবে. আর, কলকাতার পৌছে নিঃসম্বল অবস্থার ছু চার দিনের খোরাকি—খোরাকি বলতে অবিশ্র মৃড়ি-মুড়কি। মহাত্মা হতে আমাদের আর বাকি নেই। জীবনে এতো বড়ো ঐশর্থের স্থাদ খুব কম লোকেই পেরে থাকে, অমতি। আমার ভবিশ্বৎ যে বংশধর—ভাকে সর্বস্থাস্ত রিক্ত করে রেখে যেতে পারলাম, আজকের দিনে এই আমার একমাত্র অহজার।

উমাকান্ত আর্তনাদের মতো হাসিয়া উঠিল।

— তুমি এমন একটা সর্বনাশকে উৎসব করে মহিমান্বিত করে তোল।

যাত্রাই আমাদের উৎসব। ঘ্র্যামান চাকা স্থমতি, ঘ্র্যামান চাকাই হচ্ছে

নামান্তরে সভ্যতা। চোথের জল মুছে সভ্য হও। বলিয়া ক্রতপদে

উমাকান্ত অদুশ্র হইয়া গেল।

কিন্তু রাত করিয়া যখন সে ফিরিয়া আসিল, দম্ভরমত তাহার পা
ট্লিতেছে। কাছাকাছি ট্রেন আসিবার সম্ভাবনা নাই বলিয়া স্টেশনের
আলোগুলি নিবানো রহিয়াছে, কুলিরা কাপড়ের খুঁটে গা মুড়িয়া
প্রাটফর্মের উপরেই ঘুমাইয়া আছে। দ্রে লাইনের ধারে একটা মাটির
টিপির উপর কে-একটা ছেলে শৃক্ত দৃষ্টিতে দিগস্তের দিকে চাহিয়া—
তাহার ছুই চোখে অসহনীয় প্রতীক্ষা, কখন টেন আসিবে, কখন ছুইটা
নিস্তেজ অবসর রেল-লাইন চাকার নিপেরণে উচ্চকিত হইয়া উঠিবে!
এমনি একটা প্রত্যাশিত ভয়করের আবির্ভাবের আশায় মানবের অবুঝ
তীক্র মন ছুলিয়া উঠিতেছিল।

যানবকে উমাকান্ত চিনিতে চাহিল না।

ক্টেশন-মান্টারের কোরাটারে তথনো বাতি জলিতেছে। স্থমতি নান্মাইরা স্বামীরই জন্ম খোলা বারান্দার চুপ করিয়া বসিয়া ছিল, কিন্তু
উমাকান্তের চেহারা দেখিয়া সে দেয়ালে কপাল কুটিবে, না, চীৎকার
করিয়া উঠিবে কিছুই বুঝিতে পারিল না। উমাকান্ত আগাইয়া আসিয়া

কহিল— টিকিটের জন্মে তারিণী যা টাকা দিয়েছিলো সব উড়িয়ে দিয়ে এসেছি। ও-ও ভিকার ধন কি না, হাতে রইলো না। মাটি খুঁড়ে না পেলে বুঝি টাকা-পয়সার মায়া,পড়ে না।

স্থমতি এক ঝটকার উঠিয়া দাঁড়াইল, নির্মম স্থানর মুখ দিরা তাহার কথা বাহির হইল না। উমাকান্ত বারান্দার দেয়ালে ঠেগ দিরা দাঁড়াইয়া কহিল, —তর্ আমার শিক্ষা হল না —কলকাতা যাওয়ার খরচ যা জোগাড় করলাম তাও অবধি ফুঁকে দিয়ে এলাম—এর জ্বন্তে তোমার আফশোষ হচ্ছে ? এ একান্ত আমি বলেই পারলাম স্থমতি, কিন্তু আমি যে আর দাঁডাতে পারতি না।

স্থমতি কর্কশ হইয়া কহিল, আবার ফিরে এলে কেন ? কে ভোমাকে ফিরতে বলেছিলো ?

- —না এলে একা-একা কি করে কলকাতা যেতে ?
- তোমার ফিরে আসাতেই তো তার অনেক স্থবিধে হয়ে গেলো! হু:সময়ে হাতে যা সম্বল ছিলো তা পর্যস্ত উড়িয়ে দিতে তোমার বাধলো না। তুমি যে কতো বড়ো অমামূষ তা তুমি জানো না। তোমার সঙ্গে আর আমাদের সম্পর্ক নেই।

উমাকাস্ত বারান্দার এক ধারে বদিয়া পড়িয়াছে। মৃত্ব একটু হাসিয়া কহিল—আমি যে কতো বড়ো অমামুষ তা সত্যিই আমি জানি না। আমি পৃথিবীতে কী না করতে পারি। আমার সঙ্গে সম্পর্ক না রাথতে চাইলে অনায়াসে আমি সরে পড়তে পারি জানো ?

স্থমতি তীব্রতর কণ্ঠে বলিল—স্বচ্ছন্দে। তুমি একুনি এই মুহুর্তে বেরিয়ে যাও না।

- —পর মুহুর্তে। কিন্তু আমি খনে পড়লে তুমি কী করে যাবে? যাবে বা কোপায়?
- সে-সৰ ভাৰনা নিষে তোমাকে মাথা ঘামাতে হবে না।

—তবু দেখি না ব্যবসা-বৃদ্ধিতে কতো দূর তৃমি পেকেছ ! তারিণীর কাছে ধার চাইবে তো ? স্বামীকে পাষণ্ড, পাণিষ্ঠ ইত্যাদি বলে ওর সহায়ভূতি উদ্রেক করে কিছু টাকা ফের থসাতে পারবে ? ও, তোমার হাতে এখনো যে সোনার একজোড়া শাঁখা আছে দেখছি। হীরালাল ওটা বৃঝি আর ছুঁতে পারে নি। আইনে বেধেছে। আমারই মুখের ওপর আমার নিন্দে করলে তারিণীর মন নিশ্চয়ই ভিজে উঠবে। দেখব তৃমি কেমন অভিনয় করতে পারো। শাঁখা-জোড়া তারিণীকে লুকিয়ে দিতে পারলে দিব্যি ওর কাছে তোমার স্থতিচিহ্ন হয়ে থাকবে।

স্থমতির স্বর কঠিন মেহহীন: সে-ব্যবস্থা স্থামিই সব করতে পারবো। কিন্তু যে-টাকা আমি জ্বোগাড় করবো জ্রাতে তোমার কোনো অধিকার নেই। তুমি তোমার পথ দেখ।

উমাকান্ত হাসিয়া উঠিল: ধন্তবাদ।

এবং বিক্লক্তি না করিয়া টলিতে-টলিতে ঘর হইতে সে নিজ্ঞান্ত হইয়া গেল। সেই যে উমাকান্ত বাহির হইয়া গেল, আর ফিরিয়া আসিল না।
সংসারে কেহ কাহারও নয়—এই নির্বাণানন্দ অমুভব করিতে-করিতে
উমাকান্তও হয় তো এক দিন নিবিয়া গেল। কেহ তাহার থোঁজ
রাথে নাই।

জীবনে তাহার যে অযের মানি ও মানতা—একাই সে তাহার উত্তরাধিকারী; তাহার স্থাদ লইতে সে স্ত্রী-পুত্রকে আহ্বান করিবে না। এই অধংপতন ভাহার নিজের রচনা। অর্জনে যদি সে একা, বিসর্জনেও। আর স্থমতি! তাহারও বা কী হইল কে জানে! যাহাদের খুদি, ভাবিতে পারো স্থমতি স্থামী-বিরহে ধীরে-ধীরে দেহক্ষর করিল, যাহারা একটা ধর্মমূলক সিদ্ধান্ত পাইলে খুদি হয়, তাহারা তাহাকে কোনো দেবতার মন্দিরে ভক্তি-বিনতা পূজারিণীরূপে করনা করিয়া তাহাকে ধয়্ম করিয়ো, —আর যাহারা নির্ভূর ক্ষমাহীন নির্লজ্জ সংসারের রক্ষ বান্তবতার সঙ্গে পরিচয় লাভ করিয়াছে, তাহারা ইহাই ভাবিয়ো যে, স্থমতি অবনত মামুধের জনতার আসিয়া বাসা বাধিয়াছে—হয় তো বা দেহ-পণ্যবিপণির পারে! যাহার যাহা ইচ্ছা ভাবিয়া লইয়ো, গল্পের পক্ষে তাহার

মানবের জীবনে তাহার মা'র সেই ব্যথাপাণ্ড্র মুথের ছায়া পড়িয়াছে। অনাহারশীর্ণ অপমানাহত নিরানন্দ মুথের ছায়া! কিন্তু ছায়ার আয় কতটুকু!



ইহার পর যে-দৃশ্রে উপস্থাসের যবনিকা তুলিলাম-

স্থান : কলিকাতার দক্ষিণাঞ্চল, রসা রোড; সময় : উমাকাস্তের তিরোধানের বারে বৎসর পর।

চাকা আবার কখন ঘুরিয়া গেছে।

ভোর হইতে তথনো থানিকটা বাকি—এইমাত্র বোধকরি রাস্তায় জল দিয়া গেল। স্লেট-রঙ আকাশে অস্পষ্ঠ তারার অক্ষরে কাহার হস্তলিপি লেখা!

মানব তাহার বিছানায় হাঁটু হুইটা বুকের কাছে হুমড়াইয়া তালগোল পাকাইয়া গভীর ঘুমে আছের।

দরজা ঠেলিয়া একটি অনতিবয়স্কা মহিলা ঘরে চুকিলেন। আকারে সেইটুকু মাত্র স্থলতা যাহা আভিজাত্য নষ্ট করিতে পারে নাই। বেশ-বিস্তাব্যে একটি নির্মল রুচি, চলায় ও কথায় এমন একটা গান্তীর্য আছে যে মাঝে-মাঝে তা নির্মনতার নামান্তর হইয়া উঠে।

স্থইচ-বোর্ডে হাত রাখিয়া তিনি ডাকিলেন: মামু !

শব্যার নিকটবর্তী হইতে হইল। মাধায় আন্তে কয়েকটা ঠেলা মারিতেই মানব ধড়ফড় করিয়া জাগিয়া উঠিল: কি ব্যাপার ? ডাকাত পড়েছে ? এ—এ ধরে আমার মুগুর!

মানব পাশের ঘরের দিকেই বৃঝি ছুটিতেছিল, মহিলাটি তাহাকে বাধা দিলেন: না বে পাগলা, তোকে একবারটি শেয়ালদা বেতে হবে।

—কোথায় ?

বলিয়াই মানব বালিশের তলায় হাত চুকাইয়া, মাথা ডুবাইয়া বিস্তৃততর হইয়া শুইয়া পড়িল: পাগল আবার তুমি আমাকে বলো !

তাহার চুলে আঙুল বুলাইতে-বুলাইতে মহিলাটি কহিলেন—ভোকে সেদিন বললাম না আমার বোন-ঝি এখানে কলেজে পড়তে আসবে— বালিশের মধ্যে মুখটা বারকয়েক ঘবিয়া মানব বলিল—কিন্ত স্টেশন থেকে তাঁকে উদ্ধার করে নিয়ে আসতে হবে এমন কথা তো বলোনি কোনোদিন।

—কথা ছিলো উনিই ক্টেশনে যাবেন, কিন্তু রাত থেকে শরীরটা নাকি তাঁর ভালো নেই। তা ছাড়া মির্জা আজ বাড়ি পালিয়েছে। এই সাত-সকালে গাড়ি কে বার করবে ?

—তবে পায়ে হেঁটেই তোমার বোন-ঝিকে পার করে নিরে আসবো নাকি ? তোমার বোন-ঝির আবদার তো মন্দ নয়। এমন মঞ্জার খুমটা ভূমি মাটি করে দিলে, মা। প্রথম রাতের অলস কল্পনা আর শেব রাতের নরম খুম—এই ছটিতেই হচ্ছে স্বাস্থ্যের স্বাদ! আমি তা খোরাতে রাজী নই। অক্ত ব্যবস্থা কর গে যাও।

মা। কিন্তু স্থমতি নয়। মিসেস্ অনুপমা চ্যাটাজি।

মানব আরো তালো করিয়া শুইল। কিন্তু চোথ গিয়া পড়িল জানালার বাইরে, অফুচার ভাষার মতো যেখানে ছ্য়েকটা তারা মৃদ্ধ মৃদ্ কাঁপিতেছে। মা আবার কি বলেন তাহা শোনা শেষ হইলে পর সে চোধ বুজিবে।

অমুপমা বলিলেন—একটুথানি না যুমুলে আর তুই মাধা যুরে পড়বি না মানব এক ঝটকায় উঠিয়া বসিল: শুধু ঘুম ? সকালে উঠে আমাকে মুগুর ভাঁজতে হয়, তার পর স্নান—সব তুমি স্রেফ ভূলে গেলে নাকি? বোন-বি কলেজে পড়তে আসছেন—রাতারাতি তোমাদের সব পাথা পঞালো আর কি। আছো বেশ। নানব থাট ছাড়িয়া মেঝেয় নামিয়াছে যা ছোক।
অমূপমা বলিলেন—তাই তো আগে থেকে জাগালাম। তুই চটপট তৈরি
হয়ে নে, আমি চা কর্ছি।

ব্যায়াম—তার পর স্নান ! খুব তাড়াতাড়ি সমাধা হইল—পঁচিশ মিনিটের জায়গায় আট মিনিট। ঢাকা মেইলটার এরাইভ্যাল্ অত্যস্ত বেয়াড়া টাইমে—দেটশনে একটু আগে পৌছুনোটা প্রাচীনপন্থী নয়। মাধায় এত জল না ঢালিলেও চলিবে—দস্তরমতো মেঘ করিয়া আসিয়াছে দেখিতেছি। তাড়াতাড়ি! দূরে একটা ট্রেনের ফুঁলোনা যায়! একদিন নিয়মের একট্ ব্যতিক্রম হইলে কী এমন যায়-আসে ?

ই্যা, তার পর প্রসাধন—কেশ-বেশ। স্টেশনে আবার বেশি আগে থেকে ইা করিয়া বসিরা থাকার চেম্নে এঞ্জিন-ড্রাইভ করা ভালো। জাপানি হেয়ার-ড্রেসারটা চুল সন্দ কাটে নাই বটে। আঃ, কী মিষ্টি গন্ধ এই গেণ্টটার ? না গো, এত তাড়াতাড়ি না করিলেও চলিবে। ওটা তো বালিগঞ্জের টেনে ? কাঁপা বাসনেই বেশি আওয়াজ !

—তোর চুল ঠিক করতেই তো আধঘণ্টা !

অমুপমা চায়ের বাটি ও কৃটি-মাখন সইয়া প্রবেশ করিলেন।

দেরাজ টানিয়া এক মুঠা নোট-টাকা পকেটে লইয়া মানব কছিল—

আমার টাকা-পয়সা রোজ-রোজ এত কমে যায় কেন বলতে পারো 📍

অমুপমা হাসিয়া কহিলেন—পর্কেটে অতো বড়ো একটা ফুটো থাকলে টাকা প্রসার আর দোষ কী ?

পাঞ্জাবির পকেট উলটাইয়া মানব কহিল—ফুটো ? কই ?

অমুপমা আবার হাসিলেন: নে, খেয়ে নে শিগগির। পকেটের ফুটো তোর চোখে পড়বে না।

মানৰ স্বস্থির নিশাস ফেলিয়া কহিল—ও! ভূমি আলভারিক ভাষা প্রয়োগ করছ। কিন্তু হাতের মুঠোয় পয়সা যথন পেলাম তথন তাকে ৪(২৬) পাঁচ আঙ্লেই খরচ করতে হয়। তার পর চারের কাপে চুমুক দিরা; ভূমি বেশ কিন্ত। তোমার বোন-ঝিকে খুঁজে বার করবো—আমি কি অকাল্টিস্ট নাকি? নাম কি মেরেটির ?

- —মিলি। ঢাকা থেকে এক দক্ষল মেয়ে আসছে—তাদেরই সঙ্গে।
- —ঐ বাৃহ ভেদ করে তোমার মিলিকে উদ্ধার করে নিয়ে আস্তে হবে। সেই বা আমার সঙ্গে আসবে কেন ?
- —বা, তোকে বুঝি সে আর চেনে না? সেবার ঢাকায় ফুটবল খেলতে গিয়ে ক্লাবের সেক্রেটারি পরেশবাবুর নাড়িতে এক রান্তির ছিলি, তোর মনে নেই ? সেই বাড়ি থেকেই তো মিলি ইছেনে পড়তো। ওটা ওর কাকার বাড়ি যে।

টোন্টে কামড় দিয়া চিবাইতে চিবাইতে: কাকার পরে মাসি। তা এক রাত্রেই সে আমার চেহারা মুখন্ত করে রেখেছে নাকি? যাক গে। 'বোনাফাইডিস' প্রমাণ করতে পারবোই। সিল্কের রুমালে হাত মুছিতে-মুছিতে: নিতাইকে বলে রুল আনিয়ে রেখো, মা। বারান্দায় আসিয়া: অক্স-আই ডেইজি। সিঁড়ি দিয়া নামিতে নামিতে: আমার তিনটে ঘরের একটাও যেন হাতছাড়া না হয় মা দেখো। আমি কিন্তু একটুও সঙ্কুচিত হতে পারবো না। নিচে সদর দরজা খ্লিতে-খ্লিতে—ছি

মথমলের মতো নরম মোলায়েম ফিকে অন্ধকার। মৃত্ মভ্ রঙের আকাশ। বাতায়নবতিনী প্রোষিতভর্ত কার চক্ষুর মতো মান একটি তারা। একটা বাস্ লইলে মানবের ক্ষতি হইত না। এখনো ঢের সমন্ধ আছে। কিন্ধ খোলা ট্যাক্সিতে প্রচুর হাওয়ায় গা ছাড়িয়া দিতে না পারিলে এত ভোরে ওঠার উদ্দীপনার কোনো মানে নাই।

সন্ধ্যার আকাশে তারা ফোটার মতো একটি-একটি করিয়া মাছুর পথে বাহির হইতেছে: দোকানি, মজুর, ভিকুক। জীবন-সমুদ্রে কেনকণা! ক্রম-উবেল ! কেছ কাহারও মুখ চিনিয়া রাখে না—যায় আর আসে, আসে আবার ভাঙিয়া পড়ে। কত কুধা, কত কোভ, কত প্রত্যাশা নানব ট্যাক্সির সিটে হেলান দিয়া বুক বিক্ষারিত করিয়া নিখাস লইল। স্টেশন-প্র্যাটফর্ম। মানব বার-ক্ষেক এ-প্রাপ্ত হইতে ও-প্রাপ্ত পর্যস্ত পাইচারি করিতেই ফিন্ফিনে সিল্লের মতো এঞ্জিনের ধোঁয়া দেখা গেল। গকেট হইতে কুমাল বাহির করিয়া ঘাড় না রগড়াইয়া কী করা যায় আর ?

মেছেদের ইন্টার-ক্লাসটা বোঝাই। কতগুলি থোঁপা আর সিল্কের প্যাটার্ণ। এখান হইতে উঁকি মারিয়া লাঁভ নাই—আগে উহারা নামুক। এক, ছুই, তিন—অনেকগুলি, রোগা, লিকলিকে, সোডার বোতল, দীপশিখা! মানব একটু দূরে সরিয়া দাঁড়াইল।

হস্টেলে যাহারা পাকে তাহারা একসঙ্গে গাড়ি করিবার উদ্যোগ করিতেছে; যাহাদের আত্মীয়-স্বজনের বাড়ি যাইবার কথা, তাহারা কেছ তাহাদের নিতে আসিল কি না তাহারই তালাস করিতেছে হয়তো। এমন একটি মেয়ের সঙ্গে মানবের হঠাৎ চোখাচোথি হইল।

নির্ভুল সঙ্কেত। মানব মেয়েটির সমীপবর্তী হইয়া গলা একটুও না খাঁথরাইয়া প্রশ্ন করিল : আপনিই কি মিলি ?

মেরেটি সপ্রতিভ; তাহার নাসিকাগ্র দেখিয়াই তাহাকে তীক্ষণী ভাবা উচিত। এতগুলি মেয়ের মধ্যে এ-ই কেবল এলো খোঁপা বাঁধিয়াছে— ঐ খোঁপাতে যেন ব্যক্তিছের আভাস, আর, ব্যক্তিছ দীপ্যমান তাহার চিবুকে। একটু চাপা, ভাই মনে হয় দৃঢ়। অন্তিছ সম্বন্ধে তাহার একটা নিশ্চিত ধারণা আছে।

নেয়েটি কহিল—ভালো নাম বলতে পারেন ?

—ভালো নাম, মানব একটুও বাবড়াইল না: ভালো নাম কী হতে পারে ভেবে একটা ঠিক করুন না। ঢাকা ও তার পাশাপাশি গাঁ থেকে এক

মানব স্বছলে কহিল-কোৰ।

মিলিও হটিবার পাত্র নয়: অনাস আছে 🤊 কোন্ সাবছেক্ট 📍

- ম্যাথামেটিকস্। তারপর, আর কী জানতে চান ?
- —আবার কী জানতে চাইব !
- —আমি একজন খ্ব ভালো বক্সার, ফুটবলে রাইট-হাফ, টাঁসাস ঠ্যাঙাতে ওস্তাদ—আর কী গুণাবলী চান ? নিজেকে আ্যাডভারটাইজ করতে আমার ভালো লাগে ! ই্যা, এবার আপনাকে প্রশ্ন করি। ঘাবড়াবেন না তো ?

একটা উদ্গাত হাসি চাপিয়া মিলি নিশ্বাস ফেলিয়া কছিল—না।

—বেশ। মানব নড়িয়া চড়িয়া বিসল: ঠিক ঠিক জবাব দেবেন। শুকতো
কি করে রাঁথে ? চিংড়ি মাছের মালাই-কারিতে কি-কি মশলা লাগে ?
ছোট-ছোট ছড়ির মাঝখানে নির্বরেথার খুশির মতো মিলি খিল খিল
করিয়া হাসিয়া উঠিল।

ক্ষণিক নীরবভা।

মিলি কহিল,—আপনাদের বাড়ি কতো দূরে ?

- —বা, আমরা তো বাড়ি কতক্ষণ পেরিয়ে এসেছি। এখন চলেছি তো টালিগঞ্জের দিকে। সামনে ঐ ওভার-ব্রিজ দেখছেন ওখান দিয়ে বজবজ-এর ট্রেন যায়। মাঝেরহাট হয়ে আমতলা বেড়িয়ে আসবেন একদিন ?
- —আমতলা ! সে আবার এমন কী জায়গা !
- —অখ্যাত বলেই তো তার আকর্ষণ! যাবেন ?

মিলির নাকের ছুইপাশে বিরক্তির রেখা ঘন হইয়া উঠিল: বা, আমার বুঝি থিদে পায়নি ! হাওয়া থেলেই বুঝি পেট ভরবে ?

মানবের মুখ অন্তদিকে—স্বর গন্ধীর: একটুখানি উপোদ করলেই খিদে পায়. কিন্তু বহুদিন প্রতীক্ষা করেও এমন স্থাযোগ মেলে না।

আবহাওয়াকে মিলি তরল করিতে চাহিল: ভারি স্থযোগ। ট্যাক্সি

করে ভোর বেলার কাঁকা রাস্তার বেড়ানো। আপনি যেন কোনোদিন আর বেড়ান না ! মানবের চোথ হইতে মিলি নিমেবে কি-যেন পড়িরা লইল: ও ! আমি আছি বলে ? এবারের কথা তাহার স্বগত ; কিন্তু আমি তো আর ছু-দিনেই পালাছি না।

—কিন্তু রুপু চুল যে আপনার চিক্কণ ক্রক্ষবর্ণ ধারণ করবে। কপালের ওপর চুলের ঐ ঘুঙরি ছুটি তৈলমার্জনায় অদৃশ্য হবে। অস্থির হুটি নিলি যেন কি বলিতে যাইতেছিল তাছাকে বাধা দিয়া: দেখুন কবিতার আইডিয়ার মতো একেকটা সালিধা ঈশ্বরুত।

না, মিলি এইবার সত্যই কাতর কণ্ঠে কহিল—না, না, এবার ফিরুন।
—বটে । ফিরে চল পাঁয়জি।

ট্যাক্সিটা সত্যই ফিরিল দেখিয়া মিলির স্বর একটু তরল হইল হয়তো:
চলুন না একবার বাড়ি, মেসোমশাইর কাছে নালিশ করবো।
মানব মুখে আবার ক্রুত্রিম গান্তীর্যের মুখোস টানিয়া দিয়াছে: ইঁয়া,
চলুন না আমাদের আড্ডায় — তিলজ্বলায়। দেখবেন স্বাই সেখানে
মহিষ্মশাই। অচেনা লোকের সঙ্গে পথে বেক্লে কী বিপদ হয় টের
পাবেন এ-বার।

দক্ষিণ দিকের পাশাপাশি তিনটি ষরই মানবের একেলার—এ-পাশেরটা শোবার—বিশেষত্ব এই, শয্যার হুই প্রান্তে হুইটি প্রকাণ্ড আয়না; মাঝেরটা পড়ার বা বসিবার, সজ্জেপে আড্ডা দিবার; শেষেরটাতে আধাআধি স্নান, সজ্জা ও ব্যায়াম।

মুক্তহন্তে ব্যয় ও মুক্তবাহতে ব্যায়াম—মানবের ইহাই ছিল ত্রত ও বিলাস; আৰু তাহার জীবনে নারীর প্রথম অবতরণ।

এবং এই দিনেই মানবের প্রথম জন্মদিন !

কী-ই বা এমন মেয়ে! কিন্তু ঐ রুক্ষ চুল, হাওয়ায় উড়িয়া-উড়িয়া কপালের কাছে ঘুঙরি করিয়াছে, রাত্রিতে ঘুম না হওয়ায় চোঝের পাতাতে একটি ফিকে অবসাল। ডাক-নাম মিলি!

ইচ্ছা করিলে এ মিলি 'হইতে পারিতো' না, সত্য-সত্যই এ মিলি।
বারস্কোপ হইতে মানব ফিরিয়া আসিল। তাহার ঘরে বন্ধুরা তথনো
জাকাইয়া আড্ডা চালাইতেছে। নিখিলেশ, বিজ্ঞন আর স্থধীর। একজন
ঘাঁটিতেছে বই, একজন ফুঁকিতেছে সিগারেট, স্থধীর অভ্যমনস্কের মতো
জানালা দিয়া চাহিয়া রাস্তার জন-যানের শব্দ শুনিতেছে। মানবের
মোটর-বাইক্রের আওয়াজ পাইয়া সে গোজা হইয়া উঠিয়া বসিল:
এতক্ষণে এলেন।

মানব ঘরে ঢুকিতেই সবাই হৈ-চৈ করিয়া উঠিল। ইতিপূর্বে ছই ক্ষেপ হইয়া গিয়াছে, নিতাই জানিতে চাহিল আর-একবার চা দিবে কি না। মানব একটা চেয়ারে পা ছড়াইয়া কহিল—আন্।

পরমূহতে তড়াক করিয়া লাফাইয়া উঠিল: ও, তোমার টাকা চাই, না অধীর ? কত ?

স্বধীর নিতান্ত কুণ্ডিত হইয়া কহিল — যা তুমি পারো।

- —যা আমি পারি নয়, যা তোমার দরকার।
- —এই ধরো গোটা কুড়ি। কলেজের মাইনে ছাড়া দিদিকেও কিছু

 পাঠাতে হবে। কোলের ছেলেটা সেদিন শুনলাম মারা গেছে—
 - —ফিরিস্তি দেবার বিচ্ছু দরকার দেখছি না। আর, (নিখিলের প্রতি) তোমাদের ম্যাগাজিনের ছাপাখানার বিল কতো হয়েছে? আছে সঙ্গে? এক শো বত্রিশ। নিতাই। (নিতাইর আবির্ভাব) দেরাজ থেকে আমার চেক বইটা নিয়ে আয় তো। (স্থবীরকে) তোমাকে আমি ক্যাশই দিচ্ছি। চাবি নিয়ে যা নিতাই।

বিজ্ঞানের হয়তো কিঞ্চিৎ চকু টাটাইল : তুমি এতো স্বচ্ছান্দে ধুলোর মতো টাকা উড়োতে পারো।

মানব চেক কাটিতে-কাটিতে : ধুলো ছাড়া আর কি।

বিজ্বন ঠাট্টার স্থরে: অসীম বৈরাগ্য দেখছি যে।

নিথিলেশ হাত বাড়াইয়া চেকটা গ্রহণ করিল ঃ যার আছে সে-ই ফদি না দেবে, তবে চলবে কেন ?

স্থারের স্বর কিন্তু উচ্ছল: অনেকেরই হয়তো আছে, কিন্তু এমন দকিণ হাত কারুর নেই।

মানব বিরক্ত হইয়া কহিল—এইগুলোই ভোমাদের ভাকামি। আমাকেই বা কে দিলে ? কোণা থেকে উড়ে এসে জুড়ে বসলাম।

স্থীর চেরার ছাড়িয়া কহিল—আমি এবার চলি। আমাকে এখুনি গিরে আবার ছেলে পড়াতে হবে।

—এখুনি ? এতো রাতে ?

— আর বলো কেন ? এক বেলা না গিয়েছি কি মাইনে কেটে নিয়েছে।

নিখিলেশও উঠিল: আমিও ফেরার হই। পেমেন্ট করলে পরে প্রেস ডেলিভারি দেবে।

বিজন রহিয়া গেল।

নিতাই চা দিয়া গেলে টে হইতে এক কাপ তুলিয়া মুখে ঠেকাইবার আগে বিজন বলিল—তুমি আরেকটুকু সংযম অভ্যাস কর, মাসু। কথা বলার ধরন দেখিয়া মনে হয় বন্ধদের মধ্যে বিজ্ঞনই বেশি অন্তরঙ্গ, কেননা সে যখন-তখন টাকা চাহে না।

মানব কহিল-কিসের

প্ অর্থ-বারের

পূ

- এ তো ব্যন্ত নয়, ব্যসন। দোহান্তা এমনি উড়োতে পাকলে ছুদিনেই দেউলে—
- হব। মানব হাসিয়া বলিল—সেই পরমতম সর্বনাশের লগ্নের জন্মেই তো অপেক্ষা করছি। যতো দিন তা না আসে, নেশা করে যাই।
- নেশা ? বিজন ব্যস্ত হইয়া উঠিল: মদ ধরেছ নাকি ? মানব মৃত্-মৃত্ হাদিয়া কছিল—ধোয়া পর্যস্ত আমি গিলি না। ও-সব থেলো নেশায় আমার মন ওঠে না। এ:বিষয়ে আমার আভিজাত্য আছে।
- -- यथा ?
- —ধরো, আমার যা মাসহারা তা দিয়ে যথাসাধ্য আমি পরোপকার করছি। অর্থে আর সামর্থ্যে।
- —এ অত্যন্ত মামূলি ! কিন্তু যাকে-তাকেই 'না চিনিতে ভালোবাসার মতো' দান করতে হবে এমন অধিকার তোমার নেই।
- আমার কাছে লোকে এসে প্রার্থনা করবে সে-অধিকারও আমার ছিলো নাকি ? এক দিন যদি সব ভেঙে-চুরে উলটে-পালটে ছত্তথান হয়ে যায়, যাবে। সে-রোমাঞ্চ সহু করবার মতো আমার সায়ু আছে। আমি

শ্রোত চাই, নিত্য নতুন পরিবর্তনের বেগ। আমার রক্তে কিসের চাঞ্চল্য প্রাছে তা তো আর তোমরা জানো না।

- —কিসের ? বিজ্ঞানের শ্বর একটু সিনিকাল।
- শ্বনানের। সে তুমি হঠাৎ বুঝতে পারবে না। কিন্তু আমাকে দেখে সিতাই কি তোমার মনে হয় না যে আমি পৃথিবীতে খুব প্রকাণ্ড একটা ছঃথ পেতে এসেছি ? এই বেশে আমাকে মানায় না—আমি হব রান্তার মজুর, জেলের কয়েদি, খনির কুলি। কিন্তা এখান থেকে অন্ত কোথাও, অন্ত কোথাও থেকে আরো দূরে—

বিজন গা-ঝাড়া দিয়া উঠিয়া বসিল: তুমি একেবারে গোলায় গেছ।

—তা হরতো গেছি, কিন্তু তাতে আমার হু:খ নেই। যতক্ষণ সেই পরমক্ষণ এসে না পৌছয়, মৃঠি-মৃঠি করে মৃহুর্ভগুলি আমি উড়িয়ে দিয়ে যাই।

শেই স্থযোগ একবার মাত্র আসিয়াছিল। গুসর ভোরবেলায়, ঝরঝরে ওভারল্যাণ্ডে বালিগঞ্জ সার্কুলার রোড হইতে মালেন দ্রিট-এ বাঁক নিবার সময়।

তাহার পর বাড়িতে মিলিকে মানব আর চোথ ভরিয়া দেখিতেও পায় নাই। বাঁশের বেড়ার ফাঁকে উঠন্ত রোদের সোনার ঝিকিমিকির মতো টুকরো-টুকরো করিয়া তাহাকে চোথে পড়িয়াছে—ভাঙা-ভাঙা স্বপ্নের মতো। বিলীয়মান স্বপ্ন।

ইচ্ছা করিলেই মানব মিলির ঘরের পর্দা ঠেলিয়া আলাপ জ্বমাইতে পারে না—ঈদের প্রথম শশীলেখাটির মতো অবসরের আকাশে সোনার স্থযোগের ধ্যান করিতে হয়।

এইবার সে কোন্ মৃতি নিয়া আসিবে কে জানে।

পাশাপাশি ছুইটি মুহুর্তের ছুই রক্ম রঙ—একটি সোনালি, অন্তটি মেটে ; একই মুখ সামনা সামনি দেখিলে অর্থহীন, অর্থান্তরেখায় তা সঙ্কেতময়— একই কথা ছুপুরের নির্জনতায় অনর্গল বলা যায়, কিন্তু নিশীধরাতিয় শুক্তায় তা ভাবাও যায় না।

মানব অক্তমনত্ত্বের মতো বারান্দায় পায়চারি করিতেছিল – যে-বারান্দা মিলির পড়ার ঘর ছুঁইয়া সিঁড়ি দিয়া নামিয়া গেছে—

মিলির ঘরের দরজায়—বারান্দার দিকের দরজায়—সবুজ পর্দা ঝুলিতেছে; ইচ্ছা করিলেই মানব আর সেই পর্দা সরাইয়া ঘরে চুকিতে পারে না। সেই সোনালি মুহূর্তটিতে মর্চে পড়িয়াছে। মানব তাই বারান্দায় পায়চারি করিতে-করিতে মিলির পড়া মুখন্ত করার মৃত্ব গুলগুনানি শোনে।

তাহার পায়ের শব্দও তো শোনা যাইতেছে —পড়া কি আর একটু পামানো যায় না !

কতক্ষণ পরেই অন্প্রমার প্রবেশ—এই দিক দিয়া কোথায় কোন কাজে যাইতেছিলেন বুঝি। মানব তাঁহাকে পাইয়াই কাহাকে যেন শুনাইয়া বলিয়া উঠিল: আমি কাল রাত্তে র'াচি যাচ্ছি, মা।

অমুপমা কহিলেন—তা তো যাবি, কিন্তু মিলি বলছিলো কালকেই ওকে হস্টেলে রেখে আসতে।

- —কই, আমাকে বলেনি তো।
- —তোকে বলতে যাবে কেন ? বাড়িতে একা-একা ও হাঁপিয়ে উঠছে।
- —বেরুলেই তো পারে।
- —কার সঙ্গে যাবে ?
- —বেড়াতে বেরুবার জন্মেও সঙ্গী চাই নাকি? আমাকে কিছুই বলে নাকেন ?
- পড়া কখন বন্ধ হইয়া যায়।
- এবং কাল রাত্রে যে ব'াচি যাওয়া যার না তাহাও এই সামান্ত শুরুভায় ম্পষ্ট হইয়া উঠে।

चम्रुशया नित्र नामिया श्रातन यानव এইবার चळ्टल शिल्डद क्रमाल चाए মুছিতে-মুছিতে ঘরে ঢুকিতে পারিত। পড়ার ঘর মিলি কেমন করিয়া গাজাইয়াছে ভাহাও এ-পর্যন্ত দেখা হয় নাই। টেবিলটা সে কোথায় পাতিয়াছে বা আলনার নিচে শাড়িগুলি তাহার স্থূপীক্ত হইয়া আছে কি না—এটুকু দেখিলেই তাহার চ<িত্র ধরা পড়িত হয়তো। হাতে তাহার কয় গাছি করিয়া ঝুরো চুড়ি আছে তাহাও ঈশ্বর বলিতে পারেন। রাঁচি যাইবার জন্ম সামান্ত স্মাটকেশও কাহাকে গুছাইয়া দিতে হইবে না — निर्णाष्टे चाट्छ। घत-त्नात त्रव त्रमरत्रहे किंद्रेकांहे, त्नत्रान त्मरत्र चात्रनात মতো ঝক্ঝক করিতেছে—লোকটা অতিমাত্রায় গোছালো। বই না পড়িয়া শেলফে সাজাইয়া রাখিবার এমন একটুও বড়লোকি বাতিক নাই বে ঘরে গিয়া লুকাইয়া পড়িয়া আসিবে, বরং কলেজ হইতে মিলিই কত রাজ্যের বই আনিয়াছে—পড়িতে যাহা সায়ু-শিরা ভরপুর হইয়া উঠে। মোটর সাইক্লের যন্ত্রপাতি বা ডন ব্র্যাভম্যানের কীতিকলাপের কাহিনী ভনিতে-ভনিতে মিলিও তাহার কলেজের মেরেদের হুয়েকটা স্থাকামি वा इरावकी। नाक-नि हेकारनात नत्र छेनाहत्व निर्छ शातिक। কিন্তু এই বিরক্তিকর নিঃসঙ্গতার বিরুদ্ধে কোনো নালিশই পেশ না করিয়া আলগোছে সরিয়া পড়িলে লোকে তাহাকে বলিবেই বা की।

এবং তার পরদিন রাত্রে ঝড় উঠিল।

এক টুকরা সিঙ্কের মতো আকাশকে কে কৃটি-কুটি করিয়া ছি ডিয়া ফেলিতেছে। তারাগুলি আগুনের হালকা ফুলকির মতো শৃত্যে উড়িতে-উড়িতে নিবিয়া গেল। অন্ধকারের জোয়ার আসিল।

সেই ঝড়েরই সঙ্গে পাল্লা দিয়া মানব তাহার ট্রায়ামফ ছুটাইয়াছে।

বাড়ি আসিয়া পৌছিতে-পৌছিতেই বৃষ্টি—প্রথম ঈষষ্ক্ষ, অনেকটা বধ্র চুম্বনের মতো—এবং ক্রমশ শীতলতর। নিতাই তোয়ালে ও কাপড় নিয়া আসিল। একবার যখন ভিজিয়াছে, ভালো করিয়াই স্নান করিয়া নিবে। বিসবার ঘরে কেহ নাই—বৃষ্টির জন্মই আসিতে পারে নাই বোধহয়। ভাহা ছাড়া রাত্রির গাড়িতে মানব রাঁচি যাইবে এমন একটা গুজব কাল সন্ধায় রটিতেছিল।

অত:পর—শুইবার ঘরে।

আলো নিবানো—ঘর ভরিয়া স্থনীল অন্ধকার। পশ্চিমের জানলা তুইটা খোলা, এবং তাহারই মধ্য দিয়া অবাধ্য বৃষ্টির ছাঁট আসিয়া মেঝেটা ভাসাইয়া দিতেছে। কিন্তু এখুনিই জানলা তুইটা বন্ধ করিয়া কোনো লাভ নাই—তাহার বিছানায় কে যেন শুইয়া আছে। ই্যা, তাহারই বিছানায়। মিলি—মিলি কথন তাহার বিছানার সমুদ্রে ডুবিয়া গিয়া ঘুমের পন্ম হুইয়া ফুটিয়া উঠিয়াছে।

আগে মূহুর্তেও এই অপ্রত্যাশিতের আভাস ছিল না, তরু মানব যেন বছ আগে হইতেই মনে-মনে জানিত। ঝড় মিলিকে ডাকিয়া আনিয়াছে। মানব খাটের দিকে আগাইয়া আসিল এবং মিলিকে ভালো করিয়া চিনিতে অল-একটু মুখ বাড়াইল। অন্ধকারে এমন দেখা ঠিক আন্মায় অন্তত্ত্ব করিবার মতো।

কিন্তু এতো মিলি নয়—এ ভাহার মা'র মতো। স্থমতির মতো। মুখে তেমনি একটি আভাময় পাঙুরতা—শুইবার ভঙ্গীতে তেমনি যেন শ্রান্তি।

স্পষ্ট ও গভীর অন্ধকারে মিলিকে মনে হয় ট্র্যাজ্ঞেডির নায়িকা।
মিলিকে মানব স্পর্শ করিবে। ঝড় তাহাকে ডাকিয়া আনিয়াছে—
বৃষ্টি আনিয়াছে—ঘুম। স্পর্শ করিয়া তাহার ঘুম ভাঙাইবে। এমন
রাতে তাহাকে স্পর্শ না করিবার মতো অতৃপ্তি সে বহন করিতে
পারিবে না।

অগত্যা মানব মিলিকে স্পর্শ করিল—আলো না জালাইয়াই—স্পর্শ করিল দেহে নয়, মুঠি ভরিয়া কতগুলি চুল লইল। এবং জাগিয়া উঠিয়া সমস্ত পৃথিবীতে মিলির আর মরিবার জায়গা রহিল না।

মিলি জাগিয়া উঠিল প্রেশ-ফটোগ্রাফারের ফ্ল্যাশলাইটের চেয়েও জ্বত।
মানব দিল আলো জালাইয়া। এবং সেই রাচ ইলেকটিক আলোতেও
প্রতি দেখা গেল সামনে যেন তাহার মা বিদিয়া। মিলির সর্বাঙ্গ ঘিরিয়া
তাহার মা'র মান ছায়া নামিয়াছে—গভীর কালো ছুই চোখে—মিলির
চোখের মণি যে এত কালো তাহা কে কবে জানিত—তাহার ছুইটি
হাতের তালুতে, কানের পাশ দিয়া চুলের গুছু প্রিত হুইয়া নামিয়া
যাইবার রেখাটিতে। সেই তাহার ছুংখিনী মায়ের প্রতিমা!

মানবের তন্ময় চোথের সামনে পড়িয়া মিলি ভূপীক্ত শাড়ি হইতে চাহিল। এবং ভূলক্রমে মানবের বিছানায় একটু ঘুমাইয়া পড়িয়াছিল বলিয়াই—একমাত্র সেই কারণেই এখন আর তাহার ঘর ছাড়িয়া চলিয়া যাইবার কোনো মানে হয় না।

£(26)

সেই সময়ে একটা বিদ্যুৎ ঝলসিয়া উঠিতেই মিল্রির সাইস হইল। নাহাসিয়া তাহার আর উপারী ছিল কী: আপনার ঘর দেখতে সাইস করে

চুকে পড়েছিলাম—কালই আমি হস্টেলে চলে যাচ্ছি কিনা—

মানবের মুখে সেই সন্ধিৎত্ব হাসি যা দৃষ্টিকে রমণীয় করিয়া তোলে:
আমিও তো আজ রাঁচি যাচ্ছিলাম। কিন্তু কী বিচ্ছিরি রাত করে এলো

দেখেছ ! আই মীন—কী ত্মন্তর রাত ! চা খাই, কি বলো ! নিতাই !

নিতাই ওটন্ত । চা আসিতেছে ।

মিলি বলিল—কেমন করে যে ঘূমিয়ে পড়লাম বুঝতে পারছি না—
মুখের কথা কাড়িয়া নিয়া মানব: চুল ছড়িয়ে বাঁ কাৎ হয়ে—
বাহিরে এমন অজস্ম বৃষ্টি ও ছুর্লাস্ত ঝড় না থাকিলে এই কথা কথনই
মানবের মুখ দিয়া বাহির হুইতে পারিত না।

একে শীতের বেলা তায় আসছি লাফ ট্রিপএ—শরীর ভেঙে পড়েছে। ঘরে চুকেই দেখি দিব্যি বিছানা পাতা। হাসিতে-হাসিতে মিলি হাত ভূলিয়া এলো চুলে একটা ফাঁস বাঁধিতে লাগিল।

काँन वाँधा इहेग्रा त्रात्म भिनि छेठिन ना।

মানব কহিল—বাইরে এমন ঝড়, তার মধ্যে তোমার ঘুম এলো ?

—সেইতো আশ্চর্য। জানলাগুলি বন্ধ করুন না।

মানব জ্বানলা বন্ধ করিতে করিতে: তুমি নাকি একা-একা একেবারে হাঁপিয়ে উঠছ ?

সামান্ত একটু লজ্জিত হইয়া মিলি কহিল— নিশ্চয়। তাই তো ভাবছি হসটেলে চলে যাবো।

- -- ভাৰছ ? মানবের কাছে মিলি ধরা পড়িয়া গেছে: কালই যাবে না তা হলে?
- —আপনিও তো আজ আর রাঁচি যাছেন না।
- —দেখছ না কী বৃষ্টি!

—বা, বৃষ্টিভেই তো যেতে মজা।

মানবের মাধার চট করিয়া এক আইডিয়া আসিল: চলো না। বেড়াতে বেরুই। আমার মোটর-বাইকে।

ক্পাটা আয়ন্ত করিতেই মিলির দেহ রোমাঞ্চিত হইয়া উঠিল। একটু পামিয়া ধীরে সে কহিল—দাঁড়ান, চা-টা খেয়েনি ।

চা খাইয়া নিতে-নিতে বৃষ্টি থামিয়া গেল। বর্ষণাস্থে ভিজা মলিন আকাশের মতোই খোলাটে মিলির হাসি! মুখ হইতে চায়ের বাটিটা নামাইয়া রাখিয়া: এই যা।

—তাতে কি ? বেড়ানোটাই উদ্দেশ্য।

মিথ্যে কথা। বৃষ্টিটাই কারণ।

মানব পামিয়া গেল। ঘনীভূত অপ্তরক্ষতায় শীতল মুহূর্তটিকে তপ্ত করিবার ইচ্ছায় মানব চেয়ারটা খাটের কাছে টানিয়া আনিল। মিলি কিন্তু একটুও সরিয়া বসিল না।

ঠিক, ঠিক তাহার মায়ের মুখ! মানবকে ঘুম পাড়াইতে-পাড়াইতে যেমুখ নিচু হইয়া তাহার চোথের পাতায় চুমু খাইয়াছে। এই সেই মুখ—
ছ:খিনী কল্পাবতীর গল্প বলিতে-বলিতে যে-মুখে নরম মোমের আলো
পড়িয়া বেদনায় কোমল দেখাইত! এই মুখের দিকে চাহিয়া-চাহিয়া
ৢকতো রাতে মানবের দেহ ভরিয়া ঘুম আসিয়াছে।

মিলির ছুইটি চক্ষুর জ্বানালায় বিসয়া মা যেন তাহার দিকে ক্ষণে-ক্ষণে উকি মারিতেচেন।

ফেশনে মিলির মুখকে মনে হইয়াছিল কলিকাতার আকাশের মতো গাধারণ, বিরস—এখন মনে হইল সে-মুখে গভীর প্রশাস্তি! সমস্ত মুখনগুল পরিব্যাপ্ত করিয়া একটি অন্তরলালিত বেদনার স্থ্যমা! মিলিও
যেন তাহারই মতো জীবনে অমিত হৃঃখ পাইতে আসিয়াছে।
যন নিঃশন্ধতায় অন্ধকার ভারাক্রান্ত হইয়া উঠিতে লাগিল।

মিলি বসিয়া-বসিয়া হাতের চুঁড়িগুলি নিয়া মৃত্-মৃত্ নাড়া-চাড়া করিতেছে, আর মানব দাঁড়াইয়া-দাঁড়াইয়া অকারণে পকেট হাটকায়। বৃষ্টির সঙ্গে-সঙ্গে সে-মৃত্রুর্তিটি মিলাইয়া গিয়াছে। সমস্ত আকাশে তাহার একটি কণিকাও আর কোপাও খুজিয়া পাওয়া যাইবে না। এখন আবার সেই কঠিন ও কঁরুণ শুক্কতা!

মানবের আজ আর বাঁচি যাওয়া হইল না, মিলি হস্টেলে যাইবে কি না সে-কথা না-হয় পরে ভাবিয়া রাখা যাইবে, চা-ও এক পেরালা করিয়া উদরস্থ করা গেল—তারপর? এইবার হাই তৃলিতে হইবে নাকি? এমন করিয়া রুষ্টি আসার যে কোনোই মানে হয় না—তাহা তো স্বচক্ষেই দেখা যাইতেছে, পরস্পরকে তাই বলিয়া তাহা মনে করাইয়া দিতে হইবে নাকি? অতএব মিলি খাট ছাড়িয়া উঠিয়া পড়িল: যাই, আমার এখনো চল বাঁধা হয়নি।

বলিয়া খর ছাড়িয়া ক্রতপদে বাহির হইয়া যাইতে তাহাকে দরজার কাছে ক্লেকের জন্ত দাঁড়াইয়া পড়িতে হইল। বৃষ্টি বন্ধ হইলেও ফ্লিয়া ফ্লিপয়া তখনো ঝড় বহিতেছে—চেউয়ের মতো উচ্চুসিত হাওয়া হঠাৎ মিলিকে সর্বাকে বেষ্টন করিল। তাহার থোঁপা খসিয়া পড়িয়া এক-পিঠ চুল রাশি-রাশি কালো শিখার মতো চারিদিকে বিকীর্ণ হইতে লাগিল; শাড়িটা গায়ের সঙ্গে সহমা লিপ্ত হইয়া যাইতেই দেহের প্রতিটি রেখা স্ক্রেও লীলায়িত হইয়া উঠিল। অবিক্তন্ত বেশ-বাস লইয়া ছুটিয়া পলাইয়া যাইতে সেই যে মিলি সামান্ত একটু বাধা পাইল, তাহাতে তাহাকে কীযে স্কর্লর লাগিল, ছুই চোখ ভরিয়া দেখা আর মানবের কুলাইয়া উঠিল না।

মানবের শুইবার ঘর: রাত বারোটা বাজিয়া দশ মিনিট:

মিলিকে দেখিয়া তাহার মা-কে আজ অত্যন্ত কাছে মনে হইতেছে। রোগে রুশ, নিরাভ, বিমর্থ মা'র মুখ। আয়নার মতো ঠাণ্ডা অন্ধকারটি যেন মা'র অন্তরঙ্গ উপস্থিতি। মা তাহার আজ কোপায় ? তাহাকে এই সৌভাগ্যের হাটে পৌছাইয়া দিয়া তিনি কোপায় পথ হারাইলেন ? কেহ বলিয়াছে কোন সালে না-জানি কলিকাতার কোন-কোন বস্তিতে কলেরা লাগিয়াছিল, সেই যে তিনি হাঁসপাতালে গেলেন, আর ফিরেন নাই; কেহ ইহার চেয়েও জন্মতের কথা বলে। মানব তাহা বিশাস করিতে চায় না, বরং তিনি চলগু ট্রেনের তলায় পড়িয়া খণ্ড-বিখণ্ড হইয়া গিয়াছেন ভাবিতে তাহার স্বিভাবাধ হয়।

সেই মা-কে মানব বহুবার ভাঙা-চোরা চাঁদের মতো বহু জনের মুখে ভাসিয়া উঠিতে দেখিয়াছে, কিন্তু মিলির মাঝেই সে তাঁহাকে আজ দিকি ও সম্পূর্ণতম করিয়া দেখিল —প্রতিটি গতিরেখায় উল্লসিত, প্রতিটি দৃষ্টিপাতে সমাহিত, গৌম্য ! এই প্রচুর ও প্রগলভ চাকচিক্যের অন্তর্গালে মা'র উপবাস্থির হুংখী মুখ্খানি সে ভুলিতে পারে না।

মিলির শুইবার ঘর : রাত বারোটা বাঞ্জিয়া দশ মিনিট :

পাশের বাড়ির ছাতে একটা বাতি দেখা যাইতেছে বোধইয়—তাই দেখিবার জন্ত মিলি মানবের বিছানায় সামাত্ত-একটু গা এলাইয়াছিল। একেবারে কাৎ না হইলে বাভিটা চোখে পড়ে না; কিন্তু বাতি দেখিতে-দেখিতে মিলি মেঘ দেখিল। সেই মেঘ ক্রমশ ধোঁয়ার মতো কুগুলী পাকাইতে-পাকাইতে আকাশমর ছড়াইয়া পড়িতে লাগিল — আক্ষার মাটির মতো ঠাণ্ডা ও ব্যথার মতো নিবিড় হইরা উঠিল এবং বৃষ্টি আসিবার আগেই কখন যে তাহার চকু ভরিয়া ঘুম নামিরা আসিল কে বলিবে। জাগিয়া দেখিল চারিদিকে ঝড় আর জ্বল—সামনে মানব; আর সে কিনা এতক্ষণ কিছুই টের পায় নাই । মানব তাহাকে না জানি কী ভাবিয়া বিসিয়াছে!

কিছ ঘুমাইয়া যখন পড়িয়াছিলই, তখন না জাগিলেই তো পারিত। কেন যে জাগিয়াছে মিলি যেন স্বপ্লে তাহার ইসারা পাইয়াছে কিন্তু মানবের সেই স্পর্শে মিলির মনে আরেকটি মুখ জাগিয়া উঠিল — সে তাহার খেলার সাধী, নাম নরেন। ছুইজনে কলাই-শাকের ক্ষেতে ছাগল তাড়াইয়া কতো ছুটাছুটি করিয়াছে, পেয়ারা গাঁছের ডালে নারকেলের দড়ি বাঁধিয়া বালিশ ভাঁজ করিয়া বসিয়া কতো দোল খাইয়াছে, কতো ছুপুরে বোতলের গুড়া করিয়া গাবের আঠার সঙ্গে স্তার মাঞা দিয়া তাহারা ছুইজনে ঘুড়ি উডাইয়াছে।

রাত্রির এই মিলন ও ভিজা কয়েকটি মুহুর্তে সেই কিশোর নরেনের স্বতিতে ভরিয়া উঠে।

গর্জমান ভাঙন-নদী—বান দেখিবার জন্ম নরেন ছুপুর বেলায় কখন নাজানি একা-একা চলিয়া আদিয়াছে। আগের দিন মিলিকে লইয়া মড়া-পোড়া দেখিবার জন্ম সে কাহাকেও না বলিয়া শাশান-ঘাটে চলিয়া গিয়াছিল বলিয়া মিলির বাবা নরেনকে ঠাসিয়া বকিয়া দিয়াছিলেন, সেই জন্মই সে রাগ করিয়া মিলিকে সঙ্গে লয় নাই। সঙ্গে লইলে মিলি নিশ্চয়ই নদীর পারে একাকী ভালগাছটার ভলায় নরেনের গা খেসিয়া দাড়াইভ—এক ঝাঁক গাঙ-শালিকের মতো দূর ছইতে কখন বান আসে ভাছাই দেখিবার আগ্রহে মিলিও নিশ্চয় নরেনের মভোই টের পাইভ না পারের ভলে কখন প্রকাও চিড় খরিয়া ভালগাছ ভদ্ জ্বাটা আলগা

হইয়া আদিয়াছে। তাহা হইলে সেও নিশ্চয় নরেনের মতোই ঢেউয়ে ভাসিতে-ভাসিতে কোপায় অদৃশ্য হইয়া যাইত কে জানে। কতো দিন ধরিয়া কতো থোঁজ করা হইল, রাক্সি নদী নরেনকে কিছুতেই ফিরাইয়া দিল না।

মানবের স্পর্শে আজ তাহার জীবনের প্রথম বেদনার কথাটি মনে হইতেছে।

সেই নরেন আজ যৌবনে বলদৃপ্ত হইয়া উঠিয়াছে। পুরুষের সৌন্দর্য বাছতে, নারীর যেমন করতলে। নারীর যদি গ্রীবায়, পুরুষের স্কল্পে। সেই নরেন আজ ঢেউ ভাঙিয়া সমুদ্র ডিঙাইয়া মিলির জীবনে ক্ল পাইল নাকি।

এই সংসারে মানবের এই আকমিক প্রতিষ্ঠার নানা-রক্ম কাহিনী শুনিয়া সে এখানে আসিবার আগে হইতেই মানবের প্রতি একটা ম্বুণার ভাব পোষণ করিতে চেষ্টা করিয়াছিল। কিন্তু যাহা কিছু চেষ্টার তাহা ইচ্ছার কাছে অবশেষে হার মানিয়া যায়।

যে-বসস্ত অরণ্যে মুখর, তরঙ্গে ফেনায়িত, আকাশে স্থনীল—সেই বসস্তই
মিলির দেহে রেখাসঙ্কুল ও আত্মায় অমুভবময় হইয়া উঠে। মিলি বুকের
উপর তুই হাত উপুড় করিয়া রাখিয়া একমনে সমস্ত দেহের রক্ত-চলাচল
ভনিতে পাকে।

মাঝখানে মাত্র এক দেয়ালের ব্যবধান। বহু স্তব্ধতার, বহু প্রতীক্ষার, অনেক অমুনয়ের।

মানব চুল ব্রাশ করিতে-করিতে এই ঘর থেকে: তোমার হল ? মিলি কাঁখের কাছে ব্রোচ আঁটিতে-আঁটিতে—ও-ঘর থেকে: প্রায়। इरेक्टन निटि नाभिया चानिन। मिनित পत्रत निट्यत सानारयम भाषि —উদয়ান্তের আকাশের মতো লাল। অতিমাত্রায় প্রথর ও প্রকাশিত হইতে না পারিলে মিলির বুঝি লজ্জার আর অন্ত থাকিত না। এই শাড়ির আবরণে সে নিজের কুণ্ঠাকে লুকাইয়া রাখিয়াছে। মানব কহিল--সাইভ-কারটা আর চলে না এখন। পেছনে বসতে পারবে না १ মিলি ভয় পাইয়া কহিল—যদি ছিটকে পড়ে যাই ! -পড়বে কেন ? ভয় করলে স্বচ্ছনে আমার কাঁধ ধরবে। মিলি হাসিয়া ফেলিল: তা হলে আপনাকে শুদ্ধু। আর ভয় নেই। বুক বিক্ষারিত করিয়া মানব হাওয়ায় চুল ও শার্টের চওড়া কলারটা উড়াইতে-উড়াইতে প্রায় উড়িয়া চলিয়াছে। পাশে মিলি শুরু ও সঙ্কৃচিত। শুধু তুই তিনটি চুল ধোঁয়ার কুগুলীর মতো ভুরুর কাছে কখনো বা চোখের পাতার উপর ঘুরিয়া-ঘুরিয়া খেলা করিতেছে; এমন ভাবে জভদভ হইয়া বদিয়া আছে যে দেখিলে মায়া হয়। यिनि ना चिन्नः। भादिन ना : **चार्यक्रे चार्छ ठाना**ल कि क्वि रहा ? मानव मिनित मिटक मुक्लां ना कतिशाहे कहिन-नाएए हो। এहे বাজলো। এখুনি ঘোর অন্ধকার হয়ে যাবে। আরেকটু হইলে ঐ বিয়ুইকটাস্ক্রনকে ধাকা লাগিয়াছিল আর কি ৷ এক চুলের জক্ত বাঁচিয়া গেছে। মিলি ছই হাতে চোখ ঢাকিয়া টেচাইয়া উঠিয়াছিল।

মানব হাসিয়া কহিল—তুমি নিতাস্ত তীতু। ধাকা লেগে চুরমার হয়ে যেতে তোমার তালো লাগে না ? বলিয়া লিগুসে ব্লিটে দে বাঁক নিল। মিলির ঠোঁটে হাসি—হাসিলে আবার চিবুকের ডান দিকে ছোট একটি টোল পড়ে: সব চেয়ে তালো লাগতো যদি দয়া করে আমাকে ফুটপাতে নামিয়ে দেন। আমি একটা রিক্সা ডেকে বাড়ি ফিরি।

মানব ক**হিল — বেশ তো, ছুজনে** একদিন না-ছয় রিকসা চড়েই বেড়ানো যাবে। এ যেন তুমি অনেক দূরে বঙ্গে আছ।

ক্থাটা মিলির মানবের ছোঁয়ার মতোই মনোরম লাগিল।

সিনেমায় পিছনের ছইটা গদি-আঁটা চেয়ারে ছইজনে বসিয়াছে — মাঝে একটা হাতলের মাত্র ব্যবধান। মিলি কছুইটা আঁচলের তলায় গুটাইয়া নিল।

পর্দা কথা কহিতেছে বটে, কিন্তু পরস্পরের সানিখ্যে অভিভূত হ**ইরা** ছুইজনে স্তব্ধ হইয়া বোধ করি একটি প্রত্যাশিত স্পর্শের প্রতীক্ষা করিতেছিল। সমস্ত ঘর ভরিয়া মধুর ও স্থগন্ধময় অন্ধকার!

মানব হাত বাড়াইয়া মিলির হাতের নাগাল পাইল — সে-হাত ধরা দিবার জন্মই উৎকটিত হইয়া আছে। মানব মিলির হাতথানি মুঠার মধ্যে তুলিয়া লইল। আবেগে যে-বাণী অধক্ট, আবেংশ যে-দৃষ্টি অর্ধনিমীল— টিক তাহাদেরই অমুরূপ এই স্পর্শকুণ্ঠ হাতথানি—পায়রার বুকের মতো তীরু! মানবের মুঠির মধ্যে মিলি তাহার হাতথানি যেন ঢালিয়া দিল— মানব এই স্পর্শেব মধ্য দিয়া মিলির হৃৎস্পন্দন শুনিতেছে।

এই স্পর্শের মধ্য দিয়া মিলি তাহার আত্মাকে অবারিত করিয়া দিয়াছে। মানবের সমস্ত চেতনা অফুভবের গভীরতায় আচ্ছন্ন হইয়া উঠে। তার পর দিন প্রিনসেপস ঘাট:

সন্ধ্যার আকাশে মৃত সূর্বের ঐশর্য, মুখর নগরের চলমান শোভাষাত্রা দেখিতে মেখের বাতায়নে ঐ দূর প্রবাসিনী তারাটির সক্ষক দৃষ্টি, সমুদ্রের চেউ ভাঙিয়া পারহীন পরিধিহীন নিরুদেশের পানে যাত্রা কী যে সে উন্মাদনা, নিয়মিত ও পরিমিত জীবনের ছোট স্থথ লইয়া দিন-কাটানোর চেয়ে ছ্ই বিশাল ও শক্তিশালী পাথা ঝঞ্জা-বিদীর্ণ আকাশে বিস্তারিত করিয়া দিতে কী যে সে রোমাঞ্চ, অভ্যাস নয়, বৈচিত্র্যে— গতামুগমন নয়, অগ্রগতি—এই সব কথার শেষে:

মিলি বলে—ঐ একটা নৌকো করে একটু বেড়িয়ে এলে কেমন হয় ?
মানব তক্ষ্মি নৌকা ঠিক করিয়া ফেলে। মানব পাটাভনের উপর
লাফাইয়া উঠিয়া হাত বাড়াইয়া মিলিকে পার হইতে তুলিয়া আনে।
স্রোতের ফুলের মতো হালকা নৌকাটা চেউয়ের গায়ে-গায়ে ত্লিয়াছলিয়া চলে। মানব বলে—এই যেমন তুমি। আমার জীবনে অভ্যাদয়
তোমার নবীন—সমস্ত পুরোনো খোলস আমি খিসিয়ে এসেছি।

মিলি হাঁটুর উপর গাল পাতিয়া চেউয়ের ছলছলানি শুনিতে-শুনিতে তক্ময় হইয়া বলে—আর আমার জীবনে আপনার অভ্যুদয় প্রথম—এখান প্রেকেই হয় তো আমার জীবনের স্তিট্রাকারের স্ট্রা।

রাত্রি একটু-একটু করিয়া ঘনাইয়া আসে—নদীর জ্বলের উপরের স্লান ও শীতল স্তর্কতাটি অন্তরক হইয়া উঠে। মানব মিলির কথা—বাড়ির কথা, শৈশবের কথা সব খুঁটিয়া-খুটিয়া জানিতে চায়।

মিলি উৎসাহিত হইয়া বলে: পুরোনো বাড়ি বেচিয়া তাহারা কবে নৃতন বাড়িতে উঠিয়া আসিয়াছে, দক্ষিণে নদী শুকাইয়া প্রকাণ্ড চর পড়িয়াছে, একটু-একটু করিয়া এখন আবার ভাঙিতেছে নাকি—তিন বৎসর হইল তাহার মা মারা গিয়াছেন, সেই হইতে বাবা কেমন উদাস হইয়া পড়িয়াছেন, নিরালায় বসিয়া খালি সেতার বাজ্ঞান—একবার ছুটিতে সে দেশের বাড়িতে বেড়াইতে যাইবে—সে এতকাল ঢাকায় পড়িতেছিল, কলিকাতায় না আসিলে তাহার জীবনে সভ্যকারের রঙ ফুটিবে না বলিয়াই এখানে কলেজে সে পড়িতে আসিয়াছে।

একটা কেরি-সিটমার এ-দিক দিয়া আসিতেছে।

মানব কহিল—ছেলেবেলায় তোমার জীবনে একটাও কোনো শ্বরণীয় ঘটনা ঘটেনি ? বলো না একটা।

মিলির মনে নরেন-দার মৃত্যুর কথাই জাগে—উহা ছাড়া এমন আর কী ঘটিয়াছে যাহা মনে করিতে আজো তাহার চোথ ছলছল করিয়া উঠে! চোথ বুজিয়া তাহার মুখ মনে করিতে গেলে খালি সেই রাকুসি নদীর কথাই মনে পড়ে—সে-মুখ জলের মধ্যে কোথায় তলাইয়া গেছে। প্রথমতম হুঃখামুভবের কথা বলিতে-বলিতে মিলির চোখ রাতের নদীর

প্রথমতম ছ:থামুভবের কথা বালতে-বালতে মালর চোথ রাতের নদার মতো স্লিগ্ধ হইরা উঠে; সেই চোথের দিকে তাকাইয়া থাকিতে-থাকিতে মানবের আবার মা'র কথা মনে পড়ে।

মিলি বলে—আপনার কণাও কিছু বলুন না-

কিছ হঠাৎ হ্বল নৌকাটা ভীষণভাবে হুলিয়া উঠিল; নদী আর নির্জীব নয়, ঢেউগুলি কেপিয়া উঠিয়াছে—নৌকাটা বুঝি এইবার উলটাইবে।

মিলি চোখের পলকে মানবের কাছে সরিয়া আসিয়া চুই হাত দিয়া
তাহাকে জড়াইয়া ধরিল। উঁচু ডালের পাতার মতো মিলির বুক
কাঁপিতেছে, শরীরে যভখানি ভয় ততখানি স্নেছ—নরেন-দার সঙ্গে

এইবার তাহাকেও বুঝি জলের তলায় বাসা নিতে হইল! নরেন-দা
তাহাকে সেই চির-বিশ্বতির দেশে ডাকিয়া নিতে আসিয়াছে বুঝি।

মানব মিলির পিঠে হাত বুলাইয়া দিতে লাগিল; ভয় নেই। স্টিমারটা
পাশ দিয়ে চলে গেল কি না, তাই নৌকাটা টাল সামলাতে পারে নি।

মাঝিরা বেশ ভঁসিয়ার।

নদী ফের প্রকৃতিস্থ হইয়া আসিতেছে, তবু সেই স্পর্শসায়িধ্য হইতে তৎক্ষণাৎ নিজেকে সরাইয়া নিতে মিলির কেমন যেন ইচ্ছা হয় না। সর্বাঙ্গ দিয়া একটা নিবিড় উত্তাপের স্বাদ পাইতে থাকে। বলে—পারে নৌকা ফিরিয়ে নিয়ে যেতে বলো।

কপালের উপর হইতে তাহার করেকটি চূল কানের পিঠের দিকে তুলিয়া দিতে-দিতে মানব বলিল—তুমি নিতাস্তই মেয়ে, মিলি। বেশ তো, এক সঙ্গে না-হয় ডুবেই যেতাম।

মিলির মুখে এইবার হাসি ফুটিয়াছে: পারের কাছে এসে পড়েছি কিনা, তাই এখন যতো বীরম্ব! স্টিমারের চাকার তলায় পড়লে তখন বোঝা যেতো আপনিও নিতাস্ত ছেলে কিনা। আপনিও তো কম কাঁপ-ছিলেন না।

মানব হাসিয়া কহিল—সে কি ভয়ে নাকি ? তোমাকে নিয়ে মরবার চমৎকার সম্ভাবনায়। তুমি কিচ্ছু বোঝ না।

- দরকার নেই বুঝে। বুঝতে গেলেই ফর্সা। তার চেয়ে দয়া করে বাড়ি নিয়ে চলুন।
- —বাড়ি ফিরবার প্রথ বিশেষ সমতল নয়। জলে যদি নৌকো, ডাঙায় তেমনি মোটর। মরতে তোমার এতো ভয় ?
- —এতো ভয় ! চোথ বুজে রাম-নাম জপতে-জপতে যদি কোনোরকমে এবার তরে যাই, তবে বিছানা ভরে গা ছড়িয়ে ঘূমিয়ে সে যে কী আরাম পাবো, আপনার সঙ্গে মরে তার এককণাও পাওয়া যাবে না। ঐ তো ঘাট, না ? বাঁচলাম।

এক নিশ্বাসে পথ কুরাইয়া গেল। কাপড়-চোপড় ছাড়িয়া মিলি মুখে কিছু গুঁজিল কি না-গুঁজিল, তারপর বকের পাখার মতো নরম তকতকে বিছানা।

বলা-কহা নাই, কেনই বা যে পাশ দিয়া স্থিমার ছুটিয়া আসে, নৌকা বেসামাল হইয়া উঠে, মাঝিরা হিমসিম খায়—সমস্ত দৃশুজ্বগৎ আড়াল করিয়া মুহুর্তের জ্বন্ত মৃত্যু ঘন হইয়া আসে।

কেন এমন হয় !

খোলা জানালা দিয়া শীতের ধোঁয়াটে আকাশের দিকে মিলি এক-

দৃষ্টে চাহিরা থাকে— সারা আকাশে কোথাও এতটুকু উত্তর দেখা নাই।

তার পর ফির্পোতে—একতলায়:

মুখোমুখি চেরারে মিলি আর মানব—টেবিলের উপর রাশীক্ত খান্ত।
মিলি কোনোদিন তাহাদের নামও শোনে নাই; দাম জানিয়া এইবার
সে দস্তরমতো রাগ করিল।

কহিল—এমনি করে আপনি থালি টাকা উড়োন কেন ?

চিবাইবার শব্দ করিতে-করিতে মানব নির্নিপ্তের মতো কহিল—টাকা
আচে বলে।

- —আছে বলেই কি এমনি অপব্যয় করতে হবে নাকি?
- —অপব্যয় হচ্ছে অজস্রতার প্রমাণ। হাতে যা আছে—তা ত্যাগ করতে না পারলে আমি মুক্তি পাই না।

কাঁটা-চামচের মৃত্-মৃত্ব শব্দ করিতে-করিতে মিলি বলিল—মেনোমশাই আপনাকে এতো টাকাও দেন।

ঘাড় হেলাইয়া মানব কহিল—দেন। ফুরোলে যদি ফের হাত পাতি, সে-প্রার্থনাও অপূর্ণ থাকে না। কার জন্তেই বা এতো টাকা জমাছেন তিনি ? একদিন আমার হাতেই তো এসে পড়বে। তবে যৌবনের এ কয়টা দিনকে দীপ্ত ও তপ্ত করে যাই না কেন!

মিলি কি বলিতে যাইতেছিল তাহাতে বাধা দিয়া: পূর্ব-প্রুবের সঞ্চিত টাকা উত্তরাধিকারীরা সাধারণত যে-রকম করে ভোগ করে সেই প্রধাটা বজ্ঞ পুরানো হয়ে গেছে। তার মধ্যে বিদ্দুমাত্র আভিজ্ঞাত্য নেই। মদ বা তার আহুবঙ্গিক অনুপানগুলিতে না আছে খাদ, না বা মাদকতা। জীবনকে ভোগ করা অর্থ নিজেকে ক্ষয় করা নয়। আ্মার আদর্শ মহন্তর।

বিশ্বাসগভীর আয়ত ছুইটি চোথ তুলিয়া মিলি কছিল—যথা ?

— আমার ভোঁগ করার আদর্শ নিজেকে চতুর্দিকে ছড়িয়ে দেওয়া—কর্মে, প্রচেষ্টার, অমুধাবনে। এ তুমি আমার কী ব্যর দেখছ ? আমি নিজেকে কতো দ্রপর্যন্ত উজ্ঞাড় করে দিতে পারি তা তুমি জ্ঞানো না। কিন্ত থেতে আর ভালো লাগছে না, না ?

মিলি স্বচ্ছলে থাবারের প্লেটটা ঠেলিয়া দিয়া ক**ছিল – একটুও** না।

—তবে চলো, এবার পালাই।

বিল দেখিয়া মিলির চকু স্থির: সাড়ে বাইশ টাকা ?

মানব প্রেট হইতে নোটের তাড়া বাহির করিতে করিতে হাসিয়া কহিল—তাই শুধু নয়, ওয়েটারকে আড়াইটে টাকা বকশিস দিতে হবে।

—আড়াই টাকা ? মিলি আকাশ হইতে পড়িল: কিন্তু কী বা আপনি থেলেন।

এ তো খাওয়ার জন্মে নয়, তোমাকে নিয়ে খাওয়ার জন্মে।

— এমনি করে ধুলো-মাটির মতো ছু-হাতে টাকা উড়োতে থাকলে আপনার আর ছড়িয়ে পড়বারই বা বাকি কি ? ছদিনেই সম্পত্তি বাবে উবে, একটি বুহদাকার শৃক্ত আপনার যুলধন।

মানব মিলির মুখের দিকে চাহিতে পারিল না: সে-শৃত্ত আমার জ্বমার ঘরেরই শৃত্ত, মিলি। তুমি কাছে প্লাকলে সেই শৃত্তই আমার শ্রুষ্য হয়ে উঠবে।

এ-সব কথা শুনিতে মিলিরও ভালো লাগে।

মানৰ চেয়ার ছাড়িয়া উঠিয়া পড়িল : চলো, বেরুই।

রাস্তার ও-ধারে মির্জা গাড়ি নিয়া দাঁড়াইয়া ছিল—মিলির সঙ্গে গাড়িতে একটু আলস্তম্বথ ভোগ করিবার জন্তই মানব মির্জাকে নিয়া আসিয়াছে। কিন্ত এখন আর গাড়ি নয়। মানব কছিল—চলো, মাঠে একটু হাঁটি। নিশাস ভরিয়া শিশিরার্জ অন্ধলারের গন্ধ নিতে-নিতে মানব কছিল—

আমার রক্তের মাঝে এক বৈরাগীর বাসা আছে, মিলি। সে আমাকে এক মুহুর্তও বিশ্রাম করতে দের না। এইখানে এসো একটু বসি।

মিলি আর মানব মুখোমুখি বিসল। ছইজনকে খিরিয়া একটি মধুর অনির্বচনীয় স্তব্ধতা রাশীক্ষত হইয়া উঠিতে লাগিল। এই নিঃশব্দতাকে মিলির কেমন যেন ভয় করিতেছে। সে যেন নিমেষে আত্মার এই অপার নিঃশব্দতায় তাহার অস্তিথবোধকে হারাইয়া ফেলিবে।

হঠাৎ হুইজনে তাহারা এমন করিয়া চুপ করিয়া গেল কেন ? ও-পারে চৌরলিতে সারি-সারি আলো ও কোলাহলের টুকরা—এ-পারে একটি অনিমেব প্রতীক্ষা—কে কথন আগে সম্বোধন করে!

মানবই কথা কহিল—তোমাকে দেখে খালি আমার মা'র কথা মনে পড়ে, মিলি।

বলিতে-বলিতে গভীর স্নেহে মানব মিলির বাঁ-হাতখানি হাতের মুঠায় তৃলিয়া লইল। দেই স্পর্শে তাহার মা'র সান্তনাটি অমান হইয়া আছে। হাতখানি কথনো ছাড়িয়া দেয়, আবার কথনো গ্রহণ করে, কথনো কপালের উপর রাখে, কখনো-বা নিচু হইয়া তাহাতে মুখ ঢাকে। মিলির দেহ অম্বকারের মতো নিঃশক্ষ্পন্তি হইতে থাকে।

মিলি কহিল—আপনার মা এখন কোপায় আছেন কিছুই জানেন না ?
—আছেনই বা কি না তাই বা কে জানে। আমার বাবা সর্র্যাসী, মা
গৃহত্যাগিনী—একজ্বনের উচ্ছ, খলতা ও আরেকজ্বনের হুঃখ, একজনের
ওজ্জা ও আরেকজনের গভীরতা—আমার দিন-রাত্রি এই হুই স্থরে
বাঁধা আছে। আমি নিজের কথা খুব বেশি বলতে চাই—আমার বিষয়
আমি নিজেই—

—বেশ তো বলুন না। আপনার মা'র কথা আমার এতো জানতে ইচ্ছা করে।

-- चामादा। किंद्ध की करबंहे वा छानदा वरता।

—কী করে এ-ৰাড়িতে আপনারা এলেন, কেনই বা তিনি চলে গেলেন—

মানব উদাসীনের মতো কহিল—সব এখন অস্পষ্ট হয়ে এসেছে। কিন্তু তোমার মুখ দেখে আমার ভয় হয় মিলি, মা'র হয় তো আর দেখা পাবো না। এই বলিয়া মানব মিলিকে নিজের কাছে আকর্ষণ করিল। মিলি টলিল না, কহিল—সতীশবাবু আপনাকে তা হলে পোয়া নেননি ? তবে—

- -- ना । এ- नव कथा এ- नब स्त्र करू नव । এवात छेर्र द ?
- —না, আরো একটু বসি।

কিন্ত যে-দিনের কথা বলিতেছিলাম:

মিলি মোটর-সাইকেলে মানবের পিছনেই বসিয়াছে—ভয় করিতেছে বটে, কিন্তু এই বেগের আনন্দ তাহার দেহের প্রতিটি রেখায় উচ্ছলিত। পরনে সাদাসিধে শাড়ি—আঁচলটা দড়ির মত পাকাইয়া কোমরে বাঁধা, তাহাতে সমস্ত শরীরে একটি ক্ষিপ্রতা আসিয়াছে। একটা এলো খোঁপা বাঁধিয়া আসিয়াছিল, গাড়ির ঝাঁকুনিতে খোঁপা কখন খুলিয়া গিয়া পিঠময় চুঁল ছড়াইয়া পড়িয়াছে। হাত তুলিয়া হাওয়াকে শাসন করিবার যোনাই।

একটা মোটরকে পাশ কাটাইয়া মানব কহিল—একটা ছুর্ঘটনা ঘটলে কেমন হয় ?

মিলি বলিল-চমৎকার। আমার আর ভয় নেই।

- —ভয় নেই ?
- —না। চাই-ই এমন ক্রত ছোটা আর ক্রত পদখলন। তার জ্বত্তে আমি তৈরি হয়ে আছি। মিলি থিলখিল করিয়া হাসিয়া উঠিল।

বালিগঞ্জ এভিনিউ হইয়া গড়য়াহাট রোডে ছ্-তিন চকর দিতেই সন্ধ্যা হইয়া গেল। রাভার পাশে গাড়ি রাখিয়া ছইজনে ঘাসের উপর বসিল। প্রে লোকজন বেশি চলাফিরা করিতেছে না।

মানব বলিতে লাগিল: ছ্দিন বাবার প্রতীক্ষায় সেই দৌশন-মাস্টারের কোয়াটারে থেকে গেলাম, কিন্তু একবার যথন সরেছেন তথন আর যে তিনি ক্ষিরবেন না—মা'র এই সন্দেহ কিছুতেই দূর হচ্ছিল না। অস্তায় যদিও বা তিনি করেন তো অস্তাপ করতে শেখেন নি। নিশ্চিত মৃ্জির কাছে খ্রী-পুত্র তাঁর কাছে একাস্তই তুচ্ছ মনে হয়েছিলো। বাবাকে আমি দোব দিতে পারি না, মিলি।

মিলি বিস্মিত হইল: এই নিষ্ঠুরতাকে আপনি সমর্থন করেন 🤊

বৃক ভরিয়া নিশ্বাস নিয়া মানব কহিল—করি। জীবনের বিরুদ্ধে যুদ্ধ
করতে দাঁড়িয়ে নির্ভুর না হলে চলে কী করে ? আমি আর মা উর
উদ্ধালতার বাধা ছিলাম—আত্মবিকাশের বাধা। কারু-কারু আত্মবিকাশ অধঃপতনের মধ্য দিয়েই ঘটে—তাকে বাধা দিয়ে খর্ব করে
রাখলে তার জীবনের প্রবলতম সম্ভাবনাকে নষ্ট করে দেওয়া হয়। বাবা
যে মিধ্যা মোহে পড়ে নিজের চরিত্রকে কর্তব্য বা দায়িত্বের বাঁধনে বেঁধে
পঙ্গু করে ফেলেন নি, সে-জন্তে আমি তাঁকে প্রণাম করি। স্বাই আমার
বাবাকে ভিলেইন বলে নাক কুঁচকোয়, কিন্তু তাঁর উন্তর্গধিকারী হয়ে
আমি তাঁকে ধ্যাবাদ না দিয়ে পারি না।

মিলি কহিল-এ আপনার পক্ষপাতিত্ব ছাড়া কিছু নয়।

— বরং তাঁর ছেলে বলেই তো আমার তাঁকে ক্ষমা করা উচিত ছিলো না। তাঁর জ্বন্থেই যে মা পরমতম হৃংখের পথে হারিরে গেছেন, সে আমি ছাড়া আর কে বেশি অহুভব করে বলো ? ভাগ্য না ভোজবাজি খেললে বাবার অপরাধে আমি সমাজের কোন আঁতাকুড়ে গিরে পঞ্জাম তা করনা করলেও ভূমি শিউরে উঠবে। তবুও এতো সবের কোষাও নিশ্হরই প্ররোজন ছিলো। বাবার চরিত্রের এই মহত্ত্ব আমাকে খুব একটা নাড়া দেয়, মিলি।

— কিছু মনে করবেন না, কিন্তু নিশ্চিত মৃত্যুর সামনে অসহায় দ্রী-পুত্রকে ঠেলে দিয়ে পালানোকে মহত্ত বলতে মন সরে না।

মানব জোর দিয়া কহিল—তোমাদের মনে যে মরচে পড়ে আছে। ধর্মের জন্তে স্ত্রী-পুত্রকে কেউ তুচ্ছ করলে তোমরা ত্-হাত তুলে স্বস্তিবাচন করবে, কিন্তু জেনো ধর্মও আত্মবিকাশই।

মিলি হাসিরা কহিল—আপনার এ-সব মতগুলিকে আমার ভর করে।
— যাই বলো, পৃথিবীতে দারিজ্যই একমাত্র ছংখ নয়—সে-ছংখ উত্তীর্ণ
হয়ে একদিন বাবার এই দৃষ্টাস্তকে আমি সম্মান করতে পারবো এ-আশা
তিনি করেছিলেন নিশ্চয়। আমার রক্তে এমনি একটি বন্ধনমোচনের শ্বর
আছে। তোমার আমাকে ভর করে, মিলি ?

মানবের হাতের মধ্যে নিঃশক্ষ স্নেহে হাত তুইথানি সমর্পণ করিয়া মিলি কহিল—আপনার মার কথা বলুন। সেদিন বলতে-বলতে থেমে গেলেন—
—শেষটা আমি জ্ঞানি না। গোড়ার পরিচ্ছেদগুলি অতিমাত্রায় দীর্ঘ ও কয়ণ। তা শুনলে বাঙালি মেয়ের চোথে জ্ঞল এসে পড়বে। পরের ছৃংখে অকারণ অঞ্চবর্ধণ করে লাভ নেই। সেই সব ছৃংখের রাত কাটিয়ে যেদিন আমার মা'র প্রথম স্প্রপ্রভাত হল সেদিন আমরা এ-বাড়িতে আশ্রয় পেয়েছি মাত্র। সেদিন এ-বাড়িতে তোমার মাসিমার বিয়ে হচ্ছে।
একটু শীত-শীত করিতেছিল বলিয়া আঁচলটা পিঠের উপর দিয়া প্রক্

—ই্যা, বড়লোকের বাড়িতে উৎসব দেখে মা'র হাত ধরে চুকে পড়লাম।
তিনদিন তখন খেতে পাইনি কিছু, নেমন্তর-বাড়িতে ঠাঁই হরে গেল।
কিন্তু সেই বেকে যে কী করে এ-বাড়িতে শিকড় গেড়ে বসলাম ভাবতে
আমি একেবারে স্তব্ধ হয়ে যাই, মিলি। মা'র দৈক্তের মালিক্ত ভার

চেহারার সে স্বাভাবিক আভিজ্ঞাত্যটুকুকে নষ্ট করতে পারে নি। ভোমার মেসোমশাই সভীশবার তা বুঝতে পেরেছিলেন।

একটু থামিয়া: দতীশবারু মাকে আশ্রয় দিলেন। মা নিচের ঘরেই পড়ে রইলেন বটে, আমি এক-এক ধাপ ডিভিয়ে ক্রমশ ওপরে উঠতে লাগলাম। জানোই তো তোমার মাসিমা তৃতীয় পক্ষ। প্রথম স্ত্রী শুনেছি নাকি সম্ভানবতী হতে পারেনি বলে শাশুড়ির বাক্য-যম্বণা সইতে না পেরে গলায় দড়ি বেঁধে ঝুলে পড়েছিলো—দ্বিতীয়টি নাকি এখনো পিত্রালয়ে বর্তমান আছেন। তা, তোমার মাসিমারো তো এই দশ বংসর পুরতে চললো। কিন্তু আমাকে পেয়েই তোমার মেসোমশাই নির্ভ হলেন—কিন্তু কেন যে তিনি আমাকে ছেলের চেয়েও বেশি স্নেহ করতে শুরুক করেলেন সেইটেই আমার কাছে রহস্ত থেকে গেল। পোয়্য নেবার প্রয়োজন বোধ করলেন না—তাঁর পিতৃহালয় আমার জন্তে উন্মুক্ত করে দিলেন একেবারে।

মিলি ব্যস্ত হইয়া কহিল—মাসিমাও আপনাকে কি তেমনি করে নিতে পেরেছেন ?

— তাঁর স্বামী যেখানে সদাত্রত, সেখানে তাঁর ক্লপণতাকে আমি কেয়ার করি না। কিন্তু ছেলে হবার সময় তাঁর এতোদিনে পেরিয়ে গেছে মনে করে তিনিও ইদানি আমার প্রতি সদয় হয়ে উঠছেন। কিন্তু আমি কোথাকার কে বলো তো—কী অসাধ্যসাধন না করছি! এতো সব দেখে তোমার সন্তিটে কি সন্দেহ হয় না মিলি, যে স্তিটেই আমি জীবনে স্থ্য পেতে আসিনি ?

—কিন্তু আপনার মা'র কী হল ?

দীর্ঘনিশ্বাস দমন করিয়া মানব কহিল—আমাকে এ-বাড়ির দোতলায় পৌছে দিয়েই তিনি অন্তর্ধান করলেন। কোধায় তিনি গেলেন—কেউ কিছু বলতে পারলো না। মিলি মানবের হাতের উপর হাত বুলাইতে-বুলাইতে কহিল—হয়তো তিনি স্বামীরই থোঁজে বেরিয়ে পড়েছেন।

— বাবার প্রতি মা'র সেই মিধ্যা অমুরাগ ছিলো না, মিলি। সংসারে এমন কোন অত্যাচার তাঁকে সইতে হল যে আমাকে পর্যস্ত তিনি হারিয়ে যেতে দিলেন ? আমার জীবনে অস্তত লুকিয়ে উঁকি দিতেও তিনি এলেন না—

মিলির ছুইটি সাস্থনাসিক্ত চোথের দিকে চাহিয়া, তাহাকে দেহের কাছে একটু আকর্ষণ করিয়া: শুধু তোমার এ-ছুটি চকু ছাড়া!

ইহার পর আরো একদিন আছে। প্রায় এক বৎসর পরে। দিন নয়—রাত্রি। খাওয়া-দাওয়া কখন চুকিয়াছে—যে যার ঘরে ঘুমাইবার কথা।

মিলি তাহার ঘরে টেবিলের কাছে বিসিয়া কি-একট়া বই পড়িতে চেষ্টা ক্রিতেছে, হঠাৎ চোথ ফিরাইয়া দেখিল পদা ঠেলিয়া মানব ঘরে চুকিল, একটু হাসিল—কোনো কথা না কছিয়া সেল্ফ হইতে একটা ছবির পত্রিকা লইয়া একেবারে বিছানার উপর গডাইয়া পড়িল।

কাগজের পূগা উলটাইতে উলটাইতে: তুমি পড়ায় এতো মনোযোগী হয়ে উঠলে কবে থেকে ?

মিলি ঘাড় না ফিরাইয়াই কহিল—খেয়ে-দেয়ে তক্ষ্নি শুতে নেই।

- —কিন্তু বিছানায় আসতে কিছু দোষ আছে ?
- ভূমিই বরং চেয়ারটা টেনে পাশে এসে বোস না।
- —তার পর ?
- —খুব খানিকটা আড়া দেওয়া যাবে। পশু ছুটি ভূমি যাচ্ছ তো আমার সঙ্গে ?
- —কোপায় ?
- —বা, সেই কবে থেকেই তো নাচছ যে পূজোর ছুটি হলে আমাকে সঙ্গে করে আমাদের দেশের বাড়িতে যাবে।
- —আরো অনেক দেশ আছে, মিলি। তাদের এক-আংটার নাম শুনলে দস্তরমতো তুমি লাফাতে শুরু করবে। ঁ

মিলি চেয়ারটা ঘুরাইয়া বসিল: যথা ?

—যথা, ধরো নিউইয়র্ক। ঐ পুঁচকে পদ্মা নয়, বিরাট আটলান্টিক মিলি নিচের ঠোঁটটা সামাস্ত উলটাইয়া ফু: করিল।

বালিশ ছুইটাতে বুকের ভর রাখিয়া মানব কহিল—তুমি বিশাস করছ
না বুঝি ? সত্যি বলছি চলো না, ভেসে পড়ি! নিউইয়র্ক পছন্দ না হয়,
ভেনিসে না-হয় বাসা বাঁধবো। বাসা বাঁধতে হলে অবশ্রি ইটালিতেই—
মিলি পায়ের উপর পা তুলিয়া দিয়া কহিল—সেখানে আমাকে সলে
করে নিয়ে গিয়ে শেষকালে য়াডিয়াটিকে ভাসিয়ে দাও আর কি। তখন
বুঝি আর আমার মুখের দিকে তাকাবে ভেবেছ! আমি তো তখন
ভোমার কাছে নেহাৎই বাঙলা-দেশের নরম তুলসী-পাতা। তার চেয়ে
কায়ক্রেশে এখানেই থেকে যাও না-হয়।

উত্তেজনায় মানব বানিশ ছাড়িয়া হুই কছুইয়ের উপর ভর রাখিয়া একটু সোজা হইল: না, না, ভ্ষোগ পেলে ছাড়তে নেই। আমি ভোমার মেশোমশায়কে সেদিন বলেছিলাম, তিনি টাকা দিতে প্রস্তুত। তোমার প্যাসেজ আমি নিভেই জোগাড় করে নিতে পারবো। কিসের তোমার এই বটানি, কিসের বা ইলিসিট মাইনর। চলো, মোটা-সোটা স্থাটকেশ সাজিয়ে হুজনে পড়ি বেরিয়ে! বাধা যদি বা কিছু পাকে, পাক। কোথাও কিছু একটা বাধা না পাকলে ভালো লাগে না।

মিলি চেয়ার ছাড়িয়া ধীরে-ধীরে বিছানার একটি ধারে আসিয়া বসিল।
স্বিশ্বরে কহিল—কেমন যেন খুব সহজ্ব লাগে। সহজ্ব লাগলেই
নিজ্ঞেকে কেমন যেন ছুর্বল মনে হয়। বলিতে-বলিতে পা ছুইটি গুটাইয়া
মিলি সেভার বাজাইবার ভঙ্গিতে বসিল।

মানব কহিল—অন্তরের বাধা কবে যে পার হয়ে এলাম। আজ ছ-মাসের ওপরে তোমার মাসিমা তাঁর বাপের বাড়িতে আছেন— কেন আছেন বলতে পারো ?

-कि करत्र रनरवा ?

—ভাই অন্তঃপ্রেরও সমস্ত বাধা শিধিল ছিলো। তোমার মেসোমশাই সারা দিন রাত্রি সাধু-সন্ন্যাসী নিয়েই মশগুল—আমরা কে কোথার কি করছি চোথ ফেরাবারও তাঁর সময় নেই।

মিলি একটা বালিশ লইয়া তাহাতে সামান্ত একটু কাৎ হইল—বাঁ-হাতের তালুর উপর এলো থোঁপাটা আলগোছে নোয়ানো: কিন্তু ছেলেবেলায় গুনেছিলাম যে তিনি দারুণ ডাকসাইটে অত্যাচারী ছিলেন। প্রথম স্ত্রী তো আত্মহত্যা করতেই বাধ্য হল, দিতীয় স্ত্রীকে নাকি লাখি মেরে বাড়ির বার করে দিয়েছিলেন। তবু তাঁর সন্তান চাই—তাই আবার তাঁর সহধ্যিণীর প্রয়োজন ঘটলো। আজকাল নেহাৎ ধর্মে-কর্মে মন্দিয়েছেন বলেই এখানে আসতে দিতে কাকীরা আর আপত্তি করলোনা। নইলে তো বোর্ডিংএই চলে যেতাম।

এইবার নানব মিলির ডান-হাত ধরিল: যাও না।
মিলি হাসিয়া কহিল—তুমি বোর্ডিংএর দারোয়ান থাকবে বলো, ঠিক
যাবো।

— কিন্তু রাত্রে তোমার বিছানায় ঠিক শুতে দেবে ?

মিলি মানবের হাতের কব্লিতে জোরে এক চিমটি কাটিয়া বিসল।

মানব কহিল— তুমি মেয়ে হয়েছ বলেই যে তোমার গায়ে হাত তোলা

যাবে না এটা নারীর সমানাধিকারের দিনে মেনে চললে তোমাদের

অস্থান করা হবে; অভএব—

নিটোল বাহু হুইটির কি স্থন্দর ডৌল— মানব ছুই হাত দিয়া মিলির ছুই বাহু মুঠি করিয়া ধরিয়া একেবারে তাহাকে কাছে লইয়া আসিল।
মিলি তাড়াতাড়ি ছুইটা আঙুল দিয়া মানবের ঠোঁট চাপিয়া ধরিল, দরজ্ঞার পর্দার দিকে সভয়ে দৃষ্টি ফেলিয়া চাপা গলায় কহিল—চুপ! দেখছে।
মানব ভয় পাইয়া আকর্ষণ শিধিল করিয়া প্রশ্ন করিল—কে ?

মিলি ভক্ষ্নি ছাড়া পাইয়া এলো খোঁপাটা আঁট করিয়া বাঁথিতে-বাঁথিতে ইলেকটি ক বালবটার দিকে চাহিয়া হাসিয়া কহিল—আলো।
মানব ভংকণাং টুপ করিয়া স্থইচটা অফ করিয়া দিল।
তীর অতিক্রম করিয়া সমুদ্রের যেমন ঢেউ আসে, তেমনি করিয়া অন্ধকারে ঘর ভরিয়া উঠিল। সেই অন্ধকার ক্রমণ একটু তরল হইতেই মানবের মনে হইল এই বিছানাটা যেন হুদ, আর মিলি.যেন একটা রাজহংস।
দেহের প্রতিটি রেখা স্বচ্ছ, প্রতিটি ভঙ্গি স্থম্ম, প্রতিটি লীলা লঘু।
অনেকক্ষণ কেছ কোনো কথা কহিল না। শুধু, রাত্রি যে গভীর,
নীরবতা যে নিক্রাচ্ছর এবং অন্ধকারে সমস্ত অন্ধরাল যে অপক্তত—
ফুইজনে নিশ্বাস নিতে-নিতে তাই কেবল অন্থত্ব করিতে লাগিল।
মানব মিলির কোলের উপর মাধা রাখিয়া আস্তে কহিল—চলো, নতুন
বাড়িতেই যাই।

মানবের কপালে ডান-ছাতখানি পাতিয়া মিলি কছিল—চলো, বাবা তোমাকে দেখে নিশ্চয়ই খুব স্থা ছবেন।

— কিন্তু প্রস্তাব শুনে হবেন কি । কপাল হইতে হাত গালের উপর নামিয়া আসিয়াছে: আপতি করবার কোনোই তো কারণ দেখছি না।

—আপত্তি একটু করনে ভালো হতো, মিলি।
হাত পাঞ্চাবির তুলা দিয়া বুকের কাছে লুকাইয়াছে: আপত্তি করলে
কে আর শুনছে বলো। আমাদের ভেনিস তো পড়েই আছে।
ছই হাত দিয়া মিলির কটি বেষ্টন করিয়া জামুর উপর মুথ রাথিয়া মানব
ভৃষ্ণাও কণ্ঠে কছিল—ইাা, বাধা কোথাও পেলে লাভ করবার মধ্যে বেশ
একটা উন্মাদনা পাই। আচ্ছা, এক-হিসেবে ভূমি তো আমার মাসভুতো
বোন—তোমার বাবা বা কাকারা কেউ আপত্তি করবেন না ?
মানবের ঘাড়ের কাছের চুলগুলিতে আঙুল বুলাইতে-বুলাইতে মিলি

কহিল—বাইরের ঐ-সব ক্লিম বাধাকেই তুমি বড়ো করে দেখ নাকি? আমরা যদি এমনতরো ঘনিষ্ঠ হয়েই উঠি কোনোদিন, তবে সে-ই তো আমাদের বড়ো পরিচয়।

— সেই আমাদের বড়ো পরিচয়, না মিলু ?

মানব মিলির রাশীভূত শাড়ির মধ্যে মুখ গুঁজিয়া তাহার সর্বাঙ্গের ছাণ নিতে লাগিল।

কতক্ষণ কেহই কোনো কথা কহিল না।

মুখ না তুলিয়াই মানব কহিল—তবু কোনো বাধার বিরুদ্ধে সংগ্রাম না করে কাউকে পাবার মধ্যে পরিপূর্ণ তৃপ্তি নেই, মিলি। প্রেম্নসীর জন্মে যদি জীবন ভরে আঘাতের স্বাদ না পাই, তবে সে ধে মৃত্যুর চেয়েও প্রিয়তরা এ-কথা বুঝি কি করে ?

মিলি এই স্পর্ণবিক্তোচ্ছাস হইতে হঠাৎ নিজেকে নিলিপ্ত করিয়া লইল। অভিমানে করুণ করিয়া বলিল—ধরো, আমার অনিচ্ছাই যদি সেই বাধা হয় ?

মানব অবাক হ্ইয়া শৃত্তদৃষ্টিতে খানিকক্ষণ অন্ধকারের দিকে চাহিয়া রহিল। তাহার এই স্পর্শবিরহিত অন্তিত্ব যেন সে সহিতে পারিবে না। তাড়াতাড়ি বিছানার উপর উঠিয়া বসিয়া সে অসহায়ের মতো প্রশ্ন করিল—তোমার অনিচ্ছা মানে ?

নিলি ত্থন বিছানার অন্ত প্রান্তে সরিয়া গিয়াছে: ধরে, একদিন যদি
আমি বুঝি যে এ শুধু উদ্বেগ, ভালোবাসা নয়—এতে খালি দাই আছে,
স্থধা নেই—অর্থাৎ আমার ইচ্ছা বা বাসনা যাই বলো, যদি একদিন
নিলিয়ে যায় আর সমস্ত প্রতীক্ষার উপরে ধীরে-ধীরে উপেক্ষা নেমে
আসে—

—সেই তোমার বাধা, মিলি ? সেই বাধাকে আমি জয় করতে পারবো না ভাবছ ? বলিয়া মানব ছুই হাত বাড়াইয়া মিলিকে বুকের মধ্যে প্রাস করিয়া ফেলিল। ডাকিল—মিলি!

মিলি মানবের বুকের মধ্যে এতটুকু হইয়া গেছে। অর্থক্ট কঠে উত্তর
করিল—বলো।

—যে-দেহে দাহ নেই সে-দেহে স্বাদও নেই।

মিলিকে ঘনতর স্পর্শে আরো সনিছিত করিয়া মানব কছিল—আমাদের প্রেমে এই ভঙ্গুর ভাব-প্রবণতা নেই, মিলি। আমরা পরস্পরের কাছে প্রথবরূপে প্রকাশিত।

মানবের ত্বই অধর মিলির চক্ষুর কাছে অবতীর্ণ হইয়াছে।
মিলি কথা না কহিয়া মানবের কাঁধের মধ্যে মুখ গুঁজিয়া দিল।
মানব হাত বাড়াইয়া স্থইচটা টানিয়া দিয়া কহিল—এমন দৃশু চোথ ভরে
না দেখে আর পার্ভি না।

কিন্তু আলো জালিতেই চোখের পলকে কী যে হইয়া গেল মানব বুঝিতে পারিল না। মিলি হঠাৎ তুই হাতে সবলে সমস্ত স্পর্শের ঢেউ ঠেলিয়া দিয়া উঠিয়া পড়িল। একেবারে টেবিলের ধারে চেয়ারে গিয়া বিলল। তাহার মুখ দেখা যাইতেছে না। হাত তুলিয়া চুল ঠিক করিয়া কাপড়ের আঁচলটা পিঠের উপর দিয়া প্রসারিত করিয়া ছই কাঁধ ও বাছ ঢাকিয়া হঠাৎ দেবই নিয়া মনোযোগী হইয়া উঠিল।

উগ্র আলোক মানবের চোখেও সহিতেছে না।

কিন্তু পলাতক মুহূর্ত কি আর ফিরিয়া আদে 🤊

তবুও মানব আরেকবার আলোটা নিভাইয়া দিল।

মিলির স্বরে স্পষ্ট বিরক্তি: বা, আমাকে পড়তে দাও।

- —কাল পোড়ো।
- -ना।
- —বেশ, কালকেও পোড়ো না। কালকে রাতে তাহলে —

— সত্যি বলছি আমাকে পড়তে দাও। তোমার না-হয় চাকরি না করলে চলবে, কিন্তু আমার একটা ইন্ধুল-মান্টারি তো অন্তত চাই।

মানব হাসিয়া উঠিল: তোমাকে আমি অনায়াসে অক্ত চাকরি দিতে পারবো। এখন একবারটি উঠে এস দিকি।

- —না, তুমি আলো জালো।
- —জালবো, তুমি আমার দিকে মুখ করে বসবে বলো ?

মিলি এইবার মামূলি ব্রহ্মাস্ত্র হানিল: দরজা খোলা আছে জানো ? ঘর অন্ধকার করে বসে আছি, যদি কেউ দেখে ফেলে ?

— যদি কেউ দেখে ফেলে, সেই জন্তে তো তাকে ভালো করেই দেখতে দেওয়া উচিত। অন্ধকার ঘরে এই ক্লঞিম দূরত্ব রেখে আমাদের নির্জীবের মতো বলে থাকাটাই তো অস্বাভাবিক। অথচ দরজা বন্ধ করলেই আমরা প্রস্পারের কাছে অত্যন্ত কুণ্ডিত হয়ে পড়বো। তার চেয়ে চলো না একটুবেডিয়ে আদি।

भिनित चरत त्रार्ट छेनामीछ : ना, व्यामात এथन मूछ नार्टे।

মানব এইবার বিছান। ছাড়িয়া দাঁড়াইল; কহিল—আলো জালতেই বৃঝি টের পেলে যে দরজা খোলা আছে। আর দরজা খোলা পেয়ে রাশি-রাশি লজ্জা আর ভীক্ষতা বৃঝি তোমাকে গ্রাস করলো। বৃঝতে পারছি তোমার এই লজ্জাই হচ্ছে আমার প্রেমের বাধা। তাকে কি আমি জয় করতে পারবো না ?

বলিয়া শানব হুইয়া পড়িয়া মিলির উপর নিশ্বাস ফেলিল।

একটি মুহূর্ত বিস্তীর্ণ সমুদ্রের মতে। মিলির সমস্ত চেতনা আছের করিয়া দিয়াছে। প্রতীক্ষার তীক্ষ অহুভূতিতে স্নায়-শিরাগুলি অভিভূত, ক্লাস্ত চইয়া আসিল।

কিন্তু মানৰ ক**হিল—আজ পাক।**

বলিয়া ফের স্থইচটা টানিয়া দিয়া ঘর আলো করিয়া সে কছিল—তুমি বরং পড়ো।

তারপর বাহির হইয়া গেল।

রাস্তায় একটা মোটর-বাইকের ঝকঝকানি শুরু হইয়াছে। মিলি তবুও জানালা দিয়া মুখ বাড়াইয়া একটিবার দেখিল না। ঘড়িতে একবার নজ্ম পড়িল। এখন না-পড়িয়া শুইতে পারিলে সে বাঁচে। বিছানাটার ছর্মশা দেখিয়া তাহার শুইতেও ইচ্ছা হইল না। বারান্দায় বাহির হইয়া আসিল। পরে কের ঘরে গেল। আলো নিভাইল। এবং চেয়ারে বিসায় টেবিলের উপর হাতের মধ্যে মাধা শুঁজিয়া পড়িয়া রহিল। ঘুমের জন্ত নয়, কথন আবার মানব ফিরিয়া আসে!

অনেকক্ষণ পরে।

সিঁ ড়িতে ও কাহার জুতার শব্দ মিলিকে বলিয়া দিতে হইবে না। মিলি চট করিয়া আলো জালিয়া আবার তেমনি মাথা হেঁট করিয়া বসিল। ঘরে আলো দেখিয়া যদি সে একবার আসিয়া প্রান্ত বলিয়া যদি একবার শেষ হয় নাই ? কিম্বা অসাবধানে মুমাইয়া পড়িয়ান্তে বলিয়া যদি একবার টোয়।

মিলি একমনে ঘড়ির কাঁটার শব্দ অমুধাবন করিতে লাগিল। কিন্তু মানব হয়তো জানিত আজ রাত্রে মিলির ঘুম না আগিবারই কথা। অনেক দিন স্থারের দেখা নাই, তাই মানব তাহার থোঁজ নিতে বাহির হইয়াছে।

ক্রিক রো পার হইতেই টিপি-টিপি বৃষ্টি শুরু হইল এবং শাঁথারিটোলা লেইনে চুকিতে-না-চুকিতেই মুখলধারে। এই গলিরই গা হইতে অপরিসর সংকীণ একফালি রাস্তা বাহির হইয়া গিয়াছে—তাহারই শেষ প্রাস্থে স্থধীরদের বাড়ি—টিনের চাল ও মাটির দেয়াল।

মানব সজোরে দরজায় আঘাত করিতে লাগিল।

ভিতর হইতে নারীকণ্ঠের সাড়া আসিল: আরেক ধাকা দিলেই কণ্ঠ করে দরজা আর আমাকে খুলতে হবে না। বৃষ্টিতে কে-ই বা তোমাকে বেকতে বলেছিলো শুনি ? দরজা খুলিতেই মানব অপ্রস্তুত হইবার ভান করিয়া কহিল—এই যে আশা। স্থার বৃঝি বাড়ি নেই ?
আশা সংকৃতিত হইয়া কহিল—না। আস্থন।

ভিতরে একথানা মাত্র ঘর—এককোণে একটা তক্তপোষ পাতা। তক্তপোষেরই উপরেই কেরোসিন কাঠের একটা সেল্ফ, তাহাতে বই, চায়ের বাসন ও দাবার কতগুলি ঘুঁটি ছত্রখান হইয়া আছে। ছেঁড়া ময়লা বিছানাটা একপাশে তুলিয়া রাখিতেই তাহার দীনতা আরো বাস্তব হইয়া উঠিয়াছে। নিচে মায়ৢর বিছাইয়া স্থধীরের বৃদ্ধা মা একটা কাঁসার বাটিতে করিয়া মুড়ির সঙ্গে মুলো কামড়াইয়া খাইতেছেন—আর আশা হয় তো ঐ কাঁথাটাই সেলাই করিতেছিল।

সেই অর্থ-অন্ধকারাচ্ছর ঘরে মানব একটা রুঢ় অট্টহাসের মতো আবিভূতি

হইল। চোথ মেলিয়া ঘরের এই নিদারুণ কদর্যতা দেখিরা তাছার সমস্ত সায়-শিরা কুণ্ডলী পাকাইয়া উঠিল—বাছিরে যে প্রাচুরপ্রবাহে বৃষ্টি হইতেছে সে-কথাও তাছার মনে রছিল না। কিছু টাকা ফেলিয়া বাছির হইয়া পড়িলেই হয়। সঙ্গে চেক্-বইটা সে লইয়া আসিয়াছে। মানবকে দেখিয়া স্থধীরের মা অভিভূতের মতো মুলোটা দাঁত দিয়া কামড়াইয়া রছিলেন: কথা কহিল আশা:

—একেবারে ভিজে গেছেন দেখছি, বস্থন। একটা তোয়ালে এনে দি।
মানব দাঁড়াইয়াই রহিল: না, বসবো না। স্থধীরের সঙ্গে একটা কথা
ছিলো। কোথায় গেছে ?

আশা কহিল—কাজ তাঁর চব্বিশ্বণ্টা, অপচ একটা কাজ আজ পর্যন্ত তাঁকে পেতে দেখলুম না। আপনি দাঁড়িয়ে রইলেন কেন? বহুন না। এই তক্তপোষে বসতে বুঝি আপনার ঘেরা হচ্ছে?

মা-ও এইবারে সায় দিলেন: বোস বাবা। গরিবের ঘরে ভোমার যোগ্য অভ্যর্থনা কী করে করবো বলো ? সেই ভোর উলের আসনখানা বের করে পেতে দে না, আশা। এই জলে কোপায় আবার বেরুবে? (নিয়ন্থরে) ভোমার সঙ্গে আমার একটু দরকার ছিলো।

নিতান্ত সংকুচিত হইয়া ভজ্ঞপোষের একধারে মানব বসিল। একটা কুৎসিত আবহাওয়ার মাঝে পড়িয়া সে যেন নরকমন্ত্রণা সহু করিতেছে। এইবার আবার তাহাকে এক সবিস্তার ছঃখের কাহিনী গিলিতে হইবে। চলিয়া যাইতেই বা তাহার পা উঠিতেছে না কেন ?

কারণ খুঁ জিতে গিয়া আশার দিকে চাহিতেই দেখিল, দে হাতে করিয়া একখানা তোয়ালে নিয়া সামনে আসিয়া দাঁড়াইয়াছে।

- -यि वनत्न-हे, जत्व जिल्क माथाहै। मूर्छ त्कन्न।
- —না, দরকার নেই। বলিয়া মানব পকেট হইতে প্রকাণ্ড একটা গরদের ক্ষমাল বাছির করিয়া প্রথমে কপাল ও পরে ঘাড়ের খানিকটা মুছিল।

চুলে হাত ঠেকাইল না। রুমালটা বিস্তৃত করিতেই একটা সতেজ, প্রগল্ভ গন্ধ ঘরের কুঞ্জিত স্তন্ধতাকে আচ্ছন করিয়া ধরিল।

আশা কহিল—তোয়ালেটা কিন্তু ফর্সাই ছিলো। আজ সকালে কেচেছিলাম।

বিজপের খোঁচায় মানবের চোথ ফুটিল। আশাকে সে ইহার আগে আরো অনেকবার দেথিয়াছে—নিতান্ত মামুলি ছু-একটা আলাপও যে না হইয়াছে তাহা নয়, তবু এমন মুখোমুখি হইয়া কোনোদিন সে দেথে নাই। ময়লা সেমিজের উপর ততোধিক ময়লা একখানি শাড়ি পরিয়া আছে—সজ্জা-উপকরণ গাত্রবর্ণের সঙ্গে চমৎকার সামঞ্জন্ত রাখিয়াছে বটে—চুলগুলি রুক্ষ, রিক্ত হাতে ও সকরণ ধৈর্মশিল মুখে অবিচল একটি কাঠিল। তাহাতে আরুষ্ট হইবার মতো কোনো সঙ্কেতই মানব খুঁজিয়া পাইল না। যুবতী সে নিশ্চয়ই, কিছু যৌবন অর্থ তো ভুধু যোলোটি বৎসবের ভারে আক্রান্ত হওয়া নয়; যৌবন অর্থ সেই লীলা বা ছটা, যা অঙ্গপ্রতালের উমিচ্ডায় বিচ্ছুরিত হইয়া পড়ে—যৌবন অর্থ লাবণ্যের চঞ্চল নির্মরলেখা! না গতিচাপল্যে উজ্জীবিত, না লীলাবিশ্রমে কৌতুক্ময়ী—সমস্ত অবয়ব খিরিয়া একটি গাঢ় সহিষ্ণুতা—মানব তাহাতে উন্মাদনা পাইবে কেন ?

আশার উপস্থিতি সম্পূর্ণ উপেক্ষা করিয়া মানব স্থধীরের মাকে প্রশ্ন করিল—কী কথা ছিলো বলুন। আমার বেশি সময় নেই। বলিয়া মানব উঠিয়া দাঁড়াইল—মাটির দেয়াল হইতে কেমন একটা চাপা অস্বাস্থ্যকর ফুর্গন্ধ তাহার নিশ্বাস চাপিয়া ধরিতেছে।

আশা কথা না কহিয়া পারিল না: এই বৃষ্টিতে বেরুলে আপনার দামি চাদরখানা একেবারে কাঁথা হয়ে যাবে।

মানব উদাগীনের মতো কহিল—একখানা চাদর নষ্ট হলে বিশেষ কিছু ক্তি হবে না। আশা সামান্ত একটু হাসিয়া কহিল—কিন্তু চলে গেলে মা'র বোধকরি একটু অস্থবিধে হবে।

—সেই জন্মেই তো খবরটা জেনে যেতে চাইছি।

মা মেরেকে ধমক দিয়া উঠিলেন: ভূই যা দিকি, বাসনগুলো মেজে ফেল এবার।

আশা যাইবার জন্ম পা বাড়াইয়াছে: উলের আসনখানা বের করে দিয়ে যাই। ঐ শুকনো কাঠে বসতে ওঁর অম্ববিধে হচ্ছে।

অগত্যা মানবকে আবার শুকনো কাঠেই বসিতে হইল।

সামনের নিচু দাওয়ায় আশা এক-পাঁজা এটো বাসন লইয়া বসিয়া বাঁ হাতে কাক তাড়াইতে লাগিল। মাধার উপর একটা ভিজ্ঞা গামছা চাপাইয়া সে অনর্থক বৃষ্টির আক্রমণ হইতে আত্মরকা করিতে চায়— দেখিতে-দেখিতে সর্বাঙ্গ সিজ্ঞ হইয়া উঠিল—খোলা জ্ঞানালা দিয়া হঠাৎ একটু নজর পড়িতেই মানবের কেমন যেন মনে হইল এই অ্যাচিত বর্ষার শ্রামঞ্জীর সঙ্গে আশার এই কমনীয়ভাটুকু না মিশিলে কোধায় বোধহয় অসঙ্গতি থাকিত।

মা কথাটা কিছুতেই পাড়িতে পারেন না।

মা'র কথার লক্ষ্য কি মানব তাহা জানিত। তাই সে উসকাইয়া দিল: ত্বধীরের সেই টিউশানিটা বুঝি গেছে ? আমার কাছে কিছু টাকা চেয়েছিলো—কতো তার চাই ?

মা'র ক্লম্বর এইবারে অনর্গল হইয়া উঠিল: চাকরিটা গেছে তো সেই কবে। তারপর একটা কুটোও জোগাড় করতে পারে নি। কিছ তা তো নয়। তার চেয়েও বড়ো বিপদে পড়েছি, বাবা।

মানব প্রস্তুত। ঘরের বাইরে বাসন-মাজার আওয়াজও যেন ক্ষীণতর হইয়া আসিল।

মানবের মুখে সহাত্ত্তির আভাস পাইরা মা বলিয়া চলিলেন—

মেরেও আমার গলায় পা দিরে দাঁড়িয়েছে। আগুনের মতো ছ-ছ করে বয়েল বেড়ে গেল—মাধার উপরে কেউ নেই যে একটা পাত্র জ্টিয়ে দেয়। তা স্থারই আজ ছ'মাল ধরে হাঁটাহাঁটি করে একটি সম্বন্ধ যোগাড় করেছে। বামন হয়ে চাঁদে হাত দেবার ছ্:লাছল তো আর আমাদের মানবে না, বাবা—অদেষ্ট যেমন করে এসেছি তেমনি তো হবে।

মানবের সামান্ত একটু কোতৃহল হইল: ছেলেটি কি করে ?

—খ্যামপুকুরে নাকি মনিহারি দোকান আছে। দোকান তনছি ভালোই চলছে। তবে ছেলেটির বয়স কিছু বেশি—প্রথম স্ত্রী এই বৈশাথে মারা গেছে। ছেলেপুলে হয়নি—এমন মন্দ কি বলো ?

মানব মুক্তকঠে সায় দিল: না, মন্দ কি ! তা, ছেলের পছন্দ হয়েছে তো ? কথাটা আশাকে শুনাইয়া বলে মানবের ইচ্ছা ছিলো না ; তবু হঠাৎ বাসন-মাজার শক্ত একেবারে বন্ধ হইয়া গেলো দেখিয়া সে ঠিক স্বস্তি বোধ করিল না ।

—হাঁ বাবা, ছেলে নিজে এসেই দেখে গেছে। যতোক্ষণ সে দেখছিল ততোক্ষণ দম বন্ধ করে ইষ্টমন্ত্র জপ করেছি—এই যাত্রায় মেয়ে বেন আমার পাশ করে। আর-আর যে-কয়জন এর আগে মেয়ে দেখতে এসেছিল, তারা কেউ ঘর-দোরের হাল-চাল দেখে কেউ বা মেয়ের রঙ ময়লা দেখে নাক সিটকে চলে গেছে! কিল্প নেহাৎ কপালজোরেই বলতে হবে যে মেয়েকে আমার তার চোখে ধরলো। পাত্র এর চেয়ে ভালো আর আশা করতে পারি ?

মানব ক্ষমান দিয়া গলা ও গাল রগড়াইতে রগড়াইতে কহিল—না, দিব্যি পাত্র। দোকান-পাট আছে, স্ত্রীকে ভরণপোষণ করবার জ্বন্তে কাক্ষ কাছে হাত পাততে হবে না—পায়ে-দাঁড়ানো ছেলে, কলেজের ছোকরাদের চেয়ে টের ভালো। আর দেরি নয়, লাগিয়ে দিন তাহলে। এই ছুদিনে কোপার কে ফ্যা-ফ্যা করতো, তার চেরে করে-কল্মে স্বচ্ছন্দে সংসার চালিয়ে নিতে পারবে।

কথাটা আশাকে মর্ম্মল পর্যস্ত বি ধিল।

বসা অবস্থাতেই মা প্রায় মানবের পায়ের কাছে আগাইরা আসিলেন; স্বর নামাইরা কহিলেন—কিন্তু বিপদ জুটেছে অন্তদিক থেকে। ছেলে পাঁচশো টাকা পণ না পেলে কিছুতেই বিয়ে করবে না। সাধ্যসাধনা করতে স্থধীর আর কিছু বাকি রাথেনি বাবা, কিন্তু বড়ো জোর সেপঞ্চাশ টাকা পর্যন্ত ছাড়তে পারে বলে শেষ কথা দিয়েছে—

ঢোক গিলিয়া মা আরো কি বলিতে যাইতেছিলেন মানব নিলিপ্তের মতো কহিল—তা পণ তো সে চাইবেই।

কণাটা মানব সমাজতত্ত্বের একটা স্বতঃসিদ্ধ স্থ্র ধরিয়াই বলিয়া ফেলিয়াছে, কিন্তু দরজার অন্তরালে দাঁড়াইয়া এই কথা শুনিয়া আশার মুখ-চোখ নিদারুণ অপমানে জালা করিয়া উঠিল। সে ভাবিল মানব বুঝি তাহারই রূপহীনতার প্রতি কঠিন শ্লেষ করিয়া এমন নির্ভূর কথা উচ্চারণ করিয়াছে। কিন্তু সত্য কথা বলিতে কি, মানবের তাহাতে কিছু যায় আসে না। এই তাহার দৃঢ় বিশ্বাস যে যতোদিন পর্যন্ত নর-নারী স্বেচ্ছায় ও আত্মপ্রেরণায় না মিলিত হইবে ততোদিন এই পণপ্রথাকে কিছুতেই দৃর করা যাইবে না। একমাত্র প্রেমই পণ্য নয়।

মা'র পাংশুমুখের রুক্ষ রেখাগুলি একটু কোমল হইয়া আসিল। তিনি কহিলেন—অতো টাকা কোথা থেকে দিই বলো । টাকার জ্বস্তেই তো দিন পিছিয়ে যাছে !

এতোটুকু দিখা নাই, না বা এতোটুকু লজ্জা—মানব উচ্ছৃসিত হইয়া কহিল—স্থীর আমাকে এতোদিন এ-কণা বলেনি কেন ? কভো আগেই তাহলে আমি দিয়ে দিতে পারতাম। পাত্র হাতে এসে পড়লে কি আর ছেড়ে দিতে আছে ? ওদের সময় দিতে গেলেই তথন আবার ওরা নানান রকম খুঁৎ বার করে বসবে। তা, কতো টাকা আপনাদের এখন চাই ?

আহলাদে মা'র সারা দেহ ধেন কেমন করিয়া উঠিল; এই ঘর-ছ্রার বিছানা-বালিশ কিছুই যেন আর ওাঁহার আয়ত্তের মধ্যে রহিল না। নিপালক চোঝে মানবের মুখের দিকে চাহিয়া থাকিয়া তিনি কহিলেন—সব শুদ্ধু টোকা তো লাগবেই, বাবা। তুমিই কি সব দিতে পারবে ? মানব চাপা ঠোঁটে সামাভ একটু হাসিয়া কহিল—কেন পারবো না ? ছেশো টাকা তো মাত্র টাকা! হাতে যখন আছেই তখন পরের একটা উপকারেই না হয় ব্যয় করে যাই। কী যায় আসে।

এ কী দয়া না উপেক্ষা, উপকার না ঔদ্ধত্য—বাহিরে দাঁড়াইয়া আশা ধর-ধর করিয়া কাঁপিতে লাগিল। দরজা দিয়া উঁকি মারিয়া দেখিল মা একেবারে মানবের পায়ের কাছ ঘেঁষিয়া বিসয়াছেন, আর মানব পকেট ছইতে ব্যাঙ্কের চেক বই বাহির করিয়া মোটা ফাউণ্টেনপেনএ ভাহাতে দস্তথৎ করিতেছে।

আশা ভিজা-গায়েই ঘরের মধ্যে চুকিয়া পড়িল। সৌজ্জালেশহীন কুক্ষন্ত্বরে কহিল—আপনার বৃষ্টি যে কথন থেমে গেছে তার বৃঝি খেয়াল নেই ? এই বিচ্ছিরি নোংরা ঘরে বঙ্গে অনর্থক সময় নষ্ট করছেন কেন ? একটা ট্যাক্সি ভাকিয়ে আনবো ?

সই-র একটা টান দিবার মূথে মানব পামিয়া পড়িল।

আশার এই মৃতি দেখিয়া মা-ও ভড়কাইয়া গেলেন। চুল ঝুটি করিয়া বাধা, ভিজ্ঞা গামছাটা কোমরে আঁট করিয়া জড়ানো—চোথে যেন ভাঁছার ধাঁধা লাগিয়া গেলো, একবার মনে হইল সামান্ত দোকানির দোকান আলো না করিয়া কোনো হাকিমের পার্শবভিনী হইয়া একঅ মোটর হাঁকাইলে নিতান্ত বেমানান হইত না।

তবু মেরেকে তাঁহার শাসন করিতে হইল। তিনি ব্যস্ত হইয়া কহিলেন-

ভূই কেন তোর কাজ ফেলে এখানে কতৃত্বি করতে এলি ? যা, কাপড়টা ছেডে আয় শিগণির করে।

আশা তবু নড়িল না। কথায় পাঁচ দিয়া কছিল—সময়ের দামও তো ভাঁর কম নয়—

মানব হাসিয়া কহিল—কিন্তু এই মিনিটটির দাম ছশো টাকা। তোমাকে পার করার মাণ্ডল দিয়ে যাচিছ।

আশা সহসা জলিয়া উঠিল। কান ছুইটা লাল করিয়া কহিল—কি ? মা কহিলেন—কী আবার ? তোর এতে মাথা গলাবার কী হয়েছে ? ভুই যা না এখান থেকে।

আশা মাকে নির্ভুর দৃষ্টির আঘাত করিল: এক পা আগাইয়া আসিয়া কহিল – তুমি বুঝি আবার এঁর কাছ থেকে ভিক্ষা চাইছ? এমনি করে কি তুমি দাদার সমস্ত প্রচেষ্টার মহস্তকে থর্ব করবে নাকি ?

মা কহিলেন—তুমি ওর কথায় কান দিয়ো না, মান্ত। লেখাটুকু শেষ করে ফেলো।

মানব আবার কলম তুলিল।

মানবের দিকে ফিরিয়া আশা প্রশ্ন করিল—কী আপনার স্পর্ধা যে এমনি করে সবাইকেআপনি অপমান করতে সাহস পান ? আমরা গরিব হয়েছি বলেই কি আপনার এই অত্যাচার সইতে হবে নাকি ? মা কাতরকঠে শোক করিতে লাগিলেন—তুই একে অত্যাচার বলিস নাকি হতভাগী ? তুমি ওর কথায় কিছু মনে কোরো না বাবা, ছঃখে-তাপে মাধা-মুপ্ত্ কিছু আর ওর ঠিক নেই। তুমি ঐটুকুন লিখে ফেলো। মানব সই করিয়া চেকটা নিতান্ত অবহেলায় আশারই দিকে ছুঁড়িয়া উঠিয়া পড়িল। মাকে লক্ষ্য করিয়া কহিল—দিন-ক্ষণ এবার ঠিক করে ফেলুন। গয়না যা ছ্ব-একখানা লাগবে মাকে বলে আমিই পরে দিয়ে দিতে পারবো। আশা মেঝে থেকে চেকটা কুড়াইয়া লইয়া গজীর হইয়া কহিল—কিছ

আপনার এই দানের মর্যাদা আমরা রাখতে পারলাম না। দরা করে ফিরিয়ে নিয়ে যান।

মা কথা ঘুরাইলেন—সুখীর তোমাকে রাত্রে বাড়িতে গিয়ে পাবে তো ? এতোক্ষণে ও হাঁপ ছেডে বাঁচবে।

পাবে। মানব দরজার কাছেপৌছিবার আগেই আশাপথ আটকাইয়াছে। মানব কহিল—সরো।

- —আপনার এই চেক আপনি ফিরিয়ে নিন।
- —এ কি তোমার আদেশ নাকি ?
- নিশ্চয়ই।
- —কিন্তু এ-চেক তো আমি তোমাকে দিইনি। পড়তে জানো ? দেখ তো কার নাম।
- কিন্তু আমাকে উদ্দেশ করেই তো দিয়েছেন। আমি বেঁচে পাকতে এ-অপমান আমি নিতে পারবো না। নিন ফিরিয়ে।

মা এইবার মেয়ের প্রতি কৃথিয়া আসিলেন—তুই এ-সবের কী বুঝিস লো হতভাগী ? ছাড় দরজা। দিন-দিন যতোই ধিঙ্গি হচ্ছে ততোই ওর বুদ্ধি খুলছে। তুমি ওর কথা গ্রাহের মধ্যেই এনো না, মামু।

মানব মুক্বিয়ানার হাসি হাসিল-না, না, সে আবার একটা কথা! বিষের কথা শুনে স্বাইরই একটু বৃদ্ধি ঘূলোয়।

মা ফের ধমক দিলেন — সরে দাঁডা বলছি।

আশা তবু অধোবদনে দাঁড়াইয়া রহিল। অত্যস্ত নম ও ধীর স্বরে কহিল

—আপনি যান, কিন্তু এই চেক আমি ছি ড়ে ফেলবো।

মা উদ্বাস্ত হইয়া উঠিলেন: ছিঁড়ে ফেলবি কি ? তবে বিয়ে না করে আমাদের মুখ পোড়াবি নাকি ?

আশা কহিল—তার জন্তে একজনের অসংযত ও উদ্ধৃত দান আমি গ্রহণ করতে পারবো না, মা। অমন দৃঢ় সতেজ ও সহজ কঠে মেয়ে তাঁহার কথা কহিতে পারে মা শৃক্তমনেও কথনো তাহা চিন্তা করেননাই; মানবও অবাক হইয়া গেলো। এমন যাহার তেজ সে কিনা অপ্রতিবাদে যাহার-তাহার সঙ্গেই আঁচলের গিঁট বাঁধিয়া বনবাসে বাহির হইয়া পড়িবে।

তাই সে টিপ্পনি কাটিয়া কহিল—কিন্তু চেকটা যদি ছিঁড়ে ফেলো তাহলে এ-যাত্রায় আদর্শ পতিব্রতা হবার স্মুখোগ আর মিলবে না দেখছি।

- -- সে-স্বযোগ আপনার টাকা দিয়ে কিনতে চাই না।
- —কি 🛪 এই টাকারই জন্মে তো সেই স্মযোগ এতোদিন পিছিয়ে ছিলো।
- —তাহলে তা চিরদিনের জন্মেই পিছিয়ে থাক বলিয়া আশা সহসা ক্ষিপ্তের মতো সেই কাগজের ফালিটা টুকরা-টুকরা করিয়া ছিঁড়িয়া ফেলিল।

আর এক মুহূর্তও সে সেখানে দাঁড়াইল না।

ভধু চলিয়া যাইবার সময় তাহার পিঠের উপর চুলের স্তুপ তাঙিয়া কীর্ণ-বিকীর্ণ হইয়া পড়িতেই তাহাকে নিমেবে একটা অপস্রিয়মানা ঝটিকার মতো মনে হইল। অন্ধকারের সে-দীপ্তি মানবের ছুই চকু ঝলসাইয়া দিল।

মা খানিকক্ষণ অভিভূতের মতো দাঁড়াইয়া রহিলেন, এবং অবশেষে মানবক্তেও চলিয়া যাইতে দেখিয়া সেই পরিত্যক্ত কাঁসার বাটিটা তুলিয়া লইয়া কপালে আঘাত করিতে লাগিলেন। হরীতকীবাগান লেইনএ মেরেদের যে হসটেল ছিলো মিলি সেখানে বেড়াইতে আসিয়ছে। পরিয়াছে আগুনের মতো লাল সিল্কের শাড়ি — তাহার গায়ের শামল রঙের সঙ্গে একটা অনির্বচনীয় ছন্দ লাভ করিয়ছে —যেন অপরাক্লে একটি বিষধ ও ক্ষীণান্ধী নদীর জলে স্থান্ত হইতেছে। মোনা লিসার হাসির মতো হুইটি রঙের এই অতীন্দ্রিয় সৌহার্দটুকু যদি কেহ তুলিকায় ধরিয়া রাখিতে পারিত, তাহা হইলে তাহাকে অরসংস্থান করিতে আর দিতীয় ছবি আঁকিতে হইত না।

ভিজ্ঞিটার্স রুম পার হইতেই প্রথমে মিলির সেই মেয়েটির সঙ্গে দেখা হইল যে শেয়ালদা দেউশনের প্ল্যাটফর্মে মানবের প্রথম কল্পনায় সহজ্ঞেই মিলি হইতে পারিত। নাম ভাহার শোভনা। হসটেলের ছাত্রীদের সেই এক রক্ষ কত্রী—ধোপাবাড়িতে শাড়ি-সেমিজ পাঠাইবার তদারক করিতেছে। বিধুর গোধ্লিবেলায় একটি দীর্ঘ রশ্মিরেখার মতো মিলির আবির্ভাবে সমস্ত বাড়ি-বর-দোর সহসা ঝলমল করিয়া উঠিল।

তাহার দিকে চাহিয়া শোভনা বলিল—ঘরে হঠাৎ আগুন লাগলো কোখেকে ?

ধরিত্রী বলিল-ছরে কোথায়, দেখছিল না ওর শরীরে।

নিধ্ম অগ্নিশিখার মতো মিলির দেহ কাঁপিয়া উঠিল। নীচে যতোগুলি মেয়ে ছিলো তাহাদের সঙ্গে পালা দিয়া সিঁডি ভাঙিয়া মিলি উপরে উঠিয়া আসিল; ধরিত্রীর হাত ধরিয়া কহিল—স্তিট্ই ভাই, শ্রীরে আগুল লেগেছে। মিলি এই বোর্ডিঙবাসিনীদের থেকে ভিন্ন কলেজে পড়িত, তাই তাহার সম্বন্ধে সামান্ত কানাঘ্যা ছাড়া তেমন কোনো মারাত্মক থবর তাহারা পায় নাই। তেমন কানাঘ্যা কোন কৈশোরোজীর্ণা বোর্ডিঙ-বাসিনীর সম্বন্ধে না শুনা গিয়াছে! পুরুষের সংস্পর্শ-রূপ অবশুস্তাবী সুর্ঘটনা এড়াইয়া একে-একে এতোগুলি বংসর অতিক্রম করাই তো অস্বাভিক। কিন্তু সেই সংস্পর্শে যে শরীরে আগুন জ্বাগিয়া উঠিবে ও সেই রোমাঞ্চময় দহনামুভূতি যে সমস্ত জীবনে সঞ্চারিত, পরিব্যাপ্ত হইয়া পড়িবে তাহারই চমৎকার অভিজ্ঞতা কয়টা মেয়ে লাভ করিয়াছে শুনি ?

তাই মিলির এই একটি সামান্ত কথার শুক পাইয়া সমস্ত মেয়ের মুখ দীপ্ত হইয়া উঠিল। এক নিমেষেই তাহারা বুঝিল এ ঠিক শ্লিপার বা রাউজ্বের প্যাটার্ণের মতো প্রেমের ফ্যাশান নম্ন—এ নিতান্ত একটা সমুজ্বসিত আনন্দের বুধুদ।

সবাই মিলিকে হাঁকিয়া ধরিল। মিলির মনের কাছাকাছি হইবার আশায় উষা কহিল—কে এই আগুন লাগালো ?

- —তোরা সবাই তাকে দেখেছিল।
- —আমরা দেখেছি ? এমন ভাগ্যবান কে ? কোথায় ?
- —শেয়ালদা স্টেশনে— সাত নম্বর প্ল্যাটফর্মে। ভোরবেলায়। ঢাকা মেইল বধন ইন্ করলো। স্থ্ ওঠবার আগে। মানে আকাশে আর আমার মনে একসঙ্গে যখন সূর্য উঠিলো।

ধরিত্রী চিনিয়াছে, বুলা চিনিয়াছে, শোভনাও নিচে থেকে আসিয়া চিনিবে।

আরো একটি মেয়ে হয়তো চিনিল—নাম অণিমা—সাওতালি ঝুমকোর ঝালরগুলি গালের আধখানায় আসিয়া টিক টিক করিতেছে—কহিল—ও ! সেই গুণ্ডাটা ?

এক পশলা হালির শিলাবৃষ্টি হইয়া গেলো।

মিলি কহিল—তোমরা এখন হাস বা তার পর কাঁদ, আমাকে খাওয়াও শিগগির।

শোভনা পিছন-মোড়া নাগরাটাকে চটি-জুতার রূপান্তরিত করিয়াছে, ছই পায়ে তাহাই ফট-ফট করিতে-করিতে উপরে উঠিয়া আগিল।
—শোভা-দি, খাওয়াও আমাকে।

উবা কহিল—ও প্রেমে পড়েছে শোভা-দি, অতএব কিছুকাল ও হাওয়া আর হাবুড়ুবু খাচেছ। এর পর কিছু ক্যাস্টর অয়েল খাইয়ে ওকে ছেড়ে দাও।

শোভনা বয়সে একটু ভারি বলিয়া স্বাই তাহাকে একটু সমিহ করিয়া চলে। সে হুই হাতে ভিড় স্রাইয়া দিয়া কহিল—কী তোরা ফাজলামো করছিস। (মিলির হাত ধরিয়া) আয় মঞ্জ, আমার ঘরে।

দল বাঁধিয়া স্বাই আবার শোভনার ঘর আক্রমণ করিল। নিচু তক্তপোশে, টেবিলের উপর থেকে বই স্রাইয়া, ট্রান্ধ-স্টেকেসের উপর যে যেখানে পারিল বসিয়া পড়িল। খোপাকে কাল আসিতে বলিয়া দেওয়া হইয়াছে। শোভনা মিলির বাঁ হাতখানি নিজের কোলের উপর প্রসারিত করিয়া কহিল—কলেজ ছুটি হচ্ছে কবে ? এখানেই থাকবি, না—

ধরিত্রী ছুই ইাটুর উপর কছুরের ভর রাথিয়া সামনের দিকে ঝুঁকিয়া বিসিয়াছিল, সে তড়াক করিয়া লাফাইয়া উঠিল: এ-সব বাজে কথা কী জিগগেস করছ, শোভা-দি ? বলো, কবে ও পিড়িতে চড়ে মৃতিমানের চারপাশে সাত-পাক ঘুরবে ?

শোভনা মান হাসি হাসিয়া বলিল—এতো দ্র গড়িয়েছে নাকি ? শোভনা সেই জাতের মেয়ে যার মাত্র পালিশই আছে, ধার নাই— আঙুলের নথ থেকে ললাট-ফলক পর্যন্ত পাৎলা আয়নার মতো ঝক ঝক করিতেছে; তার গান্তীর্যটা মেকি—জীবনে কোনোদিন ভাবাকুল

হইতে পারে নাই বলিয়াই তাহার এই সারশৃত্য কঠিনতা। সে নিজেকে সবার থেকে যে একটু দূরে সরাইয়া রাখে সে তার মিখ্যা প্রাধান্তবোধের দোবে। তার ভাবথানা এই : সে ভাবের স্রোতে পডিয়াও শোলার মতো ভাসে, অন্ধের মতো আচ্চর হয় না। অর্থাৎ দেহের সবল স্বাস্থ্যে ও প্রাণের সতেজ প্রাচুর্যে নিজেকে ও বিকীর্ণ করিতে পারে না বলিয়াই বয়োধর্মের এই স্বাভাবিক উচ্ছানের প্রতি উহার কপট বিতৃষ্ণা আছে। ইহাই এক ধরনের অস্বাস্থ্য, এবং এমন অস্কুস্ত মেয়ের সংখ্যা দিন-দিন বাড়িতেছে। মিলি কথা না কহিয়া মূত্র-মূত্র হাসিতেছে দেখিয়া শোভনা কিঞ্চিৎ শাসনের স্থারে কহিল—সত্যিই এতো দুর গড়িয়েছিস নাকি ? মিলি পাঁ ছইটা ঈষৎ ত্বলাইতে-ত্বলাইতে কহিল—আমরা তো আর 'বিবাহের চেম্বে বড়ো'-তে বিশ্বাস করি না। খালি বাবার একটা ফর্মাল মতের অপেকা করছি। খবরটা নিজে গা করে দিতে এলাম। শোভনার মুখ-চোখের এমন একটা ভয়াবহ অবস্থা হইল যেন কি একটা সর্বনাশের খবর শুনিয়াছে। এখনো কি মিলিকে রক্ষা করা যায় না ? অণিমা সামনে সরিয়া আসিয়া কহিল-একেবারে শেষ কথা দিয়ে ফেলেছিস १

মিলি হাসিয়া বলিল—ব্যাকরণ ঠিক করে শুদ্ধ ভাষায় এতে আবার কোনো কথা দিতে হয় নাকি ?

উষা টিপ্লনি কাটিয়া বলিল—এ-ক্ষেত্রে মুখই একমাত্র নীরব, অথচ শরীরের সমস্ত স্বায়ু-শিরা মুখর হয়ে ওঠে।

শোভনা মুখের উপর সেই ক্লব্রিম গান্তীর্ঘের পরদা টানিয়া কছিল—
কথা দিলেই বা কি! ফিরিয়ে নিতে কতোকণ!

মিলি অবাক হইয়া তাহার মুখের দিকে চাহিয়া রহিল। তলাইয়া বুঝিবার সময় তাহার নাই। সে চঞ্চল হইয়া কহিল—এখুনি আবার হয়তো রাস্তায় আমার জত্তে হর্ন বেজে উঠবে। কিছু জিনিসপত্র কিনতে হবে তারপর। বাবার মত নিতে কালই আমরা চিটাগং মেইলে বেরিয়ে পড়বো!

—কাল-ই ? বাবা যে তোর মত দেবেন তুই ঠিক জানিস ?

মিলি মুখ টিপিয়া হাসিল: বাবার অমত করবার কিছুই নেই। আমি তো আর অপাত্ত খুঁজিনি। আর ধদি মত না-ই দেন, সেই তবে আমাদের বাধা। কোনো বাধার বিরুদ্ধে লড়তে না পারলে 'জেষ্ট' থাকে না।

অণিমা এক পাশে এতোক্ষণ চুপ করিয়া বসিয়াছিল। সে নাকটা ঈষৎ একটু কুঞ্চিত করিয়া কহিল—না, অপাত্র আর কিসে! ছ' হাতে টাকা উড়োয়—শুনছি নাকি শিগগিরই বিলেত যাবে—

কথার বন্তায় অণিমার নিশ্বাস রোধ করিয়া মিলি একেবারে উপলিয়া
. উঠিল: এবার আর ওঁর একা বেরুনো হচ্ছে না। আমিও সঙ্গে থাকবো।
আর আমিও সঙ্গে থাকবো বলেই নীল সমুদ্র অতো উত্তাল হয়ে উঠতে
পারবে। ভেনিসে গিয়ে বাসা বেঁধে থাকবো—সেই তো আমাদের
আইডিয়া। চাষ করবো হুজনে।

শোভনার শুকনো ঠোঁটে নিরাভ একটু হাসি ফুটিয়া উঠিল। হাসির অর্থখানা এই: হে বিধাতা, স্বপ্রবিলাসিনীকে ক্ষমা করিয়ো। নির্বোধ বালিকা জানিতেছে না যে ও কি করিতেছে।

অণিমার কথা তথনো শেষ হয় নাই : কিন্তু চরিত্রথানা কি-

প্রেমের ব্যাপারে চরিত্র লইয়া আলোচনাটা অবিবাহিতা মেয়েদের কাছে অত্যস্ত মুখরোচক।

শোভনা আচার্যার মতো মাথা নাড়িয়া কহিল—না, না, সে-কথা কেন ?
—সে-কথা নয়ই বা কেন, শোভা-দি ? অণিমাও অপগতমোহ বিংশশতান্ধীর মেয়ে—প্রেমে অবিশ্বাসী হওয়াই তার ক্যাশান : এখনো
মঞ্জুকে সাবধান করে দেবার সময় আছে।

মিলি থিল-থিল করিয়া হাসিয়া উঠিল: আমাকে সাবধান করবে কি অণু-দি ? আমি কি আর ফিরবো ভেবেছ ? একেবারে ভেনিসে—

অণিমার নাসাকৃঞ্চন অধরে ও চিবৃকে সংক্রামিত হইল: আঁগুরুত্ত ।
পুরুষমামুষকে তো জ্বানিস না। ছুদিন নেড়ে-চেড়ে নর্দমায় ছুঁড়ে ফেলে
দেবে। তথন মুখ দেখাবি কাকে ? মোটর-বাইকের পেছনে বসে হাওয়া
খাচ্ছিস, ভাবছিস একেবারে উড়ে গেলাম ! কয়েকদিন উড়ে পরে দেখি
নিশ্বাসের জন্তে হাওয়া গেছে ফুরিয়ে।

মিলি হাসিয়া কহিল—তখনকার কথা তখন। যাক, ঐ হর্ন বাজলো।
আমি চললাম, শোভা-দি।

হর্ন কোপায় একটা বাজিল বটে, কিন্তু গাড়ি কোনো ত্রারে দাঁড়াইল না।

ফের ঘ্রিয়া দাঁড়াইয়া কহিল—পুরুষের নামে অকারণ ছুর্নাম করা-ই তোমার ব্যবসা, অণ্-দি। দয়া করে চুপ ক্রো, এ-সব কথা আমি শুনতে চাই নে।

শোভনা সেই ঘোলাটে মুখে—মিলির শাড়ির আঁচলটা পাট করিতে করিতে কহিল—চটিস নে। তোর ভালোর জ্বন্তে বলছে। ও-ছেলের বাজারে খুব নাম-ডাক নেই। শেষকালে তোকে নিয়ে একটা কাপ্ত হোক এ আমরা সইতে পারবো না। পুরুষমাত্রেই নিতান্ত 'খ্রালো'—তাই ছদিন রঙিন ফামুস উড়িয়েই নেয় ছুটি। ফামুস যায় ফেটে, চুপসে।

রেলিঙ ধরিয়া নিচে ঝুঁকিয়া পড়িয়া মিলি কছিল—যাক, কিন্তু এখনো আসছে না কি রকম।

व्यापिया हिश्रनि काहिया कहिन-वाद वारम कि ना छाथ।

—কিন্তু আমিও তো যেতে পারি। বলিয়া মিলি সত্য-সত্যই চলিবার জন্ম গা বাড়াইল।

শোভনা কহিল—দাঁড়া। ঠাটা নয়, মিলি। তোর ভালোর জন্মেই

বলছিলাম। একেবারে তলিয়ে না গিয়ে চোখ তুলে চারদিক একবার চেয়ে দেখিল।

মিলি গভীর স্বরে কহিল—বিচার-বিশ্লেষণ করে ভালোবাসতে পারি না। সম্পূর্ণ মামুষকেই নখন গ্রহণ করবো, তখন তার সমস্ত অসম্পূর্ণতাও স্বীকার করে নেব বই কি। তলিয়ে যেতেই আমি চাই—নিঃশেষে নিমগ্র না হতে পারলে আমার স্বস্তি নেই।

—একেবারে কি ঠিক করে ফেলেছিস ?

গাঢ় নিশ্বাস ফেলিয়া মিলি বলিল—সম্পূর্ণ।

—কিন্তু মানব যদি এখন তোকে প্রত্যাখ্যান করে ?

অণিমার চোখে-মুগে এক হিংস্র দীপ্তি ভাসিয়া উঠিল। সেই দৃষ্টিকে
নিস্তাভ করিতে মিলি কহিল—সে স্বাধীনতা তার নিশ্চয় আছে, কিন্তু

গাধ্য হয়তো নেই। তবু যদি সে প্রত্যাখ্যান করে, করবে—আমি
তবু মিধ্যা সন্দেহে বা অবিশ্বাসে এই উন্মাদনাকে মান করে দেব না,
শোভা-দি। তেমন ব্যর্থতা আমাদের জীবনের ঐশ্ব্য ব্যর্থ হ্বার মাঝেও
একটা গভীর আননদ আছে।

শোভনার ঠোঁটের কিনারে আবার সেই কৃষ্ণপক্ষের ডুবস্থ চাঁদের হাসি ভাসিয়া উঠিল, যাহার অর্থ: হে বিধাতা, এই অবোধ অনভিজ্ঞ শিশুকে নয়া করিয়া আঘাত করিয়ো না। মুখ ভারি করিয়া কহিল, কিন্তু তোর বাবাই যেন এ বিয়েতে বাধা দেন—

—তাই আশীর্বাদ করো, শোভা-দি। কঠিন বাধার বিরুদ্ধে যুদ্ধ করে যেন প্রেমকে আরো সহিঞ্ও সবল করে তুলতে পারি। যুদ্ধে যদি হেরেও ঘাই, তবু সে-পরাজয়কে আমি কুঃ করবো না দেখো।

ষণিমার অস্ত্র তখনো ফুরায় নাই। সে কণ্ঠস্বরটাকে বিরুত করিয়া কহিল—দেখিল শেষকালে সূর্পণখা সেজে বসিস নে।

মিলি অচ্ছ হাসিতে মুখ উদ্ভাসিত করিয়া কহিল—তবু মুদ্ধ করবার

রোমাঞ্চ থেকে নিজেকে বঞ্চিত রাথবো না। নিশ্চিস্ত সর্বনাশ জেনেও— যথন একবার পাখা মেলেছি— ঝঁপিয়ে আমি পড়বোই।

আর কি সতর্ক বাণী উচ্চারণ করা যায় শোভনা হয়তো তাহাই ভাবিতে-ছিল, এমন সময় একথালা মিষ্টি লইয়া উবা আসিয়া হাজির।

—আয় শিগগির মিলি, আমাদের ঘরে। কিছু মিটিমুখ করে যা পোড়ারমুখি।

এই বিশ্রী আবহাওয়া থেকে ছাড়া পাইয়া মিলি বাঁচিল। অণু আর শোভনা নীরবে থানিকক্ষণ দাঁড়াইয়া রহিল। তাহাদের পরস্পরের মধ্যে এখন আর কোনো কথা নাই; বিমর্থমুখে চুপ করিয়া দাঁড়াইয়া থাকা ছাড়া কোনো কথা আর থাকিতেও পারে না। কে কাহাকে অন্ধকারে একা ফেলিয়া আগে অন্ধর্ধন করিবে মনে মনে হুইজনে বোধকরি তাহাই ভাবিতেছে।

হিড়-হিড় করিয়া মিলিকে ঘরে টানিয়া আনিয়া বিছানায় বসাইয়া দিয়া উবা কহিল—কতো থেতে পারিদ, খা।

ধরিত্রী আর বুলারও নিমন্ত্রণ হইয়াছে। তাহারও হাত লাগাইল। উষা বলিল—কিন্তু আমাদের মিষ্টিমুখ হচ্ছে কবে ?

—তারিখ এখনো ঠিক হয়নি। কিন্তু তোদের মিষ্টিমুখের আবার তারিখ কি। যে কোনো দিন।

বুলা কহিল—ভেনিসে যাবার আগে দেখা কোরো ভাই।

ভাহার কথা-বলার ধরন দেখিয়া মিলি হাসিয়া গড়াইয়া পড়িল: ভেনিস ততোদিন ভূপঠে অবস্থান করত্তে হয়।

জল খাইতে-খাইতে হঠাৎ ধামিয়া ঢোক নিয়া: ঐ এলো আমার ডাক। আমি এবার চলি।

উষ। মধুর অন্তরক্ষতার অবে কহিল—শোভাদিদের ঐ সব বাজে ক্রায় মন খারাপ করিস নে। পরের নিন্দা করতে পারলেই ওদের হলো। নিচে হর্ন আবার বাজিয়া উঠিল।

র্গিড়ি দিয়া নামিতে-নামিতে মিলি হঠাৎ থামিয়া পড়িল। গলা তুলিয়া অন্ধকারকে উদ্দেশ করিয়া কহিল—চললাম, শোভা-দি। নেমস্তর করলে যেয়া কিছু তোমবা।

অন্ধকার নিরুত্তর।

আরো এক ধাপ নামিয়া: ভীষণ কোনো ব্যর্থতাও যদি জীবনে আসে তার ভয়ে আমি এ-আনন্দকে ত্যাগ করতে পারবো না। অতোটা সঙ্কীর্ণতা আমার সইবে না কথনো।

ধরিত্রী, উষা আর বুলা মিলির পিছে পিছে নামিয়া আসিয়াছে—তাহাকে বিদায় দিবার ছলে একেবারে সামনের রোয়াকটুকুতে। ইচ্ছা, মানবকে একবার দেখিয়া লয়—তাহাদের যে পরিচিতা, তাহার জীবনে এ কোন জ্যোতির্ময় স্থোদয় হইল। আশা, কবে আবার তাহারা মিলির মতো এতোখানি অহংকারে জীবনের ব্যর্থতাকে পরাভূত করিবার প্রতিজ্ঞা করিতে পারিবে।

বারান্দার রেলিঙ ধরিয়া অণু ও শোভনাও কিঞ্চিৎ ঝুঁকিয়া পড়িল। মানবকে ভালো করিয়া দেখা গেলো না।

মোটরটা অনৃশ্য হইলে অণিমা কহিল—এই মেয়েটাও মারা পড়লো। হুর্বল, ভীরুম্বরে শোভনা কহিল—আলোর পোকা!

ষ্টিমারের নাম টাইফুন।

নদীর জ্বল ঝির-ঝির করিয়া কাপিতেছে; রূপোর চুমকি-বসালো সিল্কের শাড়ি রোদে শুকাইতে দেওয়া হইয়াছে—জায়গায়-জায়কায় কুঁচকানো। ফার্স্ট ক্লাশের ডেকএ বেতের গোফায় বিসিয়া মানব সকালবেলাকার খবরের কাগজটা নিয়া নাড়াচাড়া করিতেছিল। মিলি রেলিঙ ধরিয়া দাঁড়াইয়া একটা চাধার ছেলের মাছ-ধরা দেখিতেছে।

यानव कहिल-न्नान करत्र नाख ना।

ষ্টিমারটা আগে ছাড়ুক।

- —এই ছাড়লো বলে। কী খাবে তার পর ? ভাত ?
- —निन्ध्य ।
- —স্থানিকে তাহলে বলি।
- —ব্যন্ত হবার দরকার নেই। এ-দিকে এসো এগিয়ে। দেখ, দেখ, কী স্থন্দর!
 মানব মিলির গা বেঁষিয়া দাঁড়াইল। রোদে হাওয়া একটু তাতিয়া
 উঠিয়াছে: মিলির বেণী-ভেঁড়া কয়েক টুকরা চুল মানবের গালে মৃত্ব-মৃত্ব
 লাগিতেছে। মানব কহিল—কোণায় ?

मिनि किश्न-ठाउमिटक।

— সামি তো দেখছি আমার পাশেই।

মিলি আরো ঘেঁষিয়া আসিল: আমার কিন্ধ ট্রেনের চেয়ে ষ্ট্রিমার বেশি ভালো লোগে। চেউ(দেখলেই মন আমার উপলে উঠে। বেশ একটু ভন্ন-ভয় করে কি না—ভাই। মানব জিজ্ঞাসা করিল—ঐ হান্ধা ডিঙিটা করে নদী পাড়ি দিতে পারো ?

- —পারি, যদি ভূমি সঙ্গে থাকো।
- आि मक्त **पाक**ल आत की এগোবে ?
- যদি ভিঙিটা নেহাৎ ভোবে-ই, তোমাকে আঁকড়ে ধরতে পারবো তো ? জানি তুমি আমাকে নদীতে ফেলে রেখেই পারে উঠবে, তরু— গালে গাল লাগাইয়া মানব কছিল—তোমাকে ফেলে উঠে পড়বো কী করে বুঝলে ? তোমার ওজন কতো ? বলিয়া মিলির কোমরে হাত দিয়া তাহাকে শৃত্যে তুলিয়া তথুনিই নামাইয়া দিয়া কহিল—ফু:! আমার রেইন-কোটটার চেয়ে হাল্লা। আমার মাধার পালকের বালিশ মাত্র। দিবিয় মাধায় করে তুলে আনবো।

এমনি সময় ভোঁ দিয়া দ্দিমার পার হইতে সরিষা আসিতে লাগিল, ক্রমশ ঘূরিয়া গেল—মিলির চোথের সমূথে নৃতন দৃষ্ঠা। তীরে প্রামের ছেলে-মেয়েরা দাঁড়াইয়া আছে, পিছনে পাতার কুটির—ঘন কলাগাছের বেড়ার সীমার ছায়া-নিবিড়। বিধবার সিঁথির মতো শাদা পায়ে-চলা পথ। ঐ বুঝি ঘেঁটু ফুল ফুটিয়া আছে!

মিলি কছিল—তোমার ও-রকম পাতার ঘরে থাকতে ইচ্ছা করে না ? মানব ছাসিয়া কছিল—মনে মনে করে বৈ কি।

- —আমি যদি সঙ্গে পাকি ?
- তুমি থাকবে বলেই তো ত্ব'দিন অন্তর ফিঃপোতে ভিনার খেতে কলকাতার চলে আসি স্টান।
- —না না, একেবারে এখানকার বাসিন্দা হয়ে যাবো। তুমি লাঙল হাতে নিম্নে চাষ করবে, আর আমি কুলো নাচিয়ে ধান ঝাড়বো। তুমি কাঠ ফাড়বে, আর আমি কুড়োব শুকনো পাতা।
- কিছা ঐ নৌকোর থাকতে তোমার আপত্তি হবে ? আমি মাঝি হয়ে ৮(২৬) >>৩

দিন-রাত দাঁড় বাইবো, আর তুমি ছইয়ের ভেতরে বসে রালা করবে। জাল পেতে আমি ধরবো মাছ, তুমি কুটবে কুটনো।

- --রাত্রি বেলা ?
- —পারে কোথায় নৌকো লাগিয়ে জলে পা ড্বিয়ে ছুজনে বদে-বদে গল্প করবো।
- —কিসের গল ?

পেয়েছে বেশ।

- —এই, এখানে আর ভালো লাগে না। নিউ-এপ্পায়ারে নতুন যে রাখ্যান নর্ভকী নাচছে, তা চলো একবার দেখে আসি। মোটর-বাইকে লেইকটা বার-কতক চক্কর মারি। চীনে-হোটেলের হ্যাম কিন্তু অনেক দিন খাইনি। মিলি থিল-থিল করিয়া হাসিয়া উঠিল; কহিল—যাই বলো, তুমি নিতান্ত শহরে। শহর তোমার কাছে মদের মতো।
- আর গ্রাম বুঝি তোমার কাছে পাধরের মাশে মিছরির পানা। ছুদিনেই ঠাণ্ডা। টেম্পারেচার পাঁচানক্রেরেরা নিচে।

মিলি গাঢ় গভীর স্বরে কহিল—যাই বলো, আমি হয়তো কিঞ্চিৎ কবি
হয়ে উঠেছি। পৃথিবীকে স্থন্দর বলে অন্তব করাই তো কবি হওয়া, না ?
—কিন্তু আমরা দে-দেইজ পার হয়ে এসেছি। আমরা পৃথিবীকে স্থন্দরী
বলে অন্তব করি বলেই তাকে জয় করতে চাই। কী বলো ? বলিয়া
মিলিকে সে ধীরে আকর্ষণ করিল।

মিলি সেই স্পর্শের মাঝে নিজেকে ছাড়িয়া দিয়া কহিল—যাই, চুলটা খুলি।
—দেখি আমি তোমার বেণীর বন্ধন মোচন করিতে পারি কি না।
মানবের উৎস্থক হাত হাতের মুঠির মধ্যে টানিয়া নিয়া মিলি
বলিল—আমি চান করতে গেলে তুমি ভাতের কথা বলে দিয়ো। খিদে

তব্ মিলির মৃক্ত হইবার চেষ্টা দেখা যায় না।
কে-একটি তৃতীয়-শ্রেণীর যাত্রী ভূল করিয়া এ দিকে চুকিয়া পড়িয়া১১৪

ছিল; তাহারা প্রথমে টের পায় নাই। পরে সেই বাত্রীটি তাহার বন্ধুদের এই মনোরম দৃশুটি দেখাইবার জ্বন্থ কথন হুয়ারের বাহিরে জড়ো করিয়াছে। অসাবধানে কে-একজ্বন একটা আওয়াজ করিয়া উঠিতেই মিলির প্রথমে নজর পড়িল। অমনি স্বাই চম্প্রট।

মিলি কহিল — না, বেলা বেড়ে চললো। বাধক্ষমে জ্বল আছে তো ?
হাঁটু গাড়িয়া নিচু হইয়া ভেকএর উপর বিসয়া মিলি স্থাটকেস খুলিয়া
কাপড় সেমিজ ব্লাউজ পেটিকোট তোয়ালে তেল সাবান খোলস ইত্যাদি
বাহির করিতে লাগিল। শীর্ণ শুকনো বেণী হুইটা হুই কাঁধের উপর দিয়া
বুকের উপর নামিয়া আসিয়াছে— আঁচলটা এলোমেলো, পায়ের হুমড়ানো
পাতা হুইটি নদীর ফেনার মতো শাদা।

মিলি স্নানের ঘরে প্রাচুর জল লইয়া একটা বড় মাছের মতো খলবল করিতেছে—দ্টিমারের চেউ-ভাঙার শব্দ ভাঙিয়া সেই স্থর জলতরঙ্গের মতো মানবের কানে লাগে।

মিলি বলে: নদীর উপর কি-কি দৃশ্য দেখছ আমাকে বঞ্চিত করে—
শিগণির বলো।

মানব বলে: আমি সম্প্রতি খবরের কাগজের বিজ্ঞাপন পড়ছি। ধরের ভিতর হইতে কথা আসে: বলো কি ? প্রতি মুহূর্তে নদীর নৃতন রূপ—প্রথম-প্রেমে-পড়া কিশোরীর মতো।

— আমি তো দেখছি জল আর জল। মুখে দিলে নোনতা, চোথে অত্যন্ত গোলা। পান করবার যেটুকু, সেটুকু তোমার ঠোঁটে। তুমি নেহাৎ অদৃশু বলেই কথাটা বলতে পারলাম। অপরাধ মার্জনা কোরো। একটুখানি পরে আবার কথা আসে: আমি হলে নদীর বা তীরের এক কণা সৌন্দর্যন্ত হারাতে দিতাম না। এ-জায়গাটা কি খুব ফাঁকা?

—না, এখানে দিব্যি চর জেগেছে—নতুন চর। উড়ি ঘাস; হু চারটে বক র্দেখা যাজে।

- প্রায় কারার স্থরে: বা, স্থামি যে কিছু দেখতে পাছি না।
- —তোমার ঘরে জানলা নেই ?
- —আছে একটা, কিন্তু পাখি-তোলা। এঁটে বসেছে। কী হবে ? ওদের থামতে বলো।
- —মাঝিরা চরে জাল শুকোচ্ছে। হুটো বক এই উড়লো। এথেনে রাজ্যের কচুরি-পানার ভিড়।
- তারপর গ
- —দাড়াও। টিকিট-চেকার এসেছে।
- কভক্ষণ বাদে: গেছে গ
- -- žīi I
- —বাবাঃ, মরেছিলাম আরেকটু হলে।
- <u>— কেন ?</u>
- —কচুরি-পানা দেখতে ভিজে গায়েই বেরিয়ে পড়েছিলাম! বড়ো জোর বেঁচে গেছি।
- —কিন্তু এখনে অনেক জিনিস দেখবার আছে। এই একটু বাদেই মিলিয়ে যাবে। যদি দেখতে চাও তো বেরিয়ে এসো। জীবন ক্ষণস্থায়ী, দৃশ্বপট নিয়ত-পরিবর্তনশীল।
- --কবরেজি ভাষায় কথা কইছ যে। কী এমন দৃশ্য ?
- --একটা কুমীর ভাঙায় উঠে রোদ পোহাচ্ছে।

মিলি হাসিয়া বলে: মিপ্যা কথা।

- —আচ্ছা, বেশ। দেখ, দেখ, কী প্রকাণ্ড হা।
- —জু-তে দেখেছি।
- —এই দেখ একটা হান্ধা ডিঙি স্টিমারের মুখে পড়ে উলটে গেল আর-কি।
- —উলটে যায়নি তো?

- যায়নি বটে, কিন্তু ঢেউর বাড়ি খেয়ে একেবারে নাজেছাল ছয়ে পড়েছে।
- —ও-রকন তো আমাদের নৌকোও একবার হয়েছিলো। গঙ্গায় তোমার মনে নেই ? এ তেমন নতুন কী!
- নানব তবু আশা হারায় না : কিন্তু গাঙ-শালিক তুমি দেখেছ কোপাও ? কাঁক বেঁধে ষ্টিমাঙ্কের রেলিঙে এসে বসেছে।
- —কই দেখি।

মিলি দরজা ঠেলিয়া শুকনো কাপড়ে হাসিতে-হাসিতে বাহির হইয়া আসিল।

—কোথায় গেলো ভোমার গাঙ্-শালিক **?**

মানব হাসিয়া বলিল—তোমাকে বেরিয়ে আসতে দেখে পালিয়ে গেছে।

থাওয়া-দাওয়া শেষ করিয়া ছুইজনে সামনের ডেকএ চেয়ার টানিয়া ধনিয়াছে; হাওয়ার জোয়ারে চুল আঁচল খবরের কাগজ উড়িয়া পড়িতেছে। তৃপ্ত চোখে রৌদ্র-মদির নদীর লাবণ্য দেখিতে-দেখিতে হঠাৎ মিলি কহিল—এসো, খানিকটা ডু-ব্রিজ্ব খেলি।

বেতের একটা টিপন্ন ছইন্নের নাঝে রাখিয়া মানব তাস ডিল করিতে বিসল। তাস না ভূলিয়াই ডাক পড়িল: ফোর নো-ট্রাম্পস্।

মিলি হাসিয়া বলিল—দেউইক রেখে খেলতে হবে।

- যুধিষ্ঠিরের মতো দ্রৌপদীকে পণ রেখে 📍
- त्जोभनीटक निरम्न चामि की कत्रदा ?
- —তবে এই মনি-ব্যাগটা ?
- —ওটা তো ফাঁকা—টাকার পঁ ুটলি তো তোমার বাক্সে।
- —তবে এই আংটিটা ?
- ७ वा व्यक्ति श्रीत वा व

মানব বলিল—তুমি যেমন ভাবে কথা বলছ তাতে মনে হচ্ছে আমি যেন রাশি-রাশি ডাউন দিয়ে বসে আছি। কিন্তু মহারাণী যদি হারেন, তিনি কী দেবেন ?

হাতের তাস গুছাইতে-গুছাইতে মিলি বলিল—মহারাণী হারতে বসেননি।

- किन्त यनिष्टे नमा करत्र शादन, की পा अमा यादत ?
- কী আবার ! ফলের ঝুড়ির ছাড়ানো খোসাগুলি।
- —এ মোটেই সমান-সমান হল না। তুমি তোমার হাতের চুড়িগুলো।
- আর, এই বুঝি সমান ভাগ হল ? তার চেয়ে অন্ত হিগেব করা যাক-এসো!
- —আমারো মাধার এসেছে কিন্তু।

नष्डाय ताक्षा रहेया मिनि विनन-वामाद्या।

কিন্তু পরক্ষণেই হাতের সমস্ত তাস উলটাইয়া দিয়া কহিল—বাবাঃ, এই হাতে ভদ্রলোক খেলতে পারে ? হেরে ভূত হয়ে যেতাম।

মানব তাড়াতাঙি ছুই হাত বাড়াইয়া টিপয়ের বাধা ডিঙাইয়া মিলিকে বুকের মধ্যে টানিয়া নিয়া কহিল—আমার হাতের তাস নিয়ে খেলে জিতেই বা তোমার ভূত হতে বাকি থাকতো কী!

মুখখানি নিজের বাছর মধ্যে লুকাইয়া মিলি মানবকে মৃত্-মৃত্ বাধা দিতে লাগিল। এই মধুর বাধাটুকুর বোধকরি তুলনা নাই! মানব মিলির মাধাটা কাঁধের তলায় ধীরে-ধীরে শোয়াইয়া কানের পিঠের চুলগুলি নিয়া আন্তে-আন্তে আদর করিতে লাগিল।

ভান-হাতের মধ্যমায় কখন মানব তাহার আংটিটি পরাইয়া দিয়াছে।
মিলি হঠাৎ মাথা তুলিয়া কহিল—এখন এক পেয়ালা করে চা খেলে হত।
মানব কহিল—এ নিতাস্তই তোমার কথা পাড়বার ছল মাত্র। বেলা
ছেটোয় তুমি চা খাও।

তুই চোথে টলটলে খুশি নিয়া মিলি কছিল—আজ সব দিক থেকেই चिमम क्रेंट हेल्ह हल्ह। वे वक्षे क्ष्मन वला द्वि। वर्शन ষ্টিমার পামবে। বলিয়া মিলি চেয়ার ছাড়িয়া রেলিঙ ধরিতে ছুটিল। মানব স্মিত হান্তে মিলির এই ক্রত পলায়নটি উপভোগ করিল। অপচ ইচ্ছা করিলে মিলিকে সে বাহুর মধ্যে ধরিয়া রাখিতে পারিত। ইচ্ছা করিয়াই ছাড়িয়া দিয়াছে। ইচ্ছার উপর এই অপ্রতিহত প্রভুত্ব খাটানোর মতো বিলাস আর কী হইতে পারে ! হাতের মুঠোয় বায় করিবার মতো জিনিস পাইলেই মানব তাহা অনায়াসে উড়াইয়া দিয়া বিসিয়াছে—হাতের মুঠাও তাহার কোনোকালে তাই শৃশ্ব থাকে নাই। কিন্তু মিলিকে সে অনন্তকালের জমার ঘরে রাখিয়া দিতে চায়- কোপাও এতটুকু ব্যয়ের ক্ষতি যেন তাহার সহিবে না। কেন-জানি এই কেবল তাহার মনে হন্দ, মিলি তাহার সঞ্চীর্ণ অস্তিত্বটুকু দিয়া মানবের জীবনব্যাপী অবকাশের আকাশ পূর্ণ করিয়া রাখিয়াছে—সে-পূর্ণতাকে সে রূপণের মতো সঞ্চয় করিয়া রাখিবে। মিলির দিকে চাহিয়া তাহার বড মায়া করে —ইন্ছা করে উহাকে কোলে করিয়া জ্বাগিয়া-জ্বাগিয়া ছুংখের রাত সে পোহাইয়া দেয়।

মিলি যেন তেমন বাতি নয় যাহা উস্কাইয়া দিলে বেগে জ্বলিয়া উঠিবে।
মিলি যেন সেই দুরের তারা—সমস্ত রাত্রি ভরিয়া যাহার স্তিমিত ছ্যতি!
মিলি বলিল—এই ফেশনে অনেক লোক উঠবে। ঐ দেথ, জ্বলে নেমে
আঁকসি ভূলে দোতলার প্যানেক্সারদের পেকে ভিক্ষা চাইছে। চলো,
ডেকটা একবার যুরে আসি।

মিলি যেন ছুটির দিনে ছুপুর-বেলায় বাড়িতেই আছে—তাহার তেমনি বেশ। গায়ে সেমিজ—রাউজের ছক না আটকাইয়াই ইস্ত্রি-ভাঙা মচমচে আঁচলটা কাংধর উপর তুলিয়া দিয়াছে; প্রান্তম্ল চাবির গোছার ভার রহিয়াছে বলিয়াই হাওয়ায় যা-হোক খালিত হইতেছে না। চুল্গুলি এলো—তেলে কুচকুচ করিতেছে—পিঠে-বুকে একাকার ছইয়া আছে।
পায়ে অয়েল্-রুবের চটি। মুখে পথ-ভ্রমণের এতটুকু মালিন্ত নাই।
সঞ্জুখের ডেকএ বাহির ছইয়া আসিতেই অগণিত যাত্রীর সমবেত দৃষ্টি
তাহার মুখে পড়িল। অগত্যা আঁচলটা সামলাইয়া মাধার উপর একটা
ঘোমটার মতো করিয়া টানিয়া দেওয়া ছাড়া আর উপায় ছিল না।
মিলি বায়না ধরিল: কিছু পাত-কীর কেনো। চায়ের সঙ্গে খাওয়া যাবে।
মানব ঠাটা করিয়া বলিল—কিছু গরম হুধও কিনে রাখ। হাঁড়ির
চমৎকার গন্ধ বেক্সচ্ছে।

—কলা ? এই অমৃতগাগর কলা ৰুত করে ? মিলি দম্ভরমতো দরদম্ভর শুরু করিয়াছে।

মানব বলিল—আঁচলটা বিছোও দিকি। কিছু চিঁড়েও কিনে নিই। কামিনীভোগ চিঁড়ে।

মিলি মানবের কথায় কান দিবে না। সে পাত-ক্ষীর ও কলা কিনিল। কহিল—ভূমি এথেনে দাঁড়াও, আমি এগুলো রেখে আসি। পরে নিচে নামবো একবার।

এক হাতে কলার কাঁদি ও অন্ত হাতে কলাপাতায় বাঁধা শুকনো ক্ষীর লইয়া মিলি যাত্রীদের প্রদারিত পাদপদ্মের অরণ্য ভেদ করিয়া অন্তর্হিত ইইল। এইবার যথন সে ফিরিয়া আসিল তথন তাহার কেশ-বেশের আশ্চর্য পরিবর্তন ঘটিয়াছে।

বেমজবুত কাঠের সিঁডি দিয়া উঠা-নামা করিতে যাত্রীরা নাকাল হইতেছিল। মানব আর মিলি নিচে নামিয়া আসিল—এঞ্জিনের পাশে। জায়গাটা ভীষণ গরম। ভয়ে মিলির গায়ে ঘাম দিল। তাঁতের মাকুর মতো ছটো বিশাল লোহদণ্ড এমন বেগে ঘ্রিয়া-ঘ্রিয়া ওঠা-নামা করিতেছে—মিলির মনে হইল কখন নির্দিষ্ট পথ হইতে ছিটকাইয়া পড়িয়া তাহাকেই গ্রাস করিয়া ফেলে বুঝি।

মিলি ব্যস্ত হইরা বলিল—লিগণির ওপরে চল। দৈত্যের পাকস্থলী আর দেখতে চাইনে।

জারগাটা জ্বল পড়িয়া পিছল হইয়াছে; তাড়াতাড়ি মিলির হাতটা ধরিয়া ফেলিয়া মানব কহিল—পাকস্থলীর ক্রিয়া ঠিকমতো না চললেই তো মৃত্যু।

- —তবু পাকস্থলীর চেয়ে বাইরের স্বাস্থ্যটাই আমরা কামনা করি। পাকস্থলী নিয়ে মাধা ঘামাই না।
- যেমন তোমার রূপ। যেমন তুমি। কোপায় এমনি কল কজার সোরগোল চলেছে খবর রাখি না। তোমার চোখের অন্তরালে কোন সায়র কি কাজ — জানতে আমার বয়ে গেছে।

উপরে আসিরা হাওয়া পাইয়া মিলি বাঁচিল। থোঁপাটা খুলিয়া পিঠের উপর চুল ছাড়িয়া দিয়া বুকের কাপড় আলগা করিয়া সে গভীর নিশাস ফেলিল। ট্রে সাজাইয়া বয় চা দিয়া গিয়াছে।

গরম চায়ের বাটিতে—হাা, বাটিই বটে—ঠোঁট ভুবাইয়া তক্নি মুথ সরাইয়া আনিয়া মিলি জিভ উলটাইয়া মৃত্-মৃত্ব ঘসিতে-ঘসিতে উপর-ঠোঁটটা ঠাণ্ডা করিয়া কহিল—চাঁদপুর কতোক্ষণে পৌছুব ?

- —রাত সাড়ে-আটটা হবে। স্টিমার কিছু লেইট আছে।
- —বাড়ি পৌছুতে প্রায় ভোর, না ? আমাদের নতুন বাড়িটা কতোদিন আমি দেখিনি। সামনে বিরাট নদী—এখন নাকি শুকিয়ে এসেছে। ধ্-ধ্ নাঠও আমার ভালো লাগে।
- —প্রকাণ্ড কিছু-একটা মৃক্তির চেহারা দেখলে আমিও অত্যম্ভ তৃপ্তি বোধ করি।
- —ওটা আমাদের সাবেক বাড়ি নয়। কয়েক বছর আগে ওর পোজিশান দেখে বাবার ভারি ভালো লাগে। ওটা উনি কিনেছেন। এতোদিন তো ওটা মালি-মজুরের জিন্মাতে থেকে ভেঙে-ধ্বসে একসা হয়ে যাচ্ছিলো।

বাবার শথ হলো ওটাতে উনি কায়েমি হয়ে বসবেন। তাই ওটার গায়ে গুনছি নতুন করে চুন-বালি উঠেছে। বাড়িটা বিশাল—সামনে সমুজের মতো মাঠ।

মানব টোন্টে ছুরি দিয়া মাখন মাখাইতে-মাখাইতে কহিল—বাড়িতে আর কে আছেন ?

—আর, আমার এক বিধবা পিসিমা; গোরাও আছে নিশ্চয়। —কে গোরা ?

এই সব অত্যাবশুকীয় থবর মানব আগে লয় নাই কেন ?

মিলি কলার খোসা ছাড়াইতে-ছাড়াইতে কছিল—পিসিমার ছেলে।
এই বোধহয় নয়ে পড়েছে। পুঁটি-মাছের মতো চঞ্চল। ঐ ছেলেকেই
পেটে নিয়ে পিসিমা বিধবা হন। স্বামী মারা যাবার পর শুন্তরবাড়িতে
ওঁর স্থান হলো না। বাবা-কাকাদের ঐ একটিমাত্র বোন—সবাইর ছোট।
বাবাই তাঁর ছোট বোনকে আগলে ফিরছেন।

কলায় একটা কামড় দিয়া: দেখবে আমার পিসিমাকে। যেমন নিষ্ঠা তেমনি ধৈর্য। পিসিমাকে পেয়ে মায়ের তুঃখ আমি ভূলে আছি।

প্রত্যেকটি শব্দ স্নেহে ভিজাইয়া মানব কহিল—মাকে তোমার মনে পড়ে ?

চিবোনো বন্ধ করিয়া মিলি বলিল—মনে পড়তে পারে না বটে, তরু আমি মনে-মনে মায়ের মুখ রচনা করি। বাবার জীবনে মায়ের যে দীর্ঘ ছায়া পড়েছে তার থেকে আমি তাঁর একটা শাস্ত ও স্থলর পরিচয় পাই।

বেলা এখন পড়িয়া আসিয়াছে, গাছের তলাগুলি মায়ের কোলের মতো ঠাণ্ডা। মানব কহিল—তোমার বাবাকে আমার দেখতে ইচ্ছা করে। মিলির হাসি কোণের সেই উদ্ধৃত দাঁতটি ছুইয়া ধীরে-ধীরে মিলাইয়া আসিল। —ইচ্ছে ত্যে করে, কিন্ধ ব্গলম্ভি দেখে তিনি যদি ঠ্যাঙা নিয়ে তেড়ে আসেন ?

মানব না-হাসিয়া মুখ গন্তীর করিয়া কহিল—না, তিনি উপদ্রবই করতে পারেন না। রাত থাকতে উঠে যিনি সেতার বাজিয়ে উপাসনা করেন, তাঁর মনে নিশ্চয়ই এমনি একটি উদার শান্তি আছে যা আমাদের মিলনের পক্ষে অমুকূল বায়ুসঞ্চার করবে। স্ত্রীর বিরহ যাঁর জীবনে এমন লাবণ্য বিস্তার করেছে তিনি কথনোই স্বয়স্তা মেয়ের বিক্ষদ্ধে দাঁড়াবেন না। চা-টা এইবার ঠাণ্ডা হইয়াছে; নিশ্চিস্ত হইয়া ঠোঁট ডুবাইয়া মিলি কহিল—কিন্ত প্টিয়ারের ঐ পাকস্থলীটা তো দেখলে ? আমি কিন্তু তাতে বেশি জাের দিই না। আমি ভাবছি—

মিলি টোস্টে কামড় দিয়া ঠোঁট ও নাক ঢাকিয়া মানবের দিকে কেমন করিয়া চাহিল।

মানব কহিল—তা ছাড়া কী আবার ভাববার আছে। তোমার বাবার কর্তৃত্ব ছাড়া আর-কিছু আমি মান্তই করবো না। তোমার বাবার বিরুদ্ধে বৃদ্ধ করতে হলে বরং তাতে কিছু শ্রী থাকবে, অন্তে কেউ এতে মাথা গলাতে এলেই তা নিবিবাদে গুঁড়ো হয়ে যাবে। আমি তখন হুঃশাসন। তেমনি করিয়া চাহিয়া মিলি বলিল—কিন্তু তার চেয়েও হুঃসত্ হুংখের কারণ ঘটতে পারে।

মানব প্রথমে কিছুই ভাবিয়া পাইল না; একেবারে যেন জলে পড়িয়া ফ্যাল-ফ্যাল করিয়া চাহিয়া রহিল। পরে কি-একটা কথা ভাবিয়া লইয়া উত্তেজনায় চায়ের তলানিটা ডেকএর উপর ছুঁড়িয়া ফেলিয়া জোর গলায় কহিল—আর কিছুই ঘটতে পারে না।

ভীত, বিমর্থকণ্ঠে মিলি কহিল—তুমি যদি ঐ চায়ের তলানির মতো অমনি আমাকে ছুঁড়ে ফেলে দাও ?

পীড়িতমুখে মানব কহিল—তেমন কোনো হুচনা তুমি দেখেছ নাকি!

মানবের মুখ দেখিয়া মিলির কণ্ঠ হইতে লাগিল। তবু দৃঢ় হুইবার ভান করিয়া বলিল—আমার মাঝে আরুষ্ট হবার কী-বা পাকতে পারে আমি ভেবে পাই নে। বাইরের জৌলুস যে-টুকুন আছে তা মিলিয়ে যেতে কতোক্ষণ!

—তুমি কি খালি বিধাতার স্বষ্ট নাকি—আমার নও ? আমি তো আমার প্রতিমাকে বিদর্জন দেবার জন্মে তৈরি করিনি।

কেছ আর অনেককণ কথা কছিল না। স্থিমার সমানে চলিয়াছে। ত্ইজনের চোখের সামনে দিনের আলো তরল হইয়া আসিতেছে। পাখিদের দল বাঁধিয়া বিদায় নিবার সময় আসিল।

মানবের কাছে মিলি মাত্র সামান্ত নারী নয়—বে-নারীকে এতদিন সে ভাবিত ঝকঝকে গয়ন। আর চকচকে শাড়ি। মিলি তাহার কাছে মৃতিমতী প্রেম—পৃথিবীর আদিম নরের কাছে পরিধিহীন আকাশ। ঐ ভকুর মৃত্রায় দেহটি মানবের কাছে সমুদ্রের মতো পরমতম বিক্ময়। যে নামহীন বিধাতা এতদিন অগোচরে কাল কাটাইতেছিলেন, তিনি সহসা মিলির দেহে বাসা নিলেন। নদীর উপরে এই ঘনায়মান সন্ধ্যা পার হইয়া মানব যেন বছবিস্তীর্ণ পৃথিবী অতিক্রেম করিয়া একা-একা কোথায় যাত্রা করিয়াছে!

মিলির হাতের উপর ধীরে-ধীরে হাত বুলাইতে-বুলাইতে মানব কহিল—
এই সন্ধ্যা হলো। অল্ল-অল্ল মেধ জমেছে। পূবে হাওয়া দিয়েছে। ঝড়
না ওঠে।

মিলি কথা না কহিয়া স্বাক্ষে সন্ধ্যার এই কোমল মুহুর্ভটির খাস অনুভব করিতে লাগিল।

মানব বলিল—সময়টা ভারি ভালো লাগছে। এই ছুর্লভ সোনার সন্ধ্যাটি আমার মনে চিরকাল অক্ষয় হয়ে থাকবে। এমন বিশ্রাম জীবনে আর কোনোদিন পাইনি. মিলি। আবহাওয়াকে সহজ ও সরল করিবার স্থযোগ আসিয়াছে। মিলি কছিল—তুমি যে দেখছি হঠাৎ বুড়িয়ে গেলে। এ কী কথা শুনি আজ 'মন্থরের' মুখে! তুমি বিশ্রামের ভক্ত!

— আমরা আজকের দিনে প্রতিমৃত্বর্তে রোমাঞ্চ চাই বলেই প্রতিমৃত্বর্তে প্রাপ্ত হচ্ছি। বিশ্রামের ক্ষণগুলিকে উপভোগ করার আট ভূলে গেছি বলেই আমরা জ্বগৎ জুড়ে নিরুদ্দেশ গতির ঝড় তুলে দিয়েছি। কিন্তু তোমার কি মনে হয় না যে আজকের দিনে এরোপ্রেনে আাল্পস্ ডিঙিয়েও আমরা গরুর গাড়ির মুগের চেয়ে বেশি ত্ব্থ পাইনি।

মিলি মজা পাইয়া কহিল—তোমার হঠাৎ এই পকাদাত শুরু হলো ?

নানব তন্ময় হইয়া বলিয়া চলিল : যতোই আমরা ছোটার নেশায় ধুমকেত্

সাজি না কেন, আমাদের মন আজা ছলের অন্থবর্তী, মিলি। আমার

কেন-জানি না এখন খালি এই কথাই মনে হচ্ছে, আমাকে হাউই-এর

মতো মঙ্গলগ্রহের দিকে ছুঁড়ে দিলেও এই গা এলিয়ে বলে থাকার চেয়ে

বেশি রোমাঞ্চ আমি পাবো না। পুরাকালে পরীয়া—বেমন ধরো

ড্যাফনে—য়্যাপোলোর ভয়ে কেমন দিশেহারা হয়ে ছুটতো, খবর

রাখো তো ? আমরাও তেমনি ছুটছি—জীবনকে অবসর হতে দেব না
ভেবে। একটু থামতে পারলে হয়তো দেখতাম ড্যাফনের মতো

আমরাও পালিয়ে বেঁচে কখন ফুল হয়ে ফুটে উঠেছি। উদ্ধাম ছোটার

চেয়ে একটি গাঢ়তম মন্থরতম মুহুর্ত ঢের স্থথের।

- আপাততো নয়। মিলি বলিল—বেশ ভালো করেই মেঘ জমছে। ঝড় উঠবে। যা ন্টিমারের নাম! আমার ভয় করছে। যদি ট্রিমার ডুবে যায়।
- —পাগল! এ-জিমারের সারেও খুব ওস্তাদ সারেও। অনেক ঝড়কে সে হালের বাড়ি মেরে তাড়িয়ে দিয়েছে। ওঠ, একটু বেড়াই।
- —চাঁদপুর পৌছুতে আর কতোক্ষণ ? .

ঘড়ির দিকে চাহিয়া: ঘণ্টা দেডেক হয়তো।

—তা হলেই হয়েছে। বাবার মত নেবার আগেই এ-যাত্রা সমাধা হবে। ভগবানে বিশ্বাস কর তো তুমি ? আমার মোটেই আসে না। মানব হাসিয়া উঠিল: ভগবান যে এতে বেরসিক নন সে-বিষয়ে তুমি

निन्दिश्व शादका।

—মরতে আমার পত্যিই গা কাঁটা দিয়ে ওঠে। আমাদের ইটালি যাওয়া বাকি আছে। যাবে তো ?

মানব মিলির কতগুলি চুল মুঠির মধ্যে চাপিয়া ধরিয়া কছিল—মেঘনার ওপরে সামান্ত মেঘ দেখেই তুমি শিউরে উঠছ !

- দাঁড়াও, চুলটা বাঁধি। বাক্সগুলি এলো—গুছোতে হবে না ? হোল্ড ্ অল্টা তখন শুধু-শুধু মেললে। বাঁধো এবার।
- -- এখনো দেরি আছে। দাড়াও, একটা মজা দেখ।

মিলি ফিরিল।

মানব তাসগুলি হাওয়ার মুখে ছুঁড়িয়া দিল। মনে হইল এক ঝাঁক উড়স্ত পাথি।

মুখ টিপিরা মিলি হাসিল। বলিল—তোমার প্রটিল থেকে নোটগুলি বের করে অমনি ছুঁড়ে দি ?

ভারপর বৃষ্টি নামিল। অন্ধকারের ঢেউয়ের উপরে দ্রে-দ্রে ছ্য়েকটি বাতির কণা ছলিতেছে।

মানব কহিল—বুষ্টি দেখে ভয় পাবার কিছু নেই। বুষ্টি না এলে মেঘনা সর্বাঙ্গস্থলরী হতে পারে না। দেখ, কতো দ্র পর্যন্ত সার্চ-লাইট পড়েছে। মিলি আর কথা কয় না। নদীর সীমা আর দেখা যায় না। মনের সঙ্গে মিলিয়া নদীও বুঝি তট হারাইয়াছে।

খুব কাছে মুখ সরাইয়া আনিয়া মানব কছিল—ভয় করছে ?
মিলি আবদারের ছারে ভেঙচাইয়া কছিল—খিদে পাছেছে ? চোখ চুলছে ?
১২৬

দেখ না তোমার ঘড়িটা ? দিনে এতোখানি স্লো যায়—কলকাতার থাকতে সারিয়ে আনোনি কেন ?

কথন আবার দেখিতে-দেখিতে বৃষ্টি পামিয়া গেল। সঙ্গে-সঙ্গেই প্রিমার যেন আনুদেশ বাঁশি বাজাইল।

-এই, এসে গেছে চাঁদপুর!

মানব কহিল-না, এখনো দেরি আছে।

- —ছাই দেরি। শিগগির জিনিস-পত্র গুছিয়ে ফেলো বলছি। সঙ্গে আবার চাল করে এই লাঠিটা এনেছ কেন ?
- বৃষ্টি তাড়াবার জ্বন্স !
- —না, আমাকে তাড়াতে ?

মানব মিলিকে ধরিয়া ফেলিল। বুকের কাছটিতে ঘন করিয়া টানিয়া আনিয়া কি যেন বলিতে গেল, কিন্তু কিছুই বলা হইল না।

মিলি কহিল—থাক,হয়েছে। ছাড়ো। মানব তাহাকে আন্তেছাড়িয়া দিল।

নোরাখালিতে ট্রেন আসিয়া দাঁড়াইল—তথনো বেশ অন্ধকার আছে। গাড়ি দাঁড়াইতেই বুড়া চাকর ভীম প্রত্যেকটি কামরার জানলায় মুখ বাড়াইয়া মিলিকে খুঁজিয়া ফিরিতে লাগিল।

মিলি তথনো ঘুমাইতেছে; তাহার গায়ে ঠেলা মারিয়া মানব কহিল—
গাড়ি এইখেনেই খতম। নামতে হবে না ় ওঠ, পাততাড়ি গুটোও।
দেখি, তোমাকে নিতে কেউ এলো কিনা।

জানলা তুলিয়া মানব মুখ বাড়াইল।

— তুমি এ-দেশের কাকে চিনবে ? বলিয়া মিলি মানবের পাশে মুখ বাড়াইল। তারপরে ঈষৎ গাল ফিরাইয়া: আমাদের কেউ এখন একটা ন্যাপ নেয় না ? ঠিক টুরিস্টের মতো লাগছে।

ভীম নিরাশ হইয়া লঠন হাতে করিয়া ফিরিয়া যাইতেছিল ; মিলি গাড়ি

হইতে নামিয়া আসিয়া কছিল—এ কেমন ধারা হলো ? বাবা কাউকেও পাঠালেন না ?

মানব কুলির মাধায় স্থাটকেস ছুইটা চাপাইয়া দিতে-দিতে কহিল—পা দিতে-না-দিতেই অভ্যর্থনার চমৎকার আভাস পাচছ। আমি সঙ্গে আসছি এ-কথা শথ করে লিখতে গেলে কেন ?

চারিদিকে চাহিতে-চাহিতে মিলি বলিল—এ ককখনো হতে পারে না। বাবা অন্তত গাড়ি পাঠিয়ে দিয়েছেন।

— এখুনিই গিয়ে লাভ নেই। অস্তত ভোর হলে ব্যাপারটা পরিষ্কার করে বুঝিয়ে বলতে পারবে। সভা ঘুম থেকে উঠেছেন, এখন ওঁকে বিরক্ত করাটা ঠিক হবে না বরং ওয়েটিং-কমে—ইজিচেয়ার আছে তো ?—য়েরাখো স্টেশন। এ কোন ভূতের দেশে নিয়ে এলে ? বরং চলো ওয়েটিং-ক্মে—মশার সঙ্গে-সঙ্গে আমরাও খানিকক্ষণ গুঞ্জন করি।

কুলিকে উদ্দেশ করিয়া মিলি কহিল—ফেশনে গাড়ি আছে রে ? একটা গাড়োয়ানই যাত্রী পাকড়াইতে এ দিকে আগিতেছে দেখা গেল। তাহার হাতে চাবুক—অর্থাং মেহেদি গাছের লিকলিকে একটা

ভাল; কিন্তু কুলি বলিল, ও হাকায় গরুর গাড়ি, বারুদের নেহাৎই তুরদৃষ্ট।

মানব উৎফুল হইরা বলিল—আপ-টু-ডেইট হও, মিলি। গরুর গাড়িই সই। বিছানা বিছিয়ে একটু ঘুমোনোও যাবে, আর বাড়ি যেতে-যেতে ফুলা। এক টিলে ছুই পাঝি।

অগত্যা মিলি গরুর গাড়ির গাড়োয়ানকেই ডাকিয়া জিজ্ঞানা করিল
— ছীরালাল বাবুর বাড়ি চেন ?

এতক্ষণে বুঝি ভীমচক্ষের ছঁ দ হইল। সে এতক্ষণ লঠন উঁচাইয়া মিলিকেই দেখিতেছিল—তাহার দিদিমণি যে রাতারাতি মেমসাহেব হইয়া উঠিয়াছে বুড়া চকু কচলাইয়াও তাহা বিখাস করিতে পারে নাই। তাহা ছাড়া সঙ্গে এ কোন নবাবজালা আসিয়াছেন, দিলিমণি স্বচ্ছন্দে তাঁহার হাতে একটা বাটকা টান মারিয়া কহিল—চলো গরুর গাড়িতেই। কর্তার নাম শুনিয়া ভীমের সন্দেহ ঘুচিল। আগাইয়া আসিয়া কহিল— আমিই তো এসেছি।

—এতোক্ষণ ঘুমুচ্ছিলে বুঝি ? মিলির মুখ খুশিতে ভরিয়া উঠিল: বাচলাম। আরো আগে আগতে পারো নি ?

—কতো আগেই তো এগেছিলাম। কিন্তু আপনি যে ফাফো কেলাসে আছেন তা কে জানতো। সোভান মিঞা গাড়ি নিয়ে বসে আছে। মানব তথনো গরুর গাড়িতে উঠিবারই সরঞ্জাম করিতেছিল। তাহাকে ডাকিয়া মিলি বলিল—লোক পেয়েছি। চলে এসো। গাড়ির আর দরকার নেই।

মানব কয়েক পা ফিরিয়া আসিয়া কহিল—এ তো গাড়ি নয়, রথ। চলো, একশো বছর আগে পিছিয়ে যাই একটু। সেই তো আধুনিক হওয়া।

- —কিন্তু বাবা যে গাড়ি পাঠিয়ে দিয়েছেন।
- ঐ গাড়ি চড়ে মাল-পত্র নিয়ে তোমার লোক আগে বেরিয়ে যাক, আমরা পরে যাচ্ছি। নদীতে চোখের সামনে সন্ধ্যা দেখেছিলে, এবার দেখবে ভোর।

প্রস্তাবটায় নবীনতার উন্মাদনা আছে বটে, কিন্তু বাবাকে যত তাড়াতাড়ি পারে দেখিবার জন্ত মিলির চোথের দৃষ্টি এখন ব্যাকুল, উধাও। সে কহিল—না। বাবা গাড়ি পাঠিয়ে, দিয়েছেন, সেই গাড়িতেই যাবো। গরুর গাড়িতে ধুঁকতে ধুঁকতে আমি যেতে পারবো না। গিঁটে-গিঁটে ব্যধাধরে যাক! চলে এসো। মালগুলি ভূলে ফেলো, ভীম।

মিলি তাহার চেনা মাটিতে পা দিয়াছে—তাই তাহার কথায় আদেশের গামান্ত একটু তেজ আছে। মানবের প্রভুত্ববোধে অলক্ষিতে যেন একটু ঘা লাগিল। একবার বলিতে ইচ্ছা হইল: তোমরা যাও, আমি আসছি পিছে। কিন্তু বিছানা পাতিয়া মিলি আসিয়া পাশে না`বসিলে এই অভিনব অভিযানের অর্থ কী ! কথাটা বলিলে নেহাৎই একটা থেলো অভিযানের মতো শোনাইবে। অথচ এতো সহজে হারিতে তাহার ইচ্ছা হইল না।

প্রথম দেখাতে মানবের প্রতি ভীমের মন ভক্তি-গদগদ হইয়া উঠে নাই—ঐ লোকটিই তাহার দিদিমণিকে আড়াল করিয়া রাখিয়াছিল। ফান্টো কেলাসে আসিয়া এখন কি-না গরুর গাড়িতে চড়িবে! নিমন্বরে কহিল—সঙ্গে উনি কে, দিদিমণি?

मानव कहिल--- नम्रा करत नाना वर्ण পরিচয় দিয়ো না।

মিলি গায়ের উপর আঁচলটা ঘন করিয়া টানিয়া কহিল—শীত পডে গেছে দেখছি এখানে। মাল উঠেছে সব ? আর মায়া বাড়িয়ে কী হবে ? চলো।

পরিচয় দিবার কুঠাটুকু ভীমের কেমন অভুত ঠেকিল। লঠনটা সে
নিভাইয়া দিয়া কহিল—সব শুদ্ধু সাতটা উঠেছে। আর কিছু নেই তো ?
চলিতে-চলিতে হঠাৎ ঘূরিয়া দাঁড়াইয়া মিলি কহিল—আমার আংটি!
আংটিটা কোধায় পড়ে গেছে।

- —কিসের আংটি ?
- সেই যে তুমি ষ্টিমারে পরিয়ে দিয়েছিলে। এই আঙুলটাতে।
- —পড়ে গেছে ?

্মানবের মুখ বিবর্ণ হইয়া উঠিল। সেই বিবর্ণতা ধরা পড়িল তাহার কণ্ঠস্বরে।

্ধমিলি কহিল—লঠনটা ফের জালাও, ভীম। দেখি গাড়িতে কোধাও পড়েছে নাকি। তথনই ভেবেছিলাম বুড়ো আঙুল ছাড়া ও-আংটি কোধাও বসবে না। যে মোটা-মোটা আঙুল। কেন যে সথ করে পরিয়ে দিভে গেলে! লর্গন লইয়া গাড়ির আনাচ-কানাচ তন্ন-তন্ন করিয়া থোঁজা হইল।
ঐ দিকে আবার সোভান মিঞা হাঁক পাড়িতেছে।

— দাঁড়াতে বলো না একটু। কারুরই যেন তর সয়না। কেন যে সথ করে আংটি পরিয়ে দেওয়া ! গেলো হারিয়ে।

ফিরিয়া আসিয়া মান-মুখে মিলি কহিল—পাওয়া গেলো না।

—আমি তা জানতাম।

রিক্ত আঙুলটাতে ডান-হাতের আঙুল বুলাইতে-বুলাইতে মিলি কহিল

কত দাম আংটিটার ?

ততোধিক ঔদাসীতো মানব বলিল—যৎসামান্ত। টাকা ষাট হবে। স্বস্তির নিশ্বাস ফেলিয়া মিলি কছিল—মোটে ? অমন কতো ষাট টাকা তুমি জলে ফেলে দিয়েছো।

—অনেক।

ছুইজনে ঘোড়ার গাড়িতে গিয়া উঠিল। মিলি বসিল মানবের মুখোমুখি গিটটাতে।

কাদার রাস্তায় গাডির চাকা বসিয়া যাইতেছে—ঘোড়া ছুইটার পিঠে চাবুক মারিবার জায়গা না-ই বা থাকিল; তবুও গাড়োয়ান রেহাই দিতেছে না। রাত্রে বৃষ্টি হইয়া গিয়াছে বলিয়া ব্যাঙেরা চারদিক থেকে মহা সোরগোল শুরু করিয়াছে—রাস্তার পরে করবী-গাছের ঝোপে অসংখ্য জোনাকি। ঝিঁ-ঝিঁর আওয়াজে কানে তালা লাগে। কেছ কোনোই কথা কয় না—গাড়ির খোলা দরজা দিয়া ভিজা অদ্ধকারে অসপষ্ট গাছ-পালার দিকে তাকাইয়া আছে।

কতো দূর আসিতেই একটা পাঁউকটির দোকানে কুপি জলিতে দেখা, গেল।

এইবার মিলি কথা কহিতে পারিবে। মানব কতক্ষণ চুপ করিয়া থাকিতে পারে সে অস্থির হইয়া তাহাই এতোকণ পরীক্ষা করিতেছিল। তাড়াতাড়ি সে সামনের সিট ছাড়িয়া মানবের পাশে প্রায় তাহার কোলের উপরই বসিয়া পড়িল। স্নিগ্ধকণ্ঠে কহিল্প আংটিটা হারিয়ে ফেলেছি বলে তোমার লাগছে ?

তেমনি উদাসীন হইয়া বাহিরের দিকে চাহিয়া থাকিয়া মানব কহিল—না, কী বা ওটার দাম! অমনি কতো টাকা আমি জলে ফেলেছি।

মিলি বিমর্থ হইয়া কহিল—আমাকে কি শকুস্তলার মতো আংটি দেখিয়ে পরিচয় দিতে হবে নাকি যে ওটার শোকে মুখ গোমড়া করে বদে পাকবো?

- —মুখ গোমড়া করে কে বসে আছে ?
- —তৃমি। আমার চেয়ে তোমার ঐ আংটিটাই বড়ো হল নাকি ? কোলের উপর মিলি মানবের বা-হাতখানি টানিয়া লইল।

হাতের স্পর্শটি শিথিল হইয়া আসিতেছিল। মানব তাড়াতাড়ি মিলির অভিমানী হাতথানা হুই হাতের মধ্যে নিবিড় করিয়া ধরিয়া তক্ত হইয়া রহিল।

পথ আর ফুরায় না। কোথা দিয়া যে কোথায় নিয়া চলিয়াছে দিশা পাওয়া ভার। অন্ধকারে সমস্ত কিছু ঝাপসা।

একটা বাঁক নিতেই হু-ছু করিয়া হাওয়া ঢেউর মতো তাহাদের ডুবাইয়া ফেলিল। সামনেটা হঠাৎ যেন প্রকাণ্ড একটা আকাশ হইয়া গিয়াছে। কোথাও এতটুকু গাছ-পালার চিষ্ণ নাই—একেবারে ফাঁকা।

ष्ट्रेष्ट्रत हार्थाहाथि इंट्रेन।

মানব কহিল—এই বুঝি নদী ?

মিলি কহিল—চর। জলের আর চিহ্ন নেই। নদী এখন বাঁয়ে বেঁকে গেছে। জোয়ারের সময় ঝির-ঝির করে জল আসে শুনেছি। পায়ের পাতা ভোবে মাত্র। ছুয়েকটি নতুন ঘর উঠেছে দেখছি। শুকনো নদীর সঙ্গে-সঙ্গে কি-একটা বিশ্বত ব্যধার স্থ্র মানবকে ঘিরিয়া ধরিল। কিন্তু স্পষ্ট কর্মিয়া ভাবিবার তাহার অবসর নাই। সহসা তাহার গায়ে ঠেলা মারিয়া মিলি কহিল—এ, ঐ আমাদের বাড়ি দেখা ঘাচ্ছে। আমি ও-বাড়িতে একবার মাত্র এসেছিলাম খ্ব ছেলে-বেলায়। কি প্রকাণ্ড একেকটা কোঠা, আমরা দস্তরমতো লুকোচুরি খেলতে পারবো। দেখতে পাচ্ছ ৪

খননিবিষ্ট কতোগুলি গাছের ফাঁকে আবছা করিয়া বাড়ি একটা দেখা যায় বটে। কিন্তু কোধা দিয়া যে সে কোধায় চলিয়াছে মানব কিছুই আয়ন্ত করিতে পারিল না।

শেষকালে গাড়িটা বাড়িরই সিংহ-দরজায় আসিয়া থামিল।

অন্ধকারে মনে হয় যেন রূপ-কথার বিশাল রহস্তপুরী। গাড়ি হইতে
নামিয়া মানব একদৃষ্টে বাড়িটার দিকে চাহিয়া রহিল। রাত পাকিতে
এমন সময় কোনোদিন সে বিছানা ছাডিয়া আকাশের নিচে দাঁড়ায় নাই
—তাই যেন সে কিছুই ধারণা করিতে পারিল না। শুধু একটা অকারণ
বেদনা তাহার মনকে ক্লাস্ত করিয়া তুলিয়াছে।

সামনের কম্পাউত্তে হীরালালবাবু চটি-পায়ে পাইচারি করিতেছিলেন।
মিলি আসিয়া পায়ের উপর গড হইতেই হীরালালবাবু তাহাকে বুকে
টানিয়া লইলেন। পিঠে হাত বুলাইতে-বুলাইতে কহিলেন—রাস্তায়
কোনো কষ্ট হয় নি ?

—বিকেলে আকাশে ভীষণ মেঘ করেছিল। ভাবলাম হল বুঝি কাও।
পিসিমা কোপায় ? এখেনে কৰে বাগান করলে, বাবা ?

দেখাদেখি মানবকেও প্রণাম করিতে হইল।

হীরালালবাবু তাহার মাধায় আশীর্বাদ-হস্ত রাথিয়া কহিলেন—একেবারে ভেতরে চলে যাও। সোজা শুয়ে পড়ো গিয়ে। তোমাদের জন্মে বিছানা তৈরি। ঘর দেখিয়ে দে, ভীম। এক ফোঁটাও যে ঘুমুতে পারোনি মুখের চেহারা দেখেই বুঝতে পারছি। এখনো দিব্যি রাত আছে—বেশ একটু গডিয়ে নিতে পারবে।

মিলি কহিল—আমরা এখন চা খাবো, বাবা।

- —বিছানায় বসে বসেই খাবেখন। নিক্ন সব ঠিকঠাক করে রেখেছে। বাইরে দাঁড়িয়ে থেকে আর হিম লাগিয়ো না। নিয়ে যা, ভীম। আলোটা জলিয়েছিস ১
- —আর তুমি ?
- —আমি আরো একটু বেড়াবো।

ভীম পথ দেখাইয়া নিয়া চলিল।

মিলি মানবের পাশে আসিয়া কহিল—কেমন লাগছে গ

মানবের প্রেতাত্মা যেন উত্তর দিল: ঠিক কিছু বুঝতে পারছি না।

বারান্দা পার হইয়া ভিতরের দালানে পা দিতেই দেখা গেল পিসিমা

কাঠের একটা বড়ো টেবিলের উপর স্টোভ ধরাইয়াছেন। পিছনে পায়ের

শব্দ শুনিতেই খুশিতে উজ্জ্বল হইয়া তিনি ঘুরিয়া দাঁড়াইলেন। মিলি

প্রণাম করিয়া কহিল—তুমি এতো সকালেই উঠেছ ? বাবাকে লুকিয়ে

ছ্-পেয়ালা চা চট করে দিতে পারবে আমাদের ?

মানব যন্ত্রচালিতের নতো প্রণাম করিয়া উঠিল।

পিসিমা হাসিয়া কহিলেন—ভীম এখন গিয়ে গরু বের করবে। টাটকা ছুধে তবে চা হবে। ভোমরা ততোক্ষণ গড়িয়ে নাও একটু। এই হল বলে।

— এक हूँ द পেলেই বা भन्म হতো की। की वला ?

মানব কিছুই বলিতে পারিল না। শৃত্যদৃষ্টিতে কোন দিকে যেন চাহিযা আছে।

মানবের কাছ থেকে সাড়া না পাইয়া মিলি কহিল—গোরা ঘুমিয়ে আছে বুঝি ? ওর জন্মে এয়ার-গান এনেছি একটা। খবরটা ওকে দিয়ে আসি।

স্টোভের উপর কেটলি চাপাইয়া পিসিমা কছিলেন—খবর পেলে তোকে আর ও ভতে দেবে না। কেরোসিন কাঠের বাল্লে প্রকাণ্ড এক মিউজিয়ম বানিয়েছে, তাই নিয়ে এখুনি হ্লুছ্ল বাধাবে। আরেকটু সবুর কর। ভোর হৈছে।

মিলি একটা চেয়ারে বসিয়া জ্তার স্ট্র্যাপ খুলিতে-খুলিতে কহিল—
আমার কোন ঘর

 কোণেরটা

 উর

প্রত্নতাত্ত্বিকের মতো হক্ষ দৃষ্টিতে মানব ঘরের দেয়াল পর্যবেক্ষণ করিতেছে।

—ভীম দেখিয়ে দেবেখন। কোপায় গেলও ? ভূমি এসো আমার সঙ্গে। এই দিকে।

মানবকে বলিয়া দিতে হইবে না।

বাহির হইতে দরজা ভেজাইয়া পিসিমা অদুগু হইলেন।

প্রকাণ্ড ঘর— মধ্যখানে প্রিঙের খাট পাতা। বলক-দেওয়া ছুধের মতো ধবধৰে বিছানা—শিয়রে ছোট একটা টিপয়ের উপর বাতির একটা স্ট্যাণ্ড। বাতিটা সচ্চোজাত শিশুর চোখের মতো মিটমিট করিতেছে। নৃতন চুনকামে দেয়ালগুলি অতিমাত্রায় পরিচ্ছন্ন—হাত ঠেকাইলেই যেন শিহরিয়া উঠিবে।

খবের মধ্যে আসিয়া সে বিমৃঢ়ের মতো দাঁড়াইয়া পড়িল। আর এক পা-ও চলিবার তাহার ক্ষমতা নাই। সে শুইবে, না বাতিটা জাের করিয়া নিভাইয়া দিবে, না, দরজা ঠেলিয়া উর্ধেখাসে ছুটয়া বাহির হইয়া যাইবে—কিছুই ঠিক করিতে পারিল না। হঠাৎ নজরে পড়িল ও পাশের জানালা একটা খােলা—অন্ধকার ফিকে হইয়া আসিতেছে। বাহিরের আলাে সে সহু করিতে পারিবে না—খেয়াল হইল জানালাটা বন্ধ করিতে হইবে। কিন্তু জানালা বন্ধ করিতে আগাইতে তাহার সাহস হয় না। ভয় করে। স্পাষ্ট মনে হয় কে যেন জানালার বাহিরে তাহার জন্তু দাঁড়াইয়া আছে। স্পাষ্ট। তাড়াতাড়ি সে দেয়ালের কাছে সরিয়া আসিল। দেয়ালটা ঠাণ্ডা। কাহার চোখের জল দিয়া তৈরি। উঃ, কী হাণ্ডয়া। ইয়া সতিয়ই তাে, কে যেন কাঁদিতেছে।

ছুই হাতে মুখ ঢাকিরা মানব বিছানার উপর লুটাইরা পড়িল। বালিশে মুখ ডুবাইরা উপুড় হইরা শুইরা তাহার চোথের দৃষ্টি অন্ধ করিরা ফেলিল। মনে হইল মৃত্যুবিবর্ণ চোথে শিররের বাতিটা তাহাকে লক্ষ্য করিয়া ব্যঙ্গ করিতেছে। হাত তৃলিয়া বাতিটা নিভাইতে যাইতেই ধাকা লাগিয়া মেঝেতে পড়িয়া দেটা চুরমার হইয়া গেল।

ঘরের ভিতর কে যেন ঢুকিয়াছে।

বালিশে মুখ ডুবাইয়াই কৃদ্ধ ভীত স্ববে মানব প্রায় চেঁচাইয়া উঠিল: কে ?

— আমি পিসিমা। বাতিটা পড়ে ভেঙে গেল বুঝি ?

মানব আশ্বন্ত হইল।

—তা যাক। তুমি খুমোও। আমি ঝাঁটা এনে কাঁচগুলি জড়ো করে রাখছি। না, না, তোমার উঠতে হবে না।

পিদিমা চলিয়া গেলে মানবের আবার ভয় করিতে লাগিল। বালিশ হইতে কিছুতেই দে মুখ ভুলিতে পারিল না।

একমনে মারের মুখ স্বরণ করিতে-করিতে আন্তে-আন্তে শরীরের কঠিনতা শিথিল হইয়া আদিল। পিসিমাকে আগেই বলিয়াছিল— জানালাটা বন্ধ করে দিন। হাওয়া তো নয়, তুফান। বাহিরে কোধায় ভোর হইতেছে জানিয়া কাজ নাই। মানব যেন নিমেষে পূর্বজন্মলোকের অন্ধারে অবতীর্ণ হইয়াছে।

মিলি একটুখানি শুইতে-না-শুইতেই উঠিয়া পড়িয়াছে।

—পিদিমা, চা ?

একমাধা রুক্ষ চুল ও এক-গা এলো শাড়ি লইয়া মিলি দালানে ছুটিয়া আসিল।

পিসিমা কহিলেন—এই তোর ঘুম হল ?

— চা না খেলে কি ঘুম হয় ? দাও শিগণির। এটা শুধু ফাউ হচ্ছে। চান করে এনে রিয়েল চা খাবো।

পিসিমা কাপএ চা ঢালিতে লাগিলেন: মানব এখনো ওঠে নি বুঝি ?

- ওঠাই গিয়ে।
- -- ना, ना, पूत्र्त्छ।

চায়ে চুমুক দিয়াই কাপটা নামাইয়া রাখিয়া মিলি কছিল—যাই, গোরাকে তুলে আনি।

গোরা নিজেই আদিয়া হাজির। লজ্জায় ও খুশিতে লাল হইয়া মিলির ডান-হাতটা ধরিয়া কহিল—আমাকে এতোক্ষণ জ্ঞাগাও নি কেন? ভীমের সঙ্গে স্টেশনে যাবো বললাম, মা কিছুতেই যেতে দিল না। হাতে একটা ঝাঁকুনি দিয়া মিলি কহিল—তোর জ্ঞান্তে একটা জ্ঞানিস

এনেছি, গোরা। কী বল দিকি ? গোরা হাসিয়া বলিল—লঙেক্সএর শিশি নয় তো ? তোমার বেমন বুদ্ধি, হয়তো এক পাত জলছবি, নয় তো একটা হাফ-প্যাণ্ট সেলাই করে

এনেছ।

- —ना (त, इष्ट्रे। এक हो वस्कृ ।
- বন্দৃক ? গোরার চোথ ছুইটা বড়ো ছইয়া উঠিল: সত্যি কি আর! খেলনা, না ?
- —সত্যিকারের বন্দুক দিয়ে তুই কী করবি <u>?</u>
- —বা, আমাদের পুকুর-পারে দস্তরমতো সেদিন নেকড়ে-বাঘ এসেছিল। শেরালগুলো তো উঠোনের ওপর এসেই হল্লা করে। তারপর পাঝি! পাঝির মাংস কোনোদিন থেলাম না, মেজ-দি। যাই হোক, বার করে। শিগগির। শব্দ হবে তো?

গোরা মিলির আঁচল ধরিয়া টানাটানি শুরু করিল।

তাহার মা ধমক দিয়া উঠিলেন: আগে মুখ ধুয়ে আয় বলছি। একবাটি গরম তৃধ থেয়ে তবে কথা। রোজ সকালবেলা তৃংধর বাটি নিয়ে আমাকে জালায়।

—আসছি মুখ ধুয়ে। মোটে তো এক বাটি ছ্ধ। সত্যিকারের বন্দুক পেলে কড়া-শুদ্ধু খেয়ে ফেলতে পারি।

রোদ উঠিয়াছে। হীরালালবাবু বাগান তদারক করিতে বাহির হইয়াছেন।

বাগানের মাণীকে ভাকিয়া কছিলেন—জেলে ডেকে আনো জলদি।
কিছু মাছ ধরাতে হবে। মূগেলের বাচ্চা নিশ্চয়ই এখন বড়ো হয়েছে।
পেপে কিছু পাকলো কি না দেখি গে।

গোরার মিউজিয়ম দেখা সারা হইল। যত রাজ্যের ঝিছুক, কড়ি, শামুক, লাট্টু, ভাঙা কাঁচ, পাঁচ-ফলা ছুরি, শাশান থেকে কুড়াইয়া আনা হাড়ের টুকরো। সমস্ত কিছুর সঙ্গেই গোরা একটা করিয়া গলের লেজ্ড় জুড়িয়াছে—তাহাতে ধেমন কল্পনার বিভীষিকা আছে, তেমনি আছে মজা।

—এই যে ঘোড়ার খুর দেখছ মেজ-দি, এটা হচ্ছে চৈতকের।
প্রতাপাদিত্য যে একসময় ঐ বালির রাস্তা ধরে বেড়াতে এসেছিলেন।
আর এই যে পেতলের আংটিটা দেখছ ওটা সতীর বাঁ-পায়ের কড়ে
আঙ্লে ছিলো। বিষ্ণু যখন তার চক্র দিয়ে সতীকে কেটে ফেললেন,
আংটিটা পড়লো এসে আমাদের কলাবাগানের ঝোপে। ওখানে একটা
মন্দির করা উচিত—

এমনি সব গল।

কে-এক পাড়ার সাধা গোরাকে ডাকিতে আসিয়াছে। পেয়ারা গাছের ডাল কাটিয়া ডাং বানাইতে হইবে। এয়ার-গানটা লইয়া লাফাইতে-লাফাইতে গোরা বাহির হইয়া গেল।

এ কেমন ধারা ঘুম ! অবারিত মাঠের উপর এমন স্থোদয় সে কবে দেখিয়াছে ? রাতের আকাশের তারার মতো কতো পাথির কতো রকম স্বর ! মোটর বাইকের ঝকঝকানি শুনিতে-শুনিতেই তো কান ছুইটা ঝালাপালা ছইয়া গেল। বিশ্রামেও একটা শ্রী থাকা উচিত !

ঘাটলার কাছে হিঞ্চে শাকের ভিড় জ্বিয়াছে। নিচের ধাপে বিসিয়া ছুই পায়ে মিলি ভাহা সরাইয়া দিতে লাগিল। অনেক দিন সে সাঁতার কাটে নাই। সে যে ডুব-সাঁতারে পুকুরটা পার হইয়া যাইতে পারে আর স্বাইর চক্ষু এড়াইয়া মানব তাহা দেখিয়া গেলে পারিত। কিন্তু জলে বেশিক্ষণ থাকিতে তাহার ইচ্ছা হইল না।

বোশক্ষণ থাকিতে তাহার ইচ্ছা হইল না।
দরজা এখনো খোলে নাই। চুল না আঁচড়াইয়াই মেঝের উপর ভিজ্ঞা
পায়ের দাগ ফেলিতে-ফেলিতে মিলি নি:শক্ষে ত্য়ার ঠেলিয়া ভিতরে
প্রবেশ করিল। ক্লান্ত একটা পশুর মতো মানব তখনো ঘূমাইতেছে।
ঘরে এতক্ষণ রোদ আসে নাই বলিয়াই। মিলি জানালা তুইটা খূলিয়া
মানবের দিকে তাকাইল। তবু দে একটু চঞ্চল হইয়া উঠিল না।
মিলি নি:শক্ষে তাহার শিয়রে আসিয়া বিসল। বালিশের উপর রোদের
ও-দিকে মুখ তাহার কাৎ হইয়া আছে — মিলি নিচু হইল — গাঢ়
নিশ্বাসের শক্ষে সে মাঝপথে হঠাং স্তব্ধ হইয়া গেল। ঘূমে মামুনের মুখ
এমন কর্ষণ ও অসহায় দেখায় নাকি ? মানব বোধহয় এখন কোনো
ছংখের স্বপ্ন দেখিতেছে। একান্ত মমতায় মিলি তাহার কপালে হাত
রাখিল।

স্পর্শে জাত্ব আছে। মানব চোথ মেলিয়াছে।

মোমের মতো পরিষ্কার বিছানা—সাবানের মতো নরম। জ্ঞানালার উপরে ঐ বুঝি দেই সিঁত্রে আমগাছটা দেখা যায়—ঝড়ের সন্ধ্যায় যাহার তলায় সে মায়ের সঙ্গে আম কুড়াইয়াছে। সেই বুড়া নারকেল গাছটা বয়দের ভারে বাঁকা হইয়া এখনো বাঁচিয়া আছে। শিয়রে কেবিসাঃ শানয় তো ?

না, মিলি। মা হয় তো কোনো সকালবেলা তাহাকে জ্বাগাইতে আসিয়া এমনি শিয়রে বসিয়া তাহার কপালে হাত বুলাইয়া থাকিবেন। স্পষ্ট তাহার মনে পড়ে না বটে, কিন্তু এমন ঘটনা ঘটে নাই-ই বা কে বলিল ? মানব ধড়মড় করিয়া উঠিয়া পড়িল: অনেক ধেলা হয়ে গেছে যে। মিলি হাসিয়া কহিল—না. তোমার জ্বন্স বসে আছে।

—ত্মিও এতোক্ষণ ঘুম্চিলে নাকি ? আমাকে জাগাতে পারো নি ? ১৪০

—জাগাবো কি ? তোমার স্বাস্থ্যের যে ব্যাঘাত হবে। আমিই বরং গাত-সকালে পুকুরে নেমে স্বাস্থ্যক্ষ করলাম।

মানব বিছানা হইতে এক লাফে নামিয়া পড়িয়া বাহিরে চলিয়া আসিল। সেই! অবিকল! অতীতের শ্বৃতির অন্ধলারে আর তাহাকে হাতড়াইয়া ফিরিতে হইবে না। ভিতরের বারান্দায় কড়িকাঠের ফাঁকে-ফাঁকে খড়কুটা গুঁজিয়া সার বাঁধিয়া সেই চড়ুই-পাথিদের বাসা। অগণিত সন্ততির ভিড়। সব সেই—খালি পেন্সিলের রেখার উপর রঙ বুলানো হইয়াছে। রাল্লাহরের সেই বাঁধানো দাওয়া—ঐখানটার মেঝে খুঁড়িয়া সেমার্বেল-খেলার গাব্দু করিয়াছিল—সেটা এখনো অটুট আছে। ঐ পামটায় ঠেস দিয়া না বিস্লে তাহার খাওয়া হইত না—এই ডালিমগাছটার তলায় সে একবার পড়িয়া গিয়া বিছানায় সাত দিন শুইয়া ছিল। তাহারই মতো কে-একটি ছেলে—এই বোধকরি গোরা—পেয়ারা গাছটায় দোল খাইতেছে। সেই ভেলু কুকুরটা এখন নিশ্চয় আর বাঁচিয়া নাই।

এই বাড়ি হইতেই একদিন সে মায়ের হাত ধরিয়া বাবার সঙ্গে শৃষ্ঠ হাতে বাহির হইয়া পড়িয়াছিল। ঐ সেই রাস্তা—সাদা মাটির রাস্তা— কতোদুর সিয়া নদীর চরের সঙ্গে সমতল হইয়া গিয়াছে।

হীরালাল—হাঁা, তাহার দাড়ি ছিল—নামটা মনে পড়ে বটে। নোরাথালি
—বাঙলার মানচিত্রে নয়, মনেরই কোথায় যেন নামটা লুকাইয়া
ছিল। অথচ ছয়ে মিলিয়া যে এমন চেহারা নিয়া দাড়াইবে কে জানিত।
মিলি ডাকিয়া বলিল—তুমি এখুনি বেরুচ্ছ কি রকম ? চা খাবে না ?
য়ান হাসিয়া মানব কহিল—একটু মনিং-ওয়াক করে আসি।

—না, না, রোদে আর মর্নিং-ওয়াক নয়। কোঁচড় ভরিয়া একগাদা ফুল লইয়া হীরালালবারু পথের মাঝখানে বাধা দিলেন: স্নান করে নাও আগে। এসো। সামনের এক ভদ্রলোককে উদ্দেশ করিয়া বলিলেন— বেটারা মাছ কিছুই পেল না হে বিপিন। ছ-চারটে শোল আর পুঁটি। বাজারটা একবার ঘুরে এসো।

হীরালালবাবুকে দেখিতে প্রায় ঋষির মতো। দাড়িগুলি পাকিয়া বুকের উপর ঝুলিয়া আছে। কণ্ঠস্বরটি অকারণে কোমল! দেখিয়া ভক্তি হইবারই কথা। কিন্তু মানবের মন গোঁ ধরিয়া বাকিয়া বসিল। তাঁহার সঙ্গে একটা সম্বর্ধ তাহাকে বাধাইয়া তুলিতেই হইবে।

ভাই বাড়ির মুখে পা না বাড়াইয়াই সে কহিল—নতুন সহরটা একবার ঘুরে আসি।

—এ আবার সহর! নদীতে কিছু আর এর রেখেছে ? সেই দীঘিই বা কই, সেই সব ঝাউগাছের সারই বা কোথায় ? এসো, এসো, সহর হবেখন।

মানব তবু অবাধ্যতা করিতে চায়।

কিন্তু ছুয়ারের পাশে দাঁড়ানো মিলির ছুইটি চক্ষু তাহাকে বাধা দেয়। কী ভাবিয়া মন তাহার খুশি হুইয়া উঠে।

চা খাইতে-খাইতে মানব মিলিকে বলিল—ভারি স্থলর বাড়ি। আমার এখান থেকে যেতে ইচ্ছে করছে না।

হীরালালবারু কহিলেন—থাকে। না যদ্দিন খুশি। কিন্তু এ-বাড়ির কী চেহারা যে ছিলো আগে! বছ প্রনো আমলের বাড়ি—আমিই কিনে নিয়ে এর ভোল ফিরিয়েছি।

মানবের গা আবার জনিতে থাকে। সে গন্তীর হইয়া কহিল—পুরনো আমলের বাড়িকে পুরনো করেই রাখা উচিত। সংস্কার করে তার মধাদাহানি করা পাপ।

কথায় একটা ক্ষান্তা আছে। কিন্তু বৃদ্ধ প্রসন্ন হাসিতে ললাট ও চোখ উদ্ভাসিত করিয়া বলিলেন—তা হলে এ-বাড়িতে বাস করতাম কি করে ? —বাস করবেন কেন ? বাস করতে কে বলেছে ? মিলি কহিল—সামন্ত একটু বিরক্ত হইয়াই কহিল—পয়সা দিয়ে কিনে তা হলে শুধু-শুধু বাভিটাকে খাড়া করে রাখা হবে ?

—না, না, তা বলছি না। মানব চায়ের কাপএ মুখ ডুবাইল। হীরালালবার হাসিয়া উঠিলেন।

আবার কথা উঠিল কলিকাতার জীবনযাত্রা নিয়া। তাহার কল-কারখানা, কুশ্রিতা-কোলাহল—সব কিছুব উপর হীরালালবাবুর অমাছ্যিক বিরক্তি। মানব জোর গলায় কহিল—সহরে দিবারাত্র যে উদ্দাম শক্তির ঝড় বইছে তা আপনাদের বুড়ো হাড়ে সইবে কেন ? যারা অকর্মণ্য হচ্ছে, তারাই চায় শান্তি।

উত্তর দিল মিলি—স্থরে কোপায় একটি প্রচ্ছন ব্যঙ্গ আছে: এই না স্থিমারে আসতে-আসতে তুমি এরোপ্লেন ছেডে গরুড গাড়ির ভক্ত হয়ে উঠেছিলে। স্টেশনে নেমে বাবা, উনি এক গরুর গাড়ি ঠিক করে বসলেন। নামানো মুস্কিল।

হীরালালবাবু আবার হাসিয়া উঠিলেন।

মানব এই বৃদ্ধের সঙ্গে সভ্যর্থের স্থ্যোগ কামনা করে—মিলির সঙ্গে সে তর্ক করিতে বসে নাই। হীরালালবাবুর মনে কোধায় এতটুকু জ্বালা নাই, স্বভাবে নাই বিন্দুমাত্র অস্থিরতা। সব-কিছুর প্রতি তাঁহার নিরুষেগ প্রশাস্ত দৃষ্টি।

না হইলে—তাহার নেরের সঙ্গে এমন ঘনিষ্ঠ হইরা এত দীর্ঘ পথ সে স্বচ্ছলেদ চলিয়া আসিল, তিনি এতটুকু আপত্তি তুলিলেন না। চাকরকে দিয়া বিছানা পাতাইয়া রাখিলেন। ঘরে আসিয়া পা দিতে-না-দিতেই অভ্যর্থনার ঘটা শুকু হইয়া গেল। তাঁহার মেয়ের এই অস্তরঙ্গতার প্রতি তিনি এতটুকু জ্রুটি করিলেন না।

হীরালালবাবু কহিলেন—বেশ তো, গরুর গাড়ি চড়ে একদিন সোনাপুর বেড়িয়ে এসো। তুইও যাবি নাকি মিলি ? মৃদ্ধ হাসিয়া মিলি কহিল—তার চেয়ে গোরার কাঠের বাক্সের গাড়ি চড়ে গেলেই হয়!

হীরালালবাবুর হাসির বিরাম নাই।

ঘাটের পথটুকু চলিতে-চলিতে মানব কহিল—বিয়ের পর আমরা এ বাডিতে এসে কয়েকদিন থাকবো। কি বলো ?

সর্বাঙ্গ বেষ্টন করিয়া মিলি গভীর স্থখস্বাদ অমুভব করিল। কছিল—কেন ভেনিস গ

—এথানে থেকে-থেকে যথন শ্রাস্ত হয়ে উঠবো তথন। তোমার সঙ্গে-সঙ্গে আমি এ-বাড়িটারো প্রেমে পড়ে গেছি।

মিলি কহিল-চমৎকার বাড়ি।

—স্ত্যি, চমৎকার। তোমার বাবার কাছে ক্**থা**টা **আঞ্চ** রাত্রেই আমি পাডি।

ছুটু হাসিয়া মিলি বলিল—এখানে পাকবার কথা তো ?

—কায়েমি হয়ে থাকবার কথা। কিন্তু এমন হেঁয়ালি করে নয়। সোজা স্পষ্ট কথায়।

—না, না, সে ভারি বিশ্রী হবে। মিলি কছিল—ভূমি অমন ব্যস্ত হয়ে কিছু তাঁকে বলতে যেয়ো না। তাঁকে বুঝতে দাও। তিনি নিজের থেকেই বলবেন একদিন।

মানব আপত্তি করিল: নিজের থেকে বলবার মতো অস্থিফু তিনি হবেনই না কোনোদিন।

মিলি গন্তীর হইয়া কহিল—আমরাও না-হয় একটু সহিষ্ণু হলাম। উপস্থানের প্রথম পরিচ্ছেদটা একটু দীর্ঘ হলে ক্ষতি কি। বাবাকে আরো খানিকটা বুঝতে দিয়ে মত চাইলেই ব্যাপারটায় আর বিক্ষম থাকবে না। এ-বাড়িতে থাকতে চাও, থাকো—যদিন মন চায়।

বিকেলে মানব বলিল—চলো, গাঁষের পথে বেড়িয়ে আসি একটু।

মিলি কহিল—ভূমি যাও একা। রাত্রে আমি রান্না করবো ভাবছি। থীরালালবাবু কহিলেন—আয় না একটু বেড়িয়ে। অন্ধকার হবার আগে ফিরে এলেই চলবে।

— তা আমি ষেতে পারি, দাঁড়াও। জুতো পরে আসি।
আসিয়া দেখিল, বাবার কথা উপেক্ষা করিয়াই মানব চলিয়া গিয়াছে।
মানব যথন ফিরিল তখন রাত অনেক। শ্বশান হইতে মড়া পুড়াইয়া
আসিবার মতো চেহারা। ঘর-দোর সব বন্ধ, কোথাও একটা আলো
জ্বলিতেছে না। বাড়িটা যেন একটা বিরাটকায় দৈত্যের মৃতদেহ। চাহিয়া
পাকিতে ভয় করে।

মানব অন্সরের উঠান পার হইরা বারান্দার উঠিয়া দরজায় করাঘাত করিয়া ডাকিল: মিলি।

মিলি দরজা খুলিয়া দিল। বিছানায় উপুড় হইয়া শুইয়া গায়ে একটা চাদর টানিয়া দিয়া মোমের আলোতে এতক্ষণ সে বই পড়িতেছিল। ঘরের কোণে একটা লঠনও নিবু নিবু করিতেছে।

মিলির কণ্ঠস্বরে ঈষৎ বিরক্তি: এ কি ভূমি কলকাতার রাত পেয়েছ 🕈

- —মোটে নয়টা। এরি মধ্যে রালাবালা খাওয়া-দাওয়া সব চুকে গেছে?
- চুকে গেছে মানে ? স্বাইর এখন এক ঘুমের পর পাশ ফেরবার সময়।

চলে এসো রানাঘরে। তোমার জন্মে এখনো আমার খাওয়া হয় নি।

ছাত-পা ধুইয়া পিড়েতে বদিয়া মানব কহিল—ভূমিও আমারই দঙ্গে একই থালায় বদে যাও না।

মিলি মুখোমুখি বিদিয়া বলিল—ও আমার অভ্যেদ নেই। এতাকণ কোণায় ছিলে ?

- —কোথায় আবার থাকবো। রাস্তায়-রাস্তায় খুরে বেড়াচ্ছিলাম। থ্ব ভালো লাগছিল।
- চেহারাখানা তো 'গাবুরের' মতো হয়েছে। ১০(২৬)

- চেহারা দেখে কী আর বোঝা যায় বলো। এই বাড়ির চেহারা দেখেই কি বোঝা যায় এর পেছনে কারার কী করণ ইতিহাস আছে ? হুই গরস মুখে তুলিয়াই পালাটা ঠেলিয়া দিয়া মানব কহিল—আমার থিদে নেই, মিলি।
- -शिए ति गाति १
- —শরীরটা ভালো লাগছে না।
- —কলকাতায় তো তোমার এই ফ্যাশান ছিলো না।
- সত্যি বলছি, উলটে আসছে।
- ্মুখ নামাইয়া করুণ স্বরে মিলি কহিল—আমি রালা করেছি কি না,তাই।
- ভূমি রালা করেছ নাকি ? মান হাসিয়া মানব ভাতের **পালা**টা ফের টানিয়া আনিল।
- কী করবে, গরিবের বাড়িতে অভ্যর্থনার ত্রুটি কিছু ঘটবেই।
- —বিনয়ে তুমি মহাজন।

মানব খাইতে চেষ্টা করিতে লাগিল।

কোথায় যেন তাল কাটিয়া গিয়াছে। আলাপ আর জমিতে চায় না। ভাতগুলি থালার চারদিকে ছিটাইয়া ফেলিতে-ফেলিতে মিলিও উঠিয়া

পড়িল।

তোলা-জলে আঁচানো সাঙ্গ করিয়া মানব কছিল—অন্ধকারে মাঠে একটু বেড়াবে, মিলি ?

— আমার ভীষণ ঘুম পাচছে। আর দাঁড়াতে পারছি না। বলিয়াই সে ক্রত পারে ঘরে গিয়া বিছানায় ডুব মারিল। যেমন খাওয়া, তেমনি ঘুম। মানব বারান্দায় পাইচারি করিতেছে। ঘরে আসিয়া যে একটু গল্প করিবে তাহাও তাহাকে আজ মনে করাইয়া দিতে হইবে নাকি? মোম জালাইয়া আবার সে পড়িতে চেষ্টা করিল। সারি-সারি অক্ষরে সে কান পাতিয়া খালি মানবের পদশক্ষ শোনে। বিছানা ছাড়িয়া শেষে তাহাকে হার মানিতে হইল। বাহিরে আসিয়া মানবকে লক্ষ্য করিয়া কহিল—খুমুতে যাবে না ? কিন্তু ভালো করিয়া তাহার চোথের দিকে চাহিতেই মিলি অবাক হইয়া গেল।

শুকনো, রুক্ষ চুল। মুখাভাসে কঠিন পাণ্ডুরতা। চেহারা দেখিয়া তাহাকে অত্যস্ত পীড়িত ও পরিশ্রাস্ত বলিয়া মনে হয়।

মানব তাহার কাছে একটু আগাইয়া আদিয়া কহিল—তোমাদের এ-বাড়িতে ভূত আছে, মিলি ?

- —ভূত! মিলি হাসিবে না ভয় পাইবে কিছু বুঝিতে পারিল না। মানব বিমর্থা কছিল – আমরা এ-বাড়ি ছেড়ে অন্ত কোপাও চলে যাই এলো।
- —কেন, এই না তুমি এ-বাড়ির প্রশংসায় পঞ্চমুখ হয়ে উঠেছিলে।
- না, না, এই বিশ্রী জায়গায় একা-একা কতো দিন থাকা যায় বলো।
- -একা-একা নাকি ?
- —প্রায়। আমার ঘরটা তো ও-দিকে, না ?
- তুমি এখুনিই শুতে যাবে নাকি **?**
- —তোমার তো ভীষণ যুম পাচ্ছে। দাঁড়িয়ে আছো কি করে 📍
- -- না. এবার শোব।

মিলি দরজা বন্ধ করিয়া দিল।

আবার সেই ঘরে মানবকে রাত্রিযাপন করিতে হইবে। চারপাশের দেয়ালের চাপে দম বন্ধ হইয়া আসে। ছই চক্ষু মেলিয়া ধবিয়া সে অন্ধকার দেখে।

শেষ রাত্রে বাহিরের বারান্দায় বসিয়া হীরালালবাবু সেতার বাজান। মানবের ঘূমের মধ্যে স্বরটা মিশিয়া যায়। ঘূমের মধ্যেই মনে হয় তাহার মা যেন এই বাড়ির কক্ষে-কক্ষে কাঁদিয়া ফিরিতেছেন।

মানব পাঁচ দিনের বেশি টিকিতে পারিল না। এই পাঁচ দিনে সে শুকাইয়া গিয়াছে—কাল রাত থেকে জর-ভাব। ইহার আগে কোনো-দিন তাহার শরীর থারাপ হইয়াছে বলিয়া মনে পড়ে না। মিলিকে সে কহিল—এদিকে-ওদিকে আমার জামা-কাপড় জিনিস-পত্র সব ছড়িয়ে আছে। একটু গুছিয়ে দাও দয়া করে।

- **一(**季刊?
- —আজকেই আমি এখান থেকে পালাবো। আমার ভালো লাগছে না।
- —কী ভালো লাগছে না ? মিলি কুন্তিতস্বরে কহিল—আমাকে ?
- —তোমাকে খুব বেশি ভালো লাগছে বলেই তো পালাছি। শরীরটাই এখানে ভালো থাকলো না।
- —তুমি এ-কদিন যে অনিয়ম করেছ।

মানব হাসিয়া কহিল—বেশি-রকম নিয়মে থেকে। কলকাতায় গিয়ে ছুদিন মোটর-বাইক হাঁকালেই সেরে যাবে।

মিলি মানবের কাছে একটু সরিয়া আসিয়া কহিল—কলিকাতায় গিয়ে ভালোই থাকবে তা হলে।

— আশা করি। ই্যা—আমার মেলিং-সল্টের শিশিটা খুঁছে পাচ্ছি না। গোরা সেদিন ওটা চাইছিল। হয়তো ওটা ওর মিউজিয়মে জমা হয়েছে। —দেখি।

মিলি অনেককণ আর দেখা দিল না।

কথাটা হীরালালবাবুর কানে উঠিল। তিনি কহিলেন—জ্যোর করে ১৪৮

তোমাকে এথানে বেঁধে রাখি কী করে ? তোমার এথানে যে নিত্য-নূতন অস্কবিধা হচ্ছে তা তো নিজের চোথেই দেখতে পাছি।

মানব মুখের উপরেই কহিল—সে-কথা সতিয়। তবে অস্ক্রবিষেটা যে নিতাস্তই শারীরিক আমার কপালে হাত দিয়ে বুঝতে পারবেন।

হীরালালবারু তাহার কপালে হাত রাখিয়া বলিলেন—এ কা ! তোমার দেখছি দিব্যি জর হয়েছে। তুমি যাবে কি রকম ?

কি একটা কাজে মিলি এই দিকে আসিয়াছিল; হঠাৎ মানবের চোখে পড়িয়া যাইতে দে ক্রক্ষেপ না করিয়া চলিয়া যাইতেছিল, হীরালালবাবু তাহাকে ডাকিয়া কহিলেন—মানবের জিনিস-পত্র আর গুছিয়ে দিতে হবে না। একেবারে ওকে বিছানায় চালান করে দে। দিব্যি জর হয়েছে দেখছি।

মানব হাসিরা কহিল—সেই জন্মেই তো বিছানা-পত্র নিয়ে পাড়ি দিচ্ছি। রোগে ভূগে অস্থবিধের চূড়ান্ত হোক আর-কি।

মিলি চলিয়া যাইতে-যাইতে রুক্ষস্বরে কহিল—অন্থর করলে এথেনে ওঁর যোগ্য চিকিৎসা হবে নাকি ? ওঁকে দেখবার মতো এখানে ডাক্তার আছে ?

মানব কহিল—চিকিৎসা করবার ডাক্তার আছে কি না জানি না, কিন্তু সেবা করবার একটিও নাস এখানে পাওয়া যাবে না। সে-বিষয়ে তুমি নিশ্চিত্ত থাকো।

হীরালালবাবুও আর পীড়াপীড়ি করিলেন না। বড়োলোকের বংশধরকে লইয়া পরে বিপদে পড়িতে হয় মিলির কথায় সেই আভাস পাইয়া তিনি ধামিয়া গেলেন।

যানব অনেকক্ষণ ধরিয়া মিলিকে থু জিয়া ফিরিতেছে, নিভ্তে সে একটি-বারো ধরা দিতেছে না। কাপড় কুঁচাইয়া আলনাতে সাজাইয়া রাখিয়া এখন সে পিসিমার সঙ্গে ভরকারি কুটিতে বসিল। সেখানেই গল্লের আসর জ্বমাইতে মানব আসিয়া জলচোকির উপর বসিতেই মিলি উঠিয়া পড়িল: যাই, চুলটা বেঁধে আসি গে।

মনে-মনে মানব খূশি হইল। সে কলিকাতা যাইবে—এই বেগের মুখেই তাহার মন হাওয়ার মুখে তুলার মতো উড়িয়া চলিয়াছে। ভয়াবহ তুঃস্বপ্রের মতো এই বাড়িটা যে এতদিন তাহার বুকে চাপিয়া বিসয়াছিল, মুহুর্তে তাহা তাসের বাসার মতো ঝরিয়া পড়িল। ইহার জ্বন্ত তাহার মায়া নাই—পচা জায়গায় নদীর শ্মশান বুকে লইয়া চিরকাল জাগিয়া পাকুক! এইখানে কোনোদিনই সে আর মরিতে আসিবে না। কতো বাসা ছাড়য়া কতো নৃতন নীড়ের সন্ধানে তাহার বেগ-চপল ভানা প্রসারিত করিয়া দিতে হইবে—মাটি কামড়াইয়া গাছের শিকড়ের মতো পড়িয়া পাকিতে তো সে আসে নাই।

মানব উঠিয়া পড়িয়া কহিল—আমাকেও তা হলে উঠতে হল, পিসিমা।
মৃত্ব হাসিয়া পিসিমা বলিলেন—জানি।

পুবের দিকের কোণের ঘরটায় জানলার কাছে মেঝের উপর মিলি বসিয়া আছে। হাতে একটি চিরুনি আছে বটে, কিন্তু চুলগুলি পিঠের উপর ছড়ানো। সন্ধ্যার আকাশ তাহার আয়না।

মানব কাছে আসিয়া বসিল—এতো কাছে বসিয়াও স্পূর্ণ না করাটি মানবের ভারি ভালো লাগে।

মানব কহিল—আমি চলে যাচ্ছি বলে তোমার কট হচ্ছে ? মিলি হাসিয়া উঠিল: ভীষণ। বুকটা ফেটে যাচ্ছে একেবারে।

- —তা বাচ্ছে না জানি। কিন্তু আমাকে পাকতেও তো একটিবার বশহ না।
- —যে-অমুরোধ তুমি রাখবে না আমি তা করতে যাবো কেন <u>?</u>
- কি করে ভূমি জানো যে তোমার অহুরোধ আমি রাথতাম না ?
- সে क्रिका জানি। আমাকে আর তা বলে দিতে হয় না।

- —তুমিও আমার সঙ্গে চলো না।
- —বয়ে গেছে। আমি দেওঘরে ছোটুকাকার বাড়িতে যাবো ভাবছি।
 এখানে একা-একা আমারো মন টি^{*}কবে কি করে ? বাকি ছুটিটা
 সেথানেই কাটাবো কোনোরকমে।
- —কিন্তু তোমাকে ছেড়ে যাবো বলে আমার মন ভালো লাগছে না।
 ঠোঁট উলটাইয়া নিতান্ত তাচ্ছিল্যের সঙ্গে মিলি কহিল—ছাই!
 মিলির চুলে হাত রাখিয়া মানব কহিল—সোনা। তোমার জন্ম আমার আরো বড়ো ছুঃখ সন্থ করতে সাধ হয় মিলি। তোমার বাবাকে কথাটা আজ বলেই ফেলি যা হোক করে। আপত্তি যদি ভোলেন, তবে অন্ধনরে গা ঢেকে ছুজনেই না-হয় বেরিয়ে পড়বো।
- —বাবা বাধা দেবেন না—বাধা দেবার কিছু নেই।
- —তাই যদি হয় মিলি মানব কী করিবে কিছু বুঝিতে পারিল না।
- —তাই যদি হয়—মিলি তাহার দিকে পরিপূর্ণ দৃষ্টি তুলিয়া কছিল—তুমি আরো হুটো দিন এখানে পাকো। ছোট খোকার মতো আমার কোলের কাছে চুপচাপ শুয়ে পাকো, আমি তোমাকে ছু-দিনে ভালো করে দেবো। মিনতির স্থারে মানব কছিল—কিন্তু কলকাতার ডাক আমাকে অস্থির করে তুলেছে।
- —মিলি আবার চুপ করিয়া গেল।

মানব তাহার পারের পাতাটি মুঠির মধ্যে তুলিয়া লইয়া কহিল—এই স্যাতসেঁতে জায়গাটা আমাকে আর পোষাছে না। পুকুরে স্নান করে শেষকালে ম্যালেরিয়া ধক্ষক, তুমি এই চাও ?

মিলি বলিল—আর আমাদেরই কি-না গণ্ডারের চামড়া ! মশা কিছুতেই হল ফোটাতে পারে না !

—কে তোমাকে থাকতে বলছে ? চলো না আমার সঙ্গে। এই নির্জনতাম্ন তুমি যে হাঁপিয়ে উঠবে।

- —এই না তুমি বলতে আমরা এখানে এসে বসবাস করবো।
- —কোন ছঃখে ?
- —তবে কোপায় গ
- —ইউরোপে। কাজ করতে হবে তো!
- -কী কাজ ?
- সে পরে ভেবে নেব। ভীমকে একবার বলে রাখো না গাড়িওলাকে বলে আসবে।
- তুমি যেন এখুনি বেরিয়ে পড়তে পারলে বাঁচো। *
- যাবার একবার নাম করলে আমি আর বসে পাকতে পারি না।
- -- ভূমি আমার কাছে একটা ধাঁধা। কখন কী যে ভূমি চাও, কী যে ভূমি চাও না, বোঝা দায়।
- —তবে এটা ঠিক মিলি, এই গ্রাম্য নির্জনতা আমি চাই না। এ তো শাস্তিনয়, স্থবিরতা। এখনো এতো শ্রাস্ত হইনি যে পাথা গুটিয়ে বসে থাকবো।

মিলি ঠোঁটের প্রাস্কটা একটু কুঁচকাইল। কহিল—ছাড়ো, উঠি, বাবার জ্ঞান্তের থাবার তৈরি করতে হবে। আমাকে হয় তো খুঁজছেন।

— हा। আমিও ভীমচক্রের শরণাপর হই।

মানবের এই বেগের ক্ষাই মিলিকে সম্প্রতি গন্দিহান করিয়া তুলিয়াছে। কলিকাতা, সেই প্রথরভাষিণী বিলাসিনী নর্তকী—মানব যাহাকে লইয়া মুগ্ধ দিন-রাত্রি ভরিয়া আপনাকে বিকীর্ণ করিতে চায় মিলিকেও সেহয়তো এই একটি বিশেষ বেশেই সাজাইতে চলিয়াছে। কিন্তু তাহার জীবনে যে এই দ্রবিস্তৃত মাঠের একটি গভীর প্রশান্তি আছে তাহা হয়তো তাহার চোথে পড়ে নাই।

তাই মানবকে মিলির মনে হয় অস্থিরচিত্ত, তুর্বার : আর মিলিকে মানবের মনে হয় লঘু, তীরু ও সংশয়ী। কেনই বা আসা, ছই রাত্রি না পোহাইতেই দৌড় ! এই, 'চমৎকার বাড়ি', এই আবার দম বন্ধ হইয়া উঠে ! এই, 'মন্থরতম মুহূর্ত', তক্ষ্ নি আবার ঝড়ের সন্ধ্যায় ছই পাথা বিস্তার করিয়া ছোটা ! মানব চায় বর্ণের প্রজ্জলা, বেগের আবত, প্রকাশের প্রথরতা । মিলি শিহরিয়া উঠে । প্রাচুর্বে ও প্রগালভতায় কেহ ফের মানবকে আছেয় করিয়া দিলেই তাহার অতল-শয়ন ! ইউরোপে গেলে—ইউরোপে একদিন সে যাইবেই—মিলি কোধায় পড়িয়া থাকিবে ! কী তাহার আছে ! ছুইটি মাত্র কালো চোথ ও ছুইটি মাত্র ভীক করতল ।

এইখানে আসিয়া বসিয়া-বসিয়া তাহার তরকারি কোটা ও খাটের উপর হামাগুড়ি দিতে-দিতে বিছানা পাতা। কাল সে আবার ময়লা আকড়া দিয়া কালি-পড়া লগুন সাফ করিয়াছে। মানব ভাবে মাছের ঝোলে তাহার নূনের পরিমাণ ঠিক হইরাছে কি না দেখিবার জ্ঞুই কি সে এখানে আসিয়াছিল নাকি? মিলি যেন কোমল লতা, নিকটের আশ্রয়প্রাধিনী—নিদারুণ সর্বনাশের আনন্দে দগ্ধ হইবার তার প্রাণ নাই। সে বড় বেশি পরিমিত, তাহার শরীরে অধিকমাত্রায় মাটির কমনীয়তা।

তবুও বিদায় নিবার আগে দরজার কাছে নিভ্তে যখন ছুই জনে শেষবার দেখা হইল, মনে হইল এত অ্বন্ধর করিয়া কেহ কাহাকেও ইহার আগে কোনোদিন যেন দেখে নাই। ছুই জনের মাঝখানে করুণ ও ক্ষীণ একটি বিচ্ছেদের নদী বহিতে শুক্র করিয়াছে—সমস্ত পরিচয় অভিক্রেম করিয়া একটি অজ্ঞানা ইশারা।

মানব কছিল—যাই। তোমার এস্রাজ আমি গিয়েই পাঠিয়ে দেবো। মিলির চোখে বেদনার নম্র স্থবমা: আমি দেওদরে গেলে একবার এসো। ছোটমামা হয় তো কুমিলা থেকে শিগগির আসবেন।

—কবে যাবে জানিয়ো।

- —তার আগে জানিরো তুমি কেমন আছো। গিয়েই চিঠি লিখো কিন্ত। বুঝলে ?
- —ই্যা গো।
- -কী বুঝলে গ
- —গিয়েই যেন দেখি তোমার 6িঠি আগে থেকে হাজির।
- শত্যি, না, চিঠি লিখো। আমাকে ভাবিয়ো না। তোমার প্রথম চিঠি পেতে আমি উৎস্ক হয়ে থাকবো।
- —ঝনান ভুল ধোরো না যেন। আমি কিন্তু কাঠখোট্র।—
- —নিতান্তই। তাই তো যাবার আগে—

মিলির চোথের পাতা লজ্জায় কাঁপিয়া-কাঁপিয়া বৃক্জিয়া আসিল।

মানব কহিল—ভূমিই বা কোন যাবার আগে—

<u>—আচ্চা।</u>

মিলি তাড়াতাড়ি নিচু হইয়া মানবের পা ছুইয়া প্রণাম করিতে যাইতেই মানব তাহাকে ছুই হাতে তুলিয়া বুকের কাছে সাপটিয়া ধরিল। মুথের কাছে মুথ আনিয়া কহিল—তুমি বড্ড বেশি পবিত্র, মিলি। ম্যাডোনার চেয়ে অলের তোমার মুথ।

-এ-মুখ তুমি আরো স্থন্দর করো।

এমন সময় হীরালালবাবু বাহিরের বারান্দা হইতে এ-দিকে আসিতে-আসিতে কহিলেন—গাড়োয়ানটা ডাকাডাকি লাগিয়েছে।

তারপর ঘরে ঢুকিয়া: তোমার শরীর কেমন বুঝছ় ?

—ভালোই। বিবর্ণমূখে মানব বাহির ছইয়া গেল।

গাড়িতে উঠিয়া খোলা দরজা দিয়া বাড়ির সামনেকার প্রাক্ষণ ও বাগান, তারপর বারান্দা ও জানালা তন্ত্র-তর করিয়া খুঁজিল—মিলির দেই প্রার্থনাকাতর ভর-ভর চক্ষু ছুইটি আর দেখা গেল না।
মুক্তিমান বিশ্বীধিকার মতো বাড়িটা দাঁড়াইয়া আছে।



স্টেশনে এতো আগে না আসিলেও চলিত। গাড়োয়ানটার এতো তাড়া দিবার কী ছিলো! সেই দোত্বল্যমান মুহুর্তটিতেই বা হীরালালবাবুর আবির্ভাব হয় কেন—ভাগ্যের কোন বিধানামুসারে! মুহুর্তে একটা প্রকাণ্ড রাজ্যপতন হইয়া গেল।

তাহার গায়ে এখনো মিলির গায়ের গন্ধটি লাগিয়া আছে। চোখ ছুইটিতে সলজ্জ ও সাগ্রহ একটি প্রতীক্ষা কুয়াশার মতো ছুলিতেছিল। তাহার প্রণাম করিবার ভুলিটিতে কী স্থন্দর ছন্দ! আকস্মিক ছন্দ-পতনের মধ্যেও কবিত্ব কম ছিল না।

তাহাকে একটুও আদর করা হইল না। কত কথা অনর্গল বলিবার ছিল। এঞ্জিনটা খালি তখন হইতে ফুঁসিতেছে—ছাড়িবার নাম নাই। নামিয়া পড়িলে কেমন হয় ! মিলি হয়তো—হয়তো কেন, নিশ্চয়ই, এতোক্ষণে ঘুমাইয়া পড়িয়াছে। একলা শুইতে তাহার ভয়-ভয় করিতেছে কি না কে জানে! মাল-পত্র ফেঁশন-মান্টারের জিল্লায় রাগিয়া এই পথটুকু সে অনায়াসে হাঁটিয়াই পার হইতে পারিবে। গাড়ি না পাইলে তো তাহার বহিয়া গেল। বরং এই ফাঁকে রাতই আবো একটু গভীর হইবে। চুপি-চুপি সে মিলির দরজায় গিয়া টোকা মারিবে। মিলি জানে যে রাত করিয়া ফিরিয়া আসার তার অভ্যাস আছে। দরজা খুলিয়া দিতে সে বিধা করিবে না। তারপর—মানব সর্বাক্ষে ঘুমের মতো গাঢ় একটি স্থাবেশ অমুভব করিতে লাগিল। কিন্তু সভিটই নামিয়া পড়িবে কি-না—বা নামিয়া পড়িবার

আগে কুলি একটা ডাকিতে হইবে কি-না ঠিক করিবার আগেই গাড়িতে টান দিয়াছে।

মিলির ঘরে এখনো আলো জ্বলিতেছে। পিসিমা ঘরে ঢুকিয়া কহিলেন
—ঘুমুতে যাস নি এখনো ?

ভাড়াভাড়ি বালিশের তলা হইতে একটা বই বাহির করিয়া হাঁটুর উপরে উলটা করিয়া পাতিয়া তক্ষ্নি ফের সোজা করিয়া, ধুরিয়া, সে কহিল—বইটা শেষ করে এই যাচ্ছি।

অপচ বিছানার উপরেই দেয়ালে পিঠ দিয়া সে বিসয়াছিল। কোমর অবধি একটা চাদর দিয়া ঢাকা। চুল বাঁধিতে সমর পায় নাই বলিয়া বুকের উপর এলোমেলো হইয়া আছে।

পিসিমা কহিলেন—চুলও বাধিসনি দেখছি। ফিতে-কাঁটা নিয়ে আয় শিগ্যির।

—রক্ষে করো। আমি এই শুলাম। বলিয়া বইটা খাটের এক প্রান্তে ছুঁড়িয়া ফেলিয়া আলোটা হাতের পাবড়ায় ফস করিয়া নিভাইয়া দিল। তাহার পর চাদরটা মাথা অবধি টানিয়া দিয়া সটান। মুখ বার না করিয়াই কহিল—বাইরের দিকের দরজাটা এঁটে দিয়ে ভূমিও গিয়ে শুয়ে পড়ো, পিনিমা।

পিনিমা অন্ধকারে সেইখানে অনেকক্ষণ দাঁড়াইয়া রহিলেন। তাঁহার এই নীরব উপস্থিতির অর্থ হইতেছে এই যে তিনি ব্যাপারটা ব্রিয়াছেন। মিলি তবুও চাদরটা মুখ হইতে সরাইল না দেখিয়া তিনি দরজাট টানিয়া দিয়া নি:শব্দে চলিয়া গেলেন। এই নি:শব্দে যাওয়ার অর্থ হইতেছে এই যে মিলির প্রতি সহাত্মভূতির তাঁহার সীমা নাই।

এতোক্ষণ মোমের আলোয় চোখ চাহিয়া মিলি কী যে ঠিক ভাবিতেছিল বলা কঠিন। এই বাড়িটা সম্বন্ধে কেনই যে তাহার এ অহৈতুক কৌতুহল —এই বাড়িটার চারদিকে দেয়াল নাকি তাহার পায়ে সমস্তক্ষণ দীর্ঘনিশাস ফেলে; অথচ এই বাড়িতে আসিতে ও আসিয়া থাকিতে গোড়ায় তাহার আগ্রহের অস্ত ছিল না। সামান্ত একটা বাড়ি সম্বন্ধেই সে অকারণে ঘন-ঘন মত বদলায়। এখন তাহার কাছে এই সহরটা সাঁাতসেঁতে ও মাঠের হাওয়া অত্যন্ত জোলো—এমন-কি তাহার জর হইয়া গেল, অথচ গাঁয়ের পথ ধরিয়া শাশনে ও সহরের পথ ধরিয়া সেশনে তাহার আনাগোনা লাগিয়াই ছিল। ঘরে যে কেট নিকপায় হইয়া অবশেষে তঁরকারি কুটিতে মন দিয়াছে, সে কথা কে বোঝে? কিন্তু অন্ধকারে এখন চোখ বুজিতেই টেনের শব্দ আসিয়া মিলির কানে লাগিল। এইমাত্র গাড়ি ছাড়িল বলিয়া এখনো পর্যন্ত মানব কামরার জানলা দিয়া মুখ বাড়াইয়া বাহিরে চাহিয়া আছে। অন্ধকারে খালি ঝিনিঝাঁর ডাক; কোনো একটা সেশনে আসিয়া থামিলো এদিকে-ওদিকে ছয়েকটা ভাঙা-চোরা শব্দ। গাড়িটা নিঝুম হইয়া দাঁড়াইয়া থাকে। টেনটা যে কখনো আবার ছাড়িবে এমন মনে হয় না। যাই ছোক, গদির বেঞ্চিতে নরম বিছানায় শুইয়া সে পরম আরামে ঘুমাইতেছে। গার্ডকৈ বলা আছে, লাকসাম আসিলে যেন জাগাইয়া দেয়।

मिनिदक काहादता कागाहर हरेद ना।

রাত্রিটা একেবারে শাদা—এক বিন্দু ঘুম নাই।
লাকসাম হইতে গাড়ি ছাড়িরাছে। প্রায় শেষ রাত্রি। তন্দ্রার মতো
আবেশ আসে, কিন্তু মিলির সেই উৎকণ্ঠ মুখথানির কথা মনে করিরা
চোথ তাহার জালা করিতে থাকে। সে কি না এই কটা দিন ভুচ্ছ একটা
বাড়ি লইরা মনে-মনে মাতামাতি করিল। মা একদিন দেখানে ছিলেন
এই যদি তাহার মূল্য হয়, মিলিও তেমনি সেখানে আছে। একদিন সেই
বাড়ি ছাড়িতে হইয়াছিল যেমন সত্য, তেমনি তো সে আবার নৃতন

করিয়া সেখানে গৃহপ্রবেশ করিবে। অফুক্রমে আর বিচ্চাতি ঘটিবে না। এবং সে কি না এই কদিন উদত্তান্তের মতো ফিরিয়াছে। সেই কথা ভাবিয়া হাসিতে গিয়া মানব টের পাইল চোথে তাহার জল জমিতেছে। মিলিকে সে উপেক্ষা করিয়াছে বুঝি।

কিছু ছুঁইতে গেলেই বৃঝি মিলির ব্যথা করিয়া উঠিবে। সে-রুচ্তা তাহার সহিবে না, তাই গাচ় ও নিবিড় একটি অমুভূতিময় সারিধ্যে তাহাকে ডুবাইয়া রাখিতে ইচ্ছা করে। ইচ্ছা করে, কীট্স যেমন সমস্ত রাত জাগিয়া বর্ধা-রাতে ফুল-ফোটা দেখিত, তেমনি এই সারিধ্যের উত্তাপে মিলির দেহে সে কামনার ফুল ফুটিতে দেখিবে। দেহেরই লীলায়িত বৃস্তে, আপনারই অমুভবের রঙে, আপনাকে বিকীর্ণ করিবার সৌরতে। নদীর তরঙ্গের মত সে উছলিয়া পড়িবে—আপনারই প্রাচুর্যের ছংসাহসে।

মানব জোর করিয়া তাহাকে জাগাইতৈ চায় না। তাহার এই আধ-ঘুম আধ-জাগরণটিতে গোধ্লি-আকাশের ন্নিগ্ধতা। একটি করিয়া তারা জাগিতেছে।

চাঁদপুর আসিয়া গৈল বুঝি।

মিলির যথন ঘুম ভাঙিল তথন এক-গা বেলা।

বাহিরের টাটকা আলোর দিকে চাহিয়া মনে হইল নদীর জল। মনে হইল কচুরি-পানা তুলাইয়া স্তিমার চলিয়াছে।

কিন্তু আৰু কাছে থাকিলে নিশ্চয়ই একটা গক্ষর গাড়ি জোগাড় করিয়া কোন ভোৱে ছুইজনে বাহির হইয়া পড়িত। রাত্রে পিসিমা দক্ষিণের জানলাটা বন্ধ করিয়া গিয়াছিলেন বটে, স্পষ্ট সে মাঠ দেখিতেছে। তাছাদের গাড়ি এতাক্ষণে সেইখানে গিয়া পৌছিয়াছে যাহা এখান হইতে দিগন্ত বলিয়া মনে হয়। কী যে তাহারা কহিতেছে মিলি ভাবিয়া পায় না—কথা না কহিলেই বা কী।

কতো টুকরো জিনিসই সে ফেলিরা গিরাছে। টাইম টেবল—
টাইম টেবল ছাড়া চলিবেই বা কি করিয়া; রেইন কোট—এটি ভূতের
মতো তার স্করে চাপিরাই আছে; ও-মা, দাড়িতে সাবান মাথাইবার
বাশটা পর্যস্তঃ প্রিমারে বসিয়া আর কমানো চলিবে না। কী মজা!
প্রাণ্ডেলএর স্ট্র্যাপ একটা খ্লিয়া গিরাছে বলিয়া সেটাকেও ফেলিয়া
গেছে। বড়লোক।

গোরাকে शिवा खशाय: তোকে की দিয়ে গেলো?

মিউজিরনে জ্বিনিস-পত্র রোজ একবার করিয়া তাহার ওলোট-পালোট করা চাই। কাল যে-ছুইটা জ্বিনিস পাশাপাশি কাটাইয়াছে আজ্ব তাহাদের স্থান-পরিবর্তন করিতে হইবে।

গোরা বলে: এক জোড়া ডাম্বেল। বুরুস-সাহেবের দীঘির পারে ফে
নতুন দোকান হয়েছে একটা। হাত মুঠো করে ধরলে আমি ওঁর আঙু লগুলো টেনে-টেনে কিছুতেই খুলতে পারিনে: কিন্তু শেষে লাগাই
এক চিমটি—তিন-রকম চিমটি আছে—রাম, শীতা আর হমুমান।
মুঠোর সঙ্গে-সঙ্গে মুখখানাও হাঁ হয়ে যায়—

মিলি চলিয়া যাইতে পা বাড়ায়, গোরা বলে; তোমাকে কী দিল ? সাজি করবার জন্তে সিগারেটের ছবি ? না—কী দিল বলো না ?

- आयारक आवाद की त्मरव ? किडूह ना।
- -- ना, किडूरे ना। वनलारे हत्ना। उँक व्यानात किडूरे एननि। 🗸

छुপूदब्रद द्वान वा-वा कद्व।

সেই ফান্ট-ক্লাশের ডেক, বেতের চেয়ার, হাওয়ায়-ওড়া খবরের কাগজ।
নদীর জল ছুরির ফলার মতো ধারালো—দৃষ্টিকে বেঁধে। মিলির নিজেরই
চোখ তাতিয়া উঠে, নিজেই চোখ বোজে।
তারপর সন্ধা। এইবার আরেকটু ঘনাইয়া আসিলেই হয়।

ンもろ

।त मुक्का । खर्वात चारत्रकष्ट्र यगारता चारगर रहा। ১১(२७) মিলি ছই হাতে মিনিট-সেকেণ্ডের ভিড় সরাইতে থাকে।
আর কথা নাই। শেরালদা আসিরা গিরাছে।
মিলিরই সর্বাঙ্গে বোমার্ফ শুরু হয়।
এখন আর তাহাকে পায় কে।

वह । ह्या कि ।

জিনিস-পত্র উঠিল কি না উঠিল, খেয়াল নাই—চালাও, ভবানীপুর, জলদি। মুখে তিনটি মাত্র কথা। শব্দ তিনটা মিলি যেন মানবের পাশে বিদিয়া শুনিল।

এতোক্ষণে বাড়ি পৌছিয়া গেছে। নিতাইকে একশো গণ্ডা হকুম আর সাতশো গণ্ডা ধমক। তার পড়ার ঘরের নীল পর্দাটা তেমনি ঝুলিতেছে। বারাক্ষা দিয়া বাইবার সময়—পর্দাটা তথন বায়ে পড়িবে—বাঁ-হাতে সেটা সরাইয়া একটু উঁকি মারিয়া দেখিল। শৃষ্ঠ চেয়ার আর অগোছাল টেবিল। তারপর দিল পর্দাটা ছাড়িয়া। পর্দাটা হাওয়ায় মৃহ্-মৃহ ছলিতেছে।

ভারপর স্নান।

ভারপর—মিলিকে আর অমুমান করিতে হইবে না—স্পষ্ট সে মোটর-সাইক্লের ঝকঝকানি শুনিতেছে। কিন্তু এ কী! তাহাদেরই বাড়ির উঠানে নাকি? না, পিসিমা স্টোভ ধরাইয়াছেন। কলিকাতার পৌছিয়া মানব যেন ছাড়া পাইল।
রাস্তায় ট্যাক্সিটা দাঁড়াইতেই মানব চেঁচাইয়া উঠিল: নিতাই, নিতাই।
কাহারো সাড়া-শব্দ নাই। নিচেটা অন্ধকার। অগত্যা নিজেই মোটঘাট
নামাইয়া ট্যাক্সি ডুাইভারকে ভাড়া চুকাইয়া দিল।
ভিতরে চুকিয়া সামনে পড়িল কালু—থোদ কর্তার পোশাকি চাকর।
গড়গড়ার জ্বল বদলাইতে নিচে নামিয়াছে।
—তোদের ডাক্সলে যে সাড়া দিস না, ব্যাপারখানা কী ?
উত্তর না পাইতেই নিতাই-মহাপ্রভুর আবির্ভাব। হস্ত-দস্ত হইয়া কোঝায়
চলিয়াছে।

- —এতোকণ গাঁজায় দম দিচ্ছিলি নাকি ব্যাটা ?
- মা'র জ্বন্থে দোকানে সন্দেশ আনতে যাচ্চি।
- —মা ? এসেছেন নাকি ? কবে ?

নিমেষে রাগ জ্বল হইয়া গেল। নছিলে নিতাইর ঐ রকম নির্বিকার ও নিরপেক্ষ উক্তির উত্তরে সে হয়তো তাহার গাল বাড়াইয়া এক চড় মারিয়া বসিত।

—মা এসেছেন নাকি ?

গিঁড়িতে জ্তার প্রচুর শব্দ করিতে করিতে মানব উপরে উঠিয়া গেল। উপরে উঠিয়াই বাঁ-দিকের বারান্দা খেঁবিয়া প্রথমেই মিলির ঘর—তাহার পর ভার মায়ের এবং তাহারই গায়ে-গায়ে পর-পর ছুইখানি তাহার। ভান-দিকের ঘরগুলি কথন যে কে ব্যবহার করে মানব কোনোদিন খোঁজ রাখে নাই! কর্তা থাকেন তেতলার ঘরে—নিরিবিলিতে। উপরে উঠিয়াই বাঁয়ের বারান্দায় দেখা গেল একটি য়্যাংলো-ইণ্ডিয়ান মেয়ে দাঁড়াইয়া আছে। মানব থমকিয়া গেল। চেহারা দেখিয়া মনে হয়, নার্স। কাহারো অপ্রথ করিয়াছে বৃঝি।

-- মা, মা।

ম্যাংলো ইণ্ডিয়ান মেয়েটি বিরক্ত হইয়া তাহার দিকে চাহিল। অমুপমা বাহির হইয়া আসিলেন—পাটনায় সাত মাস কাটাইয়া আসিয়া তাঁহার চেহারা—ফিরিবার নাম নাই, আরো কাহিল হইয়া গিয়াছে। কেমন্থেন ধসকা চেহারা, হাত-পা হইতে গুঁড়া-গুঁড়া চামড়া উঠিতেছে। মানব তাঁহাকে প্রণাম করিতে অগ্রসর হইল।

- —ভোমার অমুখ নাকি মা. বড় শুকিয়ে গেছো দেখছি।
- —না, ভালোই আছি বেশ। তুমি ওঁর সঙ্গে গিয়ে দেখা করো।
- করবোথন। আগে স্নান-টান সারি। উনি ভালো আছেন তো ? না হয়েছে একরন্তি পুম, না থেয়েছি একটুকরো ফল। খিদেয় গেলাম। ঠাকুরটাকে বলো না, শিগগির করে কিছু দিক।

বলিয়া মানব তাহার শুইবার ঘরের উদ্দেশে পা বাড়াইল।
অক্পেমা বাগা দিয়া কহিলেন—ওখানে নয়। তোমার ঘর হয়েছে
ও-দিকে।

—তার মানে ?

অমুপমা শাস্ত হইয়া কহিলেন—এ-ঘরে উনি থাকবেন। বলিয়া সেই
য়্যাংলো-ইণ্ডিয়ান মেয়েটির দিকে দৃষ্টিপাত করিলেন। য়্যাংলো ইণ্ডিয়ান
মেয়েটি গটগট করিতে-করিতে ঘরে ঢুকিয়া দরজার পর্দা টানিয়া দিল।
মানব চটিয়া উঠিল: কে উনি ? ওঁকে ওদিকের ঘরে চালান করলেই হতো।
—হতো না। অমুপমার কণ্ঠস্বর কঠিন, উদ্বেগশৃত্য: যাও, এই কালু,
বাবুকে তাঁর ঘর দেখিতে দে তো।

মানব ধাঁধার পড়িল। তাহার ঘরের ঝুলানো পর্দাটার দিকে রুক্ষ চোঁথে তাকাইরা সে,কহিল—আমার ঘরটার জাত যে মরে গেল, মা। ওঁকে তোমার এমন-কী দরকার পড়লো ? ওঁকে আমি না তাড়িয়েছি তো কী! আমার খাট-ফাট সব সরিয়ে ফেলেছ নাকি ? আলমারিটাও ?

- না, আলমারিটা ওঁর লাগবে।
- ওঁর লাগবে মানে । আবদার যে উপচে পড়ছে দাঁড়াও—পর্দাকে লক্ষ্য করিয়া—দাঁড়াও, ছটি দিন মাত্র।
- —কার হুটি দিন বলছ! ভদ্রলোকের মতো কথা বলতে শেখো। উনি ভাসা-ভাসা বাঙলা জানেন। অমুপমা ঝাঁঝালো কঠে বলিলেন।
- —এবার চোক্ত করেই শিখতে হবে।
- মানব ভাছার বসিবার ঘরের দিকে পা বাড়াইল।
- —ও দিকে কোপায় যাচ্ছ। অমুপমা বাধা দিলেন।
- —আমার বস্বার ঘরে। কেন, সেটাও লোপাট হয়ে গেছে নাকি?
- —ও-ঘরটা আমার কাজে লাগবে।
- এতোদিন তো লাগতো না।
- —ছুহাতে টাকা উড়ানো ছাড়া তুমিই বা এতোদিন আমাদের কোন কাজে লাগতে ?
- মানব থামিয়া গেল। মান হাসিয়া কছিল—ব্যাপারটা কিছুই বুঝতে পারছি না, মা।

অমুপমা কহিলেন—বোঝবার কিছু নেই এতে।

তিনিও ঘরের মধ্যে অন্তর্ধান করিলেন। মানব বোকার মতো ফ্যাল ফ্যাল করিয়া চাহিয়া রহিল। কালু তামাকের জ্বল বদলাইয়া এক ফাঁকে তেতলায় রাখিয়া আসিয়াছে। এ-দিক পানে চাহিতেই কালু কহিল—
আস্থন এ-দিকে।

এ-দিকের ঘরগুলির অবস্থান মানবের ঠিক মুখস্থ ছিলো না; একেবারে

কোণে এমনি যে একটা সংকীর্ণ ঘর তাহার জন্ম ওৎ পাতিয়া বসিয়া ছিলো, ইহা সে স্বপ্লেও কোনো দিন ভাবে নাই। দরজাটা ঠেলা মারিয়া খুলিয়া ফেলিয়া কালু বলিল—এই ঘর।

—এই ঘর ! মানব যেন চোখের সামনে স্পষ্ট ভূত দেখিতেছে: বলিস কিরে ? আমার সঙ্গে স্বাইর ঠাট্টা ? বলিয়া স্থইচ টানিল, কিন্তু আলো আলিল না। বালবটা কোথায় খারাপ হইয়ছে। এই ঘরে আগে হয়তো চাকররা শুইত—কিন্বা এতোদিন হয়তো চামচিকে আর ইয়্রেরা এই ঘরে নিয়মিত দৌড়-ঝাঁপ করিয়া বংশায়ুক্রমে স্বাস্থ্যবর্ধন করিয়া আসিয়াছে। মানব-রীতিমতো চেঁচামিচি শুরু করিল—এই ঘরে কোনো ভদ্রলোক মাথা গুঁজতে পারে ? আমার জিনিস-পত্র সব টাল করে ফেলা হয়েছে। কী-সব ভেঙ্গে-চুরে খান-খান হয়ে গেল সে দিকে কার্কর নজর নেই। ডাক নিতাই হারামজাদাকে। বসে-বসে ব্যাটা এর জন্মে মাইনে শুনবে ? কালু মানবের এলেকার চাকর নয় বলিয়া কোনো গালাগালই তাহাকে লাগিতে পারে না।

মানব একবার ঘরের ভিতরে ঢোকে, আবার বাহিরে আসিয়া চেঁচামিচি আরম্ভ করে: এমন ঘরে ছুদিন থাকলেই যে আমার থাইসিস। পশ্চিম পুব একেবারে বন্ধ। জিনিস দিয়ে জাতা। ও গুলো বুঝি আর অভ্য ঘরে রাখা যেতো না ? কেন, কেন আমার ঘরে এসে অভ্য লোক থাকবে? স্বাড় ধরে বের করে দিতে পারি না ?

মানব আবার অমুপমার ঘরের দিকে অগ্রসর হইল।

— ঐ ঘরে কী করে থাকা যায় ? ঐ ঘর গুছিয়ে রাথা হয়নি কেন ?
চাকর-বাকর সবাই যেন মাথায় উঠেছে। কাল সারা রাত আমার ঘুম
হয়নি—অমন নোংরা চাপা খরে কোনো ভদ্রলোকের ঘুম আসে ?
অমুপমা বাহির হইয়া আসিলেন। কহিলেন—কী চেঁচামেচি লাগিয়েছ
ভিনি।

- চেঁচামিচি করবো না ? তোমার অতিথিকে ঐ ঘরের থাঁচায় পুরতে পারতে না ? কালকেই আমার ঘর ছেড়ে দিতে হবে বলে রাখছি। মুখ বাঁকাইয়া অন্তুপমা কহিলেন—কথাটা কে বলছে শুনি ?
- আমি বলছি। ওকে পোরবার মতো আর বাড়িতে ঘর ছিলো না নাকি ?
- —অসভ্যের মতো গলা ফাটিয়ে চীৎকার কোরো না। ঘর পছন্দ না হয়, বাইরে চলে যাও। রাস্তা আছে।
- বলিতে-না-বলিতেই অমুপমার তিরোধান ! দরজাটা তাহার মুখের উপর সশকে বন্ধ হইয়া গেল।
- কী করিবে মানব ঠিক কিছু বুঝিতে পারিল না। বাইক নিয়া রাভায়-রাভায় থানিকক্ষণ টহল দেওয়া ছাড়া আর পথ দেখিল না। কিছ বারান্দাটা পার হইবার আগে মিলির ঘরের দরজাটায় ঠেলা মারিয়া দেখিতে ইচ্ছা হইল।
- ঠেলা মারিতেই ভেজানো দরজাটা খুলিয়া গেল। উকি মারিয়া দেখিল ঘরে কেছ নাই—সমস্ত ঘর জুড়িয়া শুধু মিলির অমুপস্থিতিটুকু বিরাজ করিতেছে। মানব ঘরের মধ্যে চলিয়া আসিল; স্থইচ টিপিয়া আলো করিয়া তক্ষ্নি আবার নিবাইয়া দিল। মিলির ব্যগ্র ছুই বাছর মতো অক্কার সহসা ছুটিয়া আসিয়া তাহাকে ঘিরিয়া ধরিল।
- এ কম্মদিন আর ঝাঁট পড়ে নাই। টেবিলের উপর বই-থাতাগুলি ছড়াইয়া আছে। মানব তাই নিয়া কতোক্ষণ নাড়াচাড়া করিতে লাগিল। শ্রাস্তিতে শরীর তাহার ভাঙিয়া পড়িতেছে। মিলির থাটের উপর শুকনা গদিটা থালি পড়িয়া আছে। মানব তাহারই উপর বসিয়া পড়িল।
- মিলি তাহার মাধার এত কাছে আসিয়া বসিয়া আছে, তরু সে তাহাকে দেখিতে পাইতেছে না।
- কী যে ব্যাপার ঘটিয়াছে মানব ভাবিয়া-ভাবিরা কিছুরই কূল-কিনারা

পাইল না। তেতালায় উঠিয়া সতীশবাবুর শরণাপন্ন হইলে ইহার একটা বিহিত হইতে পারে বটে, কিন্তু নিজের প্রভুষ সঙ্গুচিত করিতে হইবে ভাবিয়া তাহার আজ্মসন্মানে ঘা লাগিল। ঘরে মেম-সাহেব আনিয়া মা'র মেজাজও সহসা ফিরিঙ্গি হইয়া উঠিল কেন ? তাহাকে কি-না বলা— সোজা রাস্তা পরিয়া আছে!

অন্ধকারে মানব চুপ করিয়া শৃত্তমনে বসিয়া রহিল।

সহসা কোথা থেকে শিশু একটা টাঁ করিয়া উঠিয়াছে। পাশের ঘরেই। য়্যাংলো-ইণ্ডিয়ান মেয়েটা বিক্বত ত্মর-ভঙ্গীতে তাহাকে প্রবোধ দিতেছে। মজা মন্দ নয়। একা নয়, বোঝার উপর শাকের আঁটিটি পর্যন্ত নিয়া আসিয়াছে। কেন যে এই উপদ্রব আসিয়া জ্টিল, কি করিয়া এখ্নি ইহার প্রতিবিধান করা যায় সম্প্রতি তাহাতে একটুও মন না দিয়া মানব তেমনি বসিয়াই রহিল।

বাহির থেকে নিতাই কহিল—আপনাকে কর্তাবাবু ডাকছেন।

- —কর্তাবার্ ডাকছেন ! মানব থেঁকাইয়া উঠিল: নদের চাঁদ এতোকণ কোপায় ছিলে ? আমার ঘর-দোর গুছিয়ে রাখতে পারিসনি, হারাম-জাদা ? যা ব্যাটা, যাবো না আমি।
- —আপনি যে আজ আসবেন জানবো কী করে ?
- তাই ঘর-দোর অমনি একহাঁটু করে রাথবি ? দাঁড়া—
- —-এখুনি সব গুছিয়ে ফেলছি আমি। আপনি একবারটি তেতলায় যান।
 মানবের কোনো ব্যস্ততা দেখা গেল না। শরীরটা যেন থামিয়া আছে,
 ম্যাজ্ব-ম্যাজ করিতেছে—স্মান না করিলে কিছুতেই তাহার রাগ পড়িবে
 না। তেতলায় উঠিলে এখনই সব কিছুর সমাধান হয়, তবু এ-জায়গাটি
 ছাড়িয়া উঠিতে তাহার ইচ্ছা করে না।

নিতাই আবার তাড়া দিয়া গেল।

শতীশবাবুর অন্তিষের কথা মানব একরকম ভূলিয়াই ছিল; তেতলার থেকে তিনি বড় একটা নামিতেন না, শামুকের খোলার মতো ঐ ঘরটিই তাঁকে আরত করিয়া রাখিত। মানবের অবাধ ও উদ্দাম ধাওয়ার মুখে পড়িয়া তাহার সঙ্গে তাঁহার কোনোদিন ঠোকাঠুকি হয় নাই। মানবের মনি-ব্যাগটা শৃভ্য হইলে তিনি তাহা আবার ভরিয়া দিয়াছেন। তথনই হাসিয়া এক-বার বলিতেন: ছমাসে আর মুখ দেখিয়ো না। কিন্তু ছমাস পার হইবার আগে নিজেই তাহার ঘরে উকি মারিয়া মূছ্ হাসিয়া বলিয়াছেন: তোমার মনি-ব্যাগের স্বাস্থ্য ভালো আছে তো পুমানব হাসিয়া বলিয়াছে: হাওয়ায় বেড়িয়ে সম্প্রতি কিছু কাহিল হয়ে পড়েছে।

তা ছাড়া কোনো কাজেই সতীশবাবুর দরবারে তাহার ডাক পড়ে নাই। আজই তাহাকে নিয়া তাঁহার কী দরকার পড়িল ভাবিয়া সে দিশা পাইল না।

সি ডি দিয়া উপরে উঠিতে-উঠিতে তাহার ভর করিতে লাগিল। দরজ্ঞাটা বিস্তৃত করিয়া খোলা—প্রকাণ্ড টেবিলের উপর একরাশ কাগজ্ঞ-পত্র লইয়া সতীশবাবু ভীষণ ব্যস্ত হইয়া উঠিয়াছেন। টেবল-ল্যাম্পের তীক্ষ্ণ আলোয় স্পষ্ট চোখে পড়িল তাঁহার মুখে চিস্তার কুটিল রেখা পড়িয়াছে। অনেক দিনের অনিক্রায় চোখ ছুইটা কাঁচের মতো কঠিন দেখায়। দরজ্বার কাছে একটা ছায়া পড়িল। সতীশবাবু কাগজ্বের আণ্ডিল থেকে

মুখ তুলিয়া স্মিভহাত্তে কহিলেন—এসো, মাম। তুমি এখনো জামা-কাপড় ছাড়োনি ? কী নিয়ে গোলমাল হচ্ছিলো ?

মানব কহিল—আমার তু-তুটো ঘর হাত-ছাড়া হয়ে গেছে। কে-একটা মেম এসে সেখানে আন্তানা গেড়েছে।

— হ ! কাগজ-পত্তে চোখ ডুবাইয়া সতীশবাবু মাত্র এই সংক্ষিপ্ত শব্দ করিলেন।

মানৰ কহিল—ওকে কেন আমার ধর দেওয়া হলো ? আমাকে পাকতে দেওয়া হয়েছে কি না ঐ কোণের আঁস্তোকুড়ে। না আছে জানলা, না বা আলো। গা ছড়ানো যায় না।

— আছে!, সে আমি দেখছি। তুমি ততোক্ষণে স্নান করে নাও। নিচে যাবার দরকার নেই, আমারই বাধরুমে জল আছে। এখন আর কোণাও বেরিয়ো না। তোমার সঙ্গে আমার কণা আছে।

শুধু কথা আছে! মানব সহসা এই সংসারের চোথে এত অকিঞ্চিৎকর হইয়া গেল। মান করাটা হয়তো ঠিক হইল না। তবু না করিয়াই বা কী করা যায়! নিতাই ক্পেড়-তোয়ালে আয়না আশ লইয়া হাজির। কহিল—এই জ্তো এনে রেখেছি। দেখুন এসে আপনার নতুন ঘর-দোরের কেমন ভোল ফিরে গেছে।

—ভূই থাকিস ও ঘরে। আমার কাজ নেই।

ঘরে চুকিতেই সতীশবারু কহিলেন—বোসো। তোমার খাবারটা এথেনেই দিয়ে যাবেথন। যা ভো নিতাই, ঠাকুরকে বলে আয়।

- —না, না, সে পরে হবে। মানব আপত্তি করিল: এখনো আমার খিদে পায়নি। কথাটা আগে সেরে নিন।
- কথাটা আগে সেরে নেব ৷ সতীশবাবু স্বিতহাস্তে কহিলেন—চেম্বারে
 বেশ টাইট হয়ে বসেছ ভো?
 - ---এ-চেয়ার থেকে ছিটকে মাটিতে পড়ে যেতেও আমার আপস্তি
 > 3 •

- নেই। বনুন। মা তো আমাকে সোজা রাস্তা দেখতেই উপদেশ দিয়েছেন।
- —বটে ? সতীশবাৰুর মুখ গন্তীর হইয়া উঠিল: আমি বলি কি জানো, মাহ ?
- কি ? টেবিলের উপর তুই কছুইয়ের ভর রাখিয়া মানব জানিতে চাছিল।
- —তোমাকে আমি টাকা দিচ্ছি, তুমি কোথাও দিন কয়েক বেড়িয়ে এসো।
 কথাটা মানব আয়ত্ত করিতে পারিল না। সতীশবাবুর মুখের দিকে
 হতভদ্বের মতো চাহিয়া থাকিয়া বলিল—বেড়াতে যাবো কী! আমাদের
 কলেজ থুলতে আর কতো দিন।
- —এই পচা ইউনিভার্সিটিতে আর পড়ে না। সোজা বিলেত চলে যাও। ব্যারিন্টার হয়ে এসো। কিম্বা অন্ত কোনো টেকনিক্যাল বি**ত্তা। রঙের** কাজ, ব্লকের কাজ, এক্সিনিয়ারিং—যাতে ভোমার হাত খোলে। যভো দিন ভোমার খুনি।
- মানব ব্যঙ্গহতক হাসি হাসিয়া কহিল—আমাকে তাড়াবার জ্বতে হঠাৎ আপনারা স্বাইক্ষেপে উঠলেন কেন ?
- পীড়িত মুখে সতীশবাব কহিলেন—তোমাকে তাড়াব কী, মামু ? সত্যি-কারের মামুষ হয়ে নিজের পায়ে দাড়াবার জ্বন্তে তোমাকে ইউরোপ পাঠাচিছ। তুমি যদি উত্তর-মেরু জয় করবার জ্বন্তেও আকাশে বেরোতে চাও, আমি তোমাকে সাহায্য করবো।
- -कि ह वि. এ. পान करत याता वरनहे रहा किंक हिला।
- —ছুতোর বি এ পাশ! সভীশবাবু টেবিলে এক কিল মারিলেন: খামোখা দেরি করে লাভ কি! তুমি তো চলতে পারলে থামো না। মূহুর্তের মধ্যে মানব হাঁপাইয়া উঠিল; কহিল—কিন্তু ব্যাপারটা কী স্পষ্ট করে আমাকে বলুন।

গলা থাঁখবাইয়া সতীশবাবু কছিলেন—হাঁা, স্পষ্ট করেই বলছি। তুমি এর মাঝে থেয়ে নিলে পারতে।

—সে হবেখন। আপনি বলুন।

একটুখানি চুপচাপ। মাঝে-মাঝে নিচে ছইতে সেই শিশুর তারম্বর কানে আসিতেছে।

সতীশবাবু শুরু করিলেন : ঐ আওয়াজটা কানে আসছে, মামু ?

- —কিসের ?
- —কে যেন কাদছে না ?
- সেই ফিরিঙ্গি-মেয়েটার বাচ্চা হয়তো।
- সভীশবাবুর গোঁফ-জ্বেড়া ঈষৎ ক্ষুরিত হইল। চেয়ারে হেলান দিয়া তিনি কিছিলন—খবরটা এখনো তাহলে পাওনি ? ও তোমারি ভাই। অর্থাৎ—
 মানব বসিয়া পড়িল। ষড়যন্ত্রের সমস্ত জটিলতা এখন তাহার কাছে
 পরিষার হইয়া উঠিয়াছে।
- অর্থাৎ সতীশবার প্রসন্ধর্ম কহিতে লাগিলেন— বৃদ্ধ বন্ধসে একটি প্র-সন্তান লাভ করেছি। এর পরিণাম কী ভাবতে পারো ? মানবের স্বর ফুটিতেছিল না, কঠিন ফুইটা হাতে তাহার গলাটা কে নির্মম জোরে চাপিয়া ধরিয়াছে। স্বর যাহা ফুটিল, শুনাইল ঠিক কানার মতো: আমার পক্ষে পরিণাম কী, তাই ভাবতে বলছেন? মা তো সে-কথা আগেই বলে দিয়েছেন—রাস্তা।
- নিশ্চয়ই নয়। সতীশবাবু মানবের হাত ছুইটা চাপিয়া ধরিয়া কহিলেন—তোমাকে আমি বঞ্চিত করবো এতো বড়ো নির্ভূর আমি কথনোই হতে পারবো না। এই দেখ, আমি কী উইল করে রেখেছি। সতীশবাবু ডুয়ার টানিয়া কি-একটা কাগজ বাহির করিলেন। শুকনো গলায় মানব কহিল—শুনে আমার দরকার নেই। দয়া করে ওটা ছি ড়ে ফেলুন।

সভীশবাবু কহিলেন—একটা মোট। টাকাই তোমার জ্বন্তে রেখেছি। ইচ্ছে করলে তুমি অনায়াসে বিলেত চলে যেতে পারো।

--- পতাবাদ।

মানব চেয়ার ছাড়িয়া উঠিয়া দাঁড়াইল।

সতীশবাবু বিশ্বিত হইয়া কহিলেন—উঠছ কি এখুনি ?

- —এ বাড়িতে থাকবার আর আমার কী দরকার থাকতে পারে ?
- সে কী কথা। সতীশবাবুও উঠিয়া দাঁড়াইলেন। এ-বাড়ি ছেড়ে তুনি চলে যাচ্ছ নাকি ? কোথায় ?
- —দেখি আপনার কথামতো নিজের পায়ে দাঁড়িয়ে মায়ুব হতে পারি ।
 কিনা।
- —না, না, ছেলেমানবি কোরে না বোসো। বলিয়া সভীশবার্ তাহাকে হাতে ধরিয়া চেয়ারে বসাইয়া দিলেন। তাহার পাশে আরেকথানা চেয়ারে বসিয়া কহিলেন—অভিমান করবার কিছুই নেই। আমি ভোমাকে বঞ্চিত করলে এই অভিমান হয়তো সাজত। ভেতরে ভেতরে যে কোনো পরিবর্তন হয়েছে এ-কথা আমি বাইরে থেকে বুঝতেই দেব না।
- —তাই তো কোণের ঘরে আমার জায়গা হয়েছে; মা সটান আমাকে রাস্তা দেখিয়ে দিয়েছেন।
- প্রবোধ দিবার স্থারে সতীশবাবু কহিলেন—তাতে কি। তৃমি অন্তাকোণ্ড ক্নমস নিয়ে পাক, কিছা বি, এ, পাশের মোহ যদি কাটিয়ে উঠতে পারে। তো টমাস কুক কিছা আমেরিকান একসপ্রেসএ গিয়ে বুক করে এসো।
- —সবই সম্ভব হতো যদি আমার কোনো অধিকার আছে বলে অমুভব করতাম। কাঁকা স্নেছের উপর আমার আর বিশাস নেই।
- —বলো কি, মামু ? এতোগুলি বৎসর ধরে কি তুমি এই শিখলে ?
- —আর এতোগুলি বৎসর পরে ছোট একটা শিশুর স্থান করে দিতে আমাকেই পথে বেরুতে হবে—এ-ই কি আমি ভেবেছিলাম কোনোদিন ?

- —কিন্তু ত্মি তো জানো—আইনে তুমি আমার উত্তরাধিকারী নও। তবুও তোমাকে যে আমি অর্থের অভাব কোনোদিন বোধ করতে দেব না বলে প্রতিজ্ঞা করছি—
- —তার জন্মে আপনাকে ধন্তবাদ। মানব আবার উঠিল।
- --ভূমি যাচ্ছ কোপায় ?

মানব বিমর্থ্য হাসি আনিয়া কহিল—যেখান থেকে এ-বাড়িতে এসেছিলাম।

খুব বড়ো রকম ব্যর্থতা আসিয়া মাছুষের জীবনকে যখন গ্রাস করে, তখন সে হাসিমুখে মনে-মনে বলে: এ যে ঘটবে তা আমি বছ আগে থেকেই জানতাম—মানবের মুখে সেই অসহায় হাসি।

সতীশবাৰ ব্যস্ত হইয়া উঠিলেন: না, না, আমার এ ঘর তোমাকে ছেড়ে দিচ্ছি। আমিই না-হয় কোণের ঘরে গিয়ে থাকবো। তুমি যাবে কী ? ছি! যাবার জায়গা কোণায় ?

স্লান হাসিয়া মানব কহিল—আমার বাবাও একদিন এমনি নিরুদ্দেশযান্তায় বেরিয়ে পড়েছিলেন। সেই স্থর আমার রক্তে বাঞ্চছে।

- —তা বাস্ক্ । তুমি বোসো। কালু! ঠাকুরকে শিগগির বলো গে—দাদা-বাবুর খাবার এথানে পাঠিয়ে দেবে।
- আমার মা-ও কোথায় কোন দিকে চলে গেছেন কেউ বলতে পারে না।

সতীশবাবু হঠাৎ কেমন চঞ্চল হইরা উঠিলেন: তোমার মা চলে বাবার দিনে তোমাকে আমার হাতে দিয়ে বলে বার তোমাকে বেন মাতুষ করে তুলি। তোমার মা'র সেই কথা আমি চিরদিন মনে রেখেছি।

—বছ ধন্তবাদ। কিন্তু আমাকেও মা'র সঙ্গে পথে বার করে দিলেন না কেন?

- —তোমার মা-ই ভোমাকে নিতে চাইলো না।
- -এ-সংসারে আমার যদি জারগা হলো, মারও কি হতো না ?
- —তোমার মা জোর করেই চলে গেল। কিন্তু সে-কথা থাক। সতীশবাবু অক্সমনস্কের মতো পাইচারি করিতে লাগিলেন।
- —আমিও তেমনি জোর করেই চলে যাই।
- —কিন্তু আজই যেতে হবে এমন কোনো প্রতিজ্ঞা আছে ? আজ রাতটা জিরোও, কাল ভেবে ঠিক করা যাবে—দেখি কী করতে পারি।
- —ভেবে ঠিক করবার কিছুই আর নেই এতে। মানব দরজার দিকে মুখ করিয়া ঘূরিয়া গেল।

সতীশবাবু বাধা দিয়া কহিলেন—এ তুমি অত্যন্ত বাড়াবাড়ি করছ।

— এতে আমার-আপনার কোনোই হাত নেই। এ একদিন হতোই। এ না হয়ে যায় না। সত্যিকারের বাঁচবার পক্ষে এই ক্ষতির মূল্য অনেক-খানি।

সিঁড়িতে কাহার জুতার শব্দ হইতেছে।

স্পরীরে অমুপমাই হাজির হইলেন। তাঁহাকে দেখিয়া স্তীশবাবুর মুখ চুন হইয়া গেল।

অমুপমা মাতৃত্বের স্থাদ পাইয়া যেন বাঘিনী হইয়া উঠিয়াছেন। তিনি যে বেশ শুকাইয়াছেন তাহা তাঁহার গলাটা দেখিলেই ধরা পড়ে। তিনি গলাটা কিঞ্চিৎ ছ্লাইয়া কহিলেন—কী এমন ঘর খারাপ হয়েছে শুনি ?

- —না, না—সভীশবাবু মাথা নাড়িয়া বলিলেন—মামু আজ আমার বিছানায় শোবে। কাল একটা বন্দোবস্ত করা যাবে যা-ছোক।
- —আবার কী বন্দোবন্ত!
- —ই্যা। সে একটা হবে ঠিক। এখনো ওর খাওয়া হয়নি। ঠাকুর খাবার দিয়ে যাচেছ না কেন ? যতো কুঁড়ের ধাড়ি।

—কেন, উনি নিচে নেমে থেয়ে আসতে পারেন না,না ওঁর সন্মানে বাধে ? মানব হাসিয়া কহিল—থেতেই আমার সন্মানে বাধছে, মা।

অন্ত দিকে মুখ ফিরাইয়া গলার স্বরটাকে ঈষৎ চাপিয়া অমুপমা কছিলেন

— সে হিসেবে এতো দিনে তো তবে কম সন্মান খোয়ানো হয়নি দেখছি।
তার পর মুখ ঘুরাইয়া স্পষ্ট স্বরে কছিলেন—সোজা কথা বাপু, তোমার
পিছনে আর রাশি-রাশি টাকা উড়োনো চলবে না।

মানব নির্লিপ্তের মতো কহিল—সোজা কথাটা আমি আরো সোজা করে।
দিয়ে যাচ্চি। তোমার ভাবনা নেই।

মানবকে সিঁড়ির দিকে পা বাড়াইতে দেখিয়া অমুপমা কহিলেন—কিন্তু চারটি না খেয়ে এখুনিই বেরিয়ে যেতে হবে এমন কথা তো তোমাকে কেউ বলেনি।

—সোজা করে এমন-কথা কেউ বলবার আগেই তো চলে যাওরা উচিত। সতীশবাবু বিরক্ত হইরা কহিলেন—তোমার স্বভাবের এ-দোষ আমি চিরদিনই লক্ষ্য করছি মান্ত, একবার যা তোমার মাধার আসে, কিছুতেই ভূমি তা ছাড়তে পারো না।

মানব তবুও বশ না মানিয়া সোজা নামিয়া যাইবার উচ্ছোগ করিতেছে দেখিয়া অফুপমা মুখভঙ্গি করিয়া কছিলেন—তুমিই তো নাই দিয়ে-দিয়ে মেজাজখানা ওঁর এমনি নবাবী করে তলেছো।

মানব কঁয়েক ধাপ নামিয়া আসিয়াছে।

সতীশবাবু প্রায় ছুটিয়া আসিয়া মাঝপপে তাহাকে ধরিয়া ফেলিলেন। তাহার একথানি হাত মুঠার মাঝে তুলিয়া লইয়া কহিলেন—তোমার গোঁ যখন ছাড়বে না, তখন কী আর আমি করতে পারি ? কোপায় যাছছ জানি না, তবু কিছু তোমাকে আমি দিয়ে যাছি। বলিয়া তাহার বুক্পকেটে এক তাড়া নোটই গুঁজিয়া দিলেন হয়তো: ছেলেমান্যি করো না। এ তোমাকে রাখতেই হবে। তা ছাড়া—সতীশবাৰু অমুপ্যাকে

একটু লক্ষ্য করিয়া গলা নামাইয়া কহিলেন—বিলেত যাবার প্রস্তাব কিন্তু ওপ্নু রইলো। বৃদ্ধিমানের মতো তাই ভেসে পড়ো। টাকার দরকার হলে আমার কাছে আসতে আপত্তি কোরো না। সতীশবাবু মানবের সঙ্গে-সঙ্গে আরো হুই ধাপ নিচে নামিলেন: খুন একটা অস্ক্বিধেয় পড়ো এ আমি চাইনে। যাও, দিন কয়েক কোধাও ঘুরে এসো। আবার এসো, একদিন—

মানব ফিরিয়। দাঁড়াইয়া সতীশবাবুকে নি:শক্তে প্রণাম করিয়াই তরতর করিয়া নামিয়া গেল। সতীশবাবু কাঠের রেলিঙ ধরিয়া টাল সামলাইলেন। তাঁহার সঙ্গে আরো ছুইটা জরুরি কথা কহিবার জন্ত অমুপমা রহিয়া গেলেন।

দোতলার বারান্দায় পড়িরাই প্রথমে মিলির ঘর। এই ঘরে গিয়া দাঁ দাড়াতেই মিলি অন্ধকারের গভীর সান্ধনার মতো চারদিক হইতে তাহাকে আছের করিয়া ধরিল।

সে জীবনে এতো বেশি লাভ করিয়াছে যে এই সামান্ত ক্ষতিতে তাহার কী এমন আসে যায়! মেঘনার পারে সেই কলা-গাছের বেড়া-দেওয়া পাতার কুঁড়ে-ঘরটি তাহার চোথে আঁকা আছে। সেই ধ্-ধ্ মাঠের সমুদ্রে পাল-তোলা জাহাজের মতো নোয়াখালির সেই বাড়িটা—যে-বাড়িতে আগে মা পাকিতেন, যে-বাড়িতে এখন মিলি আছে।

ঘর হইতে বারান্দায় বাহির হইরা আসিতেই পাশের ঘরের দরজার কাছে সেই ম্যাংলো-ইপ্ডিয়ান মেয়েটির সঙ্গে দেখা। ছই বাহুর মধ্যে এক প্যাকেট ফ্ল্যানেলের তলায় হাইপুই একটি শিশু—সোডার বোতলের মুখের মতো বোজানো মুঠি তুলিয়া আলো দেখিয়া খেলা করিতেছে। এই মাত্রে কাদিতেছিল, নাসের বাহুর আশ্রম পাইয়া খ্শির তাহার শেষ নাই। ময়দার পাকানো ড্যালার মতো ফুলো-ফুলো গাল, গালের চাপে

399

১২(২৬)

নাকটা কোথার ডুবিরা আছে, আঙুলের ছোট-ছোট নখগুলি নতুন আলপিনের মাথার মতো ঝকঝক করিতেছে।

সি ডিতে আবার কাহার জুতার শব্দ।

ফিরিঙ্গি মেয়েটির দিকে বন্ধুর মতো চাহিয়া মানব কহিল—গুড-বাই। মেয়েটি কিছু উত্তর না-দিয়া বুকের ছেলেটাকে নিচু হইয়া পর্যবেক্ষণ করিতে লাগিল।

ছেলেটা যেন পিঠালির পুতৃল। ডুমো-ডুমো গাল ছুইটা টিপিয়া ছেলেটাকে একটু আদর করিবার জন্ত সে হাত বাড়াইল, অমনি হাত তুলিয়া হাঁ-হাঁ করিতে-করিতে অমুপমা ছুটিয়া আসিলেন। মুথে তাঁহার হিন্দি-মেশানো বাঙালি বুলি: কেন তুমি ঠাণ্ডায় ওকে নিয়ে এসেছ ? শিগগির নিয়ে যাও ভেতরে।

মানব শুন্তিত হইয়া দাঁড়াইয়া রহিল।

অমুপমা ছেলেকে নার্সের কোল হইতে তাড়াতাড়ি ছিনাইয়া লইয়া মানবের নাগালের বাহিরে ঘরের মধ্যে অনেক দূর চলিয়া গেলেন। চোথে তাঁহার সেই বাঘিনীর দৃষ্টি। মানব যেন হাত বাড়াইয়া আরেকটু হইলেই শিশুটার গলা টিপিয়া ধরিয়া শেন করিয়া দিয়াছিল! তলানি মেয়ে আলাপ জমাইতে ঢং করিয়া একেবারে ছেলে কোলে করিয়া আসিয়াছে। ভাগ্যিস সে ঠিক সময়ে আসিয়া পড়িয়াছিল। আর এক মিনিট পরে হইলেই—ভাবিতে অমুপমার সারা গায়ে কাঁটা দিয়া উঠে। মানব সামান্ত একটু হাসিয়া সিঁড়ি দিয়া আল্তে-আল্তে নামিতে লাগিল। অমুপমা কী করিয়া এমন কুৎসিত ভাবে বদলাইয়া গেলেন মানব ভাবিয়া থৈ পায় না। নারী-চরিত্রের এই উৎকট স্বার্থপরতার চেহার। সে ইহার আগে কোনোদিন দেখে নাই, বোধকরি ভাবিতেও পারে না। ইহারই পাশে অপরাজিতা ফুলের মতো মিলির মুখখানি মনে করিয়া সেনিজেকে একট পবিত্র বোধ করিল।

অনুপমা তখনো কী-সব অনর্গল বকিয়া চলিয়াছে। গলানো সিসে। মানব নিচে নামিয়া আদিল। নিচের তলায় অনেক সব অনাহুত অতিথি শিক্ড গাড়িয়া বসিয়া দিনে রাত্রে রস শোষণ করিতেছে। তাহাদের বেশির ভাগই অনুপমার বাপের বাড়ির সম্পর্কিত। কোনোদিন তাহাদের দিকে মানব মুথ তুলিয়া তাকায় নাই; আজ যাইবার আগে তাহাদের দেখিতে ইচ্ছা করিল। শিগসিরই যে তাহাদেরো উপর গৃহত্যাগের নোটিশ জারি হইবে এ-খবর হয়তো তাহারা এখনো পায় নাই। হয়তো তাহা নয়; তাহারা তো আর মানবের মতো অংশের টুকরা লইয়া কামভা-কামড়ি করিতে আসিত না। তবু কোপায় যেন মানবের সঙ্গে তাহাদের মিল ধরা পভিয়াছে। সে-ও তো নিচেই নামিয়া আসিল।

একটা ঘরে সে চুকিয়া পড়িল। দড়ির একটা খাটিয়ার উপর কম্বল পাড়িয়া ধরিছর একপেট খাইয়া চিৎ হইয়। পরম আরামে পান চিবাইতেছে আর পা ছুলাইতেছে। মানবকে চুকিতে দেখিয়া সে ধড়মড় করিয়া উঠিয়া ধিদিল। মানব একটা কিছু হুকুম করিলেই সে পরম আপ্যায়িত হইবে এমনি ভঙ্গিতে স্কাভরে সে কহিল—আমাকে কিছু বলবেন ?

মানব ফিরিয়া যাইতে-যাইতে কহিল—না, তোমরা কী করছ এমনি দেখতে এসেছিলাম।

ভাগ্যিস হরিহর এখন তামাক সাজাইয়া বদে নাই।

মানবের স্পষ্ট মনে পড়ে এই হরিহরকে একদিন সে মোটর-বাইকের কাদা ধুইতে বলিয়াছিল—হরিহর ছুই-পাটি দাঁত বাহির করিয়া তথুনিই কোমরে কাপড় কাছিয়া বালতি করিয়া জল তুলিয়া আনিয়াছিল। আজ হরিহরের বিছানা ভাগ করিয়া অনায়াসে সে তাহার পাশে বসিতে পারিত।

কিন্তু সহামুভূতি কুড়াইবার এই উঞ্বৃত্তি তাহাকে শোভা পায় না।
নিচে মোটর-বাইকটার সঙ্গে তাহার দেখা হইল—তাহার 'ট্রায়ম্ফ্'।

স্থাওলটা ধরিয়া ব**ন্ধুর হাতের মতো এক সবল ঝাঁকানি দিয়া সে** বাহির হইয়া পডিল।

গ্যারেজ্টা তালা-দেওয়া। কাল সকালে আসিয়া মির্জা দরজা থুলিবে।
সেই গাডি করিয়া ফিরিঙ্গি-মেয়েটা হয়তো ছেলে কোলে নিয়া রোজ হাওয়া খাইয়া আসিতেছে।

পিছন থেকে নিতাই ডাক দিল: বাবু চলে যাচ্ছেন নাকি ? ঠাকুর থে আপনার থাবার নিয়ে খুরছে। এখন বেকলে সব জুড়িয়ে যাবে যে। মানব ডাক শুনিয়া ফিরিল। পকেট হইতে থুচরা একটা টাকা বাহির করিয়া নিতাইর দিকে ছুঁড়িয়া দিয়া কহিল—এই নে। এখনো নবাবি তাহার বোল আনা। কুটপাতে খানিকক্ষণ দাড়াতেই একটা ট্যাক্সি মিলিয়া গেল। বুক-পকেটটা ফাঁক করিয়া তাহার ফ্যাতির একটা পরিমাপ করিয়া সে ট্যাক্সিতে চাপিয়া বিসল। কোপায় যাইবে জানিবার জন্ম ডাইভার ঘাড় ফিরাইল। গিটটাতে নিজেকে আরো ছডাইয়া দিয়া মানব কহিল—জানি না। এমন যাত্রীকে অবশেষে কোপায় লইয়া যাইতে হয় ডাইভার জানিত। মনে-মনে তন্ন-তন্ন করিয়া খুঁজিয়াও মানব কোনো জায়গার হদিস পাইল না। সে-জন্ম তাহার ব্যস্ততা নাই। যেখানে হয়, সেখানেই সে পাকিবে। যদি প্লিশ আপত্তি না করে সারা-রাত্রি ট্যাক্সিতেই, যদি আপত্তি করে, স্মথকম্বলশয়নে। ফুটপাতে, নর্দমায়—যেখানে খুশি। এই অনিশ্চিততার সঙ্গে নিজেকে সে এক মুহুর্তেই চমৎকার খাপ খাওয়াইয়াছে।

শ্রান্তিতেই গা ছাড়িয়া দিয়াছে—মৃচ্ছিত চোগে ঠাণ্ডা জলের ঝাপটার মতো হাওয়া আসিয়া বি থিতেছে। ধৃ-ধৃ মাঠের উপরে সেই বাড়ি, মেঘনার নীলচে জল, মিলির মুখ—সব চোথের সমুখ দিয়া ভাসিয়া চলিয়াছে। অনেক পথ ঘৃরিয়া ট্যাক্সিটা যেখানে ধামিল তাহারি গায়ে ইম্পিরিয়াল রেন্টোর্যাণ্ট। হোটেলটা দেখিয়া মানবের কি-একটা কথা চট করিয়া মনে পড়িয়া গেল। কুখাও তাহার পাইয়াছে—কিছু খাইয়া লইতে-লইতে বরং কিছু একটা ঠিক করা যাইবে। ট্যাক্সিটাকে ভাড়া চুকাইয়া বিদায় করিয়া দিল।

বয়কে 'এক পেগ জনি-ওয়াকার অউর এক প্লেট ফাউল-কাটলেট' আনিতে বলিয়া মানব ঘাড়ের ঘাম মুছিল। এই ঠাণ্ডায়ো গায়ে ঘাম দিয়াছে। নিরুৎসাহ হইবার কী আছে? এখুনি চাঙ্গা হইয়া উঠিল বলিয়া। বয় মদের সঙ্গে সোড়া মিশাইল। সেই রঙিন মদের দিকে চাইয়া মানবের ঠোঁটের প্রাস্থে একটু হাসি দেখা দিল। তার চোখের সামনে মিলির হাসিটি যেন টলটল করিতেছে। জীবনে এই জব্য সে কোনো দিন হোঁয় নাই : ইহারই জন্ম বাবা মাকে পথের ধারে ফেলিয়া গিয়াছেন—সেই শ্বৃতি সর্বদা তাহার মনে আতঙ্কের স্বষ্টি করিত। আজ্ঞা ভরতি প্রাণাটার দিকে চাহিয়া তাহার ভয় করিতে লাগিল—ইহাতে চুমুক দিলেই যেন মিলি মা'র মতো অনুশ্ম হইয়া যাইবে। তাড়াতাড়ি মাশটাকে সে দ্রে সরাইয়া রাখিল। কাটলেট সাবাড় করিয়া হোটেলের বাহিরে আসিয়া দেখিল রাস্তার লোক-চলাচল কমিয়া আসিয়াছে। সাড়ে-মটার 'পো' এই ভাঙিবে।

চৌরন্ধির দিকে সে হাঁটিতে শুক্র করিল। কী তাহার ছুঃখ যাহা ভূলিবার জ্বন্থ অবশেষে সে মদের শরণ নিতে গিয়াছিল। পৃথিবীতে সেই তো পূর্ণতম—সে ভালোবাসিয়াছে ও ভালোবাসা পাইয়াছে। মদের উগ্রভায় মিলির ন্নিয় স্থৃতিটিকে সে বিবর্ণ করিয়া তোলে নাই— ঈশ্বরকে প্রণাম। ভিনি যে ঘরের বদলে পথের সাধী দিলেন মানব ইছার বদলে শ্বয়ঃ ঈশ্বরকেও চায় না।

আমহার্স স্ট্রীটে বিজনদের মেসএ যাইবার জন্ম সে একটা বাস লইল।
মেসএর দরজা বন্ধ। অনেক ধাকাধাকির পরেও কেই দরজা খোলে
না। ডাকাডাকিতেও সাড়া নাই। বাকি রাত্রিটা কোথার কাটানো
বার ইহাই ভাবিয়া মানব হাঁপাইয়া উঠিল। এমন সময় মেসএর দরজায়
সশরীরে বিজনই আসিয়া হাজির—বন্ধু-বান্ধব লইয়া পাস-এ থিয়েটার
দেখিয়া ফিরিতেছে।

মানবের চেহারা ও পোশাক দেথিয়া বিজ্ঞন অবাক হইরা গেলো: তুমি এতো রাজে—এইথানে ?

বিজ্ঞনের হাত ধরিয়া মানব কহিল—তোমার সঙ্গে আমার ভীষণ দরকার আছে। না পেরে আরেকটু হলে আমি তো চলে যাচ্ছিলাম। ভাগ্যিস দেখা হয়ে গেলো।

তাহার সঙ্গে মানবের কী দরকার, বিজ্ঞন সাত-পাঁচ কিছু ভাবিয়া পাইল না। মানব অন্তের কাছে সাহায্য-প্রার্থী, এই অপমান সে সহিল কী করিয়া ? ভিড় হইতে একটু সরাইয়া নিয়া বিজ্ঞন কহিল—কী দরকার ? —বিশেষ কিছু নয়, আজ রাত্রে ভোমার এখানে একটু শুতে পাবো ? —স্বচ্ছদেশ। কিন্তু বাড়ি না গিয়ে আমার মেসএ—নোংরা বিছানায়!

—বাড়িতে আর জায়গা নেই।

কথা শুনিয়া বিজন বিশ্বয়ে একটা অফুট শক করিয়া উঠিতেই মানব হাসিয়া উঠিল। কহিল—একটি শিশু এগে আমাকে স্থানচ্যুত করেছে। বুঝতে পারছ না হাঁদারাম ? মিসেস অমুপমা চাটুজ্জে কায়ক্লেশে একটি পুত্র প্রসব করেছেন। অতএব—

বিজ্ঞন তাহার হাতটা আঁকড়িয়া ধরিয়া কহিল—বলো কি ?
মানব স্মিতহাস্তে কহিল—এর চেয়ে বেশি নিবিকার হয়ে কী করে
বলা যায় ? আমার চেহারা দেখে কি সত্যিই মনে হয় যে আমার
কিছু একটা হয়েছে ? জীবনে অনেক যে বেশি লাভ করবে তাকেই
আনেক বেশি ক্ষতি স্থীকার করতে হয়।

ইহার মধ্যে অপ্তান্ত বন্ধুরা কৌশলে মেসএর দরজা খোলাইয়াছে।
বাড়িটার ঐ পাশ দিয়া গিয়া জানলাতে হাত বাড়াইয়া অমুকুলবাবুর মণারির দড়িটা বারকতক নাড়িলেই এই অসাধ্য-সাধন ঘটে।
তিনি ভড়াক করিয়া লাকাইয়া উঠেন। জানলা বন্ধ করিলেও নিস্তার
নাই।রাত্তায় টিল আছে। মেসএর রামেন্দ্ থিয়েটারের টিকিট-চেক করে

বলিয়া অনায়াসেই অনেককে চুকাইয়া দিতে পারে—সেই থাতিরেই অফুকুলবার এই অত্যাচার সহু করেন।

রামেন্দু ডাকিল: আত্মন, বিজ্ঞনবাবু। খুলেছে।

বিজ্ঞন কহিল—থাক খোলা। আমরা এইখানেই আছি। আমি বন্ধ করবো। তারপর মানবের দিকে চাহিয়া: তারপর কী হবে চ

মানব সহজ স্বরে কহিল—কী আবার হবে ! একটু অম্প্রবিধের পড়বো। তেমন অম্প্রবিধে পৃথিবীতে কার নেই ? কিন্তু সেই কথা আমি ভাবছি না।

- —ভবে কী ?
- —আমার বোধকরি জর এসে গেলো।
- —তাই নাকি ? মানবের কপালে হাত রাখিয়া : সত্যিই তো । চলে এসো ভেতরে ।
- —তোমার বিছানায় জায়গা হবে তো গ
- —আগে হতো না বটে, আজ হবে। বাইরে আর দাঁড়ায় না।

অন্ধকার সিঁড়ি দিয়া ছুইজনে উপরের ঘরে উঠিয়া আসিল। চার-কোণে চারটে থাট পাতা—চারজনের একটা করিয়া কেরাসিন-কাঠের টেবিল। ঘরটা জাঁতিয়া আছে। ছুই দিকে লম্বা ছুইটা দড়ি খাটানো—তাহাতে কাপড়-জামা গাঁদি করা। চৌকি চারটার মধ্যে গুটি-গুটি হাঁটিবার মতো একটুখানি জায়গা—দরজার কাছে সামাল্য যে একটুখানি জায়গা—দরজার কাছে সামাল্য যে একটুখানি জায়গা আছে তাহাতে খবরের কাগজ পাতিয়া থিয়েটার-ফেরত লোকগুলি খাইতে বসিয়া গেছে। উপরের ঘরে তাহাদের জন্ম ভাত-চাপা ছিলো।

दारमन् विमन-वंदम প्रमुन, विक्रनवाद् ।

এঁটো-কাটার পাশ কাটাইয়া ছইজনে কোনোরকমে ভিতরে চুকিল। সিটটা দেখাইয়া দিয়া বিজ্ঞন কহিল—শুরে পড়ো। আর কথা নেই। শুতে তোমার কষ্ট হবে—এমন কথা আজু আর নাই বললাম। মানব তথুনি শুইরা পড়িল। কহিল-একটা কম্বল-টম্বল থাকে. গারে চাপিয়ে দাও শিগগির।

তিন জ্বনের গারে দিবার যাহা কিছু ছিলো মানবের গায়ের উপর স্তুপীকৃত হইতে লাগিল।কাঁপুনিটা কিছু ধামিয়াছে।

তক্তপোশের উপর একপাঁশৈ বসিয়া স্বগতোক্তির মতো বিজন কহিল— কী হবে ?

মানব চোখ চাহিল: কিসের কি হবে ? আমার অস্থথের ? এর আগে বিছানায় শুয়ে কোনোদিন রোগ ভোগ করেছি বলে মনে পড়েনা। কিন্তু তার জ্বন্যে তোমার চিন্তা করতে হবে না।

- সে-জন্মে চিস্তা করছি নাকি <u>?</u>
- তবে কী জন্তে ? এর পর আমার কী হবে তাই ভাবছ ? তার চেয়ে থেয়ে নিলে কাজ দেবে।

বিজ্ঞন কহিল—তুমি কি ও-বাড়ি আর ফিরে যাবে না ? স্লান হাসিয়া মানব কহিল—তোমার কী মনে হয় ?

- —ভবে কী করবে ?
- তবু তো এবার কিছু একটা করবার কথা মনে হচ্ছে। এতোদিন স্বই যেন তৈরি ছিলো—এবার আমার তৈরি করবার পালা। কিন্তু এখন আরু নয়, আরেক সময় স্ব তোমাকে বলবো।

জ্বের ঘোরে চোথ বুজিয়া মানব দেখিতে পাইল সে যেন মেঘনার উপরে নৌকা করিয়া চলিয়াছে। হঠাৎ মেঘনা আরব্যসাগর ও নৌকাটা প্রকাণ্ড একটা জাহাজ হইয়া উঠিল। নৌকায় মিলি এতোক্ষণ তার পালে ছিলো, জাহাজের ভিড়ে তাহাকে আর এখন খুঁজিয়া পাওয়া ঘাইতেছে না। সে তলাইয়া গেল নাকি ? মানব কি তবে মিলিকে ফেলিয়া একলাই চলিয়াছে ?

মানব ভারি হাতেই পড়িল। সকাল বেলার দিকে ছাড়িয়া এগারোটা বাজিতেই জর ফের উঠিতে থাকে। আজ এগারোদিন।
কলাই-করা বাটিতে ঠাকুর কতকগুলি চাকা-চাকা বালি দিয়া গিয়াছে।
একচ্মুকে পরম তৃপ্তিতে মানব তাহা খাইয়া ফেলিল।
বিজন কহিল—কিনের তোমার আপন্তি ? একটা খবর পাঠাই ?
—না, না—মানব ব্যস্ত হইয়া উঠিল: শুধু-শুধু তাকে ব্যস্ত করা।
ভাবনা ছাড়া কিছুই দে করতে পারবে না, আর করতে পারবে না
ভোবে ভাবনাও তার বাড়তে থাকবে। তাছাড়া এখন হয়তো সে
দেওবরে। কিন্তু আমার একখানাও চিঠি না পেয়ে সে কী ভাবছে!
—আমি তার কথা বলছি নে। বিজন কহিল—সভীশবাবুকে খবর
দিতে বলছি।

- —কোনো দরকার নেই। কিছুরই তো অভাব দেখছি না। এমন দেবা—টাকাও এখন সব শেষ হয়নি।
- कि इ चन्न्थिं। चात्र करश्रक निम हमारम रहा चात्र ध निरत्न हमार ना।
- —ষার কিছুই নেই অহথ হলে তার যা ব্যবস্থা, আমারো তাই হবে। না চললে কোনো হাসপাতালে দিয়ে এসো।
- ্-সে-কথা কে বলছে ? কিন্তু যিনি বিপদে সাহায্য করবেন বলে প্রতিশ্রতি দিয়েছেন তাঁকে খবর দিতে দোষ কি ?
 - —ভূমি যদি কোনো বড়লোকের বাড়ি গিয়ে হাত পাতো, সে যভোট

- দোব, এ তাই। ভিক্ষা আর আমি করতে পারবো না। মরে গেলেও না।
 —এ তোমার বাডাবাডি।
- শ্ব-তাতেই আমার একটা বাড়াবাড়ি চাই। আতিশয্য না হলে আমি বাঁচতে পারি না।
- কিন্তু একটু যদি চালাক হতে তাহলে এই হুৰ্দশায় পড়তে না।
- অর্থাৎ না উড়িয়ে যদি কিছু হাতাতাম। সে-সঙ্কীর্ণতা আমার ছিলো না। নিজের বিজ্ঞাপন দিতে আজো আমার ভালো লাগে, বিজু।
- কিন্তু এই যুগে আতিশয্য বা আদর্শ— যাই বলো বিজ্বনা। ভাবের চেমে বুদ্ধি বড়ো। ভালো হয়ে উঠে টোল-খাওয়া বুদ্ধিটা পিটিয়ে সোজা করে নাও। এখনো সময় আছে।
- যথা १
- —বুড়োকে জপিয়ে মোটা একটা টাকা নিজের আ্যাকাউণ্টে ট্রাজ্যকার করে সোজা বিলেত চলে যাও। বুড়ো যখন রাজীই, তখন তুমি পেছিয়ে পাকছ কেন ?
- —বেতে হলে আমি নিজেই পথ করতে পারবো। এই পথ করবার স্বাধীনতা পেয়েছি এইটেই আমার সব চেয়ে বড়ো লাভ।
- এইটেই তোমার ক্রা মনের চরম বিকার। বিয়েতে পণ, আর বিশেত যাবার স্থবিধে পেলে বিলেত—প্রত্যেক ইরং-ম্যানএর এই কাম্য হওয়া উচিত— যদি সে মাত্র্য হতে চায়। তারপর বিলেত থেকে একবার ঘুরে আ্সতে পারলে কনেরাও পিলপিল করে আসতে থাকবে— নইলে তোমার মিলিও দেখবে কোন দিন মিলিয়ে গেছেন।

মানব মান একটু হাসিল। মি আর লি—এই তুইটি পাখায় ভর করিয়া একটি অফুভ্তি সমস্ত আকাশ দেখিতে দেখিতে আছের করিয়া ফেলিল। বিজ্ঞান মিলিকে দেখে নাই, তাহার সলে কথা কছে নাই—তাই সে ভাহাকে সমস্ত নারীজাতির সঙ্গে এক পঙ্জিতে মিলাইয়া অফুলার মস্তব্য করিল। সে তো জ্বানে না—মানব যাছাকে ভালোবাসিয়াছে সে আলানা, সে একাস্ত বিশেষ, সে একাকী। সে মানবের নিজের স্ষ্টি—কবির কবিতার মতো।

হুই সপ্তাহ পরে জরটা ছাড়িয়া গেলো।

পরদিন কোনোরকমে সে রাস্তার দিকের বারান্দায় আসিয়া হাজির হইল। বিজন তাড়াতাড়ি একটা লোহার চেয়ার আগাইয়া দিল। কছিল—কি পথ্য করবে জেনে আসতে যাচ্ছি।

- এ আবার জানতে যাবে কি ? ছ-মুঠো ভাত থাবো।
- —ভাই বইকি। তারপর আবার চিং হয়ে পড়ো।

মানবের সঙ্গে নৃতন করিয়া আজ পৃথিবীর পরিচয় ঘটল। সে এতোদিন সকলের থেকে দ্বে সরিয়া ছিলো, আজ জনতার মাঝে তাহার স্থান— নিপীড়িতের সঙ্গে তার বন্ধুতা, ছঃথের সে পতাকাবাহী। নিজের চারদিকে সে যেন একটা অবাধ বিস্তার অমুভব করিতেছে—নিজেকে প্রসারিত করিবার প্রেরণা। এমন দিন তাহার জীবনে যে আসিবে ইহা সে জানিত; তাই আবাতও যেমন অপ্রত্যাশিত নয়, রোমাঞ্চও তেমনি ক্ষণস্থায়ী। তব তাহার মিলি আছে, অভ্যের যাহা নাই—জীবনে এইটুকু তার আভিজ্ঞাতা।

মেখনার পারে কলাগাছের বেড়া-ছেরা সেই ঘর ভাছার দিকে নির্নিমেষ চোথে চাছিয়া থাকে। দে চাষ করিবে আর মিলি নিড়াইবে মাটি। , বিজ্ঞন ফিরিয়া আসিয়া কছিল—পণ্যগুলো আজকে একটু প্রমোশান পেয়েছে। পাঁডয়াটির শাস আর ছ্ব-

—যথেষ্ট। স্বাই মিলে অত্যাচারী হয়ে উঠলে আমি পারবো কী করে? কই আমায় এক দিনে চাঙ্গা করে দেবে—আমি হাওয়া বদলাতে দেওখর যাবো—তা না, আমাকে খালি বিছানায় শুইয়ে রাথবার বড়যন্ত্র! —দেও ঘর যাবে না কি ? গিয়ে তাকে বলবে—দাও ঘর ! বিজ্ঞান হাসিয়া উঠিল। তারপর টিপ্লনি কাটিয়া কহিল—প্রবল জরের সময় পুরুষের প্রবল হাতের সেবা পেলে চলে যায়, কিন্তু কনভ্যালাসেন্ট অবস্থায় কোমল হস্তের পরশ চাই! এই তো দিব্যি তৃমি চালাক হয়ে উঠছ।

—উঠছি না কি গ

—তবে বেশি চালাক হতে গিয়ে যেন বিয়ে করে বোসো না।
না, মিলির ক্রথমতো উপভাসের প্রথম পরিছেদ সে দীর্ঘতর করিরা
তুলিবে। মিলির জভ নৃতন করিয়া সে নিজেকে উদ্বাটিত করিবে।
আগে সে ছিলো নিতান্ত পরাধীন, এই দৈভের মহিমায় এখন সে
বেশি উজ্জ্ব।

মানব কহিল—কিন্ধ টাকা-পন্নসা সব কুরিয়ে গেলো, বিজু। মানবের মুখে কথাটা কেমন অভুত শোনায়।

. —সতীশবাবুর কাছ থেকে ভরতি করে আনলেই হয়। সেই কথা কানে না ভূলিয়া মানব বলিল—দেওঘরে নিশ্চয়ই এখন শীত

পেতৃ কথা কানে না তৃ।পরা নানব বালগ—দেওখনে নি-চরহ এখন শাত পড়ে গেছে। কিছু জামা-কাপড় ও কিনতে হবে। শেষকালে থার্ড-ক্লাশের ভাড়া কুলুলে হয়। কতো ভাড়া জানো ? এতদিন তো তোমার জিনিস-পত্র দিয়ে স্বচ্ছলে চালিয়ে দিলাম। কিন্তু নিজে তো একটা পথ দেখতে হবে।

—এখন দয়া করে বিছানায় শুয়ে-শুয়েই পথ দেখ।
মানব বিছানায় আসিয়া শুইল।
পথ বাহিয়া অগণিত মামুবের মিছিল চলিয়াছে। তাহাদের পায়ের সঙ্গে
মানবও মনে-মনে পা মিলাইয়া চলিতে লাগিল।

দিল্লি-এক্সপ্রেস্এ দেওঘর সে যাইতেছে বটে, কিন্তু মানবের কেবলই মনে হইতেছে, সে-কি না সেই নাম-নোমাথালি চলিয়াছে। সেথান-কার জীবনের প্রশাস্ত নিস্তরতার সঙ্গে মিলির কোধায় একটি মিল আছে —ছবিতে বিশেষ একটি রঙের সঙ্গে বিশেষ একটি রঙের অপূর্ব মিলের মতো। সেইখানেই সে পাকিবে—পশ্চিমে ধানের ক্ষেত, দক্ষিণে নরম চর, পুবে সহরের দিকে রাস্তার একটি ক্ষীণ হচনা। সেইখানে সে ঠিক যে কী করিবে এখুনি তাহা ভাবিয়া পায় না—ভাবিবার দরকারো নাই। নিজের ভিটে ছাডিয়া সে কোপায় কোন পরের বাড়িতে গিয়া ছিটকাইয়া পড়িয়াছিল ; সেই বাড়িতেও তাহার স্থান হইল না—তাহারই নিজের বাডি আবার চারদিকের সবগুলি জানালা মেলিয়া দিয়া তাহাকে ভাকিতেছে। সমস্ত ব্যাপারটায় সে এখন অত্যন্ত মজা পাইতেছে। চলিয়াছে থার্ড-ক্লাশে। সঙ্গে সতর্ঞি ও কম্বলে জড়ানো ছুইটা বালিশ ও একটা টাইম-টেবল। চলিবার সময় সঙ্গে টাইম-টেবল রাখাটা তার একটা ফ্যাশান ছিলো--লিলুয়া যাইতে হইলেও তাহা হাতছাড়া হইত না। পুরানো দিনের সেই অভ্যাসটি এখনো রহিয়া গেছে। দেওঘরে এই সে প্রথম চলিয়াছে। কোথায় গিয়া উঠিবে ঠিক নাই। মিলিদের বাড়ি খুঁজিয়া না পাইলে ধর্মশালায় রাডটা কোনোরকয়ে कां होता या है ति इंग्रह्म । 'त्राहिनी' व मिर्क माका मिक्स या वाका চলিয়া গিয়াছে তাহারই গায়ে তাহার ছোট-কাকার বাড়ি-মিলি ভাহাকে এই ক্ণাটুকু শুধু বলিয়া দিয়াছিল। এই সম্পর্কে ভাঙা-ভাঙা

আরো ছ্য়েকটা কী কথা বলিয়াছিল মানব ভাছাতে কান দেয় নাই। কিন্তু ভাছার ছোট-কাকা কী করেন, কী বা তাঁহার নাম, 'রোহিণী'ই বা কোথায় কে খবর রাখে।

বৈশ্বনাথধানে গাড়ি পৌছিল প্রায় সন্ধ্যায়।

হয়তো মিলি সঙ্গীর অভাবে একা-একা স্টেশনেই বেড়াইতে আগিয়াছে।
নূতন কোন কোন যাত্রী আসিল বা পরিচিত কেহ আগিল কি না স্টেশনে আগিয়া তাহার থোঁজ নিতে মিলির ভালো লাগা উচিত। তাহা ছাড়া তাহার যে-কোনো দিনই আগিবার কথা ছিল।

ব্যাপারটা খ্ব সহজ হইল না। স্টেশনেরই কাছে ধর্মশালা একটা আছে বটে, কিন্তু তাহার ভিতরের চেহারা দেখিয়া মানবের সমস্ত কবিত্ব শুকাইয়া গেল। কিন্তু তাহা ছাড়া গতিই বা কোধায় । ফিরতি ট্রেন । তারপর ।

উপরের তলাটা বোঝাই—নিচের তলায় রান্তার উন্টা দিকে একখানা ঘর জুটিল। এই সব খেলো বিলাসিতা লইয়া মানবের আর স্পৃহা নাই; মিলির দেখা পাইলেই সে বাঁচে। ঘরটা খোলা রাখিয়াই সে বাহির হইয়া যাইতেছিল; দারোয়ান বলিল—একটা তালা লাগিয়ে যান। মানব কহিল—একখানা কম্বল মাত্র আছে। কেউ নেবে না।

- —না. না. ঘরটাও বেহাত হয়ে যেতে পারে। এ সময় ভারি ভিড়।
- আছো, একটা কিনে নিয়ে আগছি। ততোক্ষণ তৃমি একটু চোথ রাখো—

রাস্তায় পড়িয়াই একজন ভদ্রলোককে মানব জিজাগা করিল—'রোহিণী' কোথায় বলতে পারেন ?

প্রশ্ন শুনিয়া ভদ্রলোক শুন্থিত হইয়া দাঁড়াইলেন। কহিলেন—রোহিণী ? সে ভো বঙ্কিমবারুর বইরে।

যাহাকে জিজানা করে কেহই ঠিক করিয়া বলিতে পারে না। যিনি

মন্দিরের চূড়ার দিকে হাত দেখান, তাঁহারই সঙ্গী হাত দেখান উণ্টা দিকে। দেখিতে দেখিতে রাত হইয়া আসিবে। মনে পড়িল কাল কলিকাতায় সে চাঁদ দেখিয়াছে। কথাটা মনে করিয়া সে একটু খুনি হইল। আরো খানিকটা খোঁজা যাইবে। জ্যোংলা পাইয়া স্বাই হয়তো এখুনি ঘর নিবে না। চাই কি, চোখের সামনে পথেরই উপর তাহার সঙ্গে দেখা হইয়া যাইবে।

আবোল-তাবোল হাঁটিতে লাগিল। বা-দিকের রান্তাটার শাদা পাধরের কুচো ছড়ানো আছে—অতএব ঐপথে রোহিনী, কিম্বা ঐ উঁচু বাঁধটার পারে নির্জন মাঠের মধ্যে ঐ যে একখানি বাড়ি দেখা যায় কে জানে তাহারই এক কোঠায় মিলি এখন হাতির দাতের চিক্রনি দিয়া চুল আঁচড়াইতেছে না।

সোজা চলিতে-চলিতে মানব হঠাৎ ধামিয়া পড়িল। তিন দিকে তিনটা রাস্তা। কোনটা স্থন্দর বা মিলির পক্ষে বেড়াইবার উপযুক্ত মনে মনে তাহাই সে বাছিতে লাগিল। হঠাৎ চোথে পড়িল রাস্তার ধারে একটা পোন্টে লেখা আছে—টু রোহিণী।

বাঁষের রাভা।

রাস্তা যেমন ফুরায় না—বাড়িও তেমনি মাত্র একথানা নয়। কোনো বাড়িই মানবের মনের মতো হয় না। এইবার সোজা সে রাস্তাটার টহল দিয়া আত্মক, ফিরিবার সময় একটা-একটা করিয়া বাড়িগুলিতে চুকিয়া-চুকিয়া সে জিজাসা করিবে—হাঁা, কী-ই বা জিজাসা করিবে ? গৃহস্বামীর নাম পর্যন্ত জানে না। জিজাসা করিবে মিলির ছোট-কাকা এথানে বাকেন ? রোগা শরীরে মার সে সহু করিতে পারিবে না।

নিজের মনে হাসিয়া সে আন্তে আন্তে হাঁটিতে লাগিল। এখানে দস্তর-মতো শীতা কমলটা গারে দিয়া বাহির হইলেই হইত। সক্রাসী সাজিবার আর বাকি কী ! যাই হোক, ফিরিবার পথে স্বয়ং মিলিরই সলে দেখা হইবে—ততোক্ষণে তাহার বেড়ানো শেষ হইয়া গেছে। তাই সামনে আগাইবার সময় বাবে বাবে সে পিছনে ফিরিয়া দেখিতে লাগিল সত্যপত্যই মিলি কোনো বাড়িতে ঢুকিয়া পড়িল কি না।

এটা কার বাড়ি? মানব ধামিয়া পড়িল। কাহাকে জিজ্ঞাসা করিবে? কী-ই বা দরকার—সামনে গিয়া সোজা মিলি বলিয়া ভাকিলেই—ব্যস্। তাহার পর হাত ধরাধরি করিয়া—রান্ডাটা তো নিজনই আছে—ছুইজনে দক্ষিণে আরো খানিকটা বেড়াইয়া আসিবে—কিয়া ঐ যে ধোঁয়ার কুগুলী পাকাইয়া পাহাড় একটা গুম হইয়া পড়িয়া আছে—সেখানে। আজই অবশু তাহার ছু:খের কথা। মানব নিজের মনেই হাসিল।

সে স্পষ্ট মিলির গলা শুনিল—কি-একটা কথায় সে আর কাহার সঙ্গে একতা হাসিরা উঠিল। হাঁা, ঐ বাড়িটাতেই। কিন্তু কাহাকেও জিজ্ঞানা করিরা গৃহস্বামীর নামটা জানিতে পারিলেই সে আর কিছু চায় না। যাক, একটা লোক হাতে একটা টর্চ লইয়া সাইকেলে করিয়া এই দিকে আসিতেছে। লোকটা কাছে আসিয়া পড়িতেই মানব জিজ্ঞাসা করিল— গুটা কার বাড়ি বলতে পারেন ? এই যে সামনে বড়ো বাড়িটা।

— ভাক-বাংলো ! হাঁা, এইবার মানবের মনে পড়িতেছে ! মিলি স্পষ্ট বলিয়া দিয়াছিল ভাক-বাংলোর পাশেই তাহার ছোট-কাকার বাসা। তবে—ঐ বাড়িটা। মানব বিশেষ খুশি হইতে পারিল না। ছোট একতলা বাড়ি—সামনে বাগান নাই একটুও, ছাতে বাঁশ খাটাইয়া দড়িতে কথন কাপড় শুকাইতে দেওয়া হইয়াছে—রাত্রেও ঘরে নিবার নাম নাই। চারদিকে কেমন যেন অপরিচ্ছরতা। মিলিকে এই বাড়িতে মানাইবে না।

তবৃও লে সেই দিকেই পা চালাইল। বারান্দায় একটা চেয়ারে বসিয়া ওয়াল-ল্যাম্পের আলোতে একজন ভদ্রলোক মুখ ঢাকিয়া খবরের কাগজ ১৩(২৬) পড়িতেছেন। মানব সিঁড়ির কাছে আসিতেই ভদ্রলোক জুতার শব্দে মুখ ভূলিয়া কহিলেন—কে ?

মানব থমকিয়া গেল। মুথ দিয়া বাহির হইল—আমি।

চেয়ারে সোজা হইয়া বসিয়া ভদ্রলোক কহিলেন-কী চান ?

এক পা সিঁড়িতে এক পা মাটিতে—মানব বলিল—মিলি এখানে আছে ?

— मिनि ? दक मिनि ? ভালো नाम की ?

ভদ্রলোক তাহার মুখে উত্তর না পাইয়া আবার কহিলেন—ভালো নাম জানেন না ? কয় বছরের খুকি ?

- —ঠিক থুকি কি ?
- —আপনিই বলতে পারবেন। মেয়ে কার ? কোণায় আছে ?
- —মেরে নোরাখালির হীরাদালবাবুর। এখানে আছে কি না—তাই তো জিগগেস করছি।
- —এমনি জিগগেস করতে করতে কদুর যাবেন ?
- মানবও ঠেস দিয়া উত্তর দিল: এবেনে ওর দেখা পেয়ে গেলে আর বাবো কেন ? এখেনেই থেকে যাবো।
- —বটে

 ভক্তলোক চেয়ারে নড়িয়া বসিলেন : আপনি আছেন
 কোথায়

 ॰
- —ধক্ন না, আপাততো এথেনে এসেই উঠছি।
- --আপনার নাম ?
- —তাতে আপনার কোনো ইণ্টারেন্ট নেই। মিলি যদি এখানে থাকে ও এখন বাড়িতে থাকে, দরা করে তাকে একটিবার ডেকে দিন। মানবের আপাদমন্তক পর্যবেক্ষণ করিয়া একটু শ্লেষের হুরে ভক্লগোক কছিলেন—আপনার সঙ্গে মিলি না ফিলির কোনো আত্মীয়তা আছে?
 —আছে বৈ কি 1

- —কী **আন্নী**য়তা ?
- —সে-কথা আপনাকে বুঝিয়ে বলতে পারবো না। বললেই বা আপনি বুঝবেন কেন ?
- e এक्ट कथा। ভদ্রলোক কহিলেন कित्तित बानान ?
- —অতো কথা জানবার আপনার কী দরকার ? মানব এইবার দস্তরমতো চটিতেছে: মিলি যদি এইখেনে থাকে তো ডেকে দিন। আমার কাজ আছে। আপনার সঙ্গে অনর্থক বকবার সময় নেই।
- —নেই নাকি ? সরি, আমি তা জানতাম না। নমস্কার। ভদ্রলোক হাত তুলিলেন।
- —মিলি তবে এইখেনে নেই ?
- —আমি তা বলেছি আপনার সময় না থাকলে কী করা যেতে পারে বলুন। সময় যদি থাকে তো রাস্তায় পাইচারি করতে ধারুন, দেখা হয়ে যেতে পারে। এখনো বেড়িয়ে সে ফেরেনি।
- ভাহলে এই বাড়িভেই সে আছে ? কবে এসেছে ? কোপায় গেছে বেড়াতে ?
- —অতো কথা জানবার আপনার কী দরকার? আপনার সঙ্গে অনর্থক বক্বার আমার সময় নেই। বলিয়া ভদ্রলোক কাগজ তুলিয়া ফের মুখ ঢাকিলেন।

ত্রিকৃট হইতে মিলির। সন্ধ্যার খানিক পরেই বাড়ি ফিরিয়াছে। বাড়ি আসিয়াই হাত-পা ছড়াইয়া সটান বিছানায়। কাকিমা আবার চা খাইতে ডাকিতেছেন—মিলির এ তৃতীয় কাপ। স্থবিনয় ঘরে চুকিয়া কহিল—আমার বোধ করি সপ্ততিতম।

মিলি আড়মোড়া ভাঙিয়া উঠিয়া বিদিন। আড়মোড়া ভাঙিতে-ভাঙিতে: আমার যা ব্যথা করছে, কাকিমা। জরে না পড়ি। পা ছটোর তো ফ্র্যানেল জড়াতে হবে। হাতের তালু ছটো ছড়ে গিয়ে কিছু আর নেই। ঈবৎ কারার স্থরে: আমার কী হবে ?

কাকিমা গন্তীর হইয়া কহিলেন—কী আবার ! ঘুম।

চায়ে চুমুক দিয়া স্থবিনয় কহিল—আ্মাদের সঙ্গে বাঁধা সিঁড়ি ধরে সোজা নেমে এলেই পারতেন। মিছিমিছি ঘুর-পথে বাহাছরি করতে গিয়ে কীলাভ হলো ?

- —যে-পথই নিজে বেছে নিই না কেন, অন্তের চোথে তো ভা ঘুর-পথ বলেই মনে হবে।
- —কিন্তু লাভ হলো কী ? জ্বন হয়ে আইডিন লাগানো।
- অক্টের চোথে তো জ্বথমটাই বড়ো বলে মনে হবে। কিন্তু বিপদের মুখে একা যাওয়াটা তো আর দেখবেন না।

স্থানির হাসিয়া কহিল—নেমেরা একা বধন এমনি একটা কিছু অসমসাহসিক কাজ করবার জন্ম এগোয় তথন শেষও হয় এমনি প্রাহসনে ৷ কাকিমা বাধা দিয়া কহিলেন—খবরদার, আর তর্ক নয়। শুনে-শুনে কান ছটো আমার ঝালাপালা হয়ে গেলো।

স্থবিনয় কহিল—আর মাত্র দ্ব-চুমুক, দিদি। চা ফুরিয়ে গেলে তর্কও
জ্জিয়ে যাবে। মেয়েদের সঙ্গে তর্ক আবার কতোক্ষণ করতে হয় ?
মিলি ভূক কুঁচকাইয়া কহিল—মেয়েদের নিন্দে করাটা বৃঝি আজকালকার ছেলেদের ফ্যাশান ?

—এবং —অবিনয় বিনীত হইয়াই কহিল—নিন্দেটাও আজকালকার মেয়েদেরই। এবং নিন্দে শুনে হুঃখিত হওয়াটাও মেয়েলি।

মিলির কাকিমা অর্থাৎ স্থবিনরের দিদি স্থরমা কহিলেন—আমি কিন্তু চা আর করে দিতে পারবো না। তোর ছু-চুমুক—

- —এই শেষ হলো। কিন্তু উনি যথন সত্যিই অমন গঞ্জীর হয়ে গেলেন তথন আমারো পৃষ্ঠপ্রদর্শন করা উচিত। অর্থাৎ—
- —অর্থাৎ তোরও পিঠটা ছড়ে গেছে।
- —কী করে ৰুঝলে বলো তো । আশ্চর্য।
- —গেছে তো ? দিদি হাসিয়া উঠিলেন।

মিলিও হাসিল।

—তবে ভালো করেই হাস্থন। বলিয়া স্থবিনয় গা থেকে ক্যাপারটা খুলিয়া ফেলিয়া ঘুরিয়া দাঁড়াইল। সিল্কের জামাটা মেক্লটেণ্ডর কাছে সোজা ছি ডিয়া ছুই দিকে আলাদা হইয়া গেছে।

ঠিক এমনি সময় এদিকে ছোটকাকার পায়ের শব্দ আসিতেছে। স্থবিনয় র্যাপারটা তাড়াভাড়ি গায়ে টানিয়া কছিল—আমি পালাই। মেয়েদের সঙ্গে আলাপ করতে দেখলেই জামাইবাবুর গোঁফজোড়া ঘনিয়ে ওঠে। স্থামা হাসিতেই স্থবিনয় কছিল—গৌরবে 'মেয়েদের'।

ছোটকাকা ভেতরে আসিয়াই মিলিকে কছিলেন—তোকে কে যেন ডাকতে এসেছিল— মিলি লাফাইয়া উঠিল: বাইরে দাঁড়িয়ে আছে? ভেতরে আসতে বলো।
—ভেতরে আসতে বলবো কী! ছোটকাকা একটা চোধকে দ্বৰ ট্যারা
করিয়া কহিলেন: তার পর কক্ষরে: তাকে আমি ভাগিয়ে দিয়েছি।
ভ্রমা আশ্চর্য হইয়া কহিলেন—ভদ্রলোককে তুমি ভাগিয়ে দিলে?
বলো কী?

—ভদ্রলোক না আর কিছু ! একমাধা চুল, গায়ে করে রান্তার সমস্ত ধুলো তুলে এনেছে। জেলের ছাড়া-পাওয়া কয়েদীর মতো চেছারা। নাম জিগগেস করলুম, নাম বলবেন না ; মিলির সঙ্গে কোথায় তার পরিচয় কোনো-কিছুর হিসেব নেই। আর কী সব ত্যাড়া কথা ! মুখের ওপর যেন জোরে একটা টিল ছুঁড়ে মারলো : মিলি এখানে আছে ? আমি বলে সিম্প্লি চলে যেতে বললাম,অন্ত লোক হলে ঘাড় ধরে বিদেয় করতো। —ইঃ ? স্থরমা ঘাড় বাঁকাইয়। কহিলেন—ঘাড় ধরতেন ! উল্টে তোমাকেই মারতো ঘূসি।

—এই রোগা জিরজিরে চেহারা। নরেশবারু আঙুলটা বার করেক নাড়িলেন: কভোদিন যেন খেতে পায়নি। গা থেকে খোট্টাই একটা গন্ধ বেরছে।

মিলি এতোক্ষণ নিখাস বন্ধ করিয়া শুনিতেছিল। এইবার নিখাস ফেলিয়া সে বাঁচিল। এমন বর্ণনার সঙ্গে সে কাহাকেও মিলাইতে পারিল না— আর কেই বা আছে। রোগা জিরজিরে—সারা গায়ে ধ্লা—মানব যে আসিয়া ফিরিয়া যায় নাই ইহাতেই সে বাঁচিয়াছে।

স্থরমা কহিলেন—চিনিস নাকি এমন কাউকে ?

আরেকবার নিজের মনের মধ্যে দৃষ্টি ডুবাইয়া মিলি কহিল—কক্খনো না।
নরেশবারু বলিলেন—যার-ভার সঙ্গেই বন্ধুতা পাতিয়ে বসিস নাকি ?

--বা, কার আবার বন্ধু হলাম ?

ছবিনয় টিগ্লনি না কাটিয়া পারিল না: কলেজের বাসএ বেতে দেখে

ধাকবে। এইথেনে একটু য্যাভভেঞ্চার করতে এগেছিল। আপনার শরীরে কুলুবে না বুঝলে আমাকেও তো ভাকতে পারতেন।

ত্ত্বিনরের কথায় বিরক্ত ছইলেও মিলিকে সায় দিতে ছইল: কে না কে, কোখেকে এসেছে। অসম লোকের সঙ্গে আলাপ করতে যাবো কেন?

—কোন ছঃখে ? অবিনয়ই কথা কছিল—আমার সঙ্গে নোলাকাত করিয়ে দিলে পারতেন।

স্থরমা কহিলেন—তা হলে আমরা একটা ডুয়েল দেখতে পেতাম।

- যাও, যাও। বাজে বোকো না। নরেশবারু স্থবিনয়ের দিকে তীক্ষ চোখে চাহিলেন: তোমার ক্মকায় যাওয়া কী হলো ? ছুটি আর কদিন ?
- —এই রে। মাধা চুলকাইতে-চুলকাইতে স্থবিনয় কহিল—কোর্ট খুলতে এখনো ছু-চার দিন বাকি আছে। ছুমকা কাল যাবো ভাবছি।
- —ভাৰছি নয়। কালই চলে যাও।

স্থরমা হাসিয়া কহিলেন—ভূমি হাকিমকে হকুম করছ কী ?

—না, না, এখনো হুজুর হতে পারিনি দিদি, মাত্র ট্রেঞ্চারিতে বসে ছুটো দক্তখং করে খালাস।

নরেশবাবু কহিলেন-রাত্রে ছুমকার বাস পাওয়া যায় ?

- —ওকে আজই তাড়াক্ষ কী! স্থৱমা কহিলেন—দেখছ না ও বাচ্ছে শুনে আরেকজন আগেই অদৃশ্য হয়েছে।
- —की बत्ला या छा। भिनि क्लाबाब लिला ! सिनि!

वात्रान्ता इहेर्ट कवाव चात्रिन: এই या।

রান্তায় কাহাকেও দেখা গেলো না। কে আসিয়াছিল ? কে আসিতে পারে ? কলিকাভায় গিয়ে অবধি একথানিও চিঠি লেখে নাই। একথানি চিঠি পাইবার আশায় মনে-মনে সে অবহেলিতা পল্লী-স্ত্রীর মতো মরিয়া মরিতেছিল। রাজধানীর বিপুল অরণ্য-মর্মরের মাঝে ভাহার ই কীণ নিশাসটি আর শোনা যার নাই। অণিমাদের সেই সতর্ক-বাণীই তাহাকে বারে-বারে শাসাইতেছিল।
কিন্তু তাহাকে মিলি বলিয়া পরিচয় দিরাছে। তাহার নাম মিলি—এ
আর কে জানে, কার কাছ থেকে শুনিয়াছে—

রোগা জিরজিরে চেহারা। এক গা ধুলো। চেহারা ঠিক জেলফেরত ক্রেদীর মতো।

হয়তো নিজে না আসিয়া তাহার থোঁজ নিতে আর-কাহাকেও পাঠাইয়া দিয়া পাকিবে। অসীম দয়া। বেশ হইয়াছে, ফিরিয়া গিয়াছে। নিজে যখন আসিতেই পারিল না, তখন দূত পাঠাইবার কী হইয়াছিল!

দেওঘরে আসিয়াও মিলির শান্তি নাই। যে তাহাকে ভুলিয়াছে, সেও তাহাকে স্বচ্ছলে ভুলিয়া যাইতে দিবে—তাহারই চিঠি লিথিবার এমন কী দায় পড়িয়াছে! তাহাকে যদি সে না চায়. তাহারই বা গলায় ভাতের গ্রাস ঠেকিয়া থাকিবে নাকি? এই মনে করিয়াই সে শোভা-দিকে তাহাদের হসটেলে একটা সিট রাখিতে লিথিয়া দিয়াছে। এতোদিন অনর্থক সময় কাটাইয়াছে ভাবিয়া অতি হৃ:৫৯ সে দেওঘরে আসিয়াই তাহার পাঠ্যপুত্তক খুলিয়া বিস্য়াছিল।

কিন্ত উৎপাত জ্টিল স্থবিনয়। ব্যাগি প্যাণ্টালুন আর কেন্ট হাটের আলায় অন্থির। জামাটা কথনই অতোথানি ছিঁড়ে নাই, বাকিটা সে হাত দিয়া ছিঁড়িয়াছে। সন্তা একটু বাহাত্বরি করিতে মাত্র। তাহার বজোলোকির মাঝে কোপায় একটা উৎকট নির্লজ্জতা আছে, এখর্য নাই। স্থবিনয়কে সে ছু-চর্ল্লে দেখিতে পারে না। কাকিমার ভাই ও নেহাত বি. গি. এসএ ফার্ফি হইয়া নৃতন ডেপুটি হইয়াছে বলিয়া যা-একটু সমিহ করিতে হয়।

কে যে আসিয়াছিল গুইয়া-গুইয়া তাহাই ভাবিতে লাগিল। পুনের মধ্যে । গুছার কোনো কুল-কিনারা পাওয়া গেল না। কাৰিমা ভোরে উঠিয়া ভাহাকে ঠেলিতে লাগিল: কালী-মন্দির দেখে আদি চলো।

এতো সকালেই কাকিমার ভক্তি উপলিয়া উঠিতে দেখিয়া মিলি বিশেষ ভরসা পাইল না। তবু চোখে-মুখে জল দিয়া শাড়িটা তাড়াতাড়ি বদ-লাইয়া লইল।

या कथा-नत्म त्महे प्रविनय कृष्टिशाह ।

নরেশবারু মশারি থেকে মুখ বাড়াইয়া বলিলেন—ভোমরা একেবারে ধক্ম দেখালে। খুটি-ছাড়া পেয়ে খুব ল্যাক্ষ তুলেছ দেখছি।

সবাই ভয়ে নিঃশব্দে একটু হাসিয়া গুট-গুটি বাহির হইয়া গেল।

স্থবিনয় কহিল—তোমরা স্বাধীন হতে গিয়ে একেবারে টেকা দিলে যা-হোক। এমন জলজ্যান্ত বাবা বৈজনাপ পাকতে কোপাকার কে না-কোন কালী দেখতে চুটেছ।

স্থরমা মিলির কছুইয়ে একটা ঠেলা দিয়া কছিলেন—লেগে যাবি নাকি তর্ক করতে ?

স্থবিনিয় হাসিয়া কহিল—এক পেয়ালা চা-ও উদরস্থ হয়নি যে। একটিও কথা না কহিয়া মিলি হাঁটিতে থাকে। ছড়ি দিয়া স্থবিনয় অগত্যা ধানের শীবগুলিকে মারিতে-মারিতে অগ্রসর হয়।

ফিরিবার সময় মিলি স্বাইর আর্গে-আগে। পিঠের আঁচলটা নৌকার পালের মতো ফুলিয়া উঠিয়াছে।

ञ्चत्रभा जाकित्नन-चारक भिनि।

শ্বনির টিপ্লনি কাটিবেই: গিয়েই একেবারে গরম জল চাপিরে দিন। রান্তার উপর মিলি যেন কাহাকে দেখিয়াছে। সেও তাহাকে দেখিবার দেশু থামিয়া আছে। না, মানব নয়। পিছনটা দেখিয়া তাহাই মনে ইইডেছিল বটে।

কিন্তু লোকটা যে তাহারই দিকে আগাইয়া আগিতেছে।

मानवह एका। अ की हिहाबा!

কাকিমা ও তাহার উপযুক্ত প্রাতা তথনো কিছু পিছে।

মিলি আঁক করিয়া ছটিয়া গেল: এ ভোমার কী চেছারা ছয়ে গেছে ?

অত্যন্ত স্বাভাবিক ও সহজ স্বরে মানব কহিল—খুব অস্থ্য করেছিল। মানবের দিকে ভালো করিয়া তাকানো যায় না : কিন্তু এ কী পোলাক ? মানবের ঠোঁটে একটুখানি শুকনো হাসি ভাসিয়া উঠিল : সে প্রকাশু ইতিহাস। তুমি আমার সঙ্গে এই দিকে একটু আসবে ?

মিলি যেন অপ্রস্তুত হইরাছে এমনি করিয়া কহিল—কিন্তু আমার সঙ্গে যে কাকিমা আছেন। শুধু কাকিমা নয়—মানব চাহিয়া দেখিল— আরেকজন।

মিলির কথা তখনো শেষ হয় নাই: তুমি আছো কোথায় ? এখেনে ভালো হোটেল আছে তো ?

- —জানি না। আছি ধর্মশালায়।
- —ধর্মশালায় কেন ?
- त्यहे कथाहै एका वनता। कतना ना अकरे।
- —ভূমিই বুঝি কাল আমাকে খুঁজতে গিয়েছিলে ?
- —ই্যা। রাত্রে তুমি কতোক্ষণ পর্যস্ত বেড়াও ?
- —না, কাল তো আমি বাড়িতেই ছিলাম। কাকা ভীষণ কড়া—আছো, ভূমি এক কাজ করো। কাল তুপুরে এসো, এই একটায়—ঐ জনিডির রান্তার মোড়ে। চেন তো ? কালকেই সব কথা হবে। কাকিমারা এসে পড়লেন। এখন বেশ ভালো আছো তো ?

'কাকিমারা এসে পড়লেন'—ইন্সিডটা মানব ব্ঝিয়াছে। তবু কাল-ও একবার সে আসিবে।

यानव गार्ठ निया नामिया (नन।

স্থবিনর টিপ্লনি কাটিবেই: আপনার বন্ধুর সঙ্গে রাস্তারই দেখা হয়ে গেলো যা হোক। বন্ধুর অধ্যবসায় আছে।

মিলি তাহার কথায় জ্বলিয়া উঠিল: আমার আবার বন্ধু কে। নন্দন-পাহাড়ের রাস্তা জানতে চাইলে, দেখিয়ে দিলাম। স্থবিনয় হাসিয়া কহিল—হাঁা, ঐ মাঠ দিয়েও যাওয়া যায় বটে। মিলি পা টিপিয়া-টিপিয়া নরেশবাব্র ঘর পার হইল। রাস্তায় নামিয়া কোনো দিকে আর দুকপাত নাই।

কাকিমাকে সে বলিয়া আসিয়াছে বটে যে বীণাপাণিদের বাড়ি সে বেড়াইতে চলিল। বীণা তাহার কলেজের চেনা—এই পাড়াতেই থাকে, ছই পা আগে। এও সে বলিয়াছিল যে বীণাদের সঙ্গে সে তপোবন দেখিয়া আসিবে, ফিরিতে রাত হইলে যেন চাকরদের হাতে লঠন দিয়া এখানে-সেখানে খুঁজিতে না পাঠায়। কাকিমা বলিলেন: না, না; চারটের আগেই ফিয়ে আসিস যেন। বিকেলে উনি স্বাইকে নিয়ে রিখিয়া বেড়াতে যাবেন বলেছেন, তখন তোকে না পেলে চটে-মটে কাই হয়ে যাবেন। দেখিস।

এখন না-জানি কটা ? স্থবিনয় যে হইসট খেলিতে আসিয়া-ফিরিয়া যাইবে ইহাতে সে ভারি আরাম পাইল।

কাল তাহার সঙ্গে ভালো করিয়া কথা বলা পর্যন্ত হয় নাই। ধর্ম-শালায় আসিয়া উঠিয়াছে। চুলগুলি না-হয় অস্থথের জন্তে ছোট করিয়া ছাঁটা, কিন্তু তাই বলিয়া জামা-কাপড়ে অসম্ভব ময়লা লাগিয়া থাকিবে। এই বোধহয় একরকম ফ্যাশান। কে জানে ?

রোহিণীর রাস্তা বেখানে ট্রেনের লাইন কাটিয়া গিয়াছে—তারই
ধারে মানব মিলির প্রতীকা করিতেছিল। মানব লাইনের দিকে মুথ
করিয়া দাঁড়াইয়া আছে—মিলি আসিতেছে পিছনে। কাছাকাছি আসিতেই পদক্ষেপগুলি মিলি ছোট ও মন্থর করিয়া ফেলিল। একেবারে

মানবের গা বেঁবিয়া দাঁড়াইয়া কহিল—কালকে আমার ওপর চটোনি তো ?

নেই মিলি! আজে কিনা তাহার গা খেঁবিয়া দাঁড়ায়।
মানবের যেন কিছুই হয় নাই, নেই আগের মতোই হাসিয়া বলে:
চটেছি আজকে। কতোকণ আমাকে দাঁড করিয়ে রেখেছ জানো দ

- কিন্তু কী করে আসি বলো? যে কড়া পাহারা। আমাঁকে আবার চারটের আগেই ফিরতে হবে। এখন কটা? আক্ষাঞ্জ?
- इटो इटन ।
- —কী রোদ! কোথাও যাই চলো।
- মানব কহিল—চলো দারোয়া নদীর কাছে। জ্বসিডি থাবার বিজ-এর ওপর।
- —উৎকট কবিত্ব। ধুলো উড়িরে মোটর ছুটেছে ট্রেনের সঙ্গে পালা দিল্লে তার চেয়ে একটা ট্যাক্সি নাও। মন্দিরের দিকে খানিকটা এগোলেই মিলে যাবেখন। চলো, রিখিয়া ঘুরে আসি।
- --কিন্ত পয়সা কই ?

অবাক হইনা মিলি মানবের মুখের দিকে তাকাইয়া রহিল। মানব হাসিয়া কহিল—ফিরে যাবার মাত্র ট্রেন-ভাড়া আছে। বিশ্বাস করবার কথা নয়, কিন্তু পয়সা কোখেকে পাবো বলো।

- জানি না। ট্যাক্সি একটা যোগাড় করো শিগগির।
- —ভাহলে পা চালিয়ে একটু হাঁটো। ঐ চুড়ো দেখা যাছে মন্দিরের অতোদ্র অবিভিঃ হাঁটতে হবে না। আমার মুখের দিকে তাকিয়ে কী দেখছ ?

মিলি নিঃশব্দে হাঁটিতে লাগিল।

यानव कहिन-कथा करेह ना (कन ?

-একটা খবর পর্যন্ত দিলে না! অত্থ করলো বলেই ভো বেশি করে

খবর দেওরা উচিত ছিলো। কিঙ্ক এ তোমার কী ছুর্দশা হরেছে?
—বলছি।

কভোদ্র আগিতেই খালি একটা ট্যাক্সি মিলিল।

মিলি পা-দানিতে পা রাখিরা কুঁজো হইয়া গাড়িতে উঠিতে-উঠিতে কহিল—রিখিয়া চলো। চারটের আগেই রোহিণীর রাস্তায় নামিয়ে ধদেবে আমাদের।

व्वर्षा भिनिष्टे छाड़ा पिरत । रम-रे कर्जी ।

আঁকা-বাঁকা রাস্তা—খানিকটা সমতল হইয়াই উৎরাই; তারপর রাস্তা আবার খাড়া উঠিয়া গিয়াছে। ধ্-ধ্ করে মাঠ—ঘাসের রঙ প্রায় হলদে, মাটির রঙ প্রায় লাল। গাড়ির সঙ্গে-সঙ্গে ত্রিকুটও সমানে চলিয়াছে। মানবের হাঁটুর উপর আলগোছে বাঁ-ছাতখানি তুলিয়া দিয়া মিলি কহিল—ভারপর ?

সেই ছাতের উপর হাত রাখিয়া মানব শুকনো গলায় কহিল—
তারপর যা হবার তাই হয়েছে—ছবছ। তোমাকে একদিন বলেছিলাম না যে আমি পৃথিবাতে কিছু একটা করতে এসেছি, প্রাণ ভরে
ভহংকার করবার মতো ? মনে আছে ?

মিলি কিছু বুঝিতে পারিল না।

—এতোদিন পরে সেই স্থযোগ বুঝি এলো। আমার ছই হাতে আজ অজত স্বাধীনতা।

মিলি সামান্ত একটু সরিন্ধা বসিন্ধা কহিল—ঘটা না করে যদি বলো তো বুঝতে পারি।

হাতের উপর চাপ দিয়া মানব কহিল—না, ফেনিয়ে বলবার কথাও তেমন
নয়। অলের মতো সোজা। তোমার মাসিমা এতোদিন বাদে অকারণে
ক্রিক অকারণে নয়—পুত্রবতী হয়েছেন। এবং কাজে কাজেই—
মিলির মুখ হইতে থসিয়া পড়িল: কাজে কাজেই—

—আমি বিভাডিত হয়েছি।

মিলি পাপর হইরা গেল। এবং মিলি কী বলে তাহাই শুনিবার জন্ত মানব তাহার মুখের দিকে চাহিরা রহিল। সে-মুখ দেখিতে-দেখিতে নিবিয়া ঘাইতেছে।

—বলো কি ? মেসোমশায় তোমাকে তাড়িয়ে দিয়েছেন ?

না, দয়া বা কর্তব্য—যাই হোক, তিনি আমাকে ধরে রাখতে চেয়েছিলেন, কিন্তু আর আমি ধরা দেব কেন ? ছাড়া যদি পেলাম-ই——আর.মাসিমা ?

— ঠাকে আমি দোষ দিতে পারি না, মিলি। তিনি আমাকে রাস্তা দেখতে বললেন। মিখ্যে অভিমান করছি না, কিন্তু এর পর কে কবে মখমলের বিছানায় চুপ করে শুয়ে থাকতে পারতো ?

মিলির মুখ এখনো শুকাইরা আছে। ব্যাকুল হইরা জিজ্ঞাসা করিল— এখন কী হবে ?

—কী আবার হবে। মানব ছুই হাত বাড়াইয়া মিলিকে গায়ের উপর টানিয়া আনিল: তুমিই তো আমার আছো।

হাওয়ার মুখে শীতের পাতার মতো মিলি নিজেকে ছাড়িয়া দিল। তাহার স্পর্লের অতলম্পর্লে সমুদ্রে মানব স্নান করিতেছে।

তাহার আবার ছঃখ! সে কি না এই ছঃখ ভূলিতে সেইদিন টেবিলের উপর মদের মাশ সাজাইয়া বসিয়াছিল! সেই কথা মনে করিয়া এখন তাহার হাসিতে ইচ্ছা করিতেছে।

মানবের কাঁথের উপর মাধাটা ভালো করিয়া বসাইয়া মিলি কছিল—
আমি হলে কিন্তু কিছুতেই চলে আসতাম না। জোর করে ছিনিয়ে
নিতাম।

—কী আর পেতাম বলো—কতোটুকু ? তার চেয়ে এ কতো বেশি পেয়ুরছি। —ছাই পেরেছ। একহাঁটু ধুলো আর একগাল—দাড়ি। বলিয়া মিলি পরম স্নেহে মানবের গালে একটু হাঁত বুলাইয়া কহিল—দাড়ি কামাবার তোমার পয়সা জোটে না নাকি ? ট্যাক্সিটাও দেখছি তোমারই মতো উড়ে চলেছে। এই, আস্তে চলো।

মিলি আবহাওয়াকে তরল করিতে চার।

- —এই স্থর আমার স্থতরাধিকার-স্ত্রে পাওয়া, মিলি। মানব মিলির মুগের উপর সুইয়া পড়িয়া কহিল—পৃথিবী আমার করতলে।
- মিলির চোথের মণি ছুইটি যে কতো কালো মানব আবার—আরেক বার দেখিল। চোথ ছুইটি ভুলিয়া মিলি কহিল—আমি কি তোমার পৃথিবী নাকি ?
- ভূমি ভার চেয়েও বড়ো— ভূমি আমার উঠোন। মেঘনার পারে সেই যে ঘর দেখেছিলে মনে পড়ে ?
- মিলি নিব্দেকে একটু আলগা করিয়া নিয়া কহিল—সত্যি, তোমার আর ইউরোপ যাওয়া হলো না তা হলে।
- --- (क्न इटन ना P योटना देन कि।
- -- यटन यटन ?
- —না। পরসা হলে। সে-পরসা আমি নিজেই রোজগার করবো।
 চিবুকটা গলার দিকে সামান্ত ঝুলাইয়া দিয়া মিলি কহিল—পরসা।
 হলে ! কথাটা পাছে তাচ্ছিল্যের মতো শোনায় মিলি আবার মানবের
 স্পার্শের মাঝে ডুবিয়া গিয়া কহিল—কোথায় এখন থাকবে ?
- মানব কহিল—এতোদিন তো এক বন্ধুর মেসএই ছিলাম। আমার অস্থ্যে তার বেশ থরচ হয়ে গেলো। এবার গিয়ে অস্ত মেস দে্থতে হবে।
- —আমারো আর ও-বাড়িতে থাকা চলবে না। শোভাদি-দের হসটেলে একটা সিট রাথতে লিথে দিয়েছি।

মানব তাহাকে আরো কাছে আকর্ষণ করিয়া কহিল—তুমি ও বাড়িতে থাকবে না কেন ?

অক্ট স্বরে মিলি কহিল—তুমি নেই বলে।

কিন্তু হসটেলেও তো মানব থাকিবে না—তাহা ছাড়া মানবের থাকা-না-থাকার খবর পাইবার আগেই তো সে শোভাদি-দের হসটেলে নিট রাখিতে লিখিয়া দিয়াছে। কিন্তু, এ তর্ক বা জেরা করিবার সময় ?

মানব তাহাকে আগের চেয়েও আরো কাছে টানিয়া লইল। আর একটি
মাত্র স্থারও ব্যবধান নাই। তবু আরো কাছে। অজ্ঞ বর্ধার মতো
মিলি নিজেকে ঢালিয়া দিয়াছে। মিলির সম্পর্কে তাহার অবারিত মুক্তি

—আবার ইজ্ঞা করিলেই অবারিত বিরহ।

মিলির মুখ সে আন্তে তুলিয়া ধরিল। ওড়া-পাথির বাকানো ছুই ডানার মতো ভুকর নিচে কালো ছুইটি তারা—ভোর বেলার তারা—কাপিতে-কাপিতে নিবিয়া গেল। নিমীলিত-চক্ষু মুখখানিতে বিবাদের গোধ্লি নামিয়াছে। অত্যন্ত ভয়ে-ভয়ে, কুটিত-ওটে, মন্দিরের দেবতা ছুইবার মতো নিঃশব্দে—মানব মুখ নামাইয়া আনিল। সেই নিমীলিত-চক্ষু মুখে কোপাও এতটুকু প্রশ্ন নাই, বাধা নাই—মমতায় ঠাওা, মক্প মুখ, প্রতীকার গলিয়া পড়িতেছে।

मूथ पादा नागारेया पानिन।

মিলির ছুই পাটি দাঁত হঠাং ঝিলিক দিয়া উঠিল। কোণের দিকের সেই উক্কত দাঁতটি উত্তীর্ণ হইয়া ঠোঁট প্রসারিত হইল। তারপরেই সমর্পণের সেই কোমল ভলীটি তাহার রহিল না। চিবুকে ছোট একটি টোল ফেলিয়া মিলি কহিল—এমন তোমার কী দৈয়দশা হয়েছে যে দাঙ্ডি পর্যন্ত কামাতে পারোনি। তারপরে পিঠ টান করিয়া বসিয়া ঃ ও! এই বুঝি রিথিয়ার বাড়ি শুক্ত হল ? বা, বেশ জায়গা তো!

কেছ খানিককণ আর কোনো কথা কছিল না। ডুাইভারের কথায় হঁস হইল। ড়াইভার কছিল—আর রাস্তা নেই।

—তবে ফেরো। মিলি মানবের বাঁ-মণিবন্ধটা উলটাইরা ধরিয়া কছিল— ভোমার ঘড়ি কোথায় ?

—অহ্বথের সমন্ন ঘড়িটা বেচতে হয়েছে।

চুলটা ছাত-পাঁচ করিয়া বাঁধিতে-বাঁধিতে মিলি বলিল—কটা এখন হলো ? আমাকে চারটের আগে ফিরতেই হবে কিন্তু। বলিয়া সে আবার মানবের বুকের ডান-পাশে হেলান দিয়া বলিল।

গাড়ি এইবার আরো ছুটিল। কাদের আরেকটা ট্যাক্সি ধূলা উড়াইয়া সামনে চলিয়াছে। ধূলায় চোখ-মূখ বন্ধ হইয়া আসে। মিলি মানবের বুকের মধ্যে নিজের শাড়ির আঁচলে মূখ ঢাকিয়া বলিয়া উঠিল: কী ধূলো!

কিছ্ক আগের গাড়িটাকে কিছুতেই অতিক্রম করা যায় না।

নম্বর দেখিয়া এই ড্রাইভার আগের গাড়ির ড্রাইভারকে নিশ্চর চিনিয়াছে। সে পিছন ছইতে বলিষা উঠিল: এই তেওয়ারি, বিকেলে তোর গাড়ির দরকার হবে। প্রাক্ষা থেকে কিরায়া চেয়েছে তিন গাড়ি। সেই যমুনাঝোর পেরিয়ে—

খবরটা শুনিবার জন্ম আগের গাড়ির ড্রাইভার ক্লাচ টিপিল। তাহাকে ধরিয়া ফেলিয়া পাশাপাশি ঘাইতে-যাইতে এই ড্রাইভার কহিল--সেই বে পুরান্দায় নতুন ডাক্টারবাবু--

তার পরেই: ছুভোর তোর পুরান্দা! বলিয়া মিলিদের গাড়ি নকত্র-বেগে বাহির হইয়া গেল। তেওয়ারি এখন প্রাণ ভরিয়া ধূলা খাক। মিলি খিল-খিল করিয়া হাসিয়া উঠিল। ছই হাতে তালি দিয়া বলিল —চালাও। এবং পেছনের গাড়ির কী ছুদশা হইল দেখিবার জন্তু— হুডের ও-পাশের ফাঁক দিয়া মুখ বাড়াইয়া আবার তাহার হাসি। ধূলা যখন আর নাই, তখন বুকে মুখ গুঁজিবার কারণও কিছু থাকিতে ় পারে না।

পথ-ও ফুরাইয়া আসিতেছে। মানব কহিল—এই, আন্তে।
মিলি কহিল—তুমি না খুব স্পীডের ভক্ত ?

- —আর না। অক্তত এখন না। পথটুকু ভোগ করতে চাই।
- —গতির মাঝেই তো পথকে ভোগ করা। কখন যে তুমি কী বলো তার ঠিক নেই। তোমার মোটর-বাইকটাও রেখে এসেছ ?
- -- 카**ব** I

কথাটা মিলির লাগিল। আবার মানবের গা বেঁষিয়া আসিল। কহিল—তোমার এখন তবে কী করে চলবে ?

া মানব দীপ্ত হইয়া উঠিল: খুব চলবে। সে-জ্বন্তে কিচ্ছু ভাবি নে।

- পর্যা পাবে কোথার ?
- মাটি খুঁডে পয়রা আনবো।
- —কিন্তু তোমার পড়াশুনো এইথেনে খত**ম** ?
- —না, না, পড়া ছাড়বো কী ! যে করে ছোক বি.এ-টা পাশ করতেই হবে।
- —কিন্তু খরচ চালাবে কোথেকে ? বাসা-ভাড়া, কলেজের মাইনে—
- —তা ঠিক চলে যাবে। কিচ্ছু ভাবনা নেই।
- ঠিক চলে যাবে না। তবু তুমি কী ভাবছ শুনি? আমাকে না বললে আর কে আছে?
- —একটা টিউশানি জ্টিয়ে নিতে পারবো হয়তো। কিয়া অন্ত কোনো কাজ।
- —শেষকালে ছেলে পড়াবে তুমি ?
 মানব ছাসিয়া কছিল —এমন কোনো কথা নেই। মেয়েও পড়াতে
 পারি।

—বেশ তো, আমাকেই পড়াও না।

মিলিকে ছুই হাতে ঘন করিয়া কাছে আনিয়া মানব বলিল— ভোমাকে পড়াবো ? মাসে কভো করে দেবে ?

মিলি আবার মানবের বুকে মুখ উপুড় করিয়া রাখিল।

নিশাস ফেলিবার সঙ্গে-সঙ্গে পথ ফুরাইয়া আসিতেছে। তাহার চুলে হাত বুলাইতে-বুলাইতে মানব কহিল—এখুনি বাড়ি ফিরে যেতে হবে, মিলি ! বাড়ি গিয়ে কী করবে ?

মুখ না তুলিয়াই মিলি কহিল—সভিয় বাড়ি ফিরে যেতে ইচ্ছে করছে না।

ঘনতা কমাইয়া আনিয়া মানব বলিল—এক কাজ করি এসো।
মুখ তুলিয়া মিলি বলিল—কি ?

— চলো, এখন হয়তো একটা ট্রেন আছে। আমরা কলকাতার চলে য়াই।

মিলি চোখ বড়ো করিয়া কহিল—ওরে বাবা, ছোট-কাকা তাহলে আৰু আন্ত রাধ্বে না।

অবশু মিলিকে মানব কলিকাতায় কোণায়ই বা লইয়া যাইত! সেই কণা হইতেছে না। ত্ইজনে এক সঙ্গে কোণায়ই বা উঠিবে! তবু— আবার চুপচাপ।

গাড়ি বেলার রাস্তা ধরিয়াছে।

মিলি কছিল—আর দেরি নেই। এসে পড়লাম।

- -- এখুनि ना-हे वा शिला।
- —বিশেষ কাজ ছিলো। আছা চলো জসিডি। মিলি গন্তীর হইয়া কছিল—অতি-উৎসাহে পড়ান্তনো যেন ছেড়ে দিয়ো না। পরীক্ষাটা দিয়ো—না পড়লেও পাস তুমি করবেই—আমাদের নোরাখালির বাড়িতে গিয়ে থেকা। যতোদিন না অন্ত কিছু স্থবিধে হয়।

यानव चक्रयत्न कहिन-चार्यात्रवहे वाछि वर्षे।

—নিশ্চর। ঐ জারগাটা আমার কিন্তু ভারি ভালো লাগে। অবিশ্রি ভূমি যভোদিন ছিলে ততোদিন—টিকাটুলিতেও আমাদের একটা বাড়ি আছে বটে, কিন্তু ওর মতো নয়। থাকতে পারবে তো সেখানে ? মানব হাসিয়া কহিল—অভি-উৎসাহে। ঐখানেই তোমাকে নিয়ে 'সেটল' করে যাবো।

- —কিন্তু ও-বাড়িতে তো তুমি ভূত দেখ।
- আর দেখবো না।
- —কিন্তু চেহারাটা যদি তুমি না বদলাও, আমিই হয়তো ভূত দেখবো। তোমার কিছুতেই বিশ্বাস নেই, হুদিন থেকেই হয়তো জর-জারি করে পালাবে।
- —এবার তোমাকেও সঙ্গে নিয়ে যাবো।
- —বিলেত অবধি গ

মানবের মুখে কথা জুয়াইল না।

আবার যে তাহারা সহরে আসিয়া পড়িয়াছে কাহাকেও বলিয়া দিতে হইবে না, কারণ মিলি বলিল—ছাড়ো। ঐ আমাদের বাড়ির রাস্তা। এবার ডাইনে বেঁকে জসিডি।

কতো দ্র যাইতেই মিলি বলিল—ঐ তোমার সাধের দারোয়া নদী। রোদ্ধুরে ব্রিজ্ঞ-এর ওপর থানিককণ বসলেই হয়েছিল আর-কি।

ক্ষীণ নিশ্বাসের মতো নদীটি বালির উপর দিয়া তির-তির করিয়া বহিতেছে। রোদে জরির সরু পাড়ের মতো ঝিলমিল করিতেছে।

প্রথ-ঘাট আবার নির্জন।

মানব মিলির হাত নিজের হাতের মধ্যে টানিয়া লইয়া কহিল—আমার সঙ্গে তুমি গরিব হয়ে যেতে পারবে ?

মিলি চকু তুলিয়া কহিল—তোমার সঙ্গে না থাকতে পারলেই তো

গরিব হয়ে যাবো। পরে আনার কাছে সরিয়া আসিয়া: শরীরটাকে
নষ্ট কোরো না। কলকাতায় আমার সঙ্গে—রোজ না পারো, হপ্তায় এক
দিন অন্তত দেখা কোরো। শোভাদি-দের হসটেলেই খোঁজ কোরো
আগে। মানব কহিল—বাড়ি ফিরতে এখনো দেরি আছে—ও-সব জরুরি
কথা পরে বললেও চলবে।

मिनि हानिया कहिन-चाष्ट्रा, वाट्य क्थाहे वर्ता ना हय।

—এতোক্ষণ ধরে বাজে কথাই বলছিলাম না কি ?

मिलि চুপ করিয়া রহিল।

দেখিতে দেখিতে জসিডি আসিয়া গেল। ট্যাক্সিতেই আবার ফিরিতে ছইবে।

মানব কহিল—ট্যাক্সিটা এখানে ছেড়ে দাও। ট্রেন একটা তৈরি দেখা যাচ্চে। ওটাতেই ফিরি এসো।

মিলি টান হইয়া বসিয়া কহিল—ওরে বাবা। ওটা ছাড়তে ছাড়তে বাড়ি গিয়ে এক পেয়ালা চা থেয়ে নিভে পারবো। চারটে বেজে কথন ভূত হয়ে গেছে।

মানব কহিল: তুমি কবে কলকাতা ফিরবে ?

- চার-পাঁচ দিনের মধ্যেই হয়তো। এখনো ঠিক করিনি। জানতে পাবে নিশ্চয়ই। তুমি তো আজই যাচছ।
- 一刻1
- —কোপায় গিয়ে পাকে। আমাকে জানিয়ে। কিন্তু।
- নিশ্চয়ই।
- —গরিব করে রেখো না যেন। বলিয়া তরলকঠে মিলি হাসিয়া উঠিল।
- —কি**ন্ত** সত্যিই বড়লোক হবো কবে ?
- —উপস্থাসের প্রথম চ্যাপটারটা আরে। একটু দীর্ঘ হবে দেখছি।
- ্ মানব কহিল—তা হোক।

রোছিণীর রান্তা আসিয়া গেল। এবারো ডাইনে। না, এখানেই নামিয়া পড়া ভালো। বাকি রাস্তাটুকু পায়ে হাঁটিয়া গেলেই বীণাপাণিদের বাড়ি থেকে ফেরা হইবে।

ত্বই জনেই নামিল। রাউজের ভেতর থেকে মিলি নর্ম ত্কত্কে শাদা চামড়ার ছোট একটি মনি-ব্যাগ বাহির করিল। হাতের ঘামে সামাস্ত একটু ময়লা হইয়াছে। ভাড়া চুকাইয়া দিবার আগে মিলি কহিল— তোমাকে ধর্মশালায় পৌছে দেবে নাকি?

- —দরকার নেই। আমাকে তুমি কী পেলে!
- —তোমার শরীর থারাপ বলে বলছি। তারপর ট্যাক্সিটা উধাও হইলে:
 আচ্ছা, এইবার যাই। না, না, তোমাকে কট করে আর আসতে হবে
 না। একাই যেতে পারবো এটুকু, যেমন একাই এসেছিলাম। আমার
 ছোট-কাকা বিশেষ ভালো লোক নয়। কাল তো দেখতেই পেলে।
 আচ্ছা।

শোভনাদের হসটেলে মানব থোঁজ নিতে গিয়াছিল, কিন্তু মিলি সতীশবাবুদের বাড়িতেই উঠিয়াছে। মাসিমার কাছে কথাটা সে পাড়িতেই
পারে নাই—য়াংলো-ইণ্ডিয়ান মেগেটির সঙ্গে তার বেশ ভাব। নিতাই
তার ডাকে তটস্থ।

পড়িতে-পড়িতে হঠাৎ উঠিয়া দোলনায় থোকাটার সঙ্গে থানিক আলাপ করিয়া আসে।

এই বাড়ি থেকে মানব একেবারে মুছিয়া গেছে, সেই নাম মিলিও মুখে আনিতে ভর পায়। সেই নাম শুনিলে সমস্ত দেয়ালগুলি পর্যন্ত প্রতিবাদ করিয়া উঠিবে। মোটর সাইকেলটার দামে য়াগংলো-ইণ্ডিয়ান মেয়েটর ছ-একটা সন্তা শথ মিটিয়াছে—আজকাল ক্রাইজলারএ করিয়া সেই বেড়ায়, রিপন স্ট্রিটের প্রনো বল্পদের সঙ্গে ছলা করিয়া একটু কিছু খাইয়া আসে—মাঝে মাঝে মিলিকেও সঙ্গে ভাকে—যেদিন তার বল্পদের সঙ্গে 'য়াপয়েউমেন্ট' থাকে না! মিলি বলে: থাকেস।

কিন্ত কোন ঠিকানায় আছে একটু খবর দিতে কি হইয়াছিল !

ওদিকে স্থবিনয় সর্ধারি করিয়া রুঞ্চনগর হইতে — ছুটির পর সেখানেই সে বদলি হইয়াছে — চিঠি লিখিয়াছে যে এই উইক-এণ্ড-এ সে কলিকাতা আসিবে। পারিলে প্রত্যহই সে আস্ক্ না; কিন্তু চিঠি লিখিয়া জ্ঞানাইবার যে কি কারণ মিলির আর অজ্ঞানা নাই। মিলি সেই হুই দিন কোধায় পলাইয়া বাঁচিবে ভাবিয়া পায় না।

অধচ চিঠি না লিখিয়া অনায়াসে সে চলিয়া আসিতে পারিত। রাভা

তো আর সভীশবাবুর সম্পত্তি নয়; আর সিঁড়ি দিয়া সোজা নামিরা আসিবার স্বাধীনভাও মিলি কাহারো কাছে বন্ধক রাবে নাই।

এই বাজে ছেলেমাছবি করিয়া কি-এমন লাভ হইল। হয়তো সামাল্ল একটা চাকুরির চেষ্টায় একইণটু ধূলাঁ লইয়া রাজায়-রাজায় ফ্যা-ফ্যা করিতেছে। নিশ্চিন্ত হইয়া আয়নায় সে নিজের মুখ দেখিলে পারে। ডান-পাশের ঐ কোণের ঘরটায় থাকিলে জাত যাইত নাকি? বেশ তো, মিলিই না-হয় তাহার সঙ্গে ঘর বদল করিয়া নিত। তাহাতে কাহার কি রাজ্যপতন হইত। মাছবে রাগিলে মুখে অমন অনেক কথাই আসিয়া পড়ে, তাহার জল্ল এতোটুকু ক্ষমা নাই। মালকোঁচা মারিয়া তথ্নি বাহির হইয়া পড়িতে হইবে। অথচ টাই বাঁধিয়া সোজা সে বিলেত চলিয়া যাইতে পারিত। সতীশবার তাহার জল্ল বাক্স খোলা রাখিয়াছিলেন। এখনো, চাবি তাহার হাতেই আছে। অথচ সে এই পাড়া মাডাইবে না, একগাল দাড়ি নিয়া রাজায়-রাজায় টো-টো করিবে। একখানা চিঠি লিখিবার পর্যন্ত নাম নাই। চিঠি লিখিল কি না অবিনয়। না, মানবকে লইয়া মিলি আর পারে না।

যা পাওয়া যায়, তা-ই সই। এতো মুগুর ভাঁজিয়াও এই বৃদ্ধিটুকু তার খুলিল না ! পরে বৃঝিবে। একদিন যদি ফের সতীশবাবুর কাছে আসিয়া কাঁদ-কাঁদ মুখে হাত না পাতে, তো কি বলিয়াছি।

মিলি অগত্যা বই নিয়া পড়িতে বসে।

তারপর একদিন চিঠি আসিল:

পাকে হোগলকুঁড়ের এক মেসএ, বড়বাজারের এক কাটরায় একটি মাড়োয়ারি-ছেলেকে রোজ সকালে ছই ঘণ্টা করিয়া পড়ায়। পার পনেরো। সন্ধ্যায় আর একটিকে যোগাড় করিতে পারিলেই তাহার ক্ষতন্দে চলিয়া যাইবে।

আরো লিখিয়াছে: বেশ আছি, মিলি—অপূর্ব স্থাে। এবার মনে হচ্ছে

সত্যি আমি মাত্রুষ হতে পারবো। মাত্রুষ হওয়া কাকে যে বলে বোধহন্ধ এতোদিনে বুঝলাম। বাধা কাকে বলে তা-ও বুঝলাম এতোদিনে। তোমার অনিচ্ছা বা অনাদরের বাধা নয়, উত্তাল জীবন-সমুদ্রের বাধা। চোথ দিয়ে কালা আসছে, তবু যুদ্ধ করতে যে কি স্থথ পাচিছ কি করে তোমাকে বোঝাব ?

তারপরে কানে-কানে বলার মতোই লিখিয়াছে: কবে তোমাকে দেখক বলো ?

মিলির কলমের মুখটা ভোঁতা—অতো-শত কবিত্ব আসে না। ভালো আছে শুনিয়া সে খুশি হইল। এখন ক্রমে-ক্রমে মামুষ হইতেছে—এটা একটা স্থখবর। দেওখরে যে-অবস্থায় তাহাকে দেখিয়াছিল সেটা মামুষের পূর্বপুরুষের চেহারা।

পরে মুখোমুখি বসিয়া বলার মতোই লিখিয়াছে: যে-কোনোদিন সোজা এ-বাড়ির দোতলায় উঠে এলেই আমার দেখা পাবে। কলেজ থেকে এসে কোথাও আর বেরই না।

মানব আবার চিঠি লিখিল:

বিকালেও টিউশানি একটা যোগাড় করিয়াছে বটে, কিন্তু মাহিনা দিতে চায় নগদ দশটাকা মাত্র। তাহাই সে চোথ বুজিয়া লইয়া ফেলিবে। আরো একটার ফিকিরে সে আছে। পরীক্ষাও আসিয়া পড়িল। মিলি যদি তাহাকে কয়েকখানা রুমাল সেলাই করিয়া দিতে পারে তোভালো হয়।

তার পরে:

ও-বাড়ির ছারাও আমি মাড়াতে চাই না। যা ছেড়েছি, তা ছেড়েছি। এমন করে নিজেকে না-ঠকাতেও পারতাম, তা বুঝি, কিন্তু এই ফান্তনে আমার মাত্র কুড়ি-বছর পূর্ণ হবে। নিজেকে এথনো আমি দিয়িজ্বী ও ছুর্ধর্ব বলে অফুভব করি—আমার হয়ে তুমিও এ-তেজ অফুভব কোরো। পরের প্যারায়:

একদিন কার্জন-পার্কে বা টালিগঞ্জের পুলের ধারে—যেখানে তোমার খুশি—বেড়াতে-বেড়াতে চলে এগো না। কতোদিন দেখিনি।

দেখে নাই—এখানে আসিলৈই তো হয়। এই সব গোঁয়ারভূমির কোনো ভদ্র অর্থ থাকিতে পারে না। ঐ-সব লম্বা-চওড়া কথা গুনিতেই খুব ভালো, দেখিতে অত্যন্ত কদাকার।

ক্ষমাল উপহার দিলে নাকি বন্ধুতার অবসান হয়—এমন একটা কুসংস্কার ছাত্রীমহলে প্রচলিত আছে। থাকুক, মিলি তা বিশ্বাস করে না। ক্ষাল না-হয় সে ডাকেই পাঠাইয়া দিবে।

তার পরে দূরে সরিয়া বসিয়া:

বলেছি তো কলেজ থেকে এসে কোপাও আর বেরই না। কার সঙ্গেই বা তোমার সাধের কার্জন-পার্কে যাবো ? কে নিয়ে যাবে ? সেটা মনে রাখো ? শেষকালে স্বর নামাইয়া:

একজামিন কাছে এসে পড়েছে—ভালো করে পোড়ো। একলাফেই পেরিয়ে যাবে বলে খুব বেশি আলসেমি কোরো না। কলেজ বদলে তো টেস্ট-এর হাত থেকে ছাড়া পেয়েছ—এখন আর একটু চালাকি করে মেসোমশায়ের কাছে থেকে 'ফি'-র টাকাটা আদায় করে নিলেই তো হয়। কুড়ি বছর বলে কুড়ি বছর!

মানব কয়েক দিন আর চিঠি লিখিল না।

মিলিও রাগ করিতে জ্বানে। ছুপুর বেলা কলেজ হইতে আসিয়া লংক্লধ-এর কুমালে সুঁচ-স্তা দিয়া সে চিঠি লিখিতে বসে।

পরীক্ষার দিন তিনেক আগে একটা সাবানের বাল্লের মধ্যে প্যাক-করা রুমালগুলি পাইয়া মানব অঙ্কটা আর কিছুতেই মিলাইতে পারিল না!

পরীকা দিয়া ফিরিতে ফিরিতে সন্ধ্যা হইয়া যায়। আজ শেষ হইল।

রামপদ তাহার একতলা বাড়ির দিমেন্ট-করা রোয়াকটুকুতে দাড়াইয়া বিড়ি টানিতেছিল, মানবকে দেখিয়া বলিয়া উঠিল: কেমন হলো আৰু ? মানব ছাসিয়া কছিল-মন্দ নয়।

- --পাস তো নিশ্চয়ই করবেন, কি বলুন।
 - তার জন্মে ভাবনা নেই। ভাবনা হচ্ছে পরে।
- —যা বলেছেন। রামপদ রোয়াক থেকে নামিয়া আসল: চাকরির যে वाकात । চাকরি করবো না বলে খ্রামপুকুরে এক দোকান খুললাম-किन दि पिन-कान, थएमत्र कृष्टिना ना। श्राटना छेर्छ। भरत, वाक्षानित **रगरे** ठाकति—অভয়পদে দে না স্থান!
- মানব তাহার দঙ্গে ছুই পা চলিতে-চলিতে কহিল—তবু ভাগ্যি যে পেয়ে গেছেন।
- —বেঁচে গেছি। তা আর বলতে। নইলে সপরিবারে উপোস করে মরতে হতো।
- —যদি পারেন, আপনাদের আপিসেই কোথাও আমাকে ঢুকিয়ে (मर्वन।

কাঁধে হাত রাখিয়া রামপদ কহিল—আমার সাধ্য কী ভাই! ষ্যাং-ব্যাংই তলিয়ে যান, এতো নেহাত থলসে। আপনার তো একটা মাত্র পেট-কিসের কা। মা-বাপ তো কবেই সাফ হয়েছেন গুনলাম-ভাই-বোনও কাঁধে নেই। বেঁচে গেছেন মশাই। পায়ের ওপর পা ভুলে দিয়ে বদে থাকুন। আপনার আবার ভাবনা কী।

একট পামিয়া রামপদ আবার বলিতে লাগিল: খবরদার, বিয়ে করবেন না যেন। ওর মতো ঝঞাট আর কিচ্ছু হতে পারে না। পদে-পদে গেরো-মরবার পর্যন্ত স্বাধীনতা নেই। এই দিব্যি আছেন।

- -- मिविग्र चाहि, ना ?
- —দিব্যি নয় ? আপনিই বলুন না। কার কী তোয়াকা রাখেন ! 220

যার কেউ নেই, ভার এমন সন্তা সন্তরে ভদতারো দরকার হয় না।
রামপদ হঠাৎ ফিরিয়া কহিল—চলুন আমার বাড়ি, একজামিন দিয়ে
রোজ-রোজ শুকনো মুখে মেসএ ফেরেন এ আর আমি দেখতে পারি
না। কী-বা এখন দিতে পারবে জানি না, তবু আত্মন আপনি।
মানব আপত্তি করিতে লাগিল: শুকনো মুখ মানে পরীকা ভীষণ
খারাপ দিয়েছি।

—এবং পরীক্ষা খারাপ দিলেই তো বেশি করে খিদে পায়। আহ্নন, আহ্বন—কথাটা যখন একবার স্ট্রাইক করেছে, আর আমি ছাড়ছিনে। রোয়াকটুকু পার ছইয়া ভিতরে চলিয়া আসিতে ছইল। রামপদ কিছুতেই হাত ছাড়িবে না। এইটিই তাহার শুইবার ঘর—পায়ার তলায় ইট দিয়া তক্তপোষটাকে প্রায় খাটে প্রমোশন দিয়াছে—ঘর্ঝাট বিছানা-পাতা সব কখন চুকিয়া গিয়াছে—মেঝে দেয়াল নিখুত পরিকার। সমস্তটি ঘর জুড়িয়া কাহার ছইটি কুশলী ও কল্যাণময় হাতের স্পর্শ যেন স্পর্শেরই মতো অমুভব করা যায়। বিছানাটা দেখাইয়া দিয়া রামপদ কছিল—বহুন।

विज्ञानी एवं । स्था देश विश्वा विश्व निष्य । यान्य अक्षेत्र विश्वा विश्व विश्

—না, না, আরাম করে বস্থন। টায়ার্ড হয়ে এসেছেন। ভিতরের দিকে জাপানি কাপড়ের পর্দা ঝুলিতেছে; তাহা সরাইয়া রামপদ ভিতরে অদৃশ্য হইল। সে এথুনি হয়তো আর-কাহাকে অযথা বিড্**ষিত** করিয়া তুলিবে।

পর্দাটা সঙ্কুচিত হইতেই মানবের চোথও ভিতরে চলিয়া গিয়াছিল:
কাছেই নিচের উঠোনটুকুর এক কোণে একটি মেয়ে কি একটা শক্ত জিনিসের সাহায্যে বসিয়া-বসিয়া কয়লা ভাঙিতেঁছে। রামপদ ভাহারই কাছে আসিয়া দাঁড়াইতে মেয়েটি যে কে, বুঝিতে দেরি হইল না। পর্দাটা ছুলিয়া এদিকে সরিয়া না আসিলে মেরেটির মুখ সে স্পষ্ট দেখিতে পাইত। কিন্তু না দেখিলেও দেখার আর কিছু বাকি নাই।

কুল্লিতে ছোট একটি সিঁ ছুরের কোটা, ছু-চারিটি চুলের কাঁটা, একটুখানি কালো তেল-কুচকুচে ফিতা কুগুলী পাকাইয়া আছে—উমুনে আগুন দিয়া এইবার তাহার চুল বাঁধিবার কথা। দেয়ালে কাঠের একটি ব্যাকেট —তাহাতে রামপদরও কি-কি সব টাঙানো আছে, আর আছে তাহার গা ধুইরা পরিবার শাড়িটি, কুঁচাইয়া, পাকাইয়া অনর্থক তাহাকে একটি অশোভন মর্থাদা দিবার চেষ্টা। পেরেকে বিদ্ধ হইয়া মাটির তুইটি পরী ফুলের মালা হাতে লইয়া দেয়ালে উড়িয়া চলিয়াছে—এবং উহাদের মধ্যস্থানে কালীর একখানি পট ও তাহারই নিচে মাটির একটি চিংড়ি মাছ হাওয়ায় শুড় নাড়িতেছে।

রামপদ আরেকটু গল্প করিয়া গেল। বাড়ি-ভাড়া গুনিয়া কিছু আর পাকে না, মাঝে পার্টিশান দিয়া অন্ত ভাডাটে যারা আছে তারা সব সময়েই একট-না-একটা কিছু নিয়া মারামারি হৈ-চৈ করিভেছে— ভালো ও সন্তা বাড়ি পাওয়াই ছুকর।

মেরেটি মৌমাছির মতো ব্যস্ত, হাওয়ার মতো ছুটোছুটি করিয়া রান্নাধর আর উঠোন, উঠোন আর বারান্দা করিতেছে।

নিভুল সঙ্কেত পাইয়া রামপদ উঠিয়া গেল।

পর্দার বাহিরে সামান্ত একটু দুরে স্বামী-স্ত্রীতে বচদা হইতেছে। কথাগুলি কানে না গেলেও মানব স্পষ্ট বৃঝিতে পারিল যে রামপদর ইচ্ছা তাহার স্ত্রী-ই থাবারের থালা নিয়া অতিথির সমূথে উপস্থিত হয়—রামপদ ও-বাড়ি হইতে টুল একটা আনিয়া দিতেছে—ঘরের ওটা বড়ো নিচু। মেরেটি কিছুতেই রাজী হয় না, সে যতো আপত্তি করে, তার চেরে বেশি হাদে, এবং অলক্ষিতেই আবার কথন বড়ো করিয়া খোমটা টানিয়া দেয়।

রামপদ আগেই টুল পৌছাইয়া দিয়াছে।

ভিতরে গিয়া দেখিল খাবারের খালাট। মাটিতে রাখিয়া তিনি দস্তর্মতো একটি বোঁচকা হইতেছেন।

গরিব কেরানির এতোখানি বদাগ্যতা দেখিয়া মানব অবাক হইরা গেল।
বাঁ-হাতে জ্বলের মাশ ও ডান-হাতে খাবারের খালা—নজরে পড়িবার
আর কিছুই ছিল না। সেই ছুই হাত টুলের সমীপবর্তী হইতেই
চোখে পড়িল একগাছি করিয়া শাঁখার চুড়ি, আর ছুইগাছি করিয়া
সোনার। কানে লাল পাধরের ছুইটি ছুল—বেশি দ্র ঝুলিয়া পড়ে
নাই—চুলের আড়াল ধেকে টিক-টিক করিতেছে।

পালা-মাশ রাখিয়াই পলাইয়া যাইতেছিল, মানবের মুখ থেকে খিসিয়া পড়িল: তুমি আশা, না ?

দেখিতে-দেখিতে ভোজবাজি। বোঁচকা থেকে বাহির হইল পদ্ম। কোধায় বা ঘোমটা, কোধায় বা কী । আশা হাসিয়া ফেলিল। ঘর-দোর দেয়াল-মেঝে নৃতন তাসের মতো ঝকঝক করিতেছে !

— ও! আপনি নাকি? আশা ফুইয়া পড়িয়া মানবকে প্রণাম করিয়া ফেলিল।

ভক্তপোবের তলায় পা ছ্ইটা চালান করিয়া দিয়াও মানবের পরিত্রাণ নাই।

বেচারা রামপদ তো প্রায় পথে বসিয়াছে। আহত হরিণের দৃষ্টির মতো অসহায় চোখে সে তাকাইয়া রহিল।

আশা কহিতেছে: এতো সামনে থাকেন, অথচ একটিবার এসে থোঁজ নেন না।

মানৰ বলিল: কী করে জানবো তুমি এতো কাছে আছো। অদৃষ্ট নিতান্ত
ভালো বলে তোমার দেখা পেলাম।

আরো তাহারা কতো-কি বলিয়া যাইত নিশ্চয়। রামপদ মাঝে পড়িয়া

প্রশ্ন করিল--- আপনারা ছজনে ছজনকে অনেক আগে থেকেই চিনতেন বুঝি ?

—ও ই্যা। অনেক আগে থেকে। গেই ছেলেবেলায়। মানব চাহিয়া দেখিল রামপদর মুখ ক্রমশ শুকাইয়া আসিতেছে: আপনি জানতেন না বুঝি ? ও স্থণীরের বোন—আমারো ছোট বোন সেই স্থবাদে। অনেক-দিন থেকে জানি! ওর মা তো আমারো মা। মা ভালো আছেন ? আশা কহিল—আছেন এক-রহম। সেই ভিটেটুকু না বেচলে এমন সোনার চাঁদ ভগ্নীপতি কি করে পেতেন বলুন। বলিয়া আশা স্বামীয় দিকে চাহিয়া চোথে এক ঝিলিক মারিল।

রামপদর মন দিনের আলোর মতো হাল্কা হইয়া উঠিল যা-হোক। হাসিয়া কহিল—ন্তন অতিথিকে শালা বলে পরিচিত করে কি খ্ব বেশি সন্ধান দেখালে ?

মানব জিজ্ঞাদা করিল: স্থার ? স্থার এখন কোপায় ?

—চাটগাঁর পটিয়া বলে এক গ্রাম আছে, সেই গ্রামে মান্টারি করছেন।
মা-ও সেইখানে। আপনার জানাশুনো ভালো মেশ্বে আছে তো বলুন,
মা দাদার বিয়ে দেবেন।

রামপদ কহিল—ওঁর ভাবনা কে ভাবে তার ঠিক নেই, তোমার দাদার জয়ে ওঁর ঘুম হচ্ছে না।

- —ওঁর আবার ভাবনা কি। ভাত না ছড়াতেই কাকের ভিড়। মানব কছিল—পৃথিবীতে একটিমাত্র ভালো মেন্নের থোঁজ জানতাম। —কি হলো ?
- —ভাকে রামপদবাবৃই নিয়ে নিলেন। কিন্তু এতো সব আমি থেতে পারবো না, আশা।
- —থেতে পারবেন না মানে ? এ তো থেতে হবেই, রাজেও এখানে খাবেন । উন্থন ধরাতে হবে । তুমি আলোগুলো জালাও না।

খানিকক্ষণের জন্ম মানব অন্ধকারে একা বসিরা রছিল। এবং অন্ধকারে মিলি ছাড়া আর কোনো কিছুই তাছার মনে আসিল না। মিলির আঁচল ধরিয়া আসিল সবুজ মেখনা নদী, আর নদী যেখানে আসিয়া শেষ ছইল সেখানে ছিটে-বেড়া দিয়ে খেরা খড়ের একটি ছোট খর—স্মিগ্ধ করতলের মতো ছোট উঠোন; বেশ তো, ছইলই বা না-হয় এমনি পার্টিশান-দেওয়া ভাড়াটে বাড়ি। কালীর পট না টাঙাইয়া মিলি না-হয় বিলিতি মেমসাছেবের চেছারা-ওলা ক্যালেণ্ডার ঝুলাইবে।

আশার মতো সে কি একটি ছ:খের সঙ্গিনী পায় না 📍

তবু কেবলি তাহার মনে হইতে লাগিল মিলিকে হয়তো এইখানে মানাইবে না।

আচ্ছা, তাহাকেও কি এইগানে মানায় ?

না, খৃস্তি-বেলুন ছাড়িয়া দ্বীয়ারিঙ-ছইল ধরিলেই কি আশার পক্ষে নিতান্ত বেমানান হইত ?

মিলির চোখেও ছ:খ-দছনের ক্লিক সে দেখিয়াছে। কিন্তু পৃথিবীতে ছ:খটাই কি বড়ো ? সেই কি জীবনের শেষ আশ্রয় ? সে এমন-কি অসীম বিস্তীপ জলবি যাহাকে অতিক্রম করা যাইবে না ?

লঠন লইয়া আসিয়া রামপদ সমস্ত স্বপ্ন নষ্ট করিয়া দিল। কহিল—চলুন, দেশবন্ধু-পার্কে একটু ঘুরে আসি। আর কিসের তোয়াকা ?

শশব্যক্তে আশার প্রবেশ: হাঁা, ওঁকে আবার টানা হচ্ছে কেন ? তুমি বাজারটা একবার ঘূরে এসো। অতিথির কাছে তুর্-পালাটা ধরে দি আর-কি। কিছু মাংস, ডিম, বিস্কৃট—আপনার কল্যাণে কিছু চপ আজ রেধ ফেলি। দেখি পারি কি না।

মানর কহিল-আমিও যাই ওঁর সঙ্গে।

রামপদ আশাকে যে কতো ভালোবাসে মানবের বৃথিতে আর বাকি রহিল না। আপতি করিল রামপদই: না, না, আপনি বস্থন। ১৫(২৬) বিছানার গা চেলে দিয়ে খানিক রেস্ট নিন। আশা, এঁর সঙ্গে খানিক গল করো। ঘোমটা টেনে দাদার সামনে কনে বউটি হয়ে ঘুপটি মেরে বসে থেকোনা!

মাংদের জায়গা লইয়া রামপদ বিড়ি ফুঁকিতে-ফুঁকিতে বাহির হইয়া
গেল।

আশা বলিল—ভালো হয়ে উঠে বস্থন। তার চেয়ে আস্থন আমার সঙ্গে কলতলায়—হাত-মুখ ধুয়ে ঠাণ্ডা হোন। পরে জলখাবারটা খেয়ে নেবেন। কিয়া, জল এখেনেই এনে দেব ?

— স্মাসি অত্যন্ত ঠাণ্ডা হয়ে আছি। আমার জ্বন্থে ব্যস্ত হয়ো না। কিন্তু এতো-সব খেয়ে রাত্রে যে আর কিছুই খেতে পারবো না।

আশা মানবের সমস্ত কথা-ই জানে—জানিতে কাছারই বা এখনো বাকি আছে ? তবু সে তার কাছ দিয়াও ঘেঁষে না। খুঁটিনাটি এটা-ওটা কথা পাড়ে। অথচ মানবকে কতো সহজে তাহার অপমান করা উচিত ছিলো।

রামপদকে দে এতো ভালোবাদে যে সে-কথা সে একদম ভূলিয়া গিয়াছে। স্বামীকে যে পাইয়াছে তাহাতেই সে পরিপূর্ণ। আর কিছুই সে চাহিতে জ্বানে না, জ্বানিতে চাহে না।

তাই তাহার যতো কথা:

এই এখানে ছুটো পুইর চারা লাগিয়েছি। আপিস থেকে এসে যে একটু
মাটি কুপিয়ে ছুটো ফুল-গাছ লাগাবে তার নাম নেই। কুডেমিতে
লাটসাহেব। বিডির পেছনে মাসে ছু-ডজন দেশলাই লাগাবে। ভালোভালো জামা-কাপড় সব বিডির আগুনে ছাঁাদা হয়ে.গেলো। না না, ঝি
রাখবার কী হয়েছে ? ছুটি মাত্র তো পালা-বাটি—আমি ও-পাতেই বসে
পিছি। কোনো কোনো দিন সাহেবিয়ানা কয়ে বসি—একটেবিলে নয়,
একপাতে। আমার মাছ-টাছ সব কেডে-কুড়ে থেয়ে ফেলে। আস্থন না

আমার সংক রারাখরে। ভাত এতোক্ষণে টগবগ করছে। বেজায় ধৌয়া কিন্ত। দেখবেন। পিড়েটা টেনে দিছি। জামাটা—যাক, পারি না আপনাদের নিয়ে। মিলির সঙ্গে তারপর আবো হুই দিন না তিন দিন দেখা হইয়াছিল। মেসএর বিছানায় শুইয়া-শুইয়া বুমাইবার আগে মানব তাহাই ভাবিতে বসে ৷

একদিন ছুই-নম্বর বাস্এ: মিলি বলিল, ধরিত্রীর জন্মদিনে সে হরীতকী-বাগানে হসটেলে চলিয়াছে। মেঝেতে দে আলপনা দিবে। পরীকা মানব ভালোই দিয়াছে নিশ্চয়, শরীরও বেশ ভালোই মনে হইতেছে। সতীশ-বাবু—তাছার মেলোমশায়ের ব্লাড-প্রেসার বাড়িয়াছে। মাসখানেক ছইল নিতাই নাই—বাড়ি যাইবার নাম করিয়া উধাও।

—আছা। এইখেনে নামবো। তুমি বুঝি আরো দূরে। বাঁধকে। चारतक पिन गार्करहेत शर्थ:

कुरलद (माकारनद कार्ड (माकानमाद-उक्कद मरक मानव माँए। हैश की शह করিতেছিল। এখন আর সে ঝুড়ি ভরিয়া দূরে থাক, বাটন-ছোলএর জন্ত পর্যন্ত একটা ফুল কিনে না কেন, দোকানদারের এই ছিল অভিযোগ। ফুলের চেয়ে অন্ত-কিছুর প্রয়োজন যে কতো প্রত্যক্ষ ও পরিচিত তাহা ক্পায় বুঝাইয়া দিবার আগে চোথের সামনে মিলির আবির্ভাব। পামিতে-মা-বামিতেই এক ঝাপটা জলো হাওয়ার মতো সে উড়িয়া গেলো।

মানব ডাকিল: মিলি।

মিলি দাড়াইবে কি দাড়াইবে না ভাবিবার আগেই মানব পালে আসিয়া পড়িয়াছে। দোকানদার কৌতৃহলী হইয়া চাহিয়া রহিল। এই হলে তাহাকে কেমন দেখাইবে ?

মিলি এখন ভারি ব্যস্ত। হসটেলের মেয়েরা মিলিয়া 'রক্তকরবী'
করিতেছে। ইউনিভাসিটি ইনন্টিটিউটে প্রে হইবে। দস্তরমতো টিকিট
করিয়া। প্রুবদের দেখানো হইবে—দস্তরমতো দেখানো হইবে।
মিলিয়া তেমন ছিচকাঁছ্নে নয়, প্রু-প্রু করিয়া তাহারা অভিনয় করে
না। যার খুলি সে আসিয়া দেখিয়া যাক, পয়সা খরচ করিয়া। মনে যা
আসে তাই লিখিয়া সাপ্তাহিকে মাসিকে সমালোচনা করুক। একটাকা
লোয়েস্ট। মানব সেই আগের ঠিকানায়ই আছে তো ? খামে প্রিয়া
মিলি তাহাকে না-হয় ডেুস্-সার্কলের একথানা পাশ পাঠাইয়া দিবে।
সে যেন আগে।

—নাকে-মুখে পথ পাছি না। রিহাসে লই দেব, না. মেলা-ই জিনিস-পত্তর কিনবো—তা কে দেখে ? আর এ সব মেয়ে—যতো সব ইল্শে গুড়ি, ছুঁতে না ছুঁতে মিলিয়ে যায়। তুমি আমার সঙ্গে কোধায় আসছ ? পেছনে আমার এক দক্ষল সেনানী, না ফেউ। এই উষা, এই মাসি, হাঁটতে পারিস না ?

পিছনে বাহিনী আসিতেছে। তাহারা এতো পিছে পড়িয়া আছে কেন ? অর্থাৎ মিলি তাহাদের ফেলিয়া বোঁ করিয়া এতোটা আসাইয়া আসিল কেন ? ফুলের লোকানের কাছে তবে কি তাহাকে দেখিতে পাইয়াছিল ? তাহাকে এড়াইয়া যাইতে, না, আগাইয়া আসিয়া তাহার সঙ্গে নিভূতে একট কথা কহিতে ?

—কাজ সব ভাগ করে দিলাম, তবু কারুর গা দেখি না। কাজেও ওদের নবাবি। আমি ভুধু থেটে মরি। তুমি চাকরি-বাকরি কিছু পেলে? এই বুলা, হসটেলে তোরা ছু'বেলা সাবু খাস নাকি? না, এখনো টিউশানিই করছ? রট। তুমি খেয়ো কিছ—ভারিখ পরে কাগজে দেওয়া হবে। আছা। চিয়্যারিয়ো!

এই ছুই দিন হইল। আরেক দিন গেলো কোধার ? মানব চোথ বৃশ্বিয়া

ম্বতির গহন অন্ধকারের সমুদ্রে তলাইয়া-তলাইয়া তাহা তুলিতে পারে না।

বা রে, সেই দিন—এতোক্ষণে তাহার মনে পড়িরাছে—সেই দিন তাহার কোলের উপর মুখ গুঁজিয়া সে ঘন-ঘন নিশ্বাস ফেলিভেছিল। সেই স্পর্শের গন্ধ তাহার সারা গায়ে এখনো লাগিয়া আছে। সে না-জানি তথন কি করিতেছিল, কি ভাবিতেছিল, কি-কথা বলিতে গিয়াও বলিতে পারিতেছিল না।

যাঃ, সে তো দেওখরে—রিখিয়া যাইবার পথে। এখানে কোণায় ? না, তিন দিন নয়।

আজ মনে পড়ে রিখিয়া যাইবার পথে স্পর্শের সেই উদ্দাম ঝড়ে দৃষ্টি
ছিল কুন্তিত, ব্যবহার ক্রত্রিম। মিলির সেই অজ্ঞ সমর্পণের অন্তরালে
প্রকাশের কি দীনতা! তাহার চেয়ে মেঘনার উপরে চাঁদপুরের স্তিমারে
মানব যথন তাহাকে বুকের কাছে টানিয়া আনিবার জন্ত চেষ্টা করিতেছিল মিলির তথনকার মৃদ্ধ-মৃত্ বাধার মধ্যে গাঢ় একটি আন্তরিকতা
ছিল। সেই ক্লপণতার মধ্যে কতো বড়ো ঐশ্ব্য!

দলছাড়া একাকী একটা গাঙশালিকের মতো মানব মেঘনার উপরে সেই ন্টিমারটা খুঁজিয়া বেড়ার।

না, মাত্র একটি দিন।

তারপর আসিল সময়ের স্রোত।
স্ট চের মতো ভীক্ষ ও সোজা, রাত্রির মতো ক্লান্ত ও কঠিন।
বোড়দৌড়ের বোড়ার মতো ছুটিয়া চলিয়াছে, কিন্তু যে-বোড়া ভূমি
ধরিয়াছ সে আর আসিয়া পৌছার না।

মেঘনা কৰে শুকাইয়া গেল, ক্লিমার উঠিয়া গিয়াছে, নোয়াখালির সেই বাড়িটা নদীর তলায় ভাঙিয়া-চুরিয়া ছত্রখান।

थानि गांति चात्र गांति।

মাটি খুঁডিয়া সে পয়সা আনিবে বলিয়াছিল। বলিতে ভালো লাগিয়াছিল বলিয়াই বলিয়াছিল। তেমনি কতো কথা মিলিরো বলিতে ভালো লাগিয়াছে।

সময়-সমুক্তে কোটি-কোটি তরণী। পাশাপাশি আসিতে-আসিতে কোথায় কে পিছাইয়া পড়িল। কে কাছার জন্ত দাঁড়ায়—সময়ের সমুদ্রে সময় কোথায় ?

মার্চেণ্ট আফিসে সামান্ত এক কেরানিগিরি পাইয়া মানব রাজপদে প্রতিষ্ঠিত হইল। কাল তাহাকে গিয়া জয়েন করিতে হইবে।

এই উপলক্ষে বেনেপুকুরের মেসএর বাসিন্দারা আজ বিকেলে একটা বায়স্কোপ দেখিয়া হৈ- চৈ করিবার জন্ত মাতামাতি করিতেছে। মানবের গলা সবাইর উপরে। গিরিজা টাকা লইয়া কথন টিকিট কিনিতে চলিয়া গিয়াছে, সে আসিলেই সকলে মিলিয়া বাস ধরিবে। ফিস্টেরও একটা ছোটো-খাটো ফিরিস্তি তৈরি হইয়াছে— বৈশ্বনাধবাবুর উপরেই সব

মাথা ধুইয়া বা-হাতে প্রজ্ঞাপতি-তোলা ছোট আয়না লইয়া মানব চুল আঁচড়াইতেছিল।

লোক্যাল ডাক এমন সময়েই আদে। নিচে হইতে বিকাশ একটা খাম হাতে করিয়া হাজির।

বিক্ষুদ্ধ জনতাকে সম্বোধন করিয়া বিকাশ বলিল—কারে। সর্বনাশ, কারো বা পৌষ মাস। কেউ থায় পিঠে, কেউ থায় পি-ঠে! আমাদের ভাগ্যে জুতোর একটা স্থতলাও জোটে না, আর (মানবের দিকে থামক্ষুদ্ধ ছাত ৰাড়াইয়া) ওর ভাগ্যে কি না দিজেখানেক কুটি। মাছুবের

ভাগ্য যখন আসে, কপাল কুঁড়ে আসে। চাকরি পেতে-না-পেতেই বিষেৱ নেমজন।

খবরটা বিশদ করিয়া জ্ঞানিবার জন্ম সবাই হাঁ-হাঁ করিয়া উঠিল। মানব সমানে চুল আঁচড়াইয়া চলিয়াছে।

চিঠিটা আসিয়াছে বুক-পোন্টে—মোড়কটা খোলা। বিকাশ চিঠিটা খুলিয়া বলিল—নেমন্তর ক্সাপক্ষের। অতএব স্থবিধের নয়। বরপক্ষ থেকে হলে বরং ছু-ছুবার মারতে পারতিস।

- —তাই সই। বলিয়া সত্যেন চিঠিটা বিকাশের হাত হইতে ছোঁ মারিয়া কাড়িয়া নিয়া পড়িতে লাগিল:
- —আগামী ২৭শে বৈশাখ বৃহস্পতিবার আমার প্রথমা কলা এমতী মঞ্জরী দেবীর সহিত—

মানব এতোক্ষণ এই খবরটারই প্রতীক্ষা করিতেছিল। সাজ্যাতিক তাহার উইল-ফোর্স। য়ে দস্তরমতো পট-রিডিং করিয়া পয়সা রোজকার করিতে পারে।

- --- শ্রীমান ব্রহ্মবল্পভ বন্দ্যোপাধ্যায় বাবাজীবনের সহিত...
- —বাবাজীবন । প্রমথ একেবারে হাসিয়া খুন।

বিকাশ বলিল—যাই বলো, চমৎকার ইনিশিয়াল নামটার। বি. বি. বি । আয়নায় মুথ দেখিয়া মানব দিব্যি টেরি বাগাইতেছে ! মুখে তাহার কোনো পরিবর্তন ঘটে নাই তো ? হাতটা কাঁপিতেছে নাকি ? পাগল ! নিজ্ঞের মনে নিজ্ঞেই সে একটু হাসিল। 'যাই বলো' কথাটা মিলি প্রায়ই বলিত বোধহয়।

কিছুই হয় নাই এমনি পরিকার নিরুদ্বিগ্ন কঠে মানব বলিল—ভারিখটা কবে বললে ?

- এই তো সামনের বেম্পতিবার।

মানৰ মনে-মনে হিসাব করিল্লা বলিল— তাহলে মোটে চারদিন ২৩২ আছে। এখন থেকেই জোলাপ নিতে শুরু করি কি বলিস বিকাশ ?

বিকাশ হাসিয়া বলিল—এখন থেকেই নয় বাপু। কাল তোমার নতুন আপিস।

ভালো কথা মনে করাইয়া দিয়াছে। তবু মানব আমতা-আমতা করিয়া জিজ্ঞাসা করিল—নিচে কার নাম ? হীরালাল মুখুজ্জের ?

চিঠিতে চোথ বুলাইয়া সত্যেন কছিল— ইঁয়া, শ্রীহীরালাল মুখোপাধ্যায়। বাড়ির ঠিকানা রসা রোড সাউথ। দেখিস ঠিকানাটা হারিয়ে যায় না যেন। বলিয়া চিঠিটা খামে মুড়িয়া ভাকের উপর রাখিয়া সে একটা বই চাপা দিল।

সন্দেহের আর কিছু বাকি ছিলো নাকি? কাঁটায়-কাঁটায় ঘড়ি মিলিয়াছে । দেওঘর থেকে আসিয়া মিলির ভালো নাম কবে সে মুখন্ত করিয়া রাথিয়াছিল।

यानत्वत्र हुन औं हिं एति। त्नव इत्र ना।

কতোগুলি কথা তাহার চট করিয়া মনে পড়িয়া গেলো—হীরালালবাবু আসিরাছেন, পিসিমা আসিয়াছেন, এয়ার-গানটা সঙ্গে লইয়া গোরাও নিশ্চর আসিরাছে। তাহার কাঠের বার্মের তাহার সেই মিউজিয়মটা পিসিমা কিছুতেই আনিতে দেন নাই। আর কে-কে আসিরাছে মানব তাহাদের কাহাকেও চিনে না। খুব ভিড়—দারুণ গোলমাল। হরিহর ফুড়ুক-ফুড়ুক করিয়া তামাক টানিতেছে। সেই য়্যাংলো-ইপ্রিয়ান মেয়েটি এখন আর নাই, কবে চলিয়া গিয়াছে না-জানি। সতীশবাবু তেতলা হইতে নিশ্চয় এতো দিনে নিচে নামিরাছেন। তাঁহার রাড প্রেসার এখন আনেকটা ভালো। কিন্তু স্থবিনয় কি আসে নাই ? কি জানি তাহার নাম ? ব্রজবল্পত । ব্রজবল্পত লীর্থকীবী হোন।

হড়মুড় করিয়া গিরিজা আসিয়া হাজির।

ভাহাকে দেখিয়া বিকাশ জোর-গলায় সম্বর্ধনা করিল: এই বে গিরিজ্বাগোবিন্দ গুহ। জি. জি। শিবান্তে আসন্ পছান: ?

গিরিজা ব্যস্ত হইয়া বলিল—চলো, চলো, সাড়ে-পাঁচটা বেজে গেছে। প্রথম ব্র্যাকেট হইতে সাটটা কাঁধে ফেলিয়া বলিল— আমরা তো কথন থেকে রেডি হয়ে আছি। মানববাবুরই হয়নি।

বিকাশ বলিল—ওরে, আজকেই নেমছন্ন নয়। চারদিন বাদে। এখন থেকেই চলের কসরৎ করতে হবে না।

ভাকের উপর আয়না-চিক্ননি রাখিয়া মানব কহিল—বা, আমারো ভোকখন হয়ে গেছে, চলো।

দল বাঁধিয়া স্বাই একটা চলস্ত বাস আক্রমণ করিল।

ছুইধারে বাড়ি আর দোকান—কেনা, বেচা, দরদস্তর, কোলাহল।

তবু কোন নদীর জলে এখন স্থাস্ত হইতেছে। কোপায় কোন কুটিরে মাটির একটি বাতি জলিল।

বাড়ি ঘর-দোর লোকে গিস্গিস করিতেছে। ব্যাপারীরা নানারকম হিসাবের ফর্দ আনিতেছে—হীরালালবাবুর ঐ সব দিকে পাকা নজর। তারপর সেই গুঁফো কাকাটি আছেন। বিবাহ করিয়া মিলি থারাপ হইয়া যাইবে বলিয়া তুইটা ধমক দিয়া না বসিলেই ভালো। সে যে-ঘরে শুইত সেইখানে খোকা দোলনায় ছ্লিতেছে—তাহাকে বিরিয়া মাতৃছ-লোভিনীদের ভিড় লাগিয়াছে। পাছে কেহ আদর করিয়া গাল টিপিয়া দেয়—সেই ভয়ে মিসেস অমুপমা চাটুজ্জে সতর্ক চোখে কাছে-কাছে ফিরিতেছেন। মিলি যে-ঘরে শুইত সেইখানে পাটি বিহাইয়া ফরাশ পড়িবে—সেই ঘরেই হয়তো—ইস্, লোকটা আরেকটু হইলে চাপা পড়িয়াছিল। ডাইভারটা ওস্তাদ।

বারক্ষোপের প্রথম ঘন্টা দিয়াছে। মানব হঠাৎ উঠিয়া পড়িল। বলিল— বাইরে থেকে আসি একটু। -- কিছু পান নিম্মৈ আসিস অমনি।

यानत्वत्र चात्र (तथा नाहे। इवि ७क हहेक्का (शन।

কাঁকায় অসিয়া সে বাঁচিয়াছে। আর তার ভয় করিতেছে না।

কি করিবে—এমন দিনে মাছবে কী করে—কিছুই বুঝিতে না পারিয়া লে গাড়ি-মোটর বাঁচাইয়া আত্তে আতে ইম্পিরিয়াল্ রেস্টোর্যাণ্টে আসিয়া চুকিল।

খালি একটা টেবিলের কাছে চেয়ার আগাইয়া বিসিয়া সে অর্ভার দিল:
এক পেগ হুইস্কি অউর এক প্লেট ফাউল-কাটলেট।

আরো অনেকে মদ থাইতেছে। অকারণে। অভ্যাসে পরিশ্রাপ্ত হইয়া। হয়তো আর কোনো কাজ নাই বলিয়া।

মদ থাইবে মনে করিয়া হঠাৎ সে গন্তীর হইয়া পড়িল। ভাবিল:
এই হংখ মিলি ভাগিয়স পায় নাই। সে কখনই ইহার মর্যাদা রাখিতে
পারিত না। সে যে নারী। নারী বলিয়াই বিধাতা তাহাকে মায়া করিয়া
এই হংখ দেন নাই। এই হংখকে প্রসম্মচিতে জীবনে স্বীকার করিয়া
লইবার মতো চরিত্রের উদারতা ও বলিষ্ঠতা তাহার ছিল না।
আচার্যের চঙে এই কথা কয়টি মনে-মনে আওড়াইয়া সে হাসিল।

এবং বয় যথন মদ আনিয়া রাখিল তথন আরেকটু হইলে জোরেই সে হাসিয়া উঠিয়াছিল !

মিলির ভালোবাসার মতোই সোডার চঞ্চলতা ধীরে-ধীরে মিলাইয়া গেলে মানব মাশটা দ্রে সরাইয়া রাখিল। তাহার এমন-কী ছঃখ যাহা ভূলিতে সে এতো কটের পয়সা দিয়া মদ কিনিয়া বসিয়াছে। সে মদ খাইয়া তাহার এই চমৎকার অভিত্বোধকে খুম পাড়াইয়া রাখিবে নাকি ? ফাউল কাটলেটটা চিবাইতে-চিবাইতে হঠাৎ তাহার মনে পড়য়া গেলো

কাল তাহার নতুন চাকরিতে জয়েন করিতে হইবে।

অমনি তড়াক করিয়া চেয়ার ছাড়িয়া সে লাফাইয়া উঠিল। পকেটে

শাসা এখনো কিছু আছে বটে—কিটুন একটা অনারাসেঁ নেওয়া বাইতে লারে—কিছ চৌরলিতে কিছুকণ না বেড়াইলে—অনেকটা না হাঁটিলে সে ক্ষান্ত বুঝিবে না জীবনে সে আজ কতো বড়ো মুজি লাভ করিয়াছে। মুজি—পঙ্গপালবিধ্যন্ত যাঠের নিঃশক্তা নয়। মুজি—তাহার জীবনের শেক অভিজ্ঞাত্যটুকুও মিলাইয়া গেল। বাক, আজ রাত্রে তাহার গভীর ঘুম হইবে। পরীক্ষা দিবার পর এতো শাস্তিতে কোনোদিন সে আর ঘুমায় নাই।

মানবকে আমরা এইখানে ছাড়িয়া দিয়াছিলাম।
তবে এইটুকু মাত্র খনর রাখি যে দে এখনো বেনেপুকুরের মেস হইতে
ভবলিউ. ভবলিউ. রিচার্ডসের অফিসে নির্মাত দশটা-পাঁচটা করে। গত
সূদ্রে তার তিন টাকা মাহিনা বাড়িয়াছে।

আর এইটুকু জানি যে সময়-সমুদ্রের উত্তাল ঢেউ—ফেনিল লেলিছান ভার কুধা।

আবো এইটুকু জানি—কানে-কানে বলিয়া রাথি—হিসাবের থসড়া করিতে-করিতে রাজ্যের-চিঠি পত্র লিথিতে-লিথিতে আঙ্লগুলি যথন বাকিয়া-চুরিয়া ভাঙিয়া আসে, তখন মাঝে-মাঝে তাহার মনে হয় হাত পাতিলেই তো সে অনায়াসে সতীশবাবুর কাছ থেকে কিছু পাইতে পারিত।

আর রাত্রে কথনো-কথনো যখন তার সহজে ঘুম আসে না, তথন
ভারেন্ত্রিবিছা যাইবার পথে, ট্যাক্সিতে—এমন নিরালায়—এতো কাচে